Numb. 2070 ২০৭০ [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL, 1, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ১ আপ্রিল।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS —Public

Fort William, the 20th March 1879

No 671 —Under the provisions of Section 9 of Statute 24 and 25 Vic., Cap 67, the Hon'ble the President in Council is pleased to direct that the Council of the Governor General shall assemble at Simla, in the jurisdiction of the Lieutenant-Governor of the Punjab, on the 3rd April next

The 21st March 1879

No 680 —During the absence of the Governor General in Council from Calcutta the Officiating Secretary to the Government of India in the Military Department, at the Presidency, will have charge of that portion of the Home Department which is left at Calcutta

Establishments

The 15th March 1879

No 199 —Four months' leave of absence, under Clause 6, Supplement C to the Civil Leave Code, is granted to Mr F S Collis, Officiating Administrator-General, Bengal, with effect [illegible] 1st April next, or from any subsequent date on which he may avail himself of the same

No 200 —Mr F Clarke is appointed to officiate as Administrator-General, Bengal during the absence, on leave, of Mr Collis, or until futrher orders

The 21st March 1879

No 209 —The Honourable E G Birch is permitted to resign Her Majesty's Bengal Civil Service with effect from the 18th proximo

Medical.

The 19th March 1879

No 203 —Appointment —Surgeon-Major J Jones, M D, is confirmed in the appointment of Surgeon to the Presidency General Hospital, with effect from the 1st instant, vice Surgeon Major J Ewart, M D, retired

C Bernard,
Offg Secy to the Govt of Indi

[*Government Gazette*, 1st *April* 1879]

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন—পবলিক।

ফোর্ট উলিয়ম, ১৮৭৯ সাল ২০ মার্চ।

৬৭১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত মান্যবর শ্রীযুত সভাপতি সাহেব মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ৯ ধারার বিধানমতে এই আদেশ করিতেছেন যে, শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের মন্ত্রিসভা আগামি আপ্রিল মাসের ৩ তারিখে পাঞ্জাবের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসনাধীন সিমলায় সমাবেশ হইবে।

১৮৭৯ সাল ২১ মার্চ।

৬৮০ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের কলিকাতায় অনুপস্থিতি কালে হোম ডিপার্টমেণ্টের যে অংশ কলিকাতায় থাকিবে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের রাজধানীস্থ একটিং সেক্রেটরী সাহেব সেই অংশের কার্য্যের ভার প্রাপ্ত হইবেন।

সিবিল সর্ব্বিস বিষয়ক।

১৮৭৯ সাল ১৫ মার্চ।

১৯৯ নম্বর।—বঙ্গদেশের একটিং আডমিনিষ্ট্রেটর জেনরল শ্রীযুত এফ এস, কলিস সাহেব আগামি আপ্রিল মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী লন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর C চিহ্নিত পরিশিষ্ট বিধির ৬ প্রকরণ মতে চারি মাসের ছুটী পাইলেন।

২০০ নম্বর।—শ্রীযুত কলিস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত এফ, ক্লার্ক সাহেব বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২১ মার্চ।

২০৯ নম্বর।—মান্যবর শ্রীযুত ই, বি, বর্ড সাহেব আগামি মাসের ১৮ তারিখ অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইলেন।

চিকিৎসা বিষয়ক।

১৮৭৯ সাল ১৯ মার্চ।

২০৩ নম্বর।—নিয়োগ।—সর্জন-মেজর শ্রীযুত জে, ইর্ট সাহেব, এম, ডি, কর্ম্ম হইতে অবসর গ্রহণ করাতে সর্জন মেজর শ্রীযুত জে, জোন্স সাহেব, এম, ডি, এই মাসের ১ তারিখ অবধি প্রেসিডেন্সীর জেনরল হাস্পাতালের সার্জনের পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

DEPARTMENT OF REVENUE, AGRICULTURE, AND COMMERCE

NOTIFICATIONS —Sea Customs —No 59.

Calcutta, the 13th March 1879.

In exercise of the powers conferred by Sections 23 and 205 of the Sea Customs Act, 1878, the Governor-General in Council is pleased to cancel so much of the Notification No 43, dated the 18th March 1878, as relates to grey cotton piece goods, and to exempt from all customs duties all grey cotton piece-goods howsoever designated, which are shewn to the satisfaction of the Customs Collector, whose decision shall be final, to contain no yarn of a higher number than 30*s*.

This Notification shall take effect on and after the 15th March 1879

No. 60

In exercise of the powers conferred by Section 22 of the Sea Customs Act, 1878, the Governor-General in Council is pleased, in modification of Schedule A of the Indian Tariff Act, 1875, to fix, for the articles mentioned in the second column of the following statement, the tariff values set forth in the fourth column of the same

This Notification shall take effect on and after the 1st April 1879

No	Names of Articles	Per	Tariff valuation
16	Cotton and Articles made of Cotton—		Rs A
	Piece-goods—		
	Grey—		
	Jaconets, exceeding 10 × 10 to the quarter-inch	lb	0 10½
	Jaconets, other sorts	"	0 9
	Mulls	"	0 14
	Printers	"	0 10
	Shirtings and longcloths	"	0 8½
	T cloths 18 reed and upwards and madapollams	"	0 8¼
	T cloths under 18 reed, jeans, domestics, sheetings, and drills ...	"	0 7

রাজস্ব, কৃষি ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

সামুদ্রিক কষ্টম বিষয়ক—বিজ্ঞাপন।

৫৯ নম্বর।

১৮৭৯ সাল ১৩ মার্চ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ২৩ ও ২০৫ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ১৮৭৮ সালের ১৮ মার্চের ৪৩ নং জ্ঞাপনপত্রের যে অংশ কোরা থানের সঙ্গে সম্পর্ক রাখে সেই অংশ রহিত করিয়া যে নামের কোরা থান হউক না কেন তাহার সুতা ৩০ S নম্বরের অধিক নয় কষ্টমের কালেক্টর সাহেবের হুবোধমতে ইহা দেখান গেলে (এই বিষয়ে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে) সেই থান কষ্টমের সমুদয় মাসুল হইতে মুক্ত করিলেন।

১৮৭৯ সালের ১৫ মার্চ অবধি এই বিজ্ঞাপন চলিবে।

---

৬০ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ২২ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৭৫ সালের আইনের A চিহ্নিত তফসীল পরিবর্তন করিয়া নিম্নলিখিত বিবরণপত্রের দ্বিতীয়ঘরে লিখিত দ্রব্যের উক্ত পত্রের চতুর্থ ঘরের নির্দ্দিষ্ট তারিফ মূল্য ধার্য্য করিলেন।

১৮৭৯ সালের ১ আপ্রিল অবধি এই বিজ্ঞাপন চলিবে।

নম্বর।	দ্রব্যাদির নাম।	প্রতি।	তারিফ মূল্য
১৬	তূলা ও তূলানির্ম্মিত দ্রব্য—		টাকা।
	থান কাপড়—		
	গ্রে—		
	জগন্নাথের কাপড়, এক ইঞ্চির চতুর্থাংশের বর্গ ১০ অংশের অধিক	পাউণ্ড	॥৵১০
	অন্য প্রকার জগন্নাথের কাপড় …	ঐ	॥/০
	মল	ঐ	৸৵০
	ছিট	পাউণ্ড	॥৶০
	শার্ট ও লাংক্লাথ	ঐ	॥১০
	১৮ সানা ও তাহার অধিক পরিমাণের T মার্কার কাপড় ও মাটাবালাম	ঐ	॥১০
	১৮ সানার কম পরি[মা]ণের T মার্কার কাপড় ও জিন ও ঘরের [কা]পড় ও শিটিং ও ড্রিল	ঐ	।৶০

No	NAMES OF ARTICLES	Per	Tariff valuation Rs	A
16	COTTON AND ARTICLES MADE OF COTTON—*continued*			
	Twist—			
	Mule—			
	Nos 33 to 42 ..	lb	0	8½
	„ 43 to 52 ...	„	0	10
	„ 53 to 60 ...	„	0	11½
	„ 61 to 70 .	„	0	13½
	Water—			
	Nos 21 to 30	„	0	8
	„ 31 to 40	„	0	10
	„ 41 to 50	„	0	11½
	Above 50 .	„	0	14
	Twist, Orange, Red, and other colours, except Turkey Red*	„	0	10
	Twist, Turkey Red, all kinds*	„	1	3
17	DRUGS AND MEDICINES, EXCEPT OPIUM—			
	Asafœtida (hing) .	cwt	70	0
	„ coarse (hingrá)	„	11	0
	Camphor, refined, cake	„	55	0
	„ crude, in powder	„	45	0
	Cassia lignea	„	22	0
	Salep	„	90	0
	Senna leaves	„	4	0
18	DYEING AND COLOURING MATERIALS—			
	Cochineal	lb	1	8
	Gallnuts, country, myrabolam	cwt	2	12
	„ Persian	„	35	0
	Sapan wood and root	„	5	8
23	GLASS, GLASS-WARE, BEADS, FALSE PEARLS, AND FALSE CORALS—			
	Glass, Crown, of sizes	100 supl feet	5	4
	Pearls, false—			
	Bajria	lákh	3	0
	Boria	thousand	1	0
	Jouria	lakh	5	0
	Nathia	thousand	0	3
	Wattanah	lakh	9	0
24	GUMS, GUM RESINS, AND ARTICLES MADE OF GUM OR GUM RESIN—			
	Copal .	cwt	55	0
	Cutch and Gambier	„	12	8
	Gum Ammoniac	„	13	0
	„ Arabic	„	13	8
	„ Bdellium (common gum)	„	6	0
	„ Bysabol (coarse myrrh)	„	13	0
	Myrrh	„	32	0
29	IVORY AND IVORY-WARE—			
	Unmanufactured—			
	Elephants' tusks, each exceeding 20 lb in weight, and hollows each weighing 10 lb and over	cwt	450	0
	Elephants' tusks not less than 10 lb and not exceeding 20 lb each, and hollows each weighing less than 10 lb	„	375	0
	Sea cow or morse teeth, each less than 3 lb	„	45	0

* Duty to be charged on the grey weight of the coloured yarn when this is not ascertainable, the actual white weight, or invoice weight to be taken

[*Government Gazette, 1st April* 1879]

নম্বর।	দ্রব্যাদির নাম।	প্রতি।	তারিক মূল্য।
			টাকা।
১৬	কাটা সূতা—		
	মউল—		
	৩৩ অবধি ৪২ পর্য্যন্ত নম্বরের	পৌণ্ড ...	ll৴০
	৪৩ ,, ৫২ ,, ,,	ঐ	ll৵০
	৫৩ ,, ৬০ ,, ,, ...	ঐ .	ll৶০
	৬১ ,, ৭০ ,, ,,	ঐ	h/১০
	ওযাটর সূতা—		
	২১ অবধি ৩০ পর্য্যন্ত নম্বরের	ঐ	ll০
	৩১ ,, ৪০ ,, ,,	ঐ .	ll৵০
	৪১ ,, ৫০ ,, ,,	ঐ	ll৶০
	৫০ অধিক হইলে	ঐ	h৵০
	কাটা সূতা, কমলা লেবুর রঙ্গের ও লাল ও তুর্কী বাঙ্গ * ছাড়া অন্য সকল রঙ্গের	ঐ	ll৵০
	কাটা সূতা তুরকী বাঙ্গা, নানা প্রকার	ঐ .	১৶০
১৭	আফীম ছাড়া বণিক ও ঔষধীয় দ্রব্য—		
	হিঙ্গ	হন্দর ওযেট	৭০৲
	মোটা হিঙ্গরা	ঐ .	১০৲
	কর্পূর, পরিষ্কৃত চাপড়া	ঐ	৫৫৲
	,, কাঁচা, গুড়া	ঐ	৪৫৲
	দারচিনি ..	ঐ .	২২৲
	সাগপ	ঐ	৯০৲
	সোণ মুখীর পাতা	ঐ	৪৲
১৮	রং করিবার উপকরণ—		
	কৃমিদানা	পৌণ্ড	ll০
	হরিতকী বয়ড়া প্রভৃতি মিরবালাম .	হন্দর ওযেট	২h০
	ঐ পারস্য দেশীয়	ঐ	৩৫৲
	বকম কাষ্ঠ ও মূল .	ঐ	৫ll০
২৩	গ্লাস ও গ্লাসের দ্রব্য—ও পুতিমালা কৃত্রিম মুক্তা ও কৃত্রিম প্রবাল—		
	গ্লাস, ক্রৌন, নানা পরিমাণের	১০০ ঘন ফুট	৫l০
	মুক্তা কৃত্রিম—		
	বাঙ্গারিয়া	লক্ষ	৩৲
	বোড়িয়া .	সহস্র	১৲
	জৌরিয়া	লক্ষ	৫৲
	নাথিয়া	সহস্র	৶০
	ওয়ালানা .	লক্ষ	৯৲
২৪	গোঁদ ও রজন ও তন্নির্ম্মিত নানা দ্রব্য—		
	কহো বারা	হন্দর ওয়েট	৭৫৲
	খয়ের ও গাম্বিয়র	ঐ	১২ll
	গোঁদ লিম্বাদল .	ঐ	১২৲
	ঐ আরব দেশীয়	ঐ	১৩ll০
	ঐ গুগ্‌গুল (সামান্য) ..	ঐ	৬৲
	ঐ বিসাবোল (অপরিষ্কৃত গন্ধরস)	ঐ	[illegible]৲
	গন্ধরস	ঐ	৩২৲
২৯	হস্তির দন্ত ও তন্নির্ম্মিত দ্রব্যাদি—		
	অপ্রস্তুত—		
	২০ পৌণ্ডের অধিক ওজনের হস্তির কশের প্রত্যেক দন্ত ও খোল বিশিষ্ট ১০ পৌণ্ড বা তদধিক ওজনের প্রত্যেক দন্তের	হন্দরওযেট	৪৫০৲
	১০ পৌণ্ডের অধিক ও ২০ পৌণ্ডের অনধিক প্রত্যেক গজদন্ত ও ১০ পৌণ্ডের কম প্রত্যেক খোল বিশিষ্ট দন্তের . .	ঐ	৩৭৫৲
	৩ পৌণ্ডের ন্যূন প্রত্যেক মঞ্জির দন্তের ..	ঐ ..	৪৫৲

* রঞ্জিন সূতার এ ওজন ধরিয়া মাসুল লওয়া যাইবে। সেই ওজন জানিতে পারা না গেলে [illegible] জানা গেল কিম্বা বিজকে যাহা লেখা গেল সেই ওজন ধরিয়া মাসুল লওয়া যাইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

No	NAMES OF ARTICLES	Per	Tariff valuation	
35	METALS, UNWROUGHT, WROUGHT, AND ARTICLES MADE OF METALS—		Rs.	A
	Brass—			
	Beads, Ghúngrí, China .	thousand	1	0
	Old .	cwt	30	0
	Sheets, rolls, very thin .	"	75	0
	Wire ...	lb	0	7
	Copper—			
	Australian cake	cwt	45	0
	Bolt	"	46	0
	Braziers and sheets	"	46	0
	Japan	"	41	0
	Nails and composition-nails	"	46	0
	Old	"	40	0
	Pigs and slabs, foreign	"	43	0
	Sheathing, and plate and raised bottoms	"	48	0
	Tiles, ingots, cakes, and bricks	"	44	0
	Wire .	lb	0	9
	Gold leaf, European ..	100 leaves	2	12
	Iron—			
	Flat, square, and bolt, including Scotch .	ton	80	0
	Hoop, plate, and sheet	"	105	0
	Nails, rose, clasp, and flat-headed, rivets and washers	cwt	11	0
	Nail-rod	ton	85	0
	Old	cwt	1	8
	Pig	ton	42	0
	Rod, round, British, not exceeding half-inch diameter	"	90	0
	Rod, exceeding half-inch diameter	"	80	0
	Swedish, flat and square	"	125	0
	Tinned plates	cwt	12	0
	Lead—			
	Pig	cwt	12	0
	Sheets, other sorts	"	13	0
	Orsidue and brass-leaves, China	lb	1	0
	Patent or yellow metals, sheathing, sheets, and bolts	cwt	38	0
	Ditto ditto, old	"	30	0
	Quicksilver	lb	1	4
	Steel, excluding railway materials—			
	Blistered	cwt	8	0
	British and foreign, other than Swedish	"	7	0
	Cast	"	20	0
	Spring .	"	8	8
	Swedish .	"	9	0
	Tin, block	"	40	0
	Zinc or Spelter—			
	Nails	"	20	0
	Plate and other shapes, hard ..	"	12	0
	Sheet or Zinc sheathing ..	"	15	0
41	PAINTS, COLOURS, PAINTERS' MATERIALS, AND COMPOSITIONS FOR APPLICATION TO LEATHER AND METALS—			
	Ochre other than European, all colours	cwt	1	4
	Paints Composition	"	30	0
	Prussian blue, European	lb	1	6
	Turpentine	Impl gallon	1	8
	Verdigris	cwt	70	0
	Vermilion, Canton .	box of 90 bndls	80	0

[*Government Gazette*, 1st *April* 1879]

নম্বর।	দ্রব্যাদির নাম।	প্রতি।	তারিফ মূল্য।
৩৫	ধাতু প্রস্তুত ও অপ্রস্তুত ও তদ্মিশ্রিত দ্রব্যাদি—		টাকা।
	পিতল—		
	মতি ঝাঁগরী, চিনে	সহস্র	১৲
	পুরাতন	হন্দরওয়েট	৩০৲
	জড়ান অতি পাতলা চাদর ...	ঐ	৭০৲
	তার	পৌণ্ড	।৶০
	তামা—		
	অষ্ট্রেলিয়র তাল	হন্দরওয়েট	৪৫৲
	বোলট	ঐ	৪৬৲
	কাঁসারির ও চাদর	ঐ	৪৮৲
	জাপান	ঐ	৪১৲
	শ্রেক ও মিশ্র ধাতুর শ্রেক	ঐ	৪৬৲
	পুরাতন	ঐ	৪২৲
	ভিন্নদেশীয় অপেটা ও পাত	ঐ ...	৪৩৲
	খোলার জন্যে ও পাত ও খুবা	ঐ	৫৮৲
	টালি ও থান ও তাল ও ইট	ঐ	৪৪৲
	তার	পৌণ্ড	॥৴০
	সোনার পাতা, ইউরোপীয়	০০ পাতা	২৸০
	লোহা—		
	চেপ্ট ও চৌকা ও বোলট ইহার মধ্যে স্কচ লোহা	টন	৮০৲
	হাল ও পাতা ও চাদর	,,	১০৫৲
	শ্রেক রোজ, ক্লাম্প ও চেপ্টা মাথা, বিবেট ও ওযাসর	হন্দর ওযেট	১১৲
	শ্রেকের শলাকা	টন	৮৫৲
	পুরাতন	হন্দর ওয়েট	১॥০
	অপেটা লৌহ	টন	৪২৲
	শলাকা, গোল, ব্রিটিষ আলে অর্দ্ধ ইঞ্চির নূ্যন	ঐ	৯০৲
	শলাকা আলে অর্দ্ধ ইঞ্চির ন্যূন	ঐ	৮০৲
	সুইডিশ চেপ্টা ও চৌকা	ঐ	১২৫৲
	টিনমারা পাত	হন্দর ওযেট	১০৲
	শিশা—		
	অপেটা	ঐ	১২৲
	চাদর, ও অন্যান্য প্রকার	ঐ	১৩৲
	অরসিডু ও পিতলের পাতা, চিনে	পৌণ্ড	১৲
	পেটেন্ট বা হলুদি ধাতু খোলের জন্যে চাদর ও বোল্ট	হন্দর ওযেট	৩৮৲
	ঐ ঐ পুরাতন	ঐ	৩০৲
	পারদ	পৌণ্ড	১।০
	ইস্পাত, রেলওয়ের সরঞ্জাম ছাড়া বিলিস্তরা	হন্দর ওযেট	৮৲
	সুইডিস ভিন্ন ব্রিটিষ ও ভিন্নদেশীয়	ঐ	৭৲
	ঢালা	ঐ	২০৲
	ইস্পিং	ঐ	৮॥০
	সুইডিস	ঐ	৯৲
	টিন ব্লক ...	ঐ	৪০৲
	দস্তা—		
	শ্রেক ...	ঐ	২০৲
	পাত ও অন্য আকারের, শাড় ...	ঐ	১২৲
	দস্তার পাতা কি খোলের জন্য	ঐ	১৫৲
৫১	রং ও পটুয়াদের নানাদ্রব্য ও চর্ম্মের কি ধাতুর উপর মাখাইবার নানা মিশ্রিত দ্রব্য—		
	গিরিমাটী ইউরোপীয় ছাড়া নানা রঙ্গের	হন্দর ওয়েট	১।০
	মিশ্রিত রং ..	,,	৩০৲
	প্রশীয় ব্লু ইউরোপীয় ...	পৌণ্ড	১৶০
	তাপিন	ইম্পিরিয়ল গ্যালন	১॥০
	জাঙ্গাল	হন্দর ওয়েট	৭০৲
	হিঙ্গুল কান্টনের	৯০ বাণ্ডিলের বাক্স	৮০৲

No	NAMES OF ARTICLES	Per	Tariff valuation Rs	A
43	PERFUMERY—			
	Rose-flowers, dried . .	cwt	12	0
47	PROVISIONS AND OILMAN'S STORES—			
	Bacon in canisters, Jowls and Cheeks	lb	0	12
	Cheese	"	0	12
	Ghee	cwt	40	0
	Pork-hams	lb	0	12
	Vinegar, European, in wood	Impl gallon	1	0
51	SHELLS AND COWRIES—			
	Chanks—			
	Large shells, for cameos	hundred	6	0
	White, dead	"	3	8
	Cowras—			
	From Mozambique and Zanzibar	"	0	8
	Cowries—			
	Maldive	cwt	7	8
	Yellow, superior quality	"	2	8
	Mother-of pearl	"	20	0
52	SILK, AND ARTICLES MADE OF SILK—			
	Floss	lb	9	0
	Raw silk—			
	Chahâram, Cochin China and yellow Shanghai	"	4	8
	Waste and Kachra	"	1	0
	Persian	"	4	8
	Siam	"	2	0
	Raw silk the produce of the tasar or other wild worm	"	2	8
54	SPICES—			
	Aniseed, star	cwt	33	0
	Betelnuts—			
	All other sorts	"	9	0
	Chillies, dried	"	9	0
	Cloves	"	65	0
	" in seeds, Narlavang	"	24	0
	Mace	lb	0	14
	Nutmegs in shell	"	0	6
	Pepper, black and long	cwt	20	0
56	SUGAR—			
	China, candy	"	23	0
	Loaf	"	30	0
	Soft	"	15	0
57	TEA—			
	Black	lb	0	10
	Green	"	1	2
61	UMBRELLAS—			
	China paper kettisals	box of 100	45	0
	Cotton, oiled, other than European	each	0	8

A O HUME,
Secy to the Govt of India

অঙ্ক।	দ্রব্যাদির নাম।	প্রতি।	তারিক মূল্য।
			টাকা।
৪৩	সুগন্ধি দ্রব্য—		
	গোলে সোরখ	হন্দর ওয়েট	·২৭
৪৭	আহারীয় দ্রব্য ও আচার প্রভৃতি—		
	কানেস্তারায় বদ্ধ বেকন জোল ও চীক	পৌণ্ড	৸০
	পনির	ঐ	৸০
	ঘৃত	হন্দর ওয়েট	৪০৲
	শূকরের হ্যাম	পৌণ্ড	৶০
	সির্কা ইউরোপীয় কাঠে বদ্ধ	ইম্পিরিয়ল গ্যালন	·৲
৫১	শঙ্খ ও কড়ি—		
	শাঁক—		
	বড়২ শঙ্খ মূর্ত্তি খোদাইবার জন্য	শত	৬৲
	শাদা মৃত	ঐ	৩॥০
	কৌড়—		
	মোজাম্বিক ও জাঞ্জিবারের	ঐ	॥০
	কড়ি—		
	মালদ্বীপের	হন্দর ওয়েট	৭॥০
	হরিদ্রা বর্ণের অত্যুত্তম	ঐ	২॥০
	ঝিনুকে মুক্ত	ঐ	[illegible]৲
৫২	রেশম ও তন্নির্ম্মিত দ্রব্য—		
	ফ্লস	পৌণ্ড	৯৲
	কাঁচা রেসম—		
	চহবন, কোচিন চিনদেশীয় ও হরিদ্রাবর্ণ শাঙ্ঘাই	ঐ	৪॥০
	ওয়েষ্ট ও কাচরা	ঐ	১৲
	পারস্য	ঐ	৪॥০
	শ্যামীয়	ঐ	১৲
	তসর ও অন্য বন্য পোকা জাত কাঁচা রেসম—	ঐ	১॥০
৫৪	মশলা—		
	মৌরী ষ্টার	হন্দর ওয়েট	৩৩৲
	সুপারি—		
	অন্য সকল প্রকার	„	৯৲
	শুষ্ক লঙ্কা মরিচ	„	৯৲
	লবঙ্গ	ঐ	৬৫৲
	ঐ বীজমধ্যে নব লবঙ্গ	ঐ	২৪৲
	জৈত্রী	পৌণ্ড	৶৵০
	জায়ফল আঁটিসুদ্ধ	ঐ	।৵
	গোলমরিচ ও পিপুল	হন্দর ওয়েট	২০৲
৫৬	চিনি—		
	চিনদেশীয় মিছরী	ঐ	২৩৲
	গুড়া	ঐ	৩০৲
	দোবোরা চিনি	ঐ	১৫৲
৫৭	চা—		
	কালো	পৌণ্ড	॥৵০
	গ্রিন	ঐ	৸৵০
৬১	ছাতা—		
	চিনদেশীয় কাগজের কেটিসাল	১০ টার বাক্স	৪৫৲
	ইউরোপীয় ছাড়া কাপড়ের ও তৈলাক্ত	এক২ টা	॥০

এ, ও, হিউম,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 1, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ১ আপ্রিল।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No 1955A

GENERAL —*The 19th March* 1879 —Mr. A A Wace, Officiating Inspector-General of Registration, is appointed to act, until further orders, as Magistrate and Deputy Collector of Howrah, with effect from the date on which he may relieve Mr. J. C Price

Mr F W Badcock, Officiating Joint Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is appointed to act as Inspector-General of Registration during the absence, on leave, of Mr J A Bourdillon, or until further orders, with effect from the date on which he may relieve Mr A A Wace

The 19th March 1879 —Mr A W Cochran, Joint-Magistrate and Deputy Collector, Dacca, is vested with special appellate powers under Section 87 of the Land Registration Act VII (B C) of 1876.

The services of Mr S Jacob, Assistant Magistrate and Collector, Rungpore, are placed temporarily at the disposal of the Government of India, Legislative Department

Moulvi Mahomed Abdool Kadir, Deputy Magistrate and Deputy Collector, Soopool, Bhagulpore, on leave, is posted to the district of Pubna

The 20th March 1879.—Mr C W Bolton, Officiating Under-Secretary to the Government of Bengal, is confirmed in that appointment, *vice* Mr C P L Macaulay

The 22nd March 1879 —Moulvi Abdool Kurreem, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, is transferred to Tipperah

Moulvi Mahomed, Deputy Magistrate and Deputy Collector, on leave, is posted to Furreedpore

Mr D W M Testro, c s, reported his departure from India on furlough on the 11th instant.

Mr H S Beadon, c s, reported his departure from India on furlough on the 8th instant

Mr. F E Pargiter, Assistant Magistrate and Collector, in charge of the Magoorah division of the Jessore district, is transferred to the 24-Pergunnahs, and is appointed to act as Commissioner of the Soonderbuns, during the absence, on leave, of Mr A D'B Gomess, or until further orders

Baboo Bogolanund Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Burdwan, is transferred to Jessore, and is appointed to have charge of the Magoorah division of that district

Mr E M. Reily, Deputy Magistrate and Deputy Collector, Dacca, on leave, is transferred to Burdwan

The 24th March 1879 —The three months' privilege leave granted to Mr A W. Scanlan, Officiating Deputy Magistrate and Deputy Collector, under orders dated the 3rd December last, has been commuted by the Right Honorable the Secretary of State for India to six months' leave on medical certificate

Baboo Juggutbhundhoo Bhuttacharjee is appointed to act as Personal Assistant to the Commissioner of Dacca during the absence, on leave, of Baboo Obhoy Chunder Das, or until further orders

Mr J Boxwell, Officiating Deputy Commissioner, Sonthal Pergunnahs, is allowed subsidiary leave for nine days, in extension of that granted to him under the orders of the 21st January last

Baboo Gour Das Bysack, Deputy Magistrate and Deputy Collector, Backergunge, is vested with the powers of a Collector under Act X of 1870

Baboo Bhoobunnessur Sing, Deputy Magistrate and Deputy Collector, Nowada, Gya, is transferred to the Sudder Station of the Purneah district

Baboo Sant Prosad, Officiating Deputy Magistrate and Deputy Collector, Gya, on leave, is transferred to the Sudder Station of the Rajshahye district

[*Government Gazette, 1st April* 1879.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশ।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৯৫৫ *A* নং।

সাধারণ।—১৮৭৯ সাল ১৯ মার্চ।—রেজিস্টরী বিভাগের একটিং ইনস্পেকটর জেনরল শ্রীযুত এ, এ ওয়েস সাহেব যে তারিখে শ্রীযুত জে, সি, প্রাইস সাহেবের নিকটহইতে কার্য্য ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি, যাবৎ অন্য আজ্ঞা না হয় হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

২৪ পরগনার একটিং জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ডবলিউ, বাডক সাহেব যে তারিখে শ্রীযুত এ, এ ওয়েস সাহেবের নিকট হইতে কার্য্যভার গ্রহণ করেন সেই তারিখ অবধি শ্রীযুত জে এ, বুর্ডিলং সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে, বা যাবৎ অন্য আজ্ঞা না হয় রেজিষ্টরী বিভাগের ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৯ মার্চ।—ঢাকার জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, ডবলিউ, কটোন্‌ সাহেব ভূমি রেজেষ্টরী করণ বিষয়ক ৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৮৭ ধারাক্রমে আপীল সম্বন্ধীয় বিশেষ ক্ষমতা পাইলেন।

রঙ্গপুরের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এস, জেকব সাহেব রাজস্ব ও পণ্য কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে কিছুকালের জন্য স্থাপিত হইলেন।

ভাগলপুর জিলার অন্তর্গত মধুপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবি মহম্মদ আবদুল কাদির পাবনা জিলায় অবস্থাপিত হইলেন। ইনি এখন ছুটীতে আছেন।

১৮৭৯ সাল ২০ মার্চ।—শ্রীযুত সি, পি, এল, মেকাল সাহেবের পরিবর্ত্তে বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী শ্রীযুত সি, ডবলিউ, বোল্টন সাহেব উক্ত পদে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২২ মার্চ।—ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবি আবদুল করিম ত্রিপুরায় প্রেরিত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবি মহম্মদ ফরিদপুরে অবস্থাপিত হইলেন। ইনি এখন ছুটীতে আছেন।

শ্রীযুত ডি, ডবলিউ, এম, টেট্রো, সাহেব সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ১১ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

শ্রীযুত এচ, এস, রিডন, সাহেব সি, এস, নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৮ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

যশোহর জিলার অন্তর্গত মাগুরা মহকুমার ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ ই, পার্গিটার সাহেব ২৪ পরগনায় প্রেরিত হইলেন এবং শ্রীযুত এ ডি, বি গোমেস সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় সুন্দরবনের কমিশনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বগলানন্দ মুখোপাধ্যায় যশোহরে প্রেরিত হইয়া উক্ত জিলার অন্তর্গত মাগুরা মহকুমার কার্য্যভার গ্রহণ করিতে নিযুক্ত হইলেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, এম রাইলী সাহেব বর্দ্ধমানে প্রেরিত হইলেন ইনি একণে ছুটীতে আছেন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।—বিগত ৩ ডিসেম্বর তারিখের আজ্ঞাক্রমে একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত এ, ডবলিউ ম্যানুয়েল সাহেবকে যে তিন মাসের অনুগ্রহের ছুটী দেওয়া যায় তাহার পরিবর্ত্তে মাননীয় ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহাকে চিকিৎসকের সার্টিফিকেট ক্রমে ছয় মাসের ছুটী দিলেন।

শ্রীযুত বাবু অভয়চন্দ্র দাসের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকাল, অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু জগৎবন্ধু ভট্টাচার্য্য ঢাকার কমিশনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

সাঁওতাল পরগনার একটিং ডেপুটী কমিশনর শ্রীযুত জে, বসওয়েল সাহেবকে বিগত ১১ জানুয়ারি তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী দেওয়া যায় তদতিরিক্ত তাঁহাকে নয় দিনের আবশ্যকিক ছুটী দেওয়া গেল।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গৌরদাস বসাক ১৮৭০ সালের ১০ আইনক্রমে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

গয়ার অন্তর্গত নবদার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবনেশ্বর সিংহ পূর্ণিয়া জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

গয়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত শান্তপ্রসাদ বাবু শাহাবাদ জিলার সদর মোকামে প্রেরিত হইলেন। ইনি একণে ছুটীতে আছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।].

Baboo Mohini Mohun Chuckerbutty, Deputy Magistrate and Deputy Collector, Patuakhally, Backergunge, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring land for the lock-up at Putuakhally

Mr W B Oldham, Officiating Deputy Commissioner, Sonthal Pergunnahs, having assumed charge of his office on the forenoon of the 15th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 16th December last is cancelled

The services of Baboo Rakhal Das Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Barripore, 24-Pergunnahs, are placed temporarily at the disposal of the Board of Revenue for employment in the acquisition of land for the East Indian Railway

Baboo Rakhal Das Mookerjee is vested with the powers of a Collector under Act X of 1870

Mr E R Middleton, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is appointed to have charge of the Barripore Division of that district

Moulvi Syed Mohomed Israil Deputy Magistrate and Deputy Collector, Rungpore, is allowed leave for three years under Section 9, Supplement F to the Civil Leave Code.

Baboo Nobin Chunder Das, M A and B L, is appointed to act, until further orders, as a Deputy Magistrate and Deputy Collector, and is posted to Rungpore

The 25th March 1879 —Mr H Beverley, Additional District and Sessions Judge, 24-Pergunnahs and Hooghly, is allowed leave for three months under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 2nd May next, or such date as he may avail himself of it

Mr W H Verner, Joint Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is appointed to act as Additional District and Sessions Judge, 24 Pergunnahs and Hooghly, during the absence, on leave, of Mr H Beverley, or until further orders

Baboo Nobin Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Madaripore Division of the Furreedpore district, is allowed leave for one month under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st April next, or such subsequent date as he may avail himself of it

Baboo Shoshi Sikur Dutt, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, is appointed to have temporary charge of the Madaripore Division of that district, during the absence, on leave of Baboo Nobin Chunder Sen, or until further orders

Mr D M Barbour, Officiating Secretary to the Government of Bengal, Financial Department, is allowed furlough for nineteen months under Section 12 of the Civil Leave Code, together with subsidiary leave for a period not exceeding fifteen days under Section 24(*a*) of the Code

Kumar Barendra Krishna, Officiating Deputy Magistrate and Deputy Collector, Midnapore, is allowed leave for one month under Section 12-2, Supplement F to the Civil Leave Code with effect from the 2nd April next

Baboo Annada Prosad Ghose, Deputy Magistrate and Deputy Collector, Cuttack, is appointed to act as Personal Assistant to the Commissioner of Orissa during the absence, on leave, of Baboo Kovlash Chunder Ghose, or until further orders

Baboo Prankissen Roy, Officiating Deputy Magistrate and Deputy Collector, Julpigoree, on leave, is posted to Cuttack

Mr A C Mangles, Commissioner, Chota Nagpore, on leave, is appointed to be Opium Agent of Behar, *vice* Mr H W Alexander, deceased

Mr J F K Hewitt, Officiating Commissioner, Chota Nagpore, is confirmed in that appointment, *vice* Mr A C Mangles

Mr W R Larminie, Magistrate and Collector of Burdwan, is appointed to be a Magistrate and Collector of the First Grade, *vice* Mr J F K Hewitt

Mr A Weekes, Officiating Magistrate and Collector Chumparun, is appointed to be a Magistrate and Collector of the Second Grade, *vice* Mr W R Larminie

Mr W M Clay is appointed to be a Magistrate and Collector of the Third Grade in Chumparun, *vice* Mr A Weekes, but will continue to act, until further orders, as Magistrate and Collector of Pubna in the Second Grade

Mr H W Gordon is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the First Grade in Dinagepore, *vice* Mr W M Clay.

[*Government Gazette*, 1*st April* 1879]

পটুয়াখালিতে হাজত ঘরের জন্য ভূমি গ্রহণার্থে বাকরগঞ্জের অন্তর্গত পটুয়াখালির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মোহিনীমোহন চক্রবর্ত্তী ১৮৭০ সালের ১০ আইনক্রমে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

সাঁওতাল পরগনার একটিং ডেপুটী কমিশনার শ্রীযুত ডবলিউ বি, ওলডহাম সাহেব ১৫ মার্চের পূর্ব্বাহ্নে স্বীয় কার্য্যের ভার গ্রহণ করাতে, বিগত ২৬ ডিসেম্বর তারিখের আজ্ঞাক্রমে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অব্যবহিত অংশ রহিত করা গেল।

২৪ পরগনার অন্তর্গত বারুইপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাখালদাস মুখোপাধ্যায় ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের জন্য ভূমিগ্রহণকার্য্যে নিয়োগার্থ কিয়ৎকালের জন্য রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু রাখালদাস মুখোপাধ্যায় ১৮৭০ সালের ১০ আইনক্রমে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই আর, ডিউবটন সাহেব উক্ত জিলার অন্তর্গত বারুইপুর মহকুমার কার্য্যভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবি সৈয়দ মহম্মদ ইস্রাএল সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারাক্রমে তিন বৎসরের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র দাস এম এ, বি, এল যাবৎ অন্য আজ্ঞা না হয় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া রঙ্গপুরে অবস্থাপিত হইলেন।

১৮৭৯ সালের ২৫ মার্চ —২৪ পরগনা ও হুগলীর অতিরিক্ত ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এচ বেবলি সাহেব আগামী ২ মে অবধি কিম্বা অন্য যে তারিখ হইতে ছুটী লন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিক্রমে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এচ বেবলি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে, বা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ২৪ পরগনার জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ, বার্ণব সাহেব ২৪ পরগনা ও হুগলীর অতিরিক্ত ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

ফরিদপুর জিলার অন্তর্গত মাদারিপুর মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর, শ্রীযুত বাবু নবীনচন্দ্র সেন আগামী ১ আপ্রিল অবধি কিম্বা পরে যে তারিখ অবধি ছুটী লন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিক্রমে এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র সেনের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে, বা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শশিশেখর দত্ত উক্ত জিলার অন্তর্গত মাদারিপুর মহকুমার অধ্যক্ষতাভার গ্রহণার্থে কিয়ৎকালের জন্য নিযুক্ত হইলেন।

ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী শ্রীযুত সি, এম, কাবর সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারাক্রমে উনিশ মাসের নিয়মিত ছুটী পাইয়াছেন। তদতিরিক্ত উক্ত বিধি পুস্তকের ২৪(এ) ধারাক্রমে ১৫ দিনের অনধিক কালের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

মেদনীপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার নরেন্দ্র কৃষ্ণ আগামী ২ আপ্রিল অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের F চিহ্নিত পরিশিষ্টের ১১—২ ধারাক্রমে এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র ঘোষের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে কিম্বা যাবৎ অন্য আজ্ঞা না হয় কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ ঘোষ উড়িষ্যা খণ্ডের কমিশনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

জলপাইগুড়ির একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় কটকে অবস্থাপিত হইলেন। ইনি এক্ষণে ছুটীতে আছেন।

এচ, ডবলিউ, আলেক জাণ্ডর সাহেবের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে ছোট নাগপুরের কমিশনর শ্রীযুত এ, সি, মাঙ্গেলস সাহেব বেহারের আফিমের এজেণ্টের পদে নিযুক্ত হইলেন। ইনি এক্ষণে ছুটীতে আছেন।

শ্রীযুত এ, সি, মাঙ্গেলস সাহেবের পরিবর্ত্তে ছোট নাগপুরের একটিং কমিশনর শ্রীযুত জে, এফ, কে, হিউইট সাহেব উক্তপদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, এফ, কে, হিউইট সাহেবের পরিবর্ত্তে বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, আর লার্ম্মিনি সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, আর, লার্ম্মিনি সাহেবের পরিবর্ত্তে চম্পারণের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, উইকস সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, উইকস্ সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ডবলিউ, এম, ক্লে সাহেব চাম্পারণে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয় দ্বিতীয় শ্রেণীতে পারনায় মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ, এম, ক্লে সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এচ, ডবলিউ গর্ডন সাহেব দিনাজপুরে প্রথম শ্রেণীর জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

Mr F F Handley, Officiating Joint-Magistrate and Deputy Collector, Cuttack, acted as Magistrate and Collector, Cuttack, from the 15th February 1879 to the 8th instant, both days inclusive

Mr O T Barrow, Assistant Magistratd and Collector, Pooree, is appointed temporarily to have charge of the Khoordah division of that district, during the absence of Mr. H. A. D Phillips, or until further orders

Mr J C Price, Officiating Magistrate and Deputy Collector, Howrah, is vested with the powers of a Collector, under Act X of 1870, for the purpose of acquiring lands required for public purposes in that district

The services of Mr L R Tottenham, District and Sessions Judge, Nuddea, are placed at the disposal of the Government of India, in the Home Department

Mr P D Dickens, District and Sessions Judge of Dacca, is appointed to act as District and Sessions Judge of Nuddea until further orders

Mr J Tweedie, Additional District and Sessions Judge of all the districts of the Rajshahye division, is appointed to act as District and Sessions Judge of Dacca until further orders

Mr H W Gordon, Joint-Magistrate and Deputy Collector, Dinagepore, is appointed to act as Additional District and Sessions Judge of all the districts of the Rajshahye division, during the absence, on deputation, of Mr J Tweedie, or until further orders.

The orders of the 18th instant, appointing Mr A R Wigram to act as a Deputy Magistrate and Deputy Collector of Patna, are cancelled

POLICE —*The 20th March* 1879 —Major W L N Knyvett, District Superintendent of Police, Purneah, is allowed subsidiary leave for thirty days, under Section 24(*a*) of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved of his duties

Mr C P Crouch, Officiating District Superintendent of Police, Chittagong Hill Tracts, is allowed leave for four months, under Section 9, Supplement F to the Civil Leave Code, with effect from such date as he availed himself of it

The 24th March 1879 —Mr H Dawson, Assistant Superintendent of Police, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 10th January 1879, the date on which he made over charge of his duties as Officiating District Superintendent of Police, Lohardugga

Mr J F Needham, Assistant Superintendent of Police, Backergunge, is appointed to act, until further orders, as District Superintendent of Police, Chittagong Hill Tracts

The 25th March 1879 —Mr W Campbell, District Superintendent of Police, who reported his return from furlough on the 2nd instant, is appointed to act temporarily as District Superintendent of Police, Purneah, *vice* Major W L N Knyvett

The following officers are appointed to be probationary Assistant Superintendents of Police, and are posted to the districts mentioned—

Mr H S Schurr	Burdwan
„ E W Payne	Midnapore.
„ H E C Paget	Patna
„ T J Foster	Moorshedabad
„ A R Wigram	Patna

REGISTRATION —*The 17th March* 1879 —Mr. J B Pratt, Special Sub-Registrar of Jessore, is transferred to Arrah

Baboo Sunjeeb Chunder Chatterjee, Special Sub-Registrar of Burdwan, is transferred to Jessore

The 24th March 1879 —Baboo Raj Kissen Banerjee, Special Sub-Registrar, Noakholly, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code.

Baboo Kristo Hurry Bose, Special Sub-Registrar, Chittagong, is transferred to Noakholly

Baboo Radha Madhub Bose, Officiating Deputy Magistrate and Deputy Collector, is appointed to be Sub Registrar of Ranchi, in the district of Lohardugga, *vice* Baboo Rash Behari Bose, deceased, with effect from the 18th February last

EDUCATION —*The 22nd March* 1879 —Baboo Rajendro Nath Roy, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a member of the Gya District School Committee

[*Government Gazette, 1st April* 1879]

কটকের একটিং জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এফ, হাগুলি সাহেব ১৮৭৯ সালের ১৫ ফেব্রুয়ারি অবধি ৮ মার্চ পর্য্যন্ত কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কার্য্য করিয়াছেন।

শ্রীযুত এচ, এ, ডি, ফিলিপস সাহেবের অনুপস্থিতি কালে বা যাবৎ অন্য আজ্ঞা না হয় পুরীর আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ও, টি, বারো সাহেব আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর উক্ত জিলার অন্তর্গত খুরদা মহকুমার অধ্যক্ষতা ভার গ্রহণার্থে কিয়ৎ কালের জন্য নিযুক্ত হইলেন।

হাবড়ার একটিং মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, সি, প্রাইস সাহেব উক্ত জিলায় রাজকীয় কার্য্যের নিমিত্ত ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

নদীয়ার ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এল, আর, টটেনহাম সাহেব হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

ঢাকার ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত পি ডি, ডিকেন্স সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় নদীয়ার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজশাহী খণ্ডের সমুদয় জিলার অতিরিক্ত ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত জে টুইডি সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় ঢাকার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, টুইডি সাহেবের বাজ কার্য্যোপলক্ষে অনুপস্থিতি কালে, বা যাবৎ অন্য আজ্ঞা না হয়, দিনাজপুরের জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, ডবলিউ, গর্ডন সাহেব রাজশাহী খণ্ডের সমুদয় জিলার অতিরিক্ত ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, আর, উইগ্রাম সাহেবের পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নিয়োগ বিষয়ক এই ১৮ই মার্চ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

পোলীস।—১৮৭৯ সাল ২০ মার্চ।—পুরণিয়া জিলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত ডবলিউ এল, এম, নিবেট সাহেব যে তারিখে, কার্য্যভার হইতে মুক্ত হন সেই তারিখ অবধি সিবিল কর্ম্মকারকদের ছুটীর বিধির ২৫ (৫) ধারাক্রমে ত্রিশ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, পি, ক্রৌচ সাহেব যে তারিখে ছুটী লন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারাক্রমে চার মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।—পোলিসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, ডসন সাহেব ১৮৭৯ সালের ১০ জানুয়ারি তারিখে লোহারডগার একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের প্রতি স্বীয় কার্য্যভার প্রদান করিয়া উক্ত তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

বাকরগঞ্জের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এফ, নিচাম সাহেব, যাবৎ অন্য আজ্ঞা না হয়, চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৫ মার্চ।—মেজর শ্রীযুত ডবলিউ, এল, এম, নিবেট সাহেবের পরিবর্ত্তে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ কাম্বেল সাহেব ২ মার্চ তারিখে নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করিয়া কিয়ৎ কালের জন্য পুরণিয়ার ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পশ্চাল্লিখিত কার্য্যকারকগণ পোলীসের প্রোবেশনরী আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইয়া নিম্নলিখিত জিলায় অবস্থাপিত হইলেন।—

শ্রীযুত এচ, এস, লর সাহেব ...	বর্দ্ধমান।
,, ই, ডবলিউ পেন সাহেব	মেদিনীপুর।
,, এচ, ই, সি, পাজেট সাহেব ..	পাটনা।
,, টি, জে ফষ্টর সাহেব ...	মুরশিদাবাদ।
,, এ, আর, উইগ্রাম সাহেব ..	পাটনা।

রেজিষ্টরি বিভাগ।—১৮৭৯ সাল ১৭ মার্চ।—যশোহরের বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত জে, বি, গ্রাট সাহেব আরায় প্রেরিত হইলেন।

বর্দ্ধমানের বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় যশোহরে প্রেরিত হইলেন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।—নওয়াখালির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

চট্টগ্রামের বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু কৃষ্ণহরি বসু নওয়াখালিতে প্রেরিত হইলেন।

বাবু রাসবিহারি বসুর মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধামাধব বসু লোহারডগা জিলার অন্তর্গত রাঞ্চির সব-রেজিষ্ট্রারের পদে বিগত ১৮ ফেব্রুয়ারি অবধি নিযুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৭৯ সাল ২২ মার্চ।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাজেন্দ্রনাথ রায় গয়া জিলার ডিষ্ট্রিক্ট স্কুলকমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রেল।]

The 24th March 1879.—Mr F. W. Badcock, Officiating Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is appointed to be Secretary to the District School Committee of that district.

OPIUM —*The 20th March* 1879.—Mr J. C Shaw, Assistant Sub-Deputy Opium Agent, was in charge of the Basti division of the Benares Agency from the afternoon of the 20th January 1879 to the afternoon of the 12th ultimo

Mr H J Lloyd, Assistant Sub-Deputy Opium Agent, is appointed temporarily to have charge of the Fattegarh division of the Benares Agency till relieved by Mr. C M Jerdon, with effect from the afternoon of the 1st ultimo

Mr C Paterson, Assistant Sub-Deputy Opium Agent, was in charge of the Fatehpur division of the Benares Agency from the afternoon of the 17th to the forenoon of the 27th ultimo

Mr G M. Gregory, Assistant Sub-Deputy Opium Agent, was in charge of the Ghazipore division of the Benares Agency from the forenoon of the 20th to the forenoon of the 24th January 1879

MEDICAL.—*The 18th March* 1879 —The services of Surgeon H Whitwell are placed at the disposal of the Government of India, in the Military Department.

The 22nd March 1879 —Honorary Surgeon Major P A Minas, Civil Medical Officer, Dehree, on leave, is appointed to be Civil Medical Officer of Furreedpore, with effect from the 5th February 1878, *vice* Dr. Bholanath Bose, retired

The 24th March 1879 —Assistant Surgeon Bussanto Kumar Sen, attached to the Calcutta Medical College Hospital, is allowed leave for one year, under Section 9, Supplement F to the Civil Leave Code

The 24th March 1879 —Assistant Surgeon Rakhal Das Ghose is allowed leave for fifteen months, under Section 9, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 11th April 1878

Surgeon A Tomes, Officiating Civil Surgeon, Goalundo and Kooshtea, is appointed to act as Civil Surgeon of Backergunge, during the absence, on leave, of Surgeon-Major L Cameron, or until further orders, with effect from the date on which he may be relieved of his present appointment by Dr. V Richards

Apothecary E D Grose is appointed to have charge of the Lock-Hospital, Jallapahar, with effect from the 6th December 1878, inclusive, *vice* Assistant Apothecary J A Antonio

Surgeon A Crombie, Officiating Civil Surgeon, Dacca, is confirmed in that appointment, *vice* Surgeon-Major J Jones

Surgeon R D Murray, Officiating Civil Surgeon, Chittagong, is confirmed in that appointment, *vice* Surgeon A. Crombie.

MUNICIPAL —*The 12th March* 1879 —The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Bankoora Municipality of Dr R L Dutt, Civil Surgeon, to be their Vice-Chairman for the ensuing year

Baboo Bhoot Nath Mookerjea is re-appointed to be a Commissioner of the Baraset Municipality.

The following gentlemen are appointed to be Commissioners of the Baraset Municipality —

Baboo Brindabun Chunder Chatterjee, Sub-Registrar of Baraset, *vice* Baboo Hari Nath Sen

Baboo Kedar Nath Banerjee, Pleader, *vice* Baboo Russick Lal Banerjee

The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Municipality of Baraset of Baboo Brindabun Chunder Chatterjee as their Vice-Chairman for the year 1879 80.

The 15th March 1879 —Rajah Khettra Mohun Singh is appointed to be a Commissioner of the Dinagepore Municipality, *vice* Baboo Girish Chunder Chuckerbutty, resigned

Baboo Hem Chunder Mookerjee is appointed to be a Municipal Commissioner of the Sahebgunge Station, *vice* Baboo Rughoo Nath Marwari, resigned.

[*Government Gazette*, 1*st April* 1879.]

১৮৭৯ সাল ২৪ মার্চ।—২৪ পরগনার একটিং জয়েন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এক, ড ব লিউ বাডকক সাহেব উক্ত জিলার ডিষ্ট্রিক্ট স্কুলকমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

আফীম।—১৮৭৯ সাল ২০ মার্চ।—আফিসের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জে,সি, শা সাহেব ১৮৭৯ সালের ২০ জানুয়ারির অপরাহ্ণ অবধি ১২ ফেব্রুয়ারির অপরাহ্ণ পর্য্যন্ত বারাণসী এজেন্টীর অন্তর্গত বস্তি বিভাগের কার্য্যাধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইয়া ছিলেন।

বিগত ১ ফেব্রুয়ারির অপরাহ্ণ অবধি যে পর্য্যন্ত শ্রীযুত সি, এম, জর্ডন সাহেবের হস্তে কার্য্য ভার প্রদান না করেন আফিসের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত এচ, জে, লযড সাহেব বারাণসী এজেন্টীর অন্তর্গত ফতেগড বিভাগের কার্য্যাধ্যক্ষতা ভার গ্রহণার্থে কিয়ৎকালের জন্য নিযুক্ত হইলেন।

১৭ ফেব্রুয়ারির অপরাহ্ণ অবধি ২৭ ফেব্রুয়ারির পূর্ব্বাহ্ণ পর্য্যন্ত আফিসের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত সি, পেটরসন সাহেব বারাণসী এজেন্টীর অন্তর্গত ফতেগড বিভাগের কার্য্যাধ্যক্ষতা ভার-প্রাপ্ত হইয়াছিলেন।

১৮৭৯ সালের ২৫ জানুয়ারির পূর্ব্বাহ্ণ অবধি ২৪ জানুয়ারির পূর্ব্বাহ্ণ পর্য্যন্ত আফিসের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জে, এম, গ্রেগরি সাহেব বারাণসী এজেন্টীর অন্তর্গত গাজিপুর বিভাগের কার্য্যাধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইয়া ছিলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৭৯ সাল ৮ মার্চ।—সর্জন শ্রীযুত এচ, উইটওয়েল সাহেব সৈনিক বিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৭৯ সাল ২২ মার্চ।—ডক্তার শ্রীযুত ভোলানাথ বসু কর্ম্ম হইতে অবসর গ্রহণ করাতে তৎপরিবর্ত্তে ডিহরির সিবিল মেডিকাল আফিসের অনরেরি সর্জন মেজার শ্রীযুত পি, এ, মিনাস সাহেব ১৮৭৮ সালের ৫ ফেব্রুয়ারি অবধি ফরিদপুরের সিবিল চিকিৎসকের পদে নিযুক্ত হইলেন। উনি এইক্ষণে ছুটীতে আছেন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।—কলিকাতার মেডিকাল কালেজ হাস্পাতালে নিযুক্ত আসিষ্টান্ট সার্জন শ্রীযুত বসন্তকুমার সেন সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়কবিধিপুস্তকের F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে এক বৎসরের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।—আসিষ্টান্ট সার্জন শ্রীযুত বাবু রাখালদাস ঘোষ ১৮৭৮ সালের ১১ আপ্রিলের আজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারা মতে পনের মাসের ছুটী পাইলেন।

সর্জন মেজর শ্রীযুত এল কাম্বিবন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে, বা যাবৎ অন্য আজ্ঞা না হয়, গোয়ালন্দ ও কুষ্টিয়ার একটিং সিবিল সার্জন শ্রীযুত এ, টমেস সাহেব স্বীয় কার্য্যভার যে তারিখে ডাক্তর শ্রীযুত বি বিচার্ডস সাহেবকে প্রদান করেন সেই তারিখ অবধি ঢাকরগঞ্জের সিবিল সার্জনের কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

আসিষ্টান্ট আপথিকারী শ্রীযুত জে, এ, আন্টোনিও সাহেবের পরিবর্ত্তে আপথিকাবী শ্রীযুত ই, ডি, গ্রোস সাহেব ১৮৭৮ সালের ৬ ডিসেম্বর অবধি জলাপাহাড়ের লক হাস্পাতালের ভার গ্রহণ করিতে নিযুক্ত হইলেন।

সার্জন মেজর শ্রীযুত জে, জোন্স সাহেবের পরিবর্ত্তে ঢাকার একটিং সিবিল চিকিৎসক সার্জন শ্রীযুত এ, ক্রম্বি সাহেব উক্ত পদে স্থায়ীরূপে নিযুক্ত হইলেন।

সার্জন শ্রীযুত এ, ক্রম্বি সাহেবের পরিবর্ত্তে চট্টগ্রামের একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত আর, ডি, মরে সাহেব উক্ত পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

মুনিসিপল।—১৮৭৯ সাল ১২ মার্চ।—বাঁকুড়া মুনিসিপালিটীর কমিশনরেরা আগামী বৎসরের জন্য সিবিল সার্জন ডাক্তর শ্রীযুত আর এল, দত্তকে আপনাদিগের প্রতিনিধি সভাপতিপদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

শ্রীযুত বাবু ভুতনাথ মুখোপাধ্যায় বারাসত মুনিসিপলিটীর কমিশনরের পদে পুনঃ নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা বারাসত মুনিসিপালিটীর কমিশনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু হরিনাথ সেনের পরিবর্ত্তে বারাসতের সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু বৃন্দাবনচন্দ্র চট্টোপাধ্যায়।
শ্রীযুত বাবু রসিকলাল বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে উকীল শ্রীযুত বাবু কেদারনাথ বন্দ্যোপাধ্যায়।

বারাসত মুনিসিপালিটীর কমিশনরেরা শ্রীযুত বাবু বৃন্দাবনচন্দ্র চট্টোপাধ্যায়কে ১৮৭৯।৮০ সালের জন্য আপনাদের প্রতিনিধি সভাপতি মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা অনু-মোদন করিলেন।

১৮৭৯ সাল ১৫ মার্চ।—শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চক্রবর্ত্তী কর্ম্ম ত্যাগ করাতে রাজা শ্রীযুত ক্ষেত্রমোহন সিংহ দিনাজপুর মুনিসিপালিটীর কমিশনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু রঘুনাথ মাড়বারি কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত বাবু হেমচন্দ্র মুখোপাধ্যায় সাহেবগঞ্জ ষ্টেশনের মুনিসিপাল কমিশনরের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

The following gentlemen are appointed to be Commissioners of the Mosufferpore Municipality —

Mr W B Hudson.	Hafiz Sadat Ally
Baboo Iswari Charan Mookherjee	Mr H W Stevens.
„ Purna Chandra Mitter	„ M Wilson
„ Romanath Bose	

ROAD CESS —*The 21st March* 1879 —The following gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Chittagong —

Baboo Choitanyo Charan Dutt, Pleader
„ Durga Dass Dass, ditto
„ Kailas Chandra Dass, Zemindar
„ Nittya Nundo Roy, Zemindar and Merchant

The 22nd March 1879 —Mr H Unwin, Executive Engineer, Cossye Division, is appointed to be a member of the Midnapore District Road Cess Committee, *vice* Mr J H Apjohn, resigned

The 24th March 1879 —Mr A L Harman, of the Jyalpore Indigo Factory, is appointed to be a member of the Sarun District Road Cess Committee, *vice* Baboo Ram Anugrah Narayan Singh, resigned

The 25th March 1879 —Mr John Gale, Indigo Planter, Paundoul, is appointed to be a Member of the Durbhunga Road Cess Committee, *vice* Mr M Gale

The following gentlemen are re-appointed to be members of the District Road Cess Committee of Pooree —

Adhikari Rasbehari Dass	Khetrahar Bhugwan Rataing
„ Rughunandan Ramanug Dass	Mahaut Naraian Dass
Baboo Akhil Nath Roy	Baboo Ram Chand Addi
Rajah Gour Chandra Man Sing of Parikud	„ Ram Gopal Chatterjee
Shaikh Jamiloodin Mahomed	

The following gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Pooree —

Mahaut Keshab Ramanug Dass, *vice* Panda Ramkista Patgusi
Pundit Sadasib Missra, *vice* Baidhur Mohapatra

The following Notifications are republished from the *Assam Gazette* —

No 68 —*The 10th March* 1879 —Mr T J Murray, C S, Assistant Commissioner, First Grade, is posted to the district of the Khási and Jaintiá Hills

No 69 —Furlough for one year, under Section 12, Chapter IV of the Civil Leave Code, with the usual subsidiary leave, is granted to Mr T J Murray, C S, Assistant Commissioner, First Grade, Khási and Jaintiá Hills, with effect from the forenoon of the 10th instant, or from such subsequent date as he may avail himself of the same

No 73 —*Police* —The Chief Commissioner has been pleased to make the following transfers —

Mr G J Cawley, District Superintendent of Police, Sibságar, to the Naga Hills district
Mr R H F Pughe, Officiating District Superintendent of Police, Nága Hills, to Sibsagar
Mr J M E Gouldsbury, District Superintendent of Police, Darrang, to Nowgong
Mr G H P Livesay, Officiating Assistant Superintendent of Police, Nowgong, to Darrang

No 75 —*The 11th March* 1879 —Mr W C Macpherson, C S, Supernumerary Assistant Commissioner, Third Grade, Sylhet, is transferred to the district of Cachar, and is placed in charge of the sub-division of Hailakandi, during the absence of Mr G W Place, C S, on privilege leave, or until further orders

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 17th March 1879 —In exercise of the powers conferred on him by Section 234, Act V (B C) of 1876, the Lieutenant Governor is pleased on the recommendation of the Commissioners of the Municipality of Hazareebagh at a meeting, to extend to that municipality the provisions of Sections 264 to 270, and Sections 278 to 284, of the aforesaid Act

D BARBOUR,
Offg Secy. to the Govt. of Bengal

[*Government Gazette, 1st April* 1879.]

নিম্নলিখিত মহাশয়েরা মজঃফরপুর মুনিসিপালিটীর কমিশনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, বি, হডসন সাহেব।	শ্রীযুত বাবু হাফিজ সাদত আলি।
শ্রীযুত বাবু ঈশ্বরীচরণ মুখোপাধ্যায়।	,, এচ, ডবলিউ, ফ্রিবেঙ্ক সাহেব।
,, ,, পূর্ণচন্দ্র মিত্র।	,, এম, উইলসন সাহেব।
,, ,, রমানাথ বসু।	

পথকরবিষয়ক।—১৮৭৯ সাল ২১ মার্চ।—নিম্নলিখিত মহাশয়েরা চট্টগ্রাম জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

উকীল শ্রীযুত বাবু চৈতন্য চরণ দত্ত।
,, ,, ,, দুর্গাদাস দাস।
জমীদার শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দাস।
জমীদার ও সওদাগর শ্রীযুত বাবু নিত্যানন্দ রায়।

১৮৭৯ সাল ২২ মার্চ।—শ্রীযুত জে, এচ, আপজন সাহেব কর্ম্মত্যাগ করাতে তৎপরিবর্ত্তে কাঁসাই খণ্ডের একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, অষ্টিন সাহেব মেদিনীপুর জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।—শ্রীযুত বাবু রামানুগ্রহ নারায়ণ সিংহ কর্ম্ম ত্যাগ করাতে জয়ালপুর নীল কুঠীর অধ্যক্ষ শ্রীযুত এ, এস, হার্ম্মান সাহেব সারন জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৫ মার্চ।—শ্রীযুত এম, গেল সাহেবের পরিবর্ত্তে পাণ্ডুলের নীলকর শ্রীযুত জন গেল সাহেব দ্বারভঙ্গা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা পুরী জিলার পথকর কমিটীর মেম্বরের পদে পুনঃ নিযুক্ত হইলেন।

শ্রীযুত অধিকারী রাসবিহারী দাস।	ক্ষেত্রহর শ্রীযুত ভগবান্ বত সিংহ।
,, ,, রঘুনন্দন রামানুগ দাস।	মহন্ত শ্রীযুত নারায়ণ দাস।
শ্রীযুত বাবু অখিলনাথ রায়।	শ্রীযুত বাবু রামচাঁদ আঢ্য।
পাকুড়ের রাজা শ্রীযুত গৌরচন্দ্র মান সিংহ।	,, ,, রাম গোপাল চট্টোপাধ্যায়।
শ্রীযুত সেখ জমিলুদ্দিন মহম্মদ।	

নিম্নলিখিত মহাশয়েরা পুরীর জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

পাণ্ডা শ্রীযুত রামকৃষ্ণ পাণ্ডুজির পরিবর্ত্তে মহন্ত শ্রীযুত কেশব রামানুগ দাস।
শ্রীযুত বৈধুর মহাপাত্রের পরিবর্ত্তে পণ্ডিত শ্রীযুত সদাশিব মিশ্র।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত হইল।

৬৮ নং।—১৮৭৯ সাল ১০ মার্চ।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত টি, জে, মরে সাহেব সি, এস, খাশিয়া ও জয়ন্তিয়া পর্ব্বত জিলার অবস্থাপিত হইলেন।

৬৯ নং।—খাশিয়া ও জয়ন্তিয়া পর্ব্বতের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত টি, জে, মরে সাহেব সি, এস ১০ মার্চের পূর্ব্বাহ্ন অবধি অথবা পরে যে তারিখে তিনি ছুটী লন সেই তারিখ অবধি নিয়মিত আনুষঙ্গিক ছুটী সহ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ১২ ধারামতে একবৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

৭০নং।—পোলীস।—চীফ কমিশ্যনর সাহেব নিম্নলিখিত বদলী করিলেন।

শিবসাগরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, জে, কলি সাহেব নাগাপাহাড়ে প্রেরিত হইলেন।

নাগপাহাড়ের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত আর, এফ এচ, পিউ সাহেব শিবসাগরে প্রেরিত হইলেন।

দরঙ্গের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এ, ই, গুল্‌সবরি সাহেব নৌগাঁয়ে প্রেরিত হইলেন।

নৌগাঁয়ের পোলিসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, এচ, পি, লাইবসে সাহেব দরাঙ্গে প্রেরিত হইলেন।

৭৫ নং।—১৮৭৯ সাল ১১ মার্চ।—যাবৎ শ্রীযুত জি, ডবলিউ প্লেস সাহেব সি, এস, অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিত থাকেন বা অন্য আজ্ঞা না হয় শ্রীহট্টের তৃতীয় শ্রেণীর অতিরিক্ত আসিষ্টাণ্টকমিশনর শ্রীযুত ডবলিউ সি, ম্যাকফার্লন সাহেব সি, এস, কাছাড় জিলায় প্রেরিত হইয়া হয়লাকান্দি মহকুমার অধ্যক্ষতা ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৭ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২৩৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি হাজারিবাগ মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ২৬৪ অবধি ২৭০ ও ২৭৮ অবধি ২৮৪ পর্য্যন্ত ধারার বিধান উক্ত মুনিসিপালিটীর প্রতি বর্ত্তাইবার আজ্ঞা করিলেন।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

NOTIFICATION

The 20th March 1879 —In continuation of the notification dated the 19th November 1878, published at page 1224, Part I, of the *Calcutta Gazette* of the 20th idem, and in the exercise of the powers conferred on him by section 3, Act VI (B C) of 1878, the Lieutenant-Governor is pleased to direct that, from the 1st April 1879, the fees to be levied under the said section by the Commissioners of the Municipality of Dacca, for the cleansing of privies and public latrines within the municipality, shall be at the rate of 2 per cent on the annual value of all holdings within the municipality

D BARBOUR,
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 1956A

The 20th March 1879 —Mr S Jacob, Assistant Magistrate and Collector, Rungpore, is appointed, under the provisions of Section 3, Act II of 1869, to act as a Justice of the Peace within the territories under the Lieutenant Governor's control

The 21st March 1879 —Baboo Bhuputty Roy, Subordinate Judge, Burdwan, is allowed leave for forty-two days, under Rule 1, Section 31 of the Civil Leave Code, with effect from such date as he availed himself of it

Baboo Amirto Lal Paul, B L, First Moonsif of Burdwan, is appointed temporarily to act as Subordinate Judge, Burdwan, *vice* Baboo Bhuputty Roy, with effect from such date as he joined that appointment

Mr Avinasa Chandra Mittra, Barrister-at-Law, is appointed to act as a Moonsif of Burdwan, during the absence, on deputation, of Baboo Amirto Lal Paul, or until further orders

The 22nd March 1879 —Baboo Tarini Sunker Roy, Officiating Deputy Magistrate and Deputy Collector, Tipperah, is vested with the powers of a Magistrate of the First Class.

Mr W D Blyth, Assistant Magistrate and Collector, 24-Pergunnahs, is, under section 266 of the Code of Criminal Procedure, vested with the powers of hearing appeals from convictions by Magistrates of the Second and Third Class

Mr C. E Perroux, Officiating Moonsif of Burrisal, in the district of Backergunge, is appointed to be a Moonsif of the Fourth Grade, and is confirmed in his present appointment, *vice* Baboo Mohendro Nath Bose, deceased

Baboo Chundy Churn Sen, Moonsif of Julpigoree, is vested, under section 29 of the Bengal Civil Courts' Act VI of 1871, with the powers of a Judge of a Small Cause Court for the trial of suits cognizable by such Courts up to the value of Rs 50

The 24th March 1879 —Baboo Nobin Chunder Das, M A and B L, who has, under separate orders of this date, been appointed to act as a Deputy Magistrate and Deputy Collector of Rungpore, is vested with the powers of a Magistrate of the Third Class.

The 25th March 1879 —Baboo Mohendro Nath Ghose, L L, is appointed to act as a Moonsif of Bishenpore, in West Burdwan, during the absence, on leave, of Baboo Ramdyal Ghose, or until further orders

Baboo Ramdyal Ghose, Moonsif of Bishenpore, in West Burdwan, is transferred to Khurruckdeha in Chota Nagpore

Baboo Parbutty Coomar Mitter, Moonsif of Khurruckdeha, is transferred to Bishenpore

Baboo Parbutty Coomar Mitter is vested, under section 29, Act VI (B C) of 1871, with the jurisdiction of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such Courts up to the amount of Rs 50.

Baboo Gopal Chunder Banerjee, B L, is appointed to act as a Moonsif of Mohesrekha, in Hooghly, during the absence, on leave, of Baboo Shoshee Bhusan Mookerjee, or until further orders

[*Government Gazette*, 1st *April* 1879.]

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২০ মার্চ।—১৮৭৮ সালের ২৬ নবেম্বরের বাঙ্গালা গেজেটের ১২১৭ পৃষ্ঠায় প্রকাশিত উক্ত মাসের ১৯ তারিখের বিজ্ঞাপনের অনুক্রমে এবং ১৮৭৮ সালের বঙ্গীয় ৬ আইনের ৩ ধারামতে প্রদত্ত ক্ষমতাক্রমে কার্য্য করিয়া শ্রীযুত লেপ্টেনন্ট গবর্নর সাহেব আদেশ দিতেছেন যে উক্ত ধারাক্রমে ১৮৭৯ সালের ১ আপ্রিল অবধি ঢাকার মুনিসিপালিটীর কমিশ্যনরেরা উক্ত মুনসিপালিটীর অন্তর্গত পায়খানা ও সাধারণের প্রস্রাবস্থান পরিষ্কার করাইবার জন্য যে ফী আদায় করিবেন, তাহা মুনিসিপালিটীর অন্তর্গত সমুদয় যোতের বার্ষিক মূল্যের উপর শতকরা ২ টাকার হিসাবে ধরা যাইবে।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১৯৫৬ J নম্বর।

১৮৭৯ সাল ২০ মার্চ।—রঙ্গপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত এস, জেকব সাহেব ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারার বিধানক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্তৃত্বাধীন প্রদেশের মধ্যে শান্তিরক্ষার্থ জষ্টিসের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২১ মার্চ।—বর্দ্ধমানের সবর্ডিনেটজজ শ্রীযুত বাবু ভুপতি রায় যে তারিখ হইতে ছুটী লন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারায় ১ প্রকরণমতে ৪২ দিনের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু ভুপতি রায়ের পরিবর্ত্তে বর্দ্ধমানের প্রথম মুন্সেফ শ্রীযুত বাবু অমৃতলাল পাল বি, এল যে তারিখে বর্দ্ধমানের সবর্ডিনেট জজের পদ গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত পদের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু অমৃতলাল পালের অনুপস্থিতি কালে, বা যাবৎ অন্য আজ্ঞা না হয় বারিষ্টার-আট-লা শ্রীযুত অবিনাশচন্দ্র মিত্র বর্দ্ধমানের মুন্সেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২২ মার্চ।—ত্রিপুরার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণীশঙ্কর রায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

২৪ পরগনার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, ডি, স্মিথ সাহেব, ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের, ২৬৬ ধারাক্রমে, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের নির্ণীত অপরাধের বিচারের উপর, আপীল শুনিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

বাবু মহেন্দ্র নাথ বসুর মৃত্যু হওয়াতে বাকরগঞ্জ জিলার অন্তর্গত বরিশালের একটিং মুনসেফ শ্রীযুত সি, ই, পেক্ সাহেব চতুর্থ শ্রেণীর মুন্সেফের পদে নিযুক্ত হইয়া তাঁহার বর্ত্তমান পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

জলপাইগুড়ির মুন্সেফ শ্রীযুত বাবু চণ্ডীচরণ সেন ছোট আদালতের বিচার্য্য ৫০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারাক্রমে ছোট আদালতের জজের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।—শ্রীযুত বাবু নবীনচন্দ্র দাস এম, এ, ও বি, এল এই তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ২৫ মার্চ।—শ্রীযুত বাবু রামদয়াল ঘোষের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে, অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ ঘোষ এম, এল, পশ্চিম বর্দ্ধমানের অন্তর্গত বিষ্ণুপুরের মুন্সেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পশ্চিম বর্দ্ধমানের অন্তর্গত বিষ্ণুপুরের মুন্সেফ শ্রীযুত বাবু রামদয়াল ঘোষ ছোটনাগপুরের অন্তর্গত খড়কদহে প্রেরিত হইলেন।

খড়কদহের মুন্সেফ শ্রীযুত বাবু পার্ব্বতীকুমার মিত্র বিষ্ণুপুরে প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু পার্ব্বতীকুমার মিত্র ছোট আদালতের বিচার্য্য ১০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ১৮৭১ সালের বঙ্গীয় ৬ আইনের, ২৯ ধারাক্রমে ছোট আদালতের জজের বিচারাধিপত্য প্রাপ্ত হইলেন।

শ্রীযুত বাবু শশীভূষণ মুখোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে, অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু গোপাল চন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এল, হুগলীর অন্তর্গত মহেশরেখার মুন্সেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

Baboo Kaderessur Roy, Subordinate Judge, Jessore, is promoted to the Second Grade of Subordinate Judges and Small Cause Court Judges, *vice* Baboo Judoonath Mullick retired

Baboo Ram Coomar Pal Chowdhry, Subordinate Judge, Sylhet, is promoted to the Third Grade of Subordinate Judges and Small Cause Court Judges, *vice* Baboo Kaderessur Roy

Baboo Upendro Chunder Mullick, B L, Officiating Judge of the Court of Small Causes at Jessore, is appointed to be a Subordinate Judge and Small Cause Court Judge of the Fourth Grade, *vice* Baboo Ram Coomar Pal Chowdhry

Mr A W Cochran, Joint Magistrate and Deputy Collector, Dacca, is vested with powers to try summarily the offences mentioned in section 222 of the Criminal Procedure Code, and with powers under section 521 of the Criminal Procedure Code

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 18th March 1879 —Under the provisions of section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant Governor sanctions the abolition of the registration sub-district of Poopri, in the district of Mozufferpore, and the inclusion of its jurisdiction comprising thanahs Poopri with outpost Sarsand, in the sub district of Seetamarhee This notification will take effect from the 1st April next

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 25th March 1879 —It is hereby notified for general information that the Lieutenant-Governor directs the extension of the provisions of Section 34 of Act V of 1861 to Saidpore, in the district of Rungpore

This notification will take effect from the 1st April 1879

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

ESTABLISHMENT

The 18th March 1879

No 66 —*Leave of absence* —Major R G Smyth, R E, Superintending Engineer (temporary rank), Second Grade, Officiating Superintending Engineer, North-Eastern Circle, is allowed privilege leave for two months and thirteen days under Civil Leave Code, Chapter VII, Section 32

The 19th March 1879

No 67 —Mr M P B Dnell, Executive Engineer, First Grade, Patna Division, availed himself of the twenty months' furlough to Europe granted* to him from the 10th March 1879

* Bengal Government (Public Works Department) Notification No 42 of 10th February 1879

The 21st March 1879

No 68 —*Transfer* —Mr G W Vivian, Executive Engineer, Third Grade, is transferred from the Dacca Division to the Circular and Eastern Canals Division, in the interests of the public service

No 69 —*Leave of absence* —Mr J C White, Assistant Engineer, Second Grade, attached to the Burdwan Division, is allowed privilege leave for fifteen days under Civil Leave Code, Chapter VII, Section 32

[*Government Gazette, 1st April* 1879]

শ্রীযুত বাবু যদুনাথ মল্লিক কর্ম্মহইতে অবসর গ্রহণ করাতে যশোহরের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু কেদারেশ্বর রায় সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজদের দ্বিতীয় শ্রেণীতে উন্নমিত হইলেন।

শ্রীযুত বাবু কেদারেশ্বর রায়ের পরিবর্ত্তে শ্রীহট্টের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু রামকুমার পাল চৌধুরী সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজদের তৃতীয় শ্রেণীতে উন্নমিত হইলেন।

শ্রীযুত বাবু রামকুমার পাল চৌধুরীর পরিবর্ত্তে যশোহরের ছোট আদালতের একটিং জজ শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মল্লিক চতুর্থ শ্রেণীর সবর্ডিনেটজজের ও ছোট আদালতের জজের পদে নিযুক্ত হইলেন।

ঢাকার জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, ডবলিউ, কক্রান সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২২২ ধারার উল্লিখিত অপরাধের সরাসরি বিচার করিবার ক্ষমতা ও উক্ত আইনের ৫২১ ধারানুযায়ী ক্ষমতা প্রাপ্ত হইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৮ মার্চ।—ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে শ্রীযুত লেপ্টেনেণ্টগবর্ণর সাহেব মজফরপুর জিলার অন্তর্গত পুপরি রেজেস্টরি সব-ডিষ্ট্রিক্ট উঠাইয়া দিয়া উহার এলাকা সরসন্দ চৌকি সমেত পুপরি থানা লইয়া সীতামঢ়ি সব-ডিষ্ট্রিক্টের অন্তর্বর্ত্তী করিতে অনুমতি দিলেন। আগামি ১ আপ্রেল অবধি এই বিজ্ঞাপন মতে কার্য্য হইবে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৫ মার্চ।— সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা জানান যাইতেছে যে শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেব রঙ্গপুর জিলার অন্তর্গত সৈয়দপুরে ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান বর্ত্তাইবার আদেশ করিতেছেন।

১৮৭৯ সালের ১ আপ্রিল অবধি এই বিজ্ঞাপন মতে কার্য্য হইবে।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিল্ডা বিষয়ক।

১৮৭৯ সাল ১৮ মার্চ।

৬৬ নং।—ছুটী।—কিয়ৎকালীন পদস্থ সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়রদের দ্বিতীয় শ্রেণীভুক্ত, উত্তর পূর্ব্ব-চক্রের একটিং সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত আর, জি, স্মাইথ সাহেব আর, ই সিবিল কার্য্য কারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের ৩২ ধারামতে ২ মাস ১৩ দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ১৯ মার্চ।

৬৭ নং।—পাটনা খণ্ডের প্রথম শ্রেণীর একসেকুটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এম পি, বি, ডুএল সাহেব ইউরোপে যাইবার নিমিত্ত যে ফর্লোর ছুটী পান * ১৮৭৯ সালের ৩০ মার্চ অবধি তাহা গ্রহণ করিয়াছেন।

* বাঙ্গালাগবর্ণমেণ্টের পবলিক ওর্কস বিভাগে ১৮৭৯ সালের ১০ ফেব্রুয়ারি তারিখের ৪২ নং বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২১ মার্চ।

৬৮ নং।—স্থানান্তর।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জি, ডবলিউ, বিবিয়ান সাহেব রাজকীয় কার্য্যের সুবিধা নিমিত্ত ঢাকা খণ্ডহইতে সরজুপার ও পূর্ব্ব খাল খণ্ডে প্রেরিত হইলেন।

৬৯ নং।—ছুটী।—বর্দ্ধমান খণ্ড সংযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, হুয়াইট সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের ৩২ ধারামতে পনের দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

CIVIL BUILDINGS.

The 24th March 1879.

No 72 —The declaration No 37, dated 18th February 1878, under Section 6 of Act X of 1870 of the Government of India, relative to the acquisition of certain land for the construction of sub-divisional buildings in the village of Nowgong, in zillah Rajshahye, which was published at page 140 of the *Calcutta Gazette* of the 20th February 1878, is hereby cancelled

(COMMUNICATIONS)

The 24th March 1879.

No 75 —*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India* — Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the construction of a tow-path along the north bank of the Tolly's Nullah, extending from Shamookpottah toll-house to Tehooriah, pergunnah Calcutta, zillah 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a piece of land, about 19,571 feet in length and 60 feet in width, measuring more or less 85 beeghas and 1 cottah of standard measurement, bounded on the north by Baboo Grish Chunder Mookerjee and Mr Allyat Chinaman's land, south by the Tolly's Nullah, east by Shamookpottah toll-house, and west by Nanda Nandan Ghose's land, is required within the aforesaid pergunnah Calcutta

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern

A CADELL, *Major-General*, R E ,
Secy to the Govt of Bengal, P W Dept

IRRIGATION

NOTIFICATION —ESTABLISHMENT

Dated 24th March 1879

No 86 —*Leave* — Mr A Hayes, Assistant Engineer, Second Grade, Cossye Division, is granted leave for six weeks to study the native languages, under Chapter II, Section IV, paragraph 28 of Public Works Department Code

Dated 24th March 1879

No 87 —*Posting* —Mr G A G Shawe, Assistant Engineer, Second Grade, is posted to the Dehree Workshop Division, which he joined on the afternoon of the 6th March 1879

Dated 24th March 1879

No 88 —*Notification* —The services of Baboo Medni Prosad Sing, Deputy Magistrate and Deputy Collector, which were placed at the disposal of this Department by the General Department of this Government in the orders published on page 186 of the *Calcutta Gazette* of the 5th instant, are replaced at the disposal of that Department

IRRIGATION

Dated 24th March 1879

No 90 —*Declaration* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for retiring a portion of embankment No 7 in the village of Sowai, pergunnah Barda, zillah Midnapore, it is hereby declared that, for the above purpose, a piece of land about 1,500 feet long, and a width varying from 220 to 280 feet, measuring 7 beeghas 17 cottahs and 11 chittacks, more or less, of standard measurement, cutting off an angle in the existing line of embankment which it joins at each end, is required in the aforesaid village of Sowai

This declaration is made under the provisions of section 6 of Act X of 1870 to all whom it may concern

D B HORN, *Assistant Secretary,*
for Joint-Secy. to the Govt of Bengal,
in the P W Dept, Irrigation Branch

[*Government Gazette*, 1*st April* 1879]

সিরিস্তা বিষয়ক।

১৮৭৯ সাল ২১ মার্চ।

৭২ নং।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে রাজশাহী জিলার অন্তর্গত নওগাঁ গ্রামে মহকুমার কাছারি গৃহ নির্ম্মাণজন্য ভূমি গ্রহণার্থ ১৮৭৮ সালের যে ৩৭ নং জ্ঞাপনপত্র ১৮৭৮ সালের ২৬ ফেব্রুয়ারি তারিখের বাঙ্গলা গেজেটের ২০১ পৃষ্ঠায় প্রকাশ করা যায়, তাহা এতদ্বারা রহিত করা গেল।

(বন্দোবস্তি বিষয়ক।)

১৮৭৯ সাল ২৪ মার্চ।

৭৯ নং।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে জ্ঞাপনপত্র।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ ২৪ পরগনার অন্তর্গত কলিকাতা পরগনার মধ্যে শামুকপোতা কুলিয়া হইতে তেহারিয়া পর্যন্ত টালির নালার উত্তর তটে গুন টানিবার পথ প্রস্তুত করিবার জন্য, রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত প্রায় ১৯,৫৭০ ফুট দীর্ঘ ও ৬০ ফুট প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ৮৫ বিঘা /১ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। ইহার উত্তর সীমা শ্রীযুত বাবু গিরীশচন্দ্র [illegible] ও শ্রীযুত আনন্দচন্দ্র চৌধুরীর ভূমি, দক্ষিণ সীমা টালির নাল, পূর্ব্বসীমা, শামুকপোতা কুলিয়া, ও পশ্চিম সীমা শ্রীযুত বাবু নন্দনন্দন ঘোষের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, কাডেল, মেজর জেনেরল আর, ই,
পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জেনেরল সম্পর্কীয়,

সিরিস্তা বিষয়ক—বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।

৮৬ নং।—ছুটী। বাঁশাই খাণ্ডর দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ. হেন সাহেব পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টের বিধিপুস্তক ২ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ২৮ ধারামতে দেশীয় ভাষা শিক্ষা করিবার নিমিত্ত [illegible] ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৫ মার্চ।

৮৭ নং।—অবস্থান।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এ জি শা সাহেব ডিস্ট্রিক্ট কারখানা খাণ্ডে অবস্থাপিত হইলেন। তিনি ১৮৭৯ সালের ৬ মার্চ তারিখের অপরাহ্ণে উক্ত কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

১৮৭৯ সাল ২৪ মার্চ।

৮৮ নং।—বিজ্ঞাপন।—এই মাসের ১১ তারিখের বাঙ্গালা গেজেটের ১৮১ পৃষ্ঠায় প্রকাশিত আজ্ঞা দ্বারা এই গবর্ণমেণ্টের জেনরল ডিপার্টমেণ্ট কর্ত্তৃক ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মেদিনী প্রসাদ সিংহ—এই ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হন। তিনি এইক্ষণে পূর্ব্বোক্ত ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইলেন।

সিরিস্তা বিষয়ক।

১৮৭৯ সাল ২৪ মার্চ।

৯০ নং।—জ্ঞাপনপত্র।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত বগ্‌ড়ী পরগনার সোনাই গ্রামে ৭ নং বাঁধের একাংশ পিছাইয়া দিবার জন্য রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্য নিমিত্ত উক্ত সোনাই গ্রামে প্রায় ১৭৮০ ফুট দীর্ঘ ও ২২০ অবধি ২৮০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ কষ্টিমতে ন্যূনাধিক ৭৫৷৷৴ [illegible] ছটাক পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। ঐ ভূমি বর্ত্তমান বাঁধের সহিত কোণ সমুৎপন্ন করিয়া উভয় অন্তে উক্ত বাঁধের সহিত সংযুক্ত হয়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

পব্লিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরীর পরিবর্ত্তে,
ডি, বি, হর্ণ, আসিষ্টাণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 1, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১ আপ্রিল।

PART VI.

Bills of the Bengal Council

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations on the 8th March 1879, and was referred to a Select Committee who are to report thereon in three weeks —

A Bill to amend Bengal Act III of 1878.

Preamble

Whereas it is necessary to amend Bengal Act III of 1878 (*an Act to define and limit the powers of settlement officers with respect to enhancement of rent*), and further to define the powers of settlement officers in respect of the determination of rents It is enacted as follows —

Proviso added to section 2

1 To section 2 of the said Act the following proviso shall be added —

Provided always that notwithstanding anything to the contrary in this or any other Act, any rent which may have been recorded as demandable from an under-tenant or ryot in accordance with rates confirmed under the provisions of section 3 of this Act, and in respect of which notice shall have been served or published as provided in section 4 of Bengal Act III of 1878, shall by every court having cognizance of rent suits be deemed to be fair and equitable, and, if such rent be higher than the rent previously paid by such under-tenant or ryot, to have been correctly enhanced, unless it be proved that such recorded rent is higher than the rent which would be demandable from such under-tenant or ryot according to the calculations mentioned in section 5 as substituted by this Act

New proviso in section 3

2 The following proviso shall be substituted for the first proviso in section 3 of the said Act —

"Provided that where in the course of any settlement proceedings conducted under Regulation VII of 1822, the general rates of rent to be adopted in such settlement shall have been confirmed by the revenue authorities from time to time empowered in this behalf by the local Government, and, in accordance with such rates, a higher rent shall have been recorded as demandable from any under-tenant or ryot than was previously paid by him, such rent shall be deemed to have been correctly enhanced until the contrary be proved"

[*Government Gazette*, 1st *April* 1879]

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৭৯ সালের ৮ মার্চ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া তিন সপ্তাহের মধ্যে রিপোর্ট করিবার জন্য সিলেক্ট কমিটির হস্তে অর্পিত হয়।—

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন (অর্থাৎ খাজানাবৃদ্ধিকরণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্দ্ধারণ ও তৎসীমা নিরূপণ করণার্থ আইন) সংশোধন করা, এবং খাজানা নির্ণয় সম্বন্ধে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা আরও নির্দ্ধারিত করা আবশ্যক, অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

২ ধারায় উপবিধান যোগ করিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ২ ধারায় পশ্চাল্লিখিত উপবিধান যোগ করিতে হইবে।—

কিন্তু এই কি অন্য আইনে বিপরীত বিধান থাকিলেও এই আইনের ৩ ধারার বিধানক্রমে অনুমোদিত হারানুসারে কোন পেটাও প্রজা কি রায়তের নিকটে প্রাপ্য বলিয়া যে খাজানা লিপিবদ্ধ হয়, এবং তৎসম্বন্ধে ১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইনের ৪ ধারার বিধানক্রমে নোটিস জারী কি প্রচার করা যায় তাহা খাজানার মোকদ্দমার বিচার ভারপ্রাপ্ত প্রত্যেক আদালত উপযুক্ত ও ন্যায্য জ্ঞান করিবেন, এবং তাহা পূর্ব্বে উক্ত পেটাও প্রজা কি রায়ত যে খাজানা দিত তদপেক্ষা উচ্চতর হইলেও, যদি ইহা সপ্রমাণ না হয় যে এই আইনে প্রদত্ত ৫ ধারার উল্লিখিত হিসাবক্রমে উক্ত পেটাও প্রজা কি রায়তের নিকটে যে খাজানা প্রাপ্য হয় ঐ লিপিবদ্ধ খাজানা তদপেক্ষা উচ্চতর, তাহা হইলে ঐ খাজানা ন্যায়মতে বৃদ্ধি করা গিয়াছে বলিয়া জ্ঞান করিবেন।

৩ ধারার নূতন উপবিধান।

২ ধারা। উক্ত আইনের ৩ ধারার প্রথম উপবিধানের পরিবর্ত্তে পশ্চাল্লিখিত উপবিধান দিতে হইবে।

"কিন্তু ১৮২২ সালের ৭ আইন অনুসারে বন্দোবস্তী কার্য্যক্রমে উক্ত বন্দোবস্তে খাজানার যে সাধারণ হার ধরিতে হইবে এতৎপক্ষে সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে ক্ষমতা প্রাপ্ত রাজস্বসম্পর্কীয় কর্ত্তৃপক্ষেরা তাহার অনুমোদন করিলে, এবং কোন পেটাও প্রজা কি রায়ত পূর্ব্বে, যে খাজানা দিত উক্ত হারানুসারে, তাহার নিকটে তদপেক্ষা উচ্চতর খাজানা প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ হইলে, যাবৎ বিপরীত প্রমাণ না পাওয়া যায়, উক্ত খাজানা ন্যায়মতে বৃদ্ধি করা হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।"

New section substituted for section 5.

3. The following section shall be substituted for section 5 of the said Act:—

"In any notice served, or in any general notice published as provided in the last preceding section, it shall not be necessary to specify the area which was held, or the amount of rent which was paid by any under-tenant or ryot at any previous time, but it shall be sufficient to state that the rents recorded in the proceedings as demandable from the under-tenants or ryots named in such notice, or in the jummabundi appended thereto, on account of the land now held by them respectively, are calculated on rates which do not bear a higher proportion to the general rates which were taken as the basis of the last previous settlement of the estate than the average value of produce, prevailing at the time of the present settlement, bears to the value of similar produce which prevailed at such last settlement as recorded in the papers of such settlement, or otherwise ascertained, or (if the value of produce at the time of such previous settlement has not been recorded in the papers of such settlement or cannot be otherwise ascertained) than the average value of produce prevailing at the time of the present settlement bears to the average value of similar produce calculated on any period of three consecutive years since the date of the last previous settlement."

৫ ধারার পরিবর্ত্তে নূতন ধারা।

৩ ধারা। উক্ত আইনের ৫ ধারার পরিবর্ত্তে পশ্চাল্লিখিত ধারা দিতে হইবে।

"যে নোটিস জারী কিম্বা পূর্ব্ব ধারাক্রমে যে সাধারণ নোটিস প্রচার করা যায়, তাহাতে পূর্ব্বে কোন পেটাও প্রজা কি রায়ত যত ভূমি ভোগ করিত বা যত খাজানা দিত ইহার নির্দ্দেশ করা আবশ্যক হইবে না। উক্ত নোটিসে কি তৎসংযুক্ত জমাবন্দিতে যে পেটাও প্রজা কি রায়তদের নাম থাকে, তাহাদের ভোগ করা ভূমিজন্য তাহাদের কাছে প্রাপ্য বলিয়া যত খাজানা নথীতে লিপিবদ্ধ থাকে, তাহা পশ্চাল্লিখিত হিসাবে ধরা গিয়াছে বলিলেই যথেষ্ট হইবে। পূর্ব্ব বন্দোবস্তের সময়ে শস্যের যে মূল্য ছিল বলিয়া উক্ত বন্দোবস্তের কাগজে লিপিবদ্ধ দেখা যায় বা অন্যরূপে নির্ণীত হয়, তাহার সহিত বর্ত্তমান বন্দোবস্তকালীন উক্ত শস্যের গড়মূল্যের যে অনুপাত লক্ষিত হয়, কিম্বা পূর্ব্ববন্দোবস্ত সময়ের শস্যের মূল্য বন্দোবস্তের কাগজে লিপিবদ্ধ না থাকিলে বা অন্যরূপে নির্ণীত করা না গেলে, পূর্ব্ব বন্দোবস্তের পরবর্ত্তী ক্রমিক তিন বৎসরের শস্যের গড় মূল্যের সহিত বর্ত্তমান বন্দোবস্তকালীন উক্ত শস্যের গড় মূল্যের যে অনুপাত দৃষ্ট হয়, মহালের পূর্ব্ব বন্দোবস্তে যে সাধারণ হার অবলম্বিত হয় তাহার সহিত বর্ত্তমান হারের তাদৃশ অনুপাত রক্ষিত হইয়াছে।"

STATEMENT OF OBJECTS AND REASONS.

BENGAL Act III of 1878 provides that enhanced rents recorded as demandable by a settlement officer in the course of proceedings under Regulation VII of 1822 shall be deemed to have been correctly enhanced until the contrary be proved. But in order that this validity may attach to rents so recorded, it is necessary that a notice of enhancement be served on each ryot, or a jummabundi published under section 4, and section 5 requires that the grounds of the enhancement shall be specified in any such notice or jummabundi.

Section 2 further requires that the grounds of enhancement must be one or more of those specified in Section 18, Bengal Act VIII of 1868. Where the ground of enhancement under that section is a rise in the value of produce, the decisions of the Civil Courts indicate that they will require a specific comparison to be made, on the one hand, between the rates on which the proposed enhanced rent is calculated, and the value of the produce at the time being, and, on the other, between the rates on which the rent previously paid was calculated, and the value of the produce at the time when the rent of the holding was last adjusted, or at some other period during the tenancy of the ryot *

* In the celebrated case of Thakooranee Dassee (III W R 29), decided on the 19th June 1865, Mr Justice Macpherson, while concurring with Mr Justice Trevor on the principle that the enhanced rent should bear to the present value of the produce the same proportion as the old rent bore to the value of produce at the time taken for comparison, wrote in his judgment—
"Let the zemindar go back to any year he chooses; let him go back to the last adjustment if he can, if not, to any year which he thinks will suit his purpose"

Experience has shewn that these conditions practically frustrate the object of the Act In most cases of resettlement of large estates the Collector is unable to obtain from the zemindars anything like complete papers, from which it can be shown in what year, or on what area (and therefore on what rates), the existing arrangement as to rent was made with each separate ryot, such arrangement having in most cases been made, and the holding itself created, at some time after the last general settlement of the estate, the records of which therefore contain no mention of it

It is against the interest both of the zemindar and of the ryot to furnish the information, and not only so, but in many cases, even in estates the property of Government, the information does not exist in such a systematic shape as to make it available In the absence of it, it is impossible for the settlement officer to set out the grounds of enhancement in the notices or eventually to establish them in Court, if called on to do so, in the specific manner required,

As the assessment of the land revenue demand on the zemindars must depend in great measure on the aggregate of the rents which are paid by the under-tenants and ryots, the effect of the difficulty above explained is to debar the settlement officer, on the expiration of the term for which an estate has been temporarily settled, from assessing on it such a demand of land revenue as fairly represents the share of the unearned increased value of the produce of the soil to which the State is fairly entitled as public revenue

The object of the Bill is to remove this difficulty, while securing the ryot against arbitrary and excessive enhancement

H. L. DAMPIER

The 8th March 1879

FREDERICK CLARKE,
Asst. Secy. to the Govt of Bengal,
Legislative Dept.

[*Government Gazette,* 1*st April* 1879]

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইনে বিধান আছে যে ১৮২২ সালের ৭ আইন অনুসারে কার্য্য করিয়া কোন বন্দোবস্তী কার্য্যকারক বর্দ্ধিত খাজানা প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করিলে, যাবৎ বিপরীত প্রমাণ না পাওয়া যায়, তাহা ন্যায়মতে বর্দ্ধিত হইয়াছে জ্ঞান করিতে হইবে। কিন্তু উক্তরূপ লিপিবদ্ধ খাজানা সিদ্ধ করাই-বার জন্য আবশ্যক এই যে প্রত্যেক রায়তকে খাজানা বৃদ্ধির নোটিস দেওয়া হয়, কিম্বা ৪ ধারাক্রমে জমা-বন্দি প্রচার করা হয়, আর ৫ ধারার আদেশ এই যে উক্ত নোটিস বা জমাবন্দিতে খাজানা বৃদ্ধির হেতু নির্দ্দিষ্ট থাকে।

২ ধারায় আরও আদেশ আছে যে খাজনা বৃদ্ধির হেতু ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৮ ধারার নির্দ্দিস্ট এক বা অনেক হেতু হওয়া চাই। শস্যের মূল্যবৃদ্ধি উক্ত ধারাক্রমে খাজানা বৃদ্ধির হেতু হইলে, দেওয়ানী আদালতের নিষ্পত্তি দৃষ্টে জানা যায় যে তাঁহারা এই চাহেন যে প্রস্তাবিত বর্দ্ধিত খাজানার হার ও প্রচলিত শস্যের মূল্যের সহিত পূর্ব্ব প্রদত্ত খাজানার হারের ও শেষ বন্দোবস্ত সময়ে অথবা রায়তের ভূমিভোগ কালীন অন্য কোন সময়ে শস্যের যে মূল্য ছিল তাহার বিশেষ তুলনা করিতে হইবে।

১৮৬৫ সালের ১৯ জুন তারিখে যে ঠাকুরাণী দাসীর প্রসিদ্ধ মোকদ্দমার নিষ্পত্তি হয় (উইকলী রিপোর্টের ৩ বালম ২৯ পৃষ্ঠা) তাহাতে ট্রেবর সাহেবের সহিত এই নিয়মসম্বন্ধে একমত হইলেও যে তুলনা জন্য গৃহীত সময়ের শস্যের মূল্যের সহিত পূর্ব্বখাজানার যে অনুপাত উক্ত শস্যের বর্ত্তমান মূল্যের সহিত বর্দ্ধিত খাজনার সেই অনু-পাত হওয়া উচিত জষ্টিস ম্যাকফারসন তাঁহার বিচারপত্রে লিখেন "জমীদার পূর্ব্বের যে কোন বৎসর নির্ব্বাচন করিয়া লইতে পারেন, তিনি পূর্ব্ববন্দোবস্তের সময় ধরিতে পারেন কিম্বা আপনার অভিপ্রায় সিদ্ধিজন্য অন্য কোন বৎসর ধরিতে পারেন।"

অভিজ্ঞতা দ্বারা জানা গিয়াছে যে এই সকল নিয়মে কার্য্যতঃ আইনের অভিপ্রায় সিদ্ধির ব্যাঘাত হইতেছে। বড় বড় মহালের পুনঃ বন্দোবস্ত কালে অধিকাংশ স্থানে কালেক্টর সাহেব জমীদারদের নিকট হইতে এরূপ সম্পূর্ণ কাগজপত্র পান না, যাহা হইতে দৃষ্ট হইতে পারে যে কোন বৎসর কি পরিমাণের ভূমি সম্বন্ধে (সুতরাং কি হারে) প্রত্যেক রায়তের সহিত খাজানার বর্ত্তমান বন্দোবস্ত করা হইয়াছিল। অধিকাংশ স্থলে শেষ সাধারণ বন্দোবস্তের পরে কোন সময়ে একপ খাজানার বন্দোবস্ত হয়, এমন কি যোতেরই সৃষ্টি হয়। সুতরাং উক্ত সাধারণ বন্দোবস্তের কাগজে ইহার কোন উল্লেখ নাই।

উক্ত বিবরণ প্রদান করা জমীদার ও রায়ত উভয়েরই স্বার্থ বিরুদ্ধ, এবং কেবল তাহাই নহে, যে সকল মহাল গবর্ণমেণ্টের সম্পত্তি সেখানেও উক্ত বিবরণ ব্যবহার করা যাইতে পারে এরূপ প্রণালীবদ্ধ আকারে নাই। ইহার অভাবে বন্দোবস্তী কার্য্যকারকের পক্ষে নোটিসে খাজানা বৃদ্ধি করিবার হেতু বিবৃত করা এবং আদালত চাহিলে যদ্রূপ নির্দ্দিষ্ট প্রকারে প্রমাণ দিতে হয় সেই প্রকারে শেষে আদালতে উক্ত হেতু সংস্থাপন করা অসম্ভব।

পেটাও প্রজা ও রায়তেরা জমীদারকে মোট যত খাজানা দিয়া থাকে তাহার উপরই নির্ভর করিয়া জমীদারদিগের নিকট প্রাপ্য ভূমির রাজস্ব স্থির করা যায়। সুতরাং পূর্ব্বে যে বিঘ্নের ব্যাখ্যা করা গিয়াছে তাহার ফল এই হয় যে কিয়ৎ কালীন বন্দোবস্তী মহালের বন্দোবস্ত কাল গত হইলে পর ভূমির উৎপন্নের অনুপার্জ্জিত বর্দ্ধিত মূল্যের যে অংশ সরকারী রাজস্ব বলিয়া গবর্ণমেণ্ট ন্যায়তঃ দাওয়া করিতে পারেন বন্দোবস্তী কার্য্যকারক ঠিক তদনুযায়ী প্রাপ্য ভূমির রাজস্ব স্থির করিতে পারেন না।

এই বিঘ্ন হরণ করা, অথচ স্বেচ্ছাচারসম্ভূত ও অত্যধিক খাজানাবৃদ্ধি হইতে রায়তদিগকে রক্ষা করা, এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

এচ. এল ডাম্পিয়ার

১৮৭৯ সাল ৮ মার্চ।

ফ্রেডেরিক ক্লার্ক,
ব্যবস্থাপন বিভাগে বাঙ্গালা
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator.

THE following report of the Select Committee, together with the Bill as amended by them is, by order of the President, published for general information —

WE, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal, to whom the Bill to provide for the periodical inspection of steam-boilers and prime-movers attached thereto in the Town and Suburbs of Calcutta and in Howrah was referred, have the honor to make the following report —

We have considered a memorial on the provisions of the Bill signed by the manufacturing firms noted in the margin

S H Robinson, Secretary and Managing Director, Goosery Cotton Mills Co, Limited
Schoene, Kilburn & Co, Secretaries Dunbar Cotton Mills, Limited Managing Agents, Samnuggur Jute Factory Co Limited
Andrew Yule & Co, Agents, Bengal Mills Co, Limited, Agents, Budge Budge Jute Mills Co, Limited
Barry & Co, Secretaries and Agents, Gourepore Co, Limited
A R McIntosh & Co Agents and Secretaries Calcutta Jute Mills Co, Limited Managing Agents New Beerbhoom Coal Co Limited
Marillier and Edwards Agents and Secretaries, Bengal Iron Works Co, Limited Engineers and Contractors
M G Stewart Director, Budge Budge Jute Mills Co, Limited
Finlay, Muir & Co, Agents, Champdany Jute Co, Limited Agents Golabaree Co, Limited
Gillanders Arbuthnot & Co Managing Agents Balliaghatta Jute Co Limited
George Henderson & Co, Agents Bally Paper Mill Co Agents Barnagore Jute Factory, Limited
Thomas Carritt Director, New Beerbhoom Coal Co
W H Cogswell, Director, Goosery Cotton Mills and Fort Gloster Jute Mill
Macneill & Co, Agents, Ganges Manufacturing Co Limited Equitable Coal Co, Limited
Turner Morrison & Co, Managing Agents Cossipore Sugar Mills
Henry S Cox General Manager Camperdown Loading and Pressing Co Limited Managing Agent, Oriental Jute Manufacturing Co Limited
[illegible] Macallister & Co Secretaries Bowreah Cotton Mills Co Limited Managing Agents Fort Gloster Jute Manufacturing Co Limited Managing Agents Rustomjee Twine and Canvas Factory Co Limited
Per pro Finsthausen and Oesterley
W M Black, Managing Agents, Howrah Mills Co, Managing Agents Strand Bank Pressing Co
D B Mehta & Co, Secretaries Empress Mills
Mackinnon Mackenzie & Co, Agents India Jute Co Limited Agents, Garden Reach Cotton Mill Association
Hoare, Miller & Co Agents Serajgunge Jute Co Limited
Lushton Brothers Managing Agents Asiatic Jute Co Limited, Managing Directors and Secretaries [illegible] pore Press Co, Limited Secretaries Nasmyth's Patent Press Co Limited
Apcar & Co Agents Serampore Jute Manufacturing Co, Limited
A H Gowenlock Jessop & Co
Kettlewell Bullen & Co Managing Agents Chitpore Hydraulic Pressing Co
J W O'Keefe, Director Gourepore Co Limited Director Bowreah Cotton Mills Co
Burn & Co
C N Kernot Director Seebpore Jute Co Limited
J Young & Co Owners Shalimar Rope Works, Albion Works, Seebpore, Howrah Foundry
Rutherfurd & Co Agents Riverside Press Co Limited
[illegible] Ingmuir & Co Directors, Bengal Coal Co Directors Goosery Cotton Mills Co
Frederick Woodhouse Director, India General Steam Navigation Co Limited and Dunbar Cotton Mills Co
W H Hutton & Co Rope Manufacturers
Mackintosh Burn & Co
[illegible] Brothers Jute Steam Press Owners
Simpson & Co
[illegible] Brothers, Hastings Mills
Cantwell & Co
Gladstone Wyllie & Co, Managing Owners Clive Jute Mills
For Robert Steel under letter of authority, W P Alexander

We have empowered the Lieutenant-Governor to make rules for appointing, suspending, and removing Inspectors and for determining the time for which certificates are to be in force

We have provided that the rules must be published three times in the *Calcutta Gazette* before they take effect

In section 7 we have substituted for "not so exposed as to be likely to cause injury to any person" the words "not so exposed as to be likely to be dangerous"

We have provided that the Inspector shall make his inspection within fourteen days from the receipt of notice from the owner

The Bill empowered the Inspector to order any alteration or addition to be made if he thought that the boiler or prime-mover required it We have allowed an appeal against an order of this kind to a person authorized by the Lieutenant-Governor to hear such appeal, either sitting alone, or assisted by two experts

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট, তাঁহাদিগের সংশোধিত পাণ্ডুলিপিসহেত, শ্রীযুত প্রেসিডেণ্ট সাহেবের আদেশক্রমে সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল।—

বঙ্গদেশে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার নিম্নস্বাক্ষরকারী সদস্য, আমাদের প্রতি কলিকাতার ও তাহার শাখানগরের ও হাবড়ার বাষ্পীয় বাইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের নিয়মিত কালান্তর পরিদর্শনার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়, আমরা তৎসম্বন্ধে সসম্ভ্রমে নিম্নলিখিত রিপোর্ট দিতেছি।—

ঘুষড়ির সূতার কল লিমিটেড কোম্পানির সেক্রেটরী ও মানেজিং ডৈরেকটর শ্রীযুত এস, এচ রাবিন্সন সাহেবের

ডনবারের সূতার কল লিমিটেড কোম্পানির সেক্রেটরী ও শ্যামানগরের পাটের কুঠী লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট শোন, কিলবর্ণ কোম্পানির

বেঙ্গল মিল লিমিটেড কোম্পানির এজেণ্ট ও বজবজের পাটের কল লিমিটেড কোম্পানির এজেণ্ট আন্দ্রু ইউল কোম্পানির

গৌরীপুর লিমিটেড কোম্পানির সেক্রেটরী ও এজেণ্ট বরি কোম্পানির,

কলিকাতার পাটের কল লিমিটেড কোম্পানির এজেণ্ট ও সেক্রেটরী ও নিউ বীরভূম কোল লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট এ, আর মোলণ্টস কোম্পানির

বেঙ্গল আইরন্ ওর্কস লিমিটেড কোম্পানির এজেণ্ট ও সেক্রেটরী এবং ইঞ্জিনিয়র কণ্ট্রাক্টর মারিল্লিয়র ও এডওয়ার্ডস সাহেবের,

বজবজের পাটের কল লিমিটেড কোম্পানির ডৈরেকটর শ্রীযুত এম, জি ষ্টুয়ার্ট সাহেবের

চাঁপদানির জুট লিমিটেড কোম্পানির এজেণ্ট ও গোলাবাড়ী লিমিটেড কোম্পানির এজেণ্ট কিনলে মুর কোম্পানির,

বেলিয়াঘাটা জুট লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট গিলণ্ডার্স আর্ব্বথনট কোম্পানির,

বালির কাগজের কলের এজেণ্ট ও বরাহনগর জুট লিমিটেড কুঠীর এজেণ্ট জর্জ হেণ্ডর্সন কোম্পানির

নিউ বীরভূম কোল কোম্পানির ডৈরেকটর শ্রীযুত তামস কারিট সাহেবের,

ঘুষড়ি সূতার কলের ও ফোর্ট গ্লষ্টর পাটের কলের ডৈরেকটর শ্রীযুত ডবলিউ, এচ, ক-গসওয়েল সাহেবের,

গাঞ্জেস মানুফ্যাক চুরিং লিমিটেড কোম্পানির ও ইকুটেবল কোল লিমিটেড কোম্পানির এজেণ্ট মাকনেল কোম্পানির

কাশীপুরের চিনির কলের মানেজিং এজেণ্ট টর্ণর মরিসন কোম্পানির,

বাম্পরডে নট্রেডিং ও প্রেসিং লিমিটেড কোম্পানির জেনেরল মানেজর ও ওরিয়েণ্টল জুট মানুফ্যাকচুরিং লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট শ্রীযুত হেনরি এস, কক্স সাহেবের

বাউড়ের সূতার কল লিমিটেড কোম্পানির সেক্রেটরী ও ফোর্ট গ্লষ্টর জুটমানুফ্যাক-চুরিং লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট ও বস্তুমতী টাইনও কাম্বেস লিমিটেড ফাকটরী কোম্পানির মানেজিং এজেণ্ট আর মকেলিষ্টার কোম্পানির

আর্ণসথিউসেন ও আইলিনের পক্ষে ও তাঁহাদের দ্বারা প্রেরিত

হাবড়া কল কোম্পানির মানেজিং এজেণ্ট ও ষ্ট্রাণ্ড ব্যাঙ্ক প্রেসিং কোম্পানির মানিজিং এজেণ্ট শ্রীযুত ডবলিউ এম নীক সাহেবের

এম্প্রেস কলের সেক্রেটরী ডি বি মেহতা কোম্পানির

ইণ্ডিয়া জুট লিমিটেড কোম্পানির এজেণ্ট ও মুচীখোলার কটন মীল আসোসীএসনের এজেণ্ট ম্যাকিনন মাকেঞ্জি কোম্পানির

শেরাজগঞ্জের জুট লিমিটেড কোম্পানির এজেণ্ট হেয়ার মিলর কোম্পানির,

আসিয়াটিক জুট লিমিটেড কোম্পানির এজেণ্ট ও বরাহনগর প্রেস লিমিটেড কোম্পানির মানেজিং ডৈরেকটর ও সেক্রেটরী ও নাসমাইথস পেটেণ্ট প্রেস লিমিটেড কোম্পানির সেক্রেটরী রবিনসন কাদবদের

শিবপুরের জুট মানুফ্যাকচারিং লিমিটেড কোম্পানির এজেণ্ট আপকার কোম্পানির

জেসপ কোম্পানির শ্রীযুত এ এচ গোয়েনলক সাহেবের

চিৎপুরের হাইড্রলিক প্রেসিং কোম্পানির মানেজিং এজেণ্ট কেটলওয়েল বুলেন কোম্পানির

গৌরীপুর লিমিটেড কোম্পানির ডৈরেকটর ও বাউড়ের সূতার কলের ডৈরেকটর শ্রীযুত জে ডবলিউ ওনীল সাহেবের

বর্ণ কোম্পানির,

শিবপুরের জুট লিমিটেড কোম্পানির ডৈরেকটর শ্রীযুত সি, এল কার্ণট সাহেবের

শিবপুর ও হাবড়ার ঢাল হওন নাব শালিমার রোপ ওয়ার্কের এবং আলিবিয়ন ওয়ার্কের স্বামী জে ইয়ং কোম্পানির

রিবরসাইড প্রেস লিমিটেড কোম্পানির এজেণ্টর ফর্ড কোম্পানির,

বেঙ্গল কোল কোম্পানির ডৈরেকটর ও ঘুষড়ির সূতার কল কোম্পানির ডৈরেকটর টি, মন্‌মুর কোম্পানির

ইণ্ডিয়া জেনরল ষ্টীম নাবিগেশন লিমিটেড কোম্পানির ও ডনবারের সূতার কল কোম্পানির ডৈরেকটর শ্রীযুত ফ্রেড্রিক উডরোস সাহেবের।

কাচি প্রস্তুত করি ডবলিউ এচ, হাটন কোম্পানির,

হাকিন্টস বর্ণ কোম্পানির

জুট ষ্টীম প্রেস স্বামী রালি ব্রাদরদের,

সিমসন কোম্পানির

হেষ্টিংস কলের বর্ক শয়র ব্রাদরদের,

কাণ্টওয়েল কোম্পানির,

ক্লাইব পাটের কলের মানেজিং স্বামী গ্লাডষ্টন ওয়াইলী কোম্পানির,

ক্ষমতাপত্রমতে হবট ষ্টিল সাহেবের পক্ষে শ্রীযুত ডবলিউ, পি, আলেকজাণ্ডর সাহেবের,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

আমরা উক্ত পাণ্ডুলিপির বিধান সম্বন্ধে পার্শ্বলিখিত শিল্পিদলসমূহের স্বাক্ষরিত আবেদন পত্র মনোযোগ পূর্ব্বক দেখিয়াছি।

আমরা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে পরিদর্শকদিগকে নিযুক্ত, স্থগিত ও পদচ্যুত করিবার নিমিত্ত, এবং সর্টিফিকেট যত কাল প্রবল থাকিবে তাহা নির্দ্ধারিত করিবার নিমিত্ত বিধি প্রণয়নের ক্ষমতা দিয়াছি।

আমরা বিধান করিয়াছি যে উক্ত বিধি কার্য্যকর হইবার পূর্ব্বে তিনবার কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে।

"এরূপ অনাবৃত নহে যে তদ্দ্বারা কাহারও হানির সম্ভাবনা", এই ২ কথার পরিবর্ত্তে আমরা ৭ ধারায় "এরূপ অনাবৃত নহে যে তাহা বিপজ্জনক হইবার সম্ভাবনা" এই ২ কথা বসাইয়াছি।

আমরা বিধান করিয়াছি যে স্বামীর নিকট হইতে নোটিস পাইলে ১৪ দিনের মধ্যে পরিদর্শক পরিদর্শন করিবেন।

পাণ্ডুলিপিতে পরিদর্শককে এরূপ ক্ষমতা প্রদত্ত হয় যে তিনি আবশ্যক জ্ঞান করিলে বাইলরের ও প্রাইমমুবরের পরিবর্ত্তন কি পরিবর্দ্ধন করিবার আদেশ করিতে পারিবেন। এই প্রকারের আদেশের বিরুদ্ধে আমরা আপীলের বিধান করিয়াছি। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আপীল একাকী বসিয়া অথবা দুইজন বিশেষজ্ঞ ব্যক্তির সহযোগে শুনিবার ক্ষমতা যাঁহাকে প্রদান করেন, তাঁহার কাছে আপীল হইবে।

We have also allowed a like appeal in case of revocation or suspension of a certificate

The Lieutenant-Governor is empowered to make rules for regulating the procedure on the hearing of appeals, and for securing the attendance of assessors

We have provided that if the appellant is successful, the expenses incurred by the Government in the appeal shall be paid by the Government If the appeal is dismissed, the appellant will have to pay these expenses

We have authorized Inspectors to enter any place where they have reason to believe that a boiler or prime-mover is used, and have provided a penalty for obstruction of such entry.

We have re-arranged some sections of the Bill, and have made some verbal alterations

J O'KINEALY
A B INGLIS.
J B KNIGHT

The 27th February 1879

সর্টিফিকেট রদ্দিত বা স্থগিত করিলেও আমরা তদ্রূপ আপীলের বিধান করিয়াছি।

আপীল শুনিবার কার্য্যপ্রণালী নিয়মিত করিবার ও আসেসরদিগকে উপস্থিত করাইবার বিধি প্রণয়ন করিবার ক্ষমতা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে দেওয়া গিয়াছে।

আমরা বিধান করিয়াছি যে আপেলান্ট জিতিলে, গবর্ণমেন্টের আপীল সংক্রান্ত খরচ গবর্ণমেন্ট দিবেন। আপীল অগ্রাহ্য হইলে, আপেলান্ট উক্ত খরচা দিবেন।

কোন স্থলে বাইলর কি প্রাইম মুবর ব্যবহৃত হয় বলিয়া বিশ্বাস করিবার কারণ দেখিলে পরিদর্শক সে স্থলে প্রবেশ করিতে পারিবেন আমরা তাঁহাকে এরূপ ক্ষমতা দিয়াছি এবং এপ্রকার প্রবেশের বাধা দিলে দণ্ডের বিধান করিয়াছি।

আমরা পাণ্ডুলিপির কয়েক ধারার নববিন্যাস করিয়াছি ও তাহারও কিছু পরিবর্ত্তন করিয়াছি।

১৮৭৯ সাল ২৭ ফেব্রুয়ারি।

জে, ওকিনিলী।
এ, বি, ইংলিস।
জে, বি, নাইট।

AMENDED BILL.

A Bill to provide for the periodical inspection of Steam Boilers and Prime Movers attached thereto in the Town and Suburbs of Calcutta and in Howrah

Preamble

WHEREAS it is expedient to provide for the periodical inspection of steam boilers and prime movers attached thereto in the Town and Suburbs of Calcutta and in Howrah, It is enacted as follows —

Extent and commencement of Act

1 This Act extends to the Town of Calcutta, to the Suburbs of Calcutta, and to Howrah, as from time to time defined in the *Calcutta Gazette* under the provisions of any law for the time being in force,

and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor General

Lieutenant Governor may extend it further

The Lieutenant-Governor of Bengal may, by notification published in the *Calcutta Gazette*, extend this Act to any place or district, and it shall come into force accordingly from the date which may be named in such notification

It shall not apply to any locomotive engine used upon any railway, or to any steam vessel in the port of Calcutta

Repeal of Bengal Acts VI of 1864 and III of 1875

2 Bengal Act VI of 1864 and Bengal Act III of 1875 are hereby repealed

But all certificates and rules in force at the commencement of this Act, which were granted or made under either of the said Acts, shall be deemed to have been granted and made respectively under this Act

Interpretation

3 In this Act, unless there be something repugnant in the subject or context,—

'Boiler'

"Boiler" includes any cylinder or vessel for generating steam under pressure

"Prime Mover"

"Prime Mover" includes any steam engine, fly wheel, first driving shaft and pulley attached to any such engine

"Owner."

"Owner" includes any agent or hirer using any boiler or prime mover

সংশোধিত পাণ্ডুলিপি।

কলিকাতা নগরে ও তাহার শাখানগরে ও হাবড়ার বাষ্পীয় বাইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের নিয়মিত কালান্তরে পরিদর্শন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগর ও তাহার সমুদয় শাখা নগর ও হাবড়ার বাষ্পীয় বাইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের নিয়মিত কালান্তর পরিদর্শন করা বিহিত, এনিমিত্ত পশ্চাল্লিখিত বিধান করা গেল।

আইন যতদূর ব্যাপ্ত হইবে ও যে সময়াবধি প্রচলিত হইবে তাহার কথা।

১ ধারা। এই আইন প্রথমতঃ কলিকাতা নগরের প্রতি ও যৎকালে যে আইন প্রচলিত থাকে তাহার বিধানক্রমে কলিকাতা গেজেটে সময়েং যেরূপে নির্দ্ধারিত হয় তদ্রূপে কলিকাতার শাখানগর ও হাবড়ার প্রতি বর্ত্তিবে,

এবং ইহা শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের সম্মতিপূর্ব্বক যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

শ্রীযুত লেপ্টেনেণ্টগবর্ণর সাহেব ইহা অন্যান্য স্থানেও চালাইতে পারিবেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন স্থানে কি জিলায় এই আইন চালাইতে পারিবেন, এবং ইহা ঐ বিজ্ঞাপনপত্রের উল্লিখিত তারিখ অবধি চলিত হইবে।

এই আইন রেলওয়ের উপর দিয়া পরিচালিত কলের গাড়ির প্রতি অথবা কলিকাতা বন্দরের মধ্যস্থ বাষ্পীয় পোতের প্রতি বর্ত্তিবে না।

১৮৬৪ সালের বঙ্গীয় ৬ আইন ও ১৮৭৫ সালের বঙ্গীয় ৩ আইন রহিত হইবার কথা।

২ ধারা। ১৮৬৪ সালের বঙ্গীয় ৬ আইন ও ১৮৭৫ সালের বঙ্গীয় ৩ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

কিন্তু উক্ত দুই আইনের কোন আইনক্রমে দত্ত কি প্রণীত যেং সর্টিফিকেট ও বিধি এই আইন প্রচলিত হইবার কালাবস্থে বলবৎ থাকে সেইং সর্টিফিকেট ও বিধি এই আইনমতে দত্ত ও প্রণীত হইল বলিয়া গণ্য হইবে।

অর্থের ধারা।

৩ ধারা। বিষয়প্রসঙ্গে অথবা পূর্ব্বাপর কথায় বিপরীত ভাব না দেখাইলে এই আইনে—

"বাইলর"

"বাইলর" শব্দে বলপ্রয়োগে সঞ্চিত বাষ্পোৎপাদনের উপযোগী সর্ব্বপ্রকার নল বা পাত্র বুঝা যাবে।

"প্রাইম মুবর"

"প্রাইম মুবর" শব্দে কোন বাষ্পীয় কল কি তৎসংযুক্ত কোন ফ্লাই হুইল (অর্থাৎ ঘুরপাক প্রদানের চক্র) কি ড্রাইবিং শাফ্‌ট (অর্থাৎ আদ্য চালক শিক) কি কপিকলও বুঝাইবে।

"স্বামী।"

"স্বামী" শব্দে কোন বাইলর কি প্রাইম মুবর ব্যবহারকারী কোন কর্ম্মকারককে কিম্বা ভাড়াটিয়া ব্যক্তিকেও বুঝাইবে।

4. The Lieutenant-Governor may from time to time make, and when made, revoke, add to, and alter, rules for all or any of the following purposes, that is to say,—

Power to make rules.

(1) for appointing and, when appointed, suspending or removing Inspectors under this Act,

(2) for determining the powers and duties of such Inspectors,

(3) for fixing the fees payable on account of certificates granted under this Act,

(4) for determining the time for which certificates granted under this Act shall be in force,

(5) for securing the attendance of assessors and affixing a penalty for non-attendance,

(6) for regulating the procedure on hearing appeals,

(7) for carrying out the purposes of this Act

Such rules shall be published three times in the *Calcutta Gazette*, and shall come into operation at the date of the last publication or at any later period mentioned in the order

Baboo Kashee Prosad Sukul, Zemindar

,, Shama Churn Rai, Police Inspector

The following gentlemen are re appointed to be Commissioners of the Hooghly and Chinsurah Municipality —

Baboo Ashutosh Ghosh	Baboo Eshan Chunder Mitter

Baboo Obhoy Churn Nundy

The 1st April 1879 —Syed Fazul Imam is appointed to be a Commissioner of the Patna Municipality, *vice* Syed Zainuddin Hossein Khan

The following gentlemen are re-appointed to be Commissioners of the above Municipality —

Munshee Mahomed Ameer	Mr W F Smith
Syed Mohomed Nowab	Syed Wallayet Ali Khan

[*Government Gazette*, 15*th April* 1879]

উকীল ও জমীদার শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র রায়।
ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, জে, আর, লসন সাহেব।

১৮৭৯ সাল ২ আপ্রিল।—শিয়ালদহস্থ ক্যাম্বল মেডিকাল স্কুলে ও হাস্পাতালে নিযুক্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত বিপিনবিহারী মিত্র, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

৮৭৯ সাল ৭আপ্রিল।—বঙ্গদেশের সানিটরী কমিশ্যনর শ্রীযুত, জে, এম, কোটস সাহেব, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিনমাসের ছুটী পাইলেন।

সারণের অন্তর্গত সেওয়ানের দাতব্য ঔষধালয়ে নিযুক্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত হরিনারায়ণ বন্দ্যোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

আসিষ্টান্ট সর্জন শ্রীযুত হরিনারায়ণ বন্দ্যোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, আসিষ্টান্ট সর্জন শ্রীযুত হিরালাল দত্ত সারণ জিলার অন্তর্গত সেওয়ানের দাতব্য ঔষধালয়ের কার্য্যভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

বিদেশ গমন বিষয়ক।—১৮৭৯ সাল ৭ আপ্রিল।—কলিকাতায় বিদেশগামিদের রক্ষক ও বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট ডাক্তর শ্রীযুত জে, জি, গারেগ্রান্ট সাহেব, নিয়মিত ছুটীহইতে ১৮৭৯ সালের ২৮ মার্চে স্বীয় প্রত্যাগমনের রিপোর্ট করাতে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩৭—৪ ধারামতে উক্ত তারিখ অবধি চৌদ্দদিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

মুনিসিপল।—১৮৭৯ সাল ২৬ মার্চ।—শ্রীযুত বি, এল, গুপ্ত স্থানান্তরে প্রেরিত হওয়াতে পুরুলিয়া মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত এল, ডি, কলেজ সাহেবকে ১৮৭৯।৮০ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৭৯ সাল ২৮ মার্চ।—শ্রীযুত বাবু বৈজনাথ সিংহ গয়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মহকুমা কটক মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, ব্লের সাহেব।
প্রদেশীয় পথকরের ইঞ্জিনিয়র শ্রীযুত এল, সি, ডেসগ্রাট্রালট সাহেব।
নিম্নলিখিত মহাশয়েরা উপরোক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটীকালেক্টর শ্রীযুত বাবু জগন্মোহন রায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ ঘোষ।

শ্রীযুত বাবু তারাকান্ত বিদ্যাসাগরের পরিবর্ত্তে শ্রীযুত চৌধুরী কাশীনাথ দাস।

নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত নৈহাটী মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ভূতনাথ চৌধুরী। | শ্রীযুত বাবু গোপালচন্দ্র হালদার।
শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ সেন।

নৈহাটী মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায়কে ১৮৭৯।৮০ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

শ্রীযুত বাবু তেজশ্চন্দ্র মুখোপাধ্যায়, এম, এ, মধুবনি মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা নাটোর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।
জমীদার শ্রীযুত বাবু কালীপ্রসাদ শুকুল।
পোলীসের ইনস্পেক্টর শ্রীযুত বাবু শ্যামাচরণ রায়।

নিম্নলিখিত মহাশয়েরা হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু আশুতোষ ঘোষ। | শ্রীযুত বাবু ঈশানচন্দ্র মিত্র।
শ্রীযুত বাবু অভয়াচরণ নন্দী।

৮৭৯ সাল ১ আপ্রিল।—শ্রীযুত সৈয়দ জৈনুদ্দীন হুসেন খাঁর পরিবর্ত্তে শ্রীযুত সৈয়দ ফজল ইমাম পাটনা মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা উপরোক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত মুনশী মহম্মদ আমীর। | শ্রীযুত ডবলিউ, এফ, স্মিথ সাহেব।
" সৈয়দ মহম্মদ নবাব। | " সৈয়দ বিলায়ৎ আলী খাঁ।

[গবর্ণমেন্ট গেজেট। ৮৭৯। ১৫ আপ্রিল।]

The 2nd April 1879 —The following gentlemen are appointed to be Commissioners of the Dacca Municipality —

Baboo Gopee Mohun Basak, *vice* Mr M David
„ Beni Madhub Datta, *vice* Baboo Opendra Nath Mittra
Mr John van Someren Pope, *vice* Mr A Thomas
Baboo Srinath Roy, *vice* Baboo Roop Lall Doss

ROAD CESS —*The 8th April* 1879 —The following gentlemen are appointed to be members of the Lohardugga District Road Cess Committee —

The Deputy Inspector of Schools, *ex-officio*
Mr F Curwen, Tea-planter
„ H Mitchell, Tea-planter
The Rev J Whitely

Baboo Rakhal Dass Halder is appointed to be a member of the District Road Cess Committee of Lohardugga

ERRATUM —*The 4th April* 1879 —In the orders of the 1st April 1879, granting furlough and subsidiary leave to Mr D W Ritchie, District Superintendent of Police, Singbhoom, *for* the words " 1st March 1879 " *read* " 1st May 1879 "

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 7th April 1879 —With reference to the notification dated the 21st November 1874, published in the *Calcutta Gazette* of the 2nd December following, the Lieutenant-Governor sanctions, until further orders, the following rule prescribing the Acts and Circula Orders in which police officers are to be examined at the departmental examinations —

" For police officers the papers set in Law for both the Lower and Higher Standards shall be prepared separately from those for other officers For the Lower Standard questions shall be set in the Penal Code, the Code of Criminal Procedure, Act V of 1861, the Village Chowkidaree Act VI (B C) of 1870, Act I (B C) of 1871, and the D and N Circular Orders of the Police Department The use of books will be allowed in answering these questions For the Higher Standard the questions will be taken from the same Acts and from all the Circulars of the Police Department, from the Excise, Salt, and Opium Laws, from Act V (B C) of 1876 (so far as it relates to police), and from the Evidence Act I of 1872 In this examination the use of books will not be allowed "

The Lieutenant Governor also approves of the substitution of the following list of Laws and Regulations for the list given in Appendix I of the rules of the 21st November 1874 —

Regulations I and VIII of 1793 and XII of 1817
Regulations I and II of 1819
Regulation VIII of 1819
Regulations VII of 1822, IX and XI of 1825, and IX of 1833, Acts IX of 1847, XXXI of 1858, and IV (B C) of 1868
Act XI of 1859
Acts VII (B C) of 1868, VIII (B C) of 1869 and I (B C) of 1875
Act V of 1861
Act X of 1870
Act III of 1877
Act X (B C) of 1871
Act V (B C) of 1876
Act VII (B C) of 1876
Act I of 1878
Act VII (B C) of 1878
Act VIII (B C) of 1876
Act VI (B C) of 1870
Act I (B C) of 1871
Act I of 1872

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 7th April 1879 —It is hereby notified for general information that the Declaration, dated the 6th May 1878, published at page 378, Part I of the *Calcutta Gazette* of the 8th idem, for the acquisition of a piece of land for the purpose of widening Mullunga Lane, in the Town of Calcutta, is cancelled at the request of the Commissioners of the Town of Calcutta

D BARBOUR,
Offg Secy to the Govt of Bengal.

[*Government Gazette, 15th April* 1879]

১৮৭৯ সাল ২ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা ঢাকা মুনিসিপালিটীর কমিশ্যনরেরপদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এম, ডেবিড সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত গোপীমোহন বসাক।

„ বাবু উপেন্দ্রনাথ মিত্রের পরিবর্ত্তে শ্রীযুত বাবু বেণীমাধব দত্ত।

„ এ ও, মস সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জন এন সমেরস্ পোপ সাহেব।

„ বাবু রূপলাল দাসের পরিবর্ত্তে শ্রীযুত বাবু শ্রীনাথ রায়।

পথকর বিষয়ক।—১৮৭৯ সাল ৮ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা লোহারডগা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

স্কুলসমূহের ডেপুটী ইনস্পেক্টর, স্বীয় পদোপলক্ষে।

চা—কর শ্রীযুত এফ, করওয়েন সাহেব।

চা—কর „ এচ, মিচেল সাহেব।

পাদরী „ জে, ওয়াইটলী সাহেব।

শ্রীযুত বাবু রাখালদাস হালদার লোহারডগা জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

অশুদ্ধশোধন।—১৮৭৯ সাল ৪ আপ্রিল।—সিংভূমের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডি, ডবলিউ, রীচি সাহেবকে নিয়মিত ও আনুষঙ্গিক ছুটী দেওনবিষয়ক ১৮৭৯ সালের ১ আপ্রিলের আজ্ঞাতে "১৮৭৯ সালের ১ মার্চ" এই কথার পরিবর্ত্তে "১৮৭৯ সালের ১ মে" পাঠ করিতে হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৭ আপ্রিল।—১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত নবেম্বর মাসের ২১ তারিখের জ্ঞাপনপত্রোপলক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয় কার্য্যবিভাগ সম্পর্কীয় পরীক্ষাতে পোলীস কর্ম্মচারিদের যেং আইন ও সরকুলর অর্ডরে পরীক্ষা দিতে হইবে তন্নির্দ্দিষ্ট নিম্নলিখিত বিধি অনুমোদন করিলেন।

ব্যবস্থা বিষয়ে পোলীস কার্য্যকারকদের নিম্ন ও উচ্চতর এই উভয় কক্ষির প্রশ্নপত্র, অন্যান্য কার্য্যকারকদের প্রশ্নপত্রহইতে স্বতন্ত্ররূপে প্রস্তুত করা যাইবে। নিম্নতর কক্ষীর পরীক্ষাতে দণ্ডবিধির আইন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন, ও ১৮৬১ সালের ৫ আইন ও গ্রাম্য চৌকীদারী বিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইন ও ১৮৭১ সালের বঙ্গীয় ১ আইন এবং পোলীস কার্য্যবিভাগের D ও N চিহ্নিত সরকুলর অর্ডরহইতে প্রশ্ন দেওয়া যাইবে। এই সকল প্রশ্নের উত্তর দেওন কালে পুস্তক ব্যবহার করিবার অনুমতি হইবে। উচ্চতর কক্ষির পরীক্ষাতে উক্ত সকল আইন হইতে ও পোলীস কার্য্য বিভাগের সকল সরকুলর হইতে এবং আবকারী ও লবণ ও আফীম বিষয়ক ব্যবস্থাহইতে ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের যে পর্য্যন্ত পোলীসের সঙ্গে সম্পর্ক রাখে তাহাহইতে ও সাক্ষ্যবিষয়ক ১৮৭২ সালের ১ আইনহইতে প্রশ্ন গৃহীত হইবে এই পরীক্ষাতে পুস্তক ব্যবহার করিতে অনুমতি দেওয়া যাইবে না।

১৮৭৪ সালের নবেম্বর মাসের ২১ তারিখের বিধির ১ পরিশিষ্টপত্রে আইন ও ব্যবস্থার যে নির্ঘণ্টপত্র দেওয়া গিয়াছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তৎপরিবর্ত্তে নিম্নলিখিত নির্ঘণ্টপত্র দিবারও অনুমতি করিলেন।

১৭৯৩ সালের ১ ও ৮ আইন ও ১৮১৭ সালের ১২ আইন।

১৮১৯ সালের ১ ও ২ আইন।

১৮১৯ সালের ৮ আইন।

১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ ও ১১ আইন, ও ১৮৩৩ সালের ৯ আইন, ও ১৮৫৭ সালের ৯ আইন ও ১৮৫৮ সালের ৩১ আইন ও ১৮৬৮ সালের বঙ্গীয় ৪ আইন।

১৮৫৯ সালের ১১ আইন।

১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইন ও ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন ও ১৮৭১ সালের বঙ্গীয় ১ আইন।

১৮৬১ সালের ৫ আইন।

১৮৭০ সালের ১০ আইন।

১৮৭৭ সালের ৩ আইন।

১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইন।

১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইন।

১৮৭৭ সালের বঙ্গীয় ৭ আইন।

১৮৭৮ সালের ১ আইন।

১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইন।

১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইন।

১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইন।

১৮৭১ সালের বঙ্গীয় ১ আইন।

১৮৭২ সালের বঙ্গীয় ১ আইন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৭ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা নগরে মলজালের প্রশস্ত করণার্থে ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭৮ সালের মে মাসের ৬ তারিখের যে বিজ্ঞাপন উক্ত মাসের ১৪ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৫১২ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা কলিকাতা নগরের কমিশ্যনরদের প্রার্থনামতে রহিত করা গেল।

ডি বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

NOTIFICATION

The 7th April 1879 —In continuation of the notification, dated the 20th November 1876, published at page 1398, Part I of the *Calcutta Gazette* of the 22nd idem, and in the exercise of the powers conferred on him by section 234 of the Bengal Municipal Act, 1876, the Lieutenant-Governor is pleased, on the recommendation of the Commissioners of the Municipality of Darjeeling at a meeting, to order that the provisions of section 285 of the said Act shall be in force in the said Municipality

D BARBOUR,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 8th April 1879 —It is hereby notified for general information that, under the provisions of section 123, Act V (B C) of 1876, the Commissioners of the Midnapore Municipality, at a meeting held on the 16th March 1879, have resolved, with the sanction of the Lieutenant-Governor, to make the following alterations in the rates of tax levied within the Municipality on carriages with effect from the 1st April 1879 —

(1) For every four-wheeled carriage drawn by a horse or a pair of ponies under 13 hands, from Re. 1-8 to Rs. 2 a quarter

(2) For every two-wheeled carriage, from Rs 2-4 to Rs 2 a quarter

D BARBOUR,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 21st March 1879 —Notice is hereby given that on the 30th day of December 1878 four gold sovereigns and two rupees, valued at Rs 42 were found in the Jarimaniem tope attached to the Atcheeswaraswami Pagoda, in the village of Atcherawak, in the Madrantakum Taluq, Chingleput district, in the Presidency of Madras, and all persons claiming the above treasure, or any part thereof, are hereby required to appear personally or by agent before the undersigned at Saidapet on the 1st day of September next

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 2nd April 1879 —In continuation of the notification of 1st June 1878, constituting the sub-division of Chandpore, published at page 506 of the *Calcutta Gazette* of 5th June 1878, it is hereby notified that the head-quarters of the moonsiffee heretofore known as Tubkibagra have been transferred to Chandpore, the head-quarters of the Chandpore sub-division, with effect from 12th March The jurisdiction of the moonsiffee will continue to comprise the thanas of Tubkibagra and Hajigunge, as defined in the abovementioned notification The moonsiffee will henceforth be designated Chandpore

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 7th April 1879 —It is hereby notified for general information that, under the provisions of Section 11, Act VIII of 1878, the undermentioned premises of the Commissioners for making Improvements in the Port of Calcutta are appointed wharves for the landing and shipping of goods from and upon sea-going vessels :—

The jetties Nos 1 to 7, situate on the east bank of the river Hooghly, between Armenian Ghât on the north and Koylah Ghât on the south

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

[*Government Gazette*, 15*th April* 1879]

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৭ আপ্রিল।—১৮৭৬ সালের নবেম্বর মাসের ২০ তারিখের যে জ্ঞাপনপত্র উক্ত মাসের ২৮ তারিখের বাঙ্গলাগবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১১৫৫ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তদনুক্রমে এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ২৩৪ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি দার্জ্জিলিঙ্গ মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুবোধক্রমে উক্ত আইনের ২৮৫ ধারার বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রবল হইবার আজ্ঞা করিলেন।

ডি, বারবর
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৮ আপ্রিল।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১২৩ ধারার বিধানমতে মেদিনীপুর মুনিসিপালিটীর কমিশ্যনরদের ১৮৭৯ সালের ১৬ মার্চে যে সভাধিবেশন হয় তাহাতে তাঁহারা উক্ত মুনিসিপালিটীর মধ্যে গাড়ীর উপর যে হারে টাক্স আদায় করা যায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমোদনক্রমে নিম্নলিখিতমতে ১৮৭৯ সালের ১ আপ্রিল অবধি তাহা পরিবর্ত্তন করিতে স্থির করিয়াছেন।

(১) এক ঘোড়ার কিম্বা ৪ ফুট ৪ ইঞ্চির কম উচ্চ এক যোড়া টাটুর চারি চাকার প্রত্যেক গাড়ীর উপর ত্রৈমাসিক ১৷৷০ টাকা অবধি ২৲ টাকা পর্য্যন্ত।

(২) দুই চাকার প্রত্যেক গাড়ীর উপর ত্রৈমসিক ২৷০ টাকা অবধি ২৲ টাকা পর্য্যন্ত।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২১ মার্চ।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে মান্দ্রাজ রাজধানীর অন্তর্গত চিঙ্গলপত জিলার মন্ত্রাম্‌ তাকম তালুকের আম্বেবাওয়াক গ্রামে আচিসবরস্বামীর মন্দিরের লাগাও জমিমা নিয়েম বাগানে ১৮৭৮ সালের ৩০ ডিসেম্বরে ৪২ টাকা মূল্যের ৪টী স্বর্ণ মহরেন ও দুইটী টাকা পাওয়া গিয়াছে। উক্ত ধনে বা তাহার কোন অংশে যাঁহাদের দাওয়া থাকে তাঁহাদিগকে সৌদাপেতে নিম্নস্বাক্ষরকারির নিকট আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখে স্বয়ং বা মোক্তার দ্বারা উপস্থিত হইবার আদেশ করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২ আপ্রিল।—চাঁদপুর মহকুমা সংস্থাপন বিষয়ক ১৮৭৮ সালের ১ জুনের যে জ্ঞাপনপত্র ঐ মাসের ১১ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ৪৯৩ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তদতিরিক্ত এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে মুনসেফীর যে সদর স্থান এতদিন তুবকীবাগড়া বলিয়া খ্যাত ছিল তাহা ১২ মার্চ অবধি চাঁদপুর মহকুমার সদর স্থান চাঁদপুরে উঠিয়া গেল। উক্ত বিজ্ঞাপনে মুনসেফীর যে দিহচারাগিত্তা নির্ণীত হইয়াছে তন্মধ্যে তুবকীবগড়া ও হাজিগঞ্জ থানা থাকিবে। উক্ত মুনসেফী এই অবধি চাঁদপুর মুনসেফী নামে খ্যাত হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৭ আপ্রিল।—সাধারণের জ্ঞাপনার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ১৮৭৮ সালের ৮ আইনের ১১ ধারার বিধানমতে কলিকাতা বন্দর সৌষ্ঠা করণার্থ কমিশ্যনরদের নিম্নলিখিত ওয়ার্ফ সমুদ্রগামি জাহাজ হইতে মাল নামাইবার ও জাহাজে মাল তুলিবার ওয়ার্ফ নির্ণয় করা গেল।

হুগলী নদীর পূর্ব্ব তটস্থ উত্তরদিগে আর্ম্মানি ঘাটঅবধি দক্ষিণদিগে কয়লা ঘাটের মধ্যগত ১ অবধি ৭ নং পর্য্যন্ত জেটি।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

NOTIFICATION

The 5th April 1879 —Plans and estimates, the latter amounting to Rs 34,000 (thirty-four thousand rupees), for the erection of a new shed for No 1 Jetty having been submitted by the Port Commissioners with the Vice-Chairman's letter No 3669 of the 26th February 1879, and approved by the Public Works Department of this Government, the Lieutenant-Governor is pleased to sanction the project under the provisions of Section 35 of Act V of 1870

A MACKENZIE
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 15th March 1879.—Consequent upon reductions made in the police force of zillah Singbhoom, Chota Nagpore, the Lieutenant-Governor has been pleased to make the following alterations, with effect from 1st July 1877, as regards the different police stations and outposts in pergunnah Dhulbhoom (commonly called Ghatshilla), in that zillah, viz —

2 The police stations of Baharagoora in the south east and Kalkapore in the north-west, together with the several outposts subordinate to them, have been formed into one general police station jurisdiction, with its head-quarters at Ghatshilla, in the centre of the pergunnah

3 The outpost of Ghatshilla, formerly subordinate to the station of Kalkapore has been abolished

4 The head-quarters division of the new station of Ghatshilla will comprise the villages which came within the jurisdiction of the abolished outpost of Ghatshilla, together with the undermentioned villages belonging to the ghatwali tarafs of Pyragoori and Mohulia, which formed a part of the abolished station of Kalkapore

5 The former head quarters divisions of the abolished stations of Baharagoora and Kalkapore will, within their former respective limits as head-quarters divisions, become outposts of Ghatshilla station, with their head quarters at Baharagoora and Kalkapore respectively, subject to the withdrawal from Kalkapore outpost of the tarafs of Pyragoori and Mohulia, which are transferred to the head-quarters division of Ghatshilla, as before mentioned

6 The remaining outposts of the abolished stations of Baharagoora and Kalkapore will, with respect to the limits of their respective jurisdictions, remain intact as before, and become subordinate to the new station of Ghatshilla

7 Subject to such alterations as are abovementioned, the following is the list of outposts which will be subordinate to the new police station of Ghatshilla —

No 1 Baharagoora
„ 2 Kalkapore
„ 3 Bhelaipahari
No 4 Kokpara
„ 5 Atkosi

[*Government Gazette*, 15*th April* 1879.]

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৫ আপ্রিল।—১ নং জেটীর নূতন শেড নির্ম্মাণার্থ পোর্টকমিশনরেরা প্রতিনিধি সভাপতির ১৮৭৯ সালের ২৬ ফেব্রুয়ারির ৩৬৬৯ নং পত্রের সঙ্গে যে নকশা ও ৩৪০০০৲ চৌত্রিশ হাজার টাকা ব্যয়ের যে অনুমানপত্র পাঠান এই গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট কর্ত্তৃক তাহা অনুমোদিত হওয়াতে শ্রীযুত লেপ্টেনাণ্ট গবর্নর সাহেব ১৮৭০ সালের ৫ আইনের ৩৫ ধারার বিধানমতে তাহা প্রস্তুত করিবার অনুমতি দিলেন।

এ. মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৩ মার্চ।—ছোট নাগপুরের অন্তর্গত সিংহভূম জিলার পোলীস দল কমান প্রযুক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব, উক্ত জিলার অন্তর্গত (সামান্যতঃ ঘাটশিলা নামে খ্যাত) ধলভূম পরগনার মধ্যে পোলীস থানা ও ফাঁড়ি সম্পর্কে ১৮৭৭ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত পরিবর্ত্তন করিলেন।

২। দক্ষিণ পূর্ব্বদিগে বহরগুড়া ও উত্তর পশ্চিম দিগে কালকাপুর পোলীস থানা ও তদধীন ফাঁড়ি সুদ্ধ সাধারণ পোলীস থানার এলাকা করা গেল, উক্ত পরগনার মধ্যস্থল ঘাটশিলায় তাহার সদর স্থান হইবে।

৩। ঘাটশিলা যে ফাঁড়ি পূর্ব্বে কালকাপুর থানার অধীন ছিল তাহা উঠাইয়া দেওয়া গেল।

৪। উঠিয়া যাওয়া ঘাটশিলা ফাঁড়ির এলাকার মধ্যে যে সকল গ্রাম ছিল, তাহা ও তদ্ভিন্ন উঠিয়া যাওয়া কালকাপুর থানার অংশস্বরূপ পাবরাগুড়ি ও মহুলিয়া ঘাটওয়ালি তরফের সামিল নিম্নলিখিত সকল গ্রাম ঘাটশিলার নূতন থানার সদর খণ্ডের মধ্যে ধরা যাইবে।

৫। উঠিয়া যাওয়া বহরগুড়া ও কালকাপুর থানার সাবেক সদর স্থান খণ্ড, তৎপূর্ব্ব সীমার অন্তর্গত সদর স্থান খণ্ড হইতে ঘাটশিলার অন্তর্গত ফাঁড়ি হইবে ও কালকাপুর ফাঁড়ি হইতে পাবরাগুড়ি ও মহুলিয়া তরফ পূর্ব্বোক্ত ঘাটশিলা সদর স্থান খণ্ড ভুক্ত করা গিয়াছে তাহা বলবৎ থাকার নিয়মাধীনে সদর স্থান ক্রমান্বয়ে বহরগুড়া ও কালকাপুরে থাকিবে।

৬। উঠিয়া যাওয়া বহরগুড়া ও কালকাপুর থানার অবশিষ্ট সকল ফাঁড়ির যে সীমা ও এলাকা আছে তাহাই থাকিবে, ও ঘাটশিলার নূতন থানার অধীন হইবে।

৭। উপরোক্ত পরিবর্ত্তনের নিয়মাধীনে যেই ফাঁড়ি ঘাটশিলার নূতন পোলীস থানার অধীন হইবে তাহার নির্ঘণ্ট নিম্নভাগে দেওয়া গেল।

১ নং। বহরগুড়া।	৪ নং। কোকপাড়া।
২ ,, । কালকাপুর।	৫ ,, । আটকাসি।
৩ ,, । ভেটেন পাহাড়ী	

List of villages in the ghatwali tarafs of Pyragoori and Mohulia which originally ormed a part of the jurisdiction of station Kalkapore (abolished), but have been transferred to the immediate jurisdiction of the new station of Ghatshilla —

Taraf Pyragoori

No	Names of villages	Proprietors.	No	Names of villages.	Proprietors.
1	Pyragoori	Ghatwali	17	Chornda	Ghatwali
2	Neesohintpore	Ditto.	18	Khursi	Ditto
3	Kuldeha	Ditto	19	Chundra Rekha	Ditto
4	Patmohulia	Ditto	20	Bora Hatoo	Ditto
5	Ooldah	Ditto	21	Bagalgora	Rajah of Dhulbhoom
6	Khuntadihi	Ditto	22	Cholagora	Ditto
7	Deoli	Ditto	23	Baasal	Ditto
8	Koolianna	Ditto	24	Bamooria	Ditto
9	Sigdi	Ditto	25	Doobrajpore	Ditto
10	Dighri	Ditto	26	Kheddia	Ditto
11	Joorisye	Ditto.	27	Khunta	Ditto
12	Donkasye	Ditto	28	Khal Kanali	Ditto
13	Chottro	Ditto	29	Soonderpore	Ditto
14	Salboni	Ditto	30	Moorla Jora	Ditto
15	Banddi	Ditto	31	Khoramgootoo	Ditto
16	Belagoori	Ditto	32	Nepariapore	Ditto

Taraf Mohulia

No	Names of villages	Proprietors.	No	Names of villages.	Proprietors.
1	Kalimatti	Ghatwali	21	Bindabanpore	Rajah of Dhulbhoom.
2	Ichra	Ditto	22	Haludbani	Ditto
3	Duldawli	Ditto	23	Perrabad	Ditto
4	Narsingpore	Ditto	24	Churraea	Ditto
5	Sasporo	Ditto	25	Goora Jorh	Ditto
6	Mohulia	Rajah of Dhulbhoom	26	Paharpore	Ditto
7	Boro Bhil	Ditto	27	Keshorpore	Ditto
8	Jorisha	Ditto	28	Bora Hollud Bani	Ditto
9	Ghikuli	Ditto	29	Dhall Dhuli	Ditto
10	Hedul Jori	Ditto.	30	Etta Marh	Ditto
11	Kankri Sole	Ditto	31	Harmadihi	Ditto
12	Thakar Bari	Ditto	32	Mahato Band	Ditto.
13	Bottalpore	Ditto	33	Shul Marra	Ditto
14	Jaggernathpore	Ditto	34	Sirka	Ditto
15	Boodpore	Ditto	35	Dalea Pawni	Ditto
16	Khalla Jorh	Ditto	36	Roohidi	Ditto
17	Galoodihi	Ditto	37	Amchooria	Ditto
18	Chollagora	Ditto	38	Matkoo	Ditto
19	Dhoomkabera	Ditto	39	Kamargora	Ditto
20	Rajabassa	Ditto	40	Dhall Dhuli 2nd	Ditto

A MACKENZIE,
Secy to the Govt of Bengal.

উঠিয়া যাওয়া কালিকাপুর থানার এলাকার অনেক অংশ কিন্তু ঘাটশিলার নূতন থানার অব্যবহিত এলকাভুক্ত পায়রাগুড়ি ও মহুলিয়ার ঘাটওয়ালি তরফের অন্তর্গত গ্রাম সমূহের নির্ঘণ্টপত্র।

তরফ পায়রাগুড়ি।

নম্বর।	গ্রামের নাম।	মালিক।	নম্বর।	গ্রামের নাম।	মালিক।
১	পায়রাগুড়ি ..	ঘাটওয়ালী।	১৭	চোড়িদা ..	ঘাটওয়ালী।
২	নিশ্চিন্তপুর	ঐ	৮	খুরসি ..	ঐ
৩	বুলদেহা	ঐ	১৯	চন্দ্ররেখা ..	ঐ
৪	পাটদহলিয়া	ঐ	২০	বেরা হাটু .	ঐ
৫	ইলদা .	ঐ	২১	বগম গোরা ..	ধলভুমের রাজা।
৬	খস্তাডিহি	ঐ	২২	চোলা গোরা	ঐ
৭	দেওলী	ঐ	২৩	বাঘাসল ...	ঐ
৮	কুলিযালা	ঐ	২৪	নামুরিষা .	ঐ
৯	সগদি	ঐ	২৫	ভুবরাওপুর .	ঐ
১০	দিঘরি .	ঐ	২৬	খোদষা	ঐ
১১	জুরিশাই	ঐ	২৭	খস্তু	ঐ
১২	দেনকামাই .	ঐ	২৮	খাল কালি	ঐ
১৩	ছত্র	ঐ	২৯	সুন্দরপুর	ঐ
১৪	সালবনি .	ঐ	৩০	মুরয়া জোরিয়া .	ঐ
১৫	বান্দি	ঐ	৩১	খোব ম গুটু .	ঐ
৬	বেলাগুডি .	ঐ	৩২	দেপারিয়াপুর	ঐ

তরফ মহুলিয়া।

নম্বর।	গ্রামের নাম।	মালিক।	নম্বর।	গ্রামের নাম।	মালিক।
১	কাশিমাটী	ঘাটওয়ালী	২১	বৃন্দাবনপুর	ধলভুমের রাজা।
২	ইচরা	ঐ	২২	হলুদবনি	ঐ
৩	দলদলী	ঐ	২৩	পেবাবাদ .	ঐ
৪	নরসিংহপুর	ঐ	২৪	চারিমা	ঐ
৫	খাসপুর	ঐ	২৫	গুরাযোড	ঐ
৬	মহুলিয়া ..	ধলভুমের রাজ।	২৬	পহাড়পুর .	ঐ
৭	বড়বিল	ঐ	২৭	কেশরপুর	ঐ
৮	জোরেশা .	ঐ	২৮	বড় হলুদবনি .	ঐ
৯	ঘিবুলি ...	ঐ	২৯	ধলধুলি .	ঐ
১০	হেন্দুল জোরি	ঐ	৩০	এতামাড ..	ঐ
১১	কাঁক্রি গোল .	ঐ	৩১	চর্ম্মডিহ .	ঐ
১২	ঠাকুর বাড়ি .	ঐ	৩২	মাহত বাঁধ .	ঐ
১৩	বেতাল পুর .	ঐ	৩৩	সুকমারা	ঐ
১৪	জগন্নাথ পুর .	ঐ	৩৪	সিরা .	ঐ
১৫	বুনপুর .	ঐ	৩৫	দালিয়া পনি .	ঐ
১৬	খাল্লা যোড়	ঐ	৩৬	কহিদী ..	ঐ
১৭	গালুডিহি ...	ঐ	৩৭	আমচুরিয়া ...	ঐ
১৮	চোল্লাগোরা .	ঐ	৩৮	মাটকু ..	ঐ
১৯	ধুমকবেরা .	ঐ	৩৯	কমরগোরা .	ঐ
২০	রাজাবাসা .	ঐ	৪০	ধলধুলি দ্বিতীয় ...	ঐ

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

NOTIFICATION

The 17*th March* 1879.—In exercise of the powers conferred upon him by Section 314 of the Bengal Municipal Act 1876, the Lieutenant-Governor is pleased to confirm the bye-laws stated at foot of this notification, which were made by the Commissioners of the Municipality of Hazareebagh at a meeting convened expressly for the purpose, and of which due notice had been given, and in exercise of the powers conferred by Section 315 of the same Act the Lieutenant-Governor is pleased to sanction the penalties for breaches of the said bye laws which have been declared by the Commissioners.

BYE LAWS FOR THE HAZAREEBAGH MUNICIPALITY

For Regulating the Time and Mode of Collecting the Taxes

1 Every officer authorized to grant receipts shall be provided with a certificate of his authority to collect, and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman or Vice-Chairman. Every collecting officer, at the time of demanding payment, shall be bound to show this certificate if required.

2. Payment of purchase-money for property sold and delivery of such property shall be made immediately after the sale, and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer at his discretion to sell the property again on the same or any other day, and the former purchaser shall in such case be responsible to the Commissioners for any loss and such loss shall be recoverable as a debt due to them.

For Regulating the Conduct of Persons Employed by the Municipality

3. All persons employed by the Commissioners whose services may be no longer required shall be liable to discharge after receipt of previous notice of one month, or pay in advance for the period of one month, and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

4 All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix, and any person failing to furnish such security within such time as the Commissioners may appoint shall be held to have thereby forfeited his appointment, and may be removed from office.

For Regulating the Disposal of Offensive Matter and Rubbish.

5 Every person within whose premises any animal may die shall, within six hours of its death, or, if its death occur at night within two hours after sunrise, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of the carcasse of animals, or report its death at the municipal outpost, depositing the expense of its removal at the rate fixed by the Commissioners. In cases where such person is not the owner of the animal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, which shall be recoverable as a debt due to the Commissioners. On information of such death being received, the carcasses shall be removed by the Commissioners or their officers.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10.

6 No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10.

For the Regulation and Management of Privies.

7 Any owner or occupier of any house, land, or premises from which offensive matter is not removed by the said owner or occupier shall give free access to the servants of the Municipality to his house, land, or premises for the removal of any night-soil or filth within such hours as may have been fixed by the Municipal Commissioners.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 5.

8 Every sweeper employed by the owner or occupier of any house, land, or premises for the removal of offensive matter from such house, land, or premises shall be subject to the orders and control of the Municipal Commissioners in respect of the removal and disposal of such offensive matter.

[*Government Gazette*, 16*th April* 1879.]

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৭ মার্চ।—হাজারীবাগ মুনিসিপালিটীর কমিশ্যনরেরা উপযুক্তমত নোটিস দিয়া সভা করিয়া এই বিজ্ঞাপনপত্রের নিম্নভাগের লিখিত যে২ উপবিধি প্রণয়ন করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বঙ্গদেশের মুনসিপল বিষয়ক ৮৭৬ সালের আইনের ৩১৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহা দৃঢ় করিলেন। এবং উক্ত কমিশ্যনরেরা উক্ত উপবিধি লঙ্ঘন হইলে যে২ দণ্ড ধার্য্য করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত আইনের ৩১৫ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেই২ দণ্ড অনুমোদন করিলেন।

হাজারীবাগ মুনিসিপালিটীর উপবিধি।

টাক্স আদায় করিবার সময়ের ও নিয়মের বিধান।

১। রসীদ দিবার ক্ষমতাপন্ন প্রত্যেক কর্ম্মকারক টাক্স আদায় করিবার ক্ষমতাসূচক সার্টিফিকট পাইবেন ও প্রত্যেক সার্টিফিকটে মুনিসিপালিটীর মোহর ও সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষর থাকিবে। টাক্স আদায়কারি কার্য্যকারকের টাকা চাহিবার সময়ে কোন ব্যক্তি তাহার ঐ সার্টিফিকট দেখাইবার আদেশ করিলে তাঁহাকে তাহা দেখাইতে হইবে।

২। সম্পত্তির নীলাম হইলে, নীলামের পরই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিলেন তিনি স্বীয় বিবেচনামতে সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নীলাম করিতে পারিবেন এমত স্থলে কিছু হানি হইলে প্রথম ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় তাহা আদায় করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণ বিষয়ক বিধান।

৩। কমিশ্যনরেরা যাহাদিগকে কর্ম্ম দেন তাঁহাদের কর্ম্মের আর প্রয়োজন না থাকিলে এক মাস থাকিতে নোটিস দিয়া কিম্বা এক মাসের বেতন আগাম দিয়া তাঁহাদিগকে বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে। ও কোন কর্ম্মকারক এক মাস থাকিতে নোটিস না দিয়া আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবেন না, গেলে তাঁহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

৪। যাঁহারা এইক্ষণে কমিশ্যনরদের অধীন কোন পদে আছেন বা পশ্চাৎ নিযুক্ত হন কমিশ্যনরেরা সময়ে২ যত টাকার জামিন নির্দ্ধার্য্য করেন, আদেশ হইলেই তাঁহাদের তত টাকার উত্তম জামিন দিতে হইবে। কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন কোন ব্যক্তি সেই সময়ের মধ্যে জামিন না দিলে, তাঁহার সেই পদে থাকিবার আর অধিকার নাই জানিতে হইবে, ও তাঁহাকে অবসর করা যাইতে পারিবে।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

৫। কোন ব্যক্তির বাড়ীর মধ্য জন্তু মরিলে, কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর ছয় ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে সূর্য্যোদয়ের পর দুই ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন, অথবা মুনিসিপল কমিশ্যনরেরা যে হার নিরূপণ করিয়াছেন সেই হারে ঐ মরা জন্তু ফেলিবার খরচ জমা করিয়া দিয়া মুনিসিপল কাঁড়িতে ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। ঐ মরা জন্তু ঐ বাড়ির স্বামিরই না হইলেও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে, সেই ব্যক্তিই ঐ খরচের দায়ী হইবেন, ও কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় তাঁহার স্থানে ঐ খরচ আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। মৃত্যুর উক্ত সংবাদ গৃহীত হইলে কমিশ্যনরেরা বা তাহাদের কর্ম্মচারিরা ঐ মৃত দেহ স্থানান্তর করিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

৬। কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার নিমিত্ত সময়ে২ যে স্থান নিরূপণ করিয়া দেন তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি মরা জন্তু বা জন্তুর কোন অঙ্গ ফেলিবেন বা ফেলাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

পাইখানার বিধান ও কার্য্যাধ্যক্ষতার কথা।

৭। ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা আপনি তথাহইতে দুর্গন্ধজনক বিষয় স্থানান্তর করাইয়া না দিলে মুনিসিপল কমিশ্যনরেরা যে২ ঘণ্টা নিরূপণ করেন, সেই২ ঘণ্টার মধ্যে মুনিসিপালিটীর চাকরদিগকে বিষ্ঠা কি মল সরাইয়া লইবার জন্য সেই স্থানে অবাধে যাইবার অনুমতি দিবেন।

এই বিধি লঙ্ঘনের ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড।

৮। কোন ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা ঐ ঘরের কি ভূমির কি বাড়ীর দুর্গন্ধজনক দ্রব্য স্থানান্তর করিবার জন্যে মেতর নিযুক্ত করিলে সে, ঐ দুর্গন্ধজনক দ্রব্য স্থানান্তর করণ কি কেমন বিষয়ে মুনিসিপল কমিশ্যনরদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীন হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

Provided that such owner or occupier shall be responsible jointly with the sweepers so employed by him for the due observance of the laws, bye-laws, and orders of the Municipal Commissioners so far as regards the house, land, or premises owned or occupied by him

9 Every person shall construct his privy above ground, and provide it with a suitable moveable receptacle

The penalty for infringement after notice shall be a fine not exceeding Rs 20.

10 On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises in or on which any well-privy or other noxious or improperly constructed privy may be situated shall fill up, close, or otherwise alter the construction of the said privy as may be directed in the notice, and if the orders contained in the notice be not carried out within fifteen days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners

11 No owner or occupier of any house, land, or premises in or on which any privy may be situated shall allow night soil or filth of any kind to flow or be discharged from such privy into any drain, water-course, hollow, or excavation, *hauz*, or any place containing waste and stagnant water

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

12 No person shall throw, deposit, or discharge any night-soil, sewage, or the contents of any drain, privy, or cesspool into any tank, water-course, or receptacle for water, or dispose of any of the abovementioned kinds of offensive matter in any other way than as the Municipal Commissioners may from time to time direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

13 The Commissioners may direct the use of lime, coal-tar, or other deodorant or disinfectant in any privy or premises if at any time it be certified by the Civil Surgeon to be necessary for the preservation of the public health, or for the prevention of infection or spread of disease provided that the Commissioners shall be bound to supply such deodorants or disinfectants at cost price, which shall be recoverable as a debt due to the Commissioners.

For Regulating Traffic in the Streets

14 No person shall, without the permission of the Commissioners, take an elephant or camel along any of the public roads within the limits of the municipality except by such routes as shall be fixed for the purpose by them

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

15 No person shall ride through the town a mare followed by a loose foal, and no person shall tie or fasten any animal so close to the high road, or in such a way that it shall have access to the road, so as to interrupt or interfere with traffic thereon

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5

For Regulating or Prohibiting the use of Fire-balloons, &c, in the vicinity of Public Roads

16. No person shall let off any fire-balloons, fire-works, fire-arms, or any missile in or near a public street without permission previously obtained from, and except within the hours prescribed by, the Chairman or Vice-Chairman

The penalty for infringement shall be a fine not exceeding Rs 10

General Bye-laws

17 Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish shall send such schedule or return to the office of the Commissioners within fifteen days from the date of the service of the requisition in the manner described in Section 367 of the Act

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, and for each succeeding day that the omission is continued the penalty shall be a daily fine not exceeding Rs 2.

18. No person shall so extend the roof of any house, or put, or cause to be put, on any house or other building any spout or anything intended for the discharge of water which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and the Commissioners shall have power to take down and alter any such projection or spout or other thing and to recover the costs as a debt due to the Commissioners, or to order the owner or occupier of such building to remove such spout or projection, or to effect the necessary alterations within fifteen days of service of notice.

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5.

[*Government Gazette, 15th April* 1879]

19. No person shall construct, or place over, or by the side of, any public drain any bridge, platform, building, or structure of any kind except by, and with the written permission of, the Commissioners, and in such manner as they shall direct

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10, and for continued infringement after notice, a fine not exceeding Rs 3 daily

20 If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway or into any public drain, the owner of such house, wall, or erection shall remove it after notice within the time prescribed by the Commissioners.

The penalty for disobedience shall be a fine not exceeding Rs 10 The penalty for continued disobedience after the expiry of the time given in the notice shall be a fine not exceeding Rs 3 daily

21. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare except in such manner as shall have been first approved by the Commissioners.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10, and for continued infringement after notice a daily fine not exceeding Rs 2

22 No person shall steep in any tank, ditch, or hollow within municipal limits any jute, hemp, bamboo, or other vegetable matter likely to render the water of such tank, ditch, or hollow offensive or noxious to persons residing or employed in the neighbourhood

The penalty for infringement shall be a fine not exceeding Rs 5, and for continued infringement after notice, a daily fine not exceeding Rs 2

23 The owner or occupier of any nullah, water-course, ditch, or drain, or of any portion thereof, shall keep such nullah, water course, ditch, or drain, or portion thereof, free from filth, dense vegetation, or other obstruction.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10, and for continued infringement after notice, a daily fine not exceeding Rs 3

24. No person shall picket animals, or collect carts, or form any encampment upon any public ground without the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10, and for continued infringement after notice a daily fine not exceeding Rs 2

Of Graves, Grave yards, Burning-grounds and Funerals

25 No person shall build or dig, or cause to be built or dug, a grave in any other place than that selected by the Commissioners for that purpose

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

26 No grave shall be re-opened for the reception of another corpse without the permission of the Commissioners

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20.

27 No person shall build or dig, or cause to be built or dug, a grave which shall be at a less distance than two feet from any other grave

The penalty for infringement shall be a fine not exceeding Rs 20

28 No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in a grave constructed of masonry in such a manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than five feet from the surface ground, or in a grave not constructed of masonry which shall be less than six feet deep.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10.

29 No person shall carry a corpse, or part of a corpse, through any highway unless it be decently covered and concealed from public view.

The penalty for infringement shall be a fine not exceeding Rs. 10.

D. BARBOUR,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 15*th April* 1879.]

১৯। কোন ব্যক্তি কমিশানরদের লিখিত অনুমতি না পাইলে সরকারী কোন নর্দ্দমার উপর বা তৎপার্শ্বে সাঁকো কি রোয়াক কি ঘর কিম্বা কোন প্রকারের গাঁথনী নির্ম্মাণ করিবেন না, অনুমতি পাইলেও তাঁহারা যেরূপে আজ্ঞা করেন কেবল সেই রূপে গাঁথিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশটাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩৲ তিন টাকার অনধিক দণ্ড।

২০। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনী কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, মুনিসিপল কমিশানরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনীর স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড। নোটিসের লিখিত সময় অতীত হইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩ তিন টাকার অনধিক দণ্ড।

২১। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালাদিয়া জল চালাইতে চাহিলে কমিশানরেরা যেরূপে অনুমোদন করেন কেবল সেই রূপে তাহা করিতে পারিবেন নতুবা নয়।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ দুই টাকার অনধিক দণ্ড।

২২। পাট, কি শণ কি বাঁশ কিম্বা উদ্ভিজ্জ অন্য যে দ্রব্য ভিজাইয়া রাখিলে জল দুর্গন্ধ হইয়া নিকটবাসিদের কি তন্নিকটে কর্ম্মকারিদের অনিষ্টজনক হইতে পারে কোন ব্যক্তি মুনিসিপল সীমার অন্তর্গত কোন কোন পুষ্করিণীতে কি খানায় কি গর্ত্তে তাহা ভিজাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের পাঁচ ৫৲ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২৲ টাকার অনধিক দণ্ড।

২৩। কোন নালার কি জলপ্রণালীর কি গর্ত্তের কি নর্দ্দমার কি তাহার কোন অংশের স্বামী কি দখীলকার সেই নালা কি জলপ্রণালী কি গর্ত্ত কি নর্দ্দমা কি তাহার কোন অংশ সকল প্রকারের ময়লা দ্রব্য কি ঘন জঙ্গল কি অবরোধজনক অন্য দ্রব্য হইতে মুক্ত রাখিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ৩ তিনটাকার অনধিক দণ্ড।

২৪। কোন ব্যক্তি মুনিসিপল কমিশানরদের অনুমতিবিনা সরকারী কোন ভূমিতে জন্তু বাঁধিয়া দিবেন না কি গাড়ী সংগ্রহ করিবেন না, কিম্বা তাম্বু ফেলিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড। নোটিস পাইলে পর লঙ্ঘন হইতে থাকিলে দিন প্রতি ২দুই টাকার অনধিক দণ্ড।

কবর ও কবরস্থান ও শবদাহ স্থান ও সমাধির কথা।

২৫। কমিশানরেরা যেস্থান নিরূপণ করেন তদ্ভিন্ন অন্য স্থানে কোন ব্যক্তি কোন কবর গাথিবেন কি খুড়িবেন না কি গাঁথাইবেন না কি খনন করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

২৬। কবরে একটি শব দেওয়া গেলে পর কমিশানরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধিলঙ্ঘনের ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড।

২৭। কোন ব্যক্তি গোরস্থানে কোন কবর গাঁথিলে কি খুঁড়িলে কি গাঁথাইলে কি খনন করাইলে অন্য কবরহইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকার অনধিক দণ্ড।

২৮। কোন ব্যক্তি গোরস্থানের পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুঁতিলে বাক্সের উপরিভাগ যাহাতে মাটীর নীচে পাঁচ ফুটের কম থাকে এমত করে কিম্বা কাঁচা কবর হইলে ছয় ফুটের কম গভীরে পুঁতিবেন কি পোঁতাইবেন না।

এই বিধিলঙ্ঘনের ১০৲ দশটাকার অনধিক দণ্ড।

২৯। কোন ব্যক্তি কোন শব উপযুক্তমতে না ঢাকিয়া ও সাধারণের দৃষ্টিহইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত না করিয়া কোন রাজপথ দিয়া লইয়া যাইবে না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

ডি, বারবর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৫ আপ্রিল।]

JUDICIAL DEPARTMENT

No 2326A.

The 27th March 1879 —Baboo Tiloochun Misser, Tehsildar, or his successor acting for Government, is vested, as a temporary measure, with the powers of a police officer under Act V of 1861 within the pergunnahs of Koira, Solopurdhan, Kumode, and Kolopana, as well as over the whole tract of country in the Bonai State lying on the left bank of the Brahmini He is also appointed an Honorary Magistrate within the above limits, with the power of inflicting fines of not more than Rs 25, and sentences of imprisonment for not more than three months

The Lieutenant-Governor accepts the resignation tendered by Mr M Buskin of his appointment of an Honorary Magistrate in the district of Sarun.

The 4th April 1879 —Mr W B Martin, Deputy Magistrate and Deputy Collector, Sonthal Pergunnahs, is vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Code of Criminal Procedure

The 5th April 1879.—Baboo Ram Dhun Mookerjee is appointed to act as Moonsif of Madehpoorah in Bhagulpore, during the absence, on leave, of Moulvi Atta Hossein, or until further orders

The 7th April 1879 —Baboo Tara Churn Sen is appointed to act as a Moonsif of Brahmunberia in the district of Tipperah, during the absence, on leave, of Baboo Ram Chunder Dhur, or until further orders

The 8th April 1879 —Baboo Brojonath Roy, L L, is appointed to act as Second Sudder Moonsif of Dacca during the absence, on leave, of Baboo Sorbanund Das, or until further orders

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 2nd April* 1879 —Baboo Sorbanund Dass, Second Moonsif of Dacca, is allowed leave of absence for two months and twenty-one days, under Note 1, Section 31 of the Civil Leave Code, with effect from the 15th instant, or from such subsequent date as he may avail himself of it

The 4th April 1879 —Baboo Lokenath Nundi, Second Moonsif of Bograh, in the district of Rungpore, is allowed leave of absence for two months, under Note 1, Section 31 of the Civil Leave Code, with effect from the 2nd April 1879, or from such date as he may avail himself of it

Baboo Girindro Mohun Chuckerbutty, Second Moonsif of Bhanga, in the district of Furreedpore, is allowed leave of absence for three months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of that already granted to him on the 27th September 1878

A MACKENZIE,
Secy to the Govt. of Bengal.

NOTIFICATION

The 8th April 1879 —With reference to the above notification of the Government of India in the Foreign Department, the following certificate of the mode in which copies of judicial records are certified in the State of Cooch Behar is published for general information —

"I hereby certify that the mode in which copies of judicial records of the Cooch Behar Courts are certified as correct copies is as follows —

"A copy of the judicial record being made, the words 'true copy' are written at the top of the copy, and it is signed by the presiding officer (or, in the case of the Deputy Commissioner's Court by the Head Clerk and Sheristadar) of the Court in which the original document is recorded, his official designation being added below his signature, and the seal of the Court affixed thus—

True copy

A B

Dewany Ahilkar of Cooch Behar.

Seal of the Court

(Sd) G. J. DALTON,
Deputy Commr "

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal.

[*Government Gazette*, 15*th April* 1879]

জুডিশ্যল ডিপার্টমেন্ট।

২৩১১ A নম্বর।

১৮৭৯ সাল ২৭ মার্চ।—তহসীলদার শ্রীযুক্ত বাবু ত্রিলোচন মিশ্রকে কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে কর্ম্মকারি তাঁহার উত্তর পদধারিকে কিয়ৎকালের নিমিত্তে কয়র, ও যোল প্রধান ও কযোর ও কলোপামা পরগনায় এবং ব্রাহ্মণীর পূর্ব্ব তীরস্থ বোনই রাজ্যের সমুদয় প্রদেশে ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীস কর্ম্মচারির ক্ষমতা দেওয়া গেল। তিনি উপরোক্ত সীমারমধ্যে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদেও নিযুক্ত হইয়া ২৫৭ টাকার অনধিক অর্থদণ্ড ও তিন মাসের অনধিক কয়েদ করিবার ক্ষমতা পাইলেন।

শ্রীযুত এল, বস্কিম সাহেব সারণ জিলার স্বীয় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ৪ আপ্রিল—সাঁওতাল পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ডবলিউ, বি মার্টিন সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ৫ আপ্রিল।—শ্রীযুত মৌলবী আত্তাহুসেনের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু বারদন মুখোপাধ্যায় ভাগলপুরের অন্তর্গত মধ্যেপুরার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৭ আপ্রিল।—শ্রীযুত বাবু রামচন্দ্র ধরের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু তারাচরণ সেন ত্রিপুরা জিলার অন্তর্গত ব্রাহ্মণবাড়িয়ার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ৮ আপ্রিল।—শ্রীযু বাবু সর্ব্বানন্দ দাসের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু [illegible]নাথ রায়, এল, এল, ঢাকার দ্বিতীয় নম্বর মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৯ সাল ২ আপ্রিল—ঢাকার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু সর্ব্বানন্দ দাস এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারার ১ মন্তব্যমতে দুই মাস একুশ দিনের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ৪ আপ্রিল।—রঙ্গপুর জিলার অন্তর্গত বগড়ার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু লোকনাথ নন্দী ১৮৭৯ সালের ২ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী লন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৩১ ধারার ১ মন্তব্যমতে দুই মাসের ছুটী পাইলেন।

ফরিদপুর জিলার অন্তর্গত ভাঙ্গার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু গিরীন্দ্রমোহন চক্রবর্ত্তী ১৮৭৮ সালের ২৭ সেপ্টেম্বরের যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৮ আপ্রিল।—১৮৭৯ সালের ১৮ মার্চের বাঙ্গলা গবর্ণমেণ্টে গেজেটের প্রথম খণ্ডের ৫৯ পৃষ্ঠার প্রকাশিত ফরিন্ ডিপার্টমেন্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭৯ সালের ৫৩ J নং আজ্ঞাপত্রোপলক্ষে কুচবেহার ষ্টেটের বিচার কার্য্যসম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি যে রূপে সংসিদ্ধ করা যায় তাহার নিম্নলিখিত সর্টিফিকেট সাধারণের অবগতার্থে প্রকাশ করা গেল।

"কুচবিহারের আদালতের বিচার কার্য্যসম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি যেরূপ সংসিদ্ধ করা গেল তাহার শুদ্ধ প্রতিলিপি যে এই আমি এতদ্বারা ইহা নিশ্চয়মতে জানাইতেছি।

"বিচার সম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি করা গেলে, সেই প্রতিলিপির উপরিভাগে প্রকৃত প্রতিলিপি ("true Copy") এইরূপ কথা লেখা যাইবে, ও আসল দলীল যে আদালতে রিকার্ড করা গেল সেই সেই আদালতে অধিপত্যকারী কর্তৃপক্ষ (কিম্বা ডেপুটী কমিশনরের আদালত হইলে প্রধান কেরানী ও ও সিরিশ্তাদার) তাহাতে স্বাক্ষর করিয়া সেই স্বাক্ষরের নিম্নভাগে স্বীয় পদের খ্যাতি লিখিবেন ও তাহাতে এইরূপে আদালতের মোহর বসাইবেন যথা।—

প্রকৃত প্রতিলিপি

শ্রী অমুক

কুচবিহারের দেওয়ানী আহিলকার।

(আদালতের মোহর)

(স্বাক্ষর) জি, জে ডালটন,
ডেপুটী কমিশনর।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৫ আপ্রিল।]

NOTIFICATION

20 As this chapter deals with moveable as well as immoveable property, we have placed it after the chapter on leases, and we have omitted the first paragraph of section 22 as the matter seems sufficiently provided for by Act IX of 1872, sections 64, 65, and Act I of 1867 sections 35,37.

CHAPTER V.—*Of Mortgages of Immoveable Property*

21 *Section* 27—We fear that the abolition of equitable mortgages here proposed by the Law Commissioners would inconvenience the mercantile community We have thought it better to say that a mortgage by deposit of title-deeds shall be deemed to create a charge on the property comprised therein, and to insert the necessary clause in section 68 (now 63).

22 We have provided, in accordance with a suggestion of Mr Field, that in the case of an usufructuary mortgage, the mortgagor may recover possession of the property (1) where the mortgagee is authorized to pay himself from the rents and profits of the property the principal and interest of the mortgage-money—when such principal and interest are so paid, (2) where the mortgagee is authorized to pay himself from such rents and profits the interest of the mortgage-money—when the term (if any) of the mortgage expires and the mortgagor pays or tenders to the mortgagee, or deposits in such Court as last aforesaid, the principal of the mortgage-money"

23 Section 29 (now 24) —We have here declared the duty of a mortgagor to take all legal means to protect his rights in the mortgaged property (Macph 112)

24 Section 31 (now 27) —This provided only for voluntary waste We have now provided that the mortgagor is not liable for permissive waste

25 Section 42 (now 39), clause (*c*) —We have added, in order to meet the case of patni tenures and saleable under-tenures, "and any arrears of rent in default of payment of which the property may be summarily sold"

We have provided that a mortgagee in possession ought to do such repairs as he can pay for out of the rents received after his interest is paid (*see* 9 W R, 488)

We have omitted clause (*e*) The right which it gives is, as Mr Field says, part of the mortgagee's right to take possession, which, as a general rule, finds no place in the Bill

Where sufficient tender is made, the mortgagee in possession is thenceforth accountable for all his receipts from the mortgaged property (9 N-W P 1 Macph 159—160) We have provided for this

26 Section 60 (now 57) —When a mortgagor obtains a decree in a redemption suit and fails to pay the amount due, we think the mortgagee should be entitled either to a foreclosure or a sale We have altered this section accordingly.

27 Section 61 (now 58) —We have omitted the second paragraph and the schedule to which it refers. It is hardly the function of a Bill codifying substantive law to give forms of decrees They should, if necessary, be added to schedule IV of the Code of Civil Procedure

CHAPTER VI —*Of Leases*

28 Section 70 (now 66) —We have substituted a section analogous to that above proposed as a substitute for section 10

29 Section 71 (now 65) We have struck out clauses (*c*) and (*g*). The former is superfluous, the latter is provided for by the Contract Act, sections 64 and 73

Clause (*l*) now (*j*).—With reference to Couch, C. J.'s, decision in *Koegler* v. *Fale*, 5 Beng

এতদ্দ্বারা চুক্তি বিষয়ক আইনের ১৭ ধারার (৫) প্রকরণের প্রতি আকর্ষণ হইবে, ঐ প্রকরণে নির্দ্দেশ আছে যে " যে কাম ক্রটি আইনে বিশেষ করিয়া প্রতারণাজনক বলিয়া নির্দ্দেশ আছে" "প্রতারণা" শব্দে তাহাও বুঝাইবে।

১৮। পাণ্ডুলিপি একণে শব্দের কার্য্য দ্বারা হস্তান্তর করণ বিষয়ে দৃঢ়রূপে আবদ্ধ হওয়ায়, ক্রেতা ক্রয় সম্পূর্ণ করিবার পূর্ব্বে যোত্রহীন হইলে কার্য্যপ্রণালী বিষয়ক ১৩ ধারা উঠাইয়া দিয়াছি। আর সেই কারণেই আমরা পাট্টাদার পাট্টার মিয়াদ থাকিতে যোত্রহীন হইলে কার্য্যপ্রণালী বিষয়ক ৭৩ ধারা উঠাইয়া দিয়াছি।

১৯। একত্র ক্রয় সম্বন্ধীয় ১৭ (এক্ষণে ১৮) ধারায় আমরা শ্রীযুত ফীল্ড সাহেবের পরামর্শানুসারে এই কথাগুলি যোগ করিয়াছি।—

"টাকার কে কি অংশ দিয়াছেন ইহার প্রমাণ না থাকিলে সম্পত্তিতে সকলের সমান স্বার্থ আছে বলিয়া অনুমান হইবে।"

চতুর্থ অধ্যায়।—বিনিময় বিষয়ক বিধি।

২০। এই অধ্যায়ে অস্থাবর স্থাবর দুই প্রকার সম্পত্তির কথা থাকায়, আমরা এটি পাট্টাবিষয়ক অধ্যায়ের পরে বিন্যস্ত করিয়াছি, এবং ২২ ধারার প্রথম পরিচ্ছেদটী উঠাইয়া দিয়াছি কারণ ১৮৭২ সালের ৯ আইনের ৬৪ ও ৬৫ ধারায়, ও ১৮৬৭ সালের ১ আইনের ২৫ ও ৩৭ ধারায় এতদ্বিষয়ের যথাযোগ্য বিধান আছে বোধ হয়।

পঞ্চম অধ্যায়। স্থাবর সম্পত্তির বন্ধক বিষয়ক বিধি।

২১। ২৭ ধারা।—আমাদের আশঙ্কা হয় যে এতদ্বিষয়ী সম্পর্কীয় বন্ধক উঠাইয়া দিবার নিমিত্ত এক্ষণে লা কমিশনের সাহেবেরা যে প্রস্তাব করিয়াছেন তাহাতে বণিক সমাজের অসুবিধা হইবে। অধিকারপত্র গচ্ছিত করিয়া বন্ধক দিলে তৎসংক্রান্ত সম্পত্তির উপর দায় বর্ত্তান হইল বলিয়া জ্ঞান করা যাইবে, আমরা এইরূপ বলা উৎকৃষ্টতর বিবেচনা করিয়াছি এবং ৬৮ (একণে ৬৩) ধারায় আবশ্যক প্রকরণ দিয়াছি।

২২। আমরা শ্রীযুত ফীল্ড সাহেবের পরামর্শানুসারে বিধান করিয়াছি যে উপস্বত্ব ভোগসহিত বন্ধক হইলে (১) যে স্থলে সম্পত্তির খাজানা ও উপস্বত্ব হইতে বন্ধকী ঋণ সুদসমেত পরিশোধ করিয়া লইবার ক্ষমতা বন্ধকগ্রহীতাকে দেওয়া গিয়াছে সেই স্থলে ঐ ঋণ সুদসমেত পরিশোধ করা গেলে, ও (২) যে স্থলে বন্ধকগ্রহীতাকে উক্ত খাজানা ও উপস্বত্ব হইতে কেবল বন্ধকী ঋণের সুদ লইবার ক্ষমতা দেওয়া গিয়াছে সে স্থলে কোন মিয়াদ থাকিলে সেই মিয়াদ গত হইলে, ও বন্ধকদাতা বন্ধকের টাকা বন্ধকগ্রহীতাকে দিলে কি দিতে চাহিলে কিম্বা পূর্ব্বোক্তরূপে আদালতে আমানত করিলে, বন্ধকদাতা সম্পত্তির অধিকার পুনঃ প্রাপ্ত হইতে পারিবেন।

২৩। ২৯ (এক্ষণে ২৪) ধারা।—আমরা এই স্থলে নির্দ্দেশ করিয়াছি যে বন্ধকী সম্পত্তিতে স্বীয় স্বত্ব রক্ষণার্থে বন্ধকদাতার সমুদয় আইনমত উপায় অবলম্বন করা কর্ত্তব্য (ম্যাকফার্সন ১১২)।

২৪। ৩১ (এক্ষণে ২৭) ধারা।—ইহাতে কেবল ইচ্ছাপূর্ব্বক অপচয় সম্বন্ধে বিধান ছিল। আমরা এক্ষণে বিধান করিয়াছি যে বন্ধকদাতা অপচয় হইতে দিলে তজ্জন্য দায়ী হইবেন না।

২৫। ৪২ (এক্ষণে ৩৯) ধারার (গ) প্রকরণ।—পত্তনি ও বিক্রয়যোগ্য অধীন ভূসম্পর্কের স্থলের বিধানার্থ আমরা এই২ কথা যোগ করিয়াছি, "এবং যে বাকী খাজানা দিতে ক্রটি হইলে সম্পত্তি সরাসরিমতে বিক্রীত হইতে পারে তাহা।"

আমরা বিধান করিয়াছি যে, যে বন্ধকগ্রহীতার অধিকারে সম্পত্তি থাকে, স্বীয় সুদ লইবার পরে প্রাপ্ত খাজানা হইতে যেরূপ মেরামত করিতে পারেন তাঁহার সেরূপ করা উচিত (৯ উ রিঃ ৪৮৮ পৃ দেখ, আমর (ঙ) প্রকরণটী উঠাইয়া দিয়াছি। শ্রীযুত ফীল্ড সাহেব বলেন যে ইহাতে যে স্বত্ব প্রদত্ত হইয়াছে তাহা বন্ধকগ্রহীতার অধিকার পাইবার স্বত্বের অংশ, এবং শেষোক্ত স্বত্বটী সাধারণ বিধি বলিয়া পাণ্ডুলিপিতে স্থান পায় নাই।

যৎকালে যথাযোগ্য টাকা দিতে চাহা যায়, বন্ধকগ্রহীতার অধিকারে সম্পত্তি থাকিলে তদবধি বন্ধকী সম্পত্তিহইতে প্রাপ্ত সমুদয় টাকার হিসাব তাঁহার দিতে হইবে। (৯ উ প প্র রি ১ পৃ, ম্যাক্ফর্সন ১৫৯-১৬০ পৃ)। আমরা এবিষয়ের বিধান করিয়াছি।

২৬। ৬০ (এক্ষণে ৫৭) ধারা।—যে স্থলে উদ্ধারকরণ বিষয়ক মোকদ্দমার ডিক্রী পাইয়া বন্ধকদাতারের টাকা দিতে না পারেন, সে স্থলে বন্ধকগ্রহীতা উদ্ধার করিবার স্বত্ব রহিত করিতে অথবা বিক্রয় করিতে স্বত্ববান, এরূপ আমরা বিবেচনা করি। তন্নিবন্ধন আমরা এই ধারাটী পরিবর্ত্তিত করিয়াছি।

২৭। ৬১ (এক্ষণে ৫৮ ধারা।—আমরা দ্বিতীয় পরিচ্ছেদ ও তদুল্লিখিত তফসীল উঠাইয়া দিয়াছি। যে পাণ্ডুলিপিতে মূল্য ব্যবস্থাসংগ্রহীত হইতেছে, ডিক্রীর পাঠ দেওয়া সেই পাণ্ডুলিপির কার্য্য নহে। যদি আবশ্যক হয় ঐ পাঠগুলি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪ তফসীলে যোগ করিয়া দেওয়া উচিত।

ষষ্ঠ অধ্যায়।—পাট্টাবিষয়ক বিধি।

২৮। ৭০ (এক্ষণে ৬১) ধারা।—১০ ধারার পরিবর্ত্তে পূর্ব্বে যেরূপ ধারা দিবার প্রস্তাব করা গিয়াছে এখানে তদ্রূপ একটী ধারা দেওয়া গেল।

২৯। ৭১ (এক্ষণে ৬৫) ধারা।—আমরা (গ) ও (ছ) প্রকরণ উঠাইয়া দিয়াছি। প্রথমটী অনাবশ্যক দ্বিতীয়টী সম্বন্ধে চুক্তিবিষয়ক আইনের ৬৪ ও ৭৩ ধারায় বিধান আছে।

(ঠ) এক্ষণে[ঞ] প্রকরণ।—কেয়ার ও হডেন সাহেবের মোকদ্দমায় (৫ বেঙ্গল-লা রিঃ ৪০ ১,৪১৬) ধান্য-

401, 416, we think this clause should run thus —"The lessee may use the property leased and its products (if any) as a reasonable owner would use them, but he must not use the property for a purpose other than that for which it was leased, or fell timber, open mines or quarries, or commit any other act which is destructive or permanently injurious thereto." We have added "The prohibition in this clause does not apply to mines which were open when the lease was granted."—*See* 8 Chan. Div 526.

Clause (*q*) now (*o*) —We have inserted words in the proviso to show that the lessor's transferee is not entitled to arrears of rent due before the transfer

Clause (*r*) now (*p*) —We have made (in accordance with a suggestion of the Government of the North-Western Provinces) the second paragraph to run thus —"Nothing in this clause shall be deemed to authorize a tenant having a right of occupancy, the farmer of an estate in respect of which default has been made in paying revenue, and the lessee of an estate under the management of a Court of Wards, to assign his interest as such tenant, farmer or lessee"

30 Section 76 (now 70) —We have completed the list of events on which a lease determines

31. We have redrawn the clause as to waiver of forfeiture and notice. It is now numbered 71, 72

32. We have inserted a section (74) as to the effect of surrender and forfeiture of a lease, on sub-lessees.

33 We have made some other comparatively unimportant omissions, additions and alterations in wording and arrangement We have added on the margins references to the reported decisions of the Indian Courts and the Judicial Committee, which justify the rules contained in the Bill It will be seen that but few of these rules are devoid of this valuable support The assertion that the Bill would introduce a mass of new law into India must therefore be due to ignorance of the extent to which English law (under the name of justice, equity and good conscience) is actually administered to the Natives by the Anglo-Indian Courts The object of the Bill, like that of all our Codes, is to strip our own law of all that is local and historical, and to mould the residue into a shape in which it would be suitable for an Indian population and could be easily administered by non-professional Judges But the Bill will introduce hardly any new substantive law, and it will not (except in the case of the procedure relating to mortgages) displace any existing enactment. The rules, for instance, as to the relation of landlord and tenant contained in the local Acts, X of 1859, XVIII of 1873, XIX of 1868, XXVIII of 1868, Bengal Act VIII of 1869, and Madras Act VIII of 1865, will all remain untouched

34 To the body of local usages and contractual incidents which in India, as in other countries, exists as to the transfer of land, the tenderest care is shewn by the Bill Not only is local usage expressly saved in sections 62, 65, and 68, but the effect of section 1, clause (*a*), will be to maintain intact the statutory force which the legislature has given to local usage in those two *pays de coutumes* the Panjáb and Oudh, and throughout India all the many incidents of a mortgage or a lease, which are not inconsistent with the provisions of the Bill will remain wholly unaffected

35 The Bill and preliminary report of the Select Committee have been published in English in the Presidency-towns, the Panjáb, the Central Provinces, and British Burma From the North-Western Provinces no report of publication has been received Publication of the Bill and Report in the vernacular has been reported only by the Government of Bengal We recommend that the Bill as now altered be published in the *Gazette of India* and sent to the various local Governments for opinion And we think that no further steps should be taken upon the Bill until it has been reported on by the new Indian Law Commission

WHITLEY STOKES
F R. COCKERELL

CALCUTTA,
The 19th February 1879

[*Government Gazette*, 15*th April* 1878.]

বর শ্রীযুত চীফ জষ্টিস কৌচ সাহেব যে বিচার করেন তদনুসারে আমাদের বিবেচনায় এই প্রকরণটী এই রূপ হইবে।—

"ভোগ সম্বন্ধীয় সকল কার্য্যপক্ষে পাট্টাদার জানবান কোন স্বামির ন্যায় পাট্টাই সম্পত্তির ও তদুৎপন্ন দ্রব্য থাকিলে তাহার ব্যবহার করিতে পারিবেন কিন্তু যে অভিপ্রায়ে পাট্টা দেওয়া যায় তদ্ভিন্ন অন্য কোনরূপে উক্ত সম্পত্তির ব্যবহার করিতে পারিবেন না কিম্বা বাহাদুরী কাষ্ঠের বৃক্ষ চ্ছেদন করিতে কি ঘর ভাঙ্গিয়া ফেলিতে বা তাহার হানি করিতে কি খনি খুড়িতে কি যাহাতে সম্পত্তির বিনাশ সাধন কি চিরকালীন ক্ষতি হয় এরূপ কার্য্য করিতে পারিবেন না।

আমরা যোগ করিয়াছি পাট্টা দিবার সময়ে যে সকল খনি খোলা ছিল তৎপ্রতি এই প্রকরণের নিষেধ বর্ত্তে না। ৮ চানসরি ডিবিজনের রি ৫২৬ পৃষ্ঠা দেখ।

(খ) এইক্ষণে (ব) প্রকরণ।—হস্তান্তর করিবার পূর্ব্বে যে খাজানা বাকী পড়ে পাট্টাদাতা যাঁহাকে সম্পত্তি হস্তান্তর করিয়া দেন তিনি ঐ বাকী খাজানা পাইবার স্বত্ববান নহেন ইহা দর্শাইবার নিমিত্ত আমরা উপবিধানে কথা বসাইয়াছি।

(দ) এক্ষণে (ত) প্রকরণ।—উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণমেন্টের পরামর্শানুসারে আমরা দ্বিতীয় পরিচ্ছেদটী এইরূপ করিয়াছি।

"দখলী স্বত্ববিশিষ্ট প্রজাকে কি যে মহালের রাজস্ব দিতে ত্রুটি হইয়াছে তাহার ইজারাদারকে কি কোর্ট অব ওয়ার্ডসের স্বত্বাধীন ইষ্টেটের পাট্টাদারকে এই ধারার কোন কথাক্রমে উক্ত প্রজা, কি ইজারদার কি পাট্টাদারস্বরূপ আপনার স্বার্থ অন্যের প্রতি নিরূপণ করিবার ক্ষমতা যে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে না।"

৩০। ৭৬ (এক্ষণে ৭০) ধারা।—পাট্টার মিয়াদান্ত যে সকল ঘটনা সাপেক্ষ আমরা তৎসমুদয়ের তালিকা সম্পূর্ণ করিয়াছি।

৩১। দণ্ড ও নোটিস সম্বন্ধীয় স্বত্বত্যাগ বিষয়ক প্রকরণটী আমরা নূতন করিয়া লিখিয়াছি। ইহা এক্ষণে ৭১, ৭২ ধারা হইয়াছে।

৩২। আমরা পেটাও পাট্টাদারদের উপর পাট্টাত্যাগ কি দণ্ডের ফল বিষয়ক একটী ধারা (৭৪) দিয়াছি।

৩৩। আমরা শব্দের ও বিন্যাসের কিছু সামান্য পরিবর্জ্জন, পরিবর্দ্ধন ও পরিবর্ত্তন করিয়াছি। পাণ্ডুলিপিতে যে সকল বিধি আছে পার্শ্বে তৎপোষক ভারতবর্ষীয় আদালতের ও প্রিবিকৌন্সিলের বিচারের রিপোর্টের উল্লেখ করা গিয়াছে। দৃষ্ট হইবে যে ঈদৃশ সারবান্ প্রতিপোষণ যে সমুদয় বিধির নাই, তৎ সমুদয়ের সংখ্যা অল্প। সুতরাং বিচার, ন্যায়, ও সদ্বিবেকের নামে ভারতবর্ষীয় ইংরাজরাজের আদালতে এতদ্দেশবাসীদের মোকদ্দমায় যে পরিমাণে ইংরাজী আইনের প্রয়োগ হয়, তাহা না জানিয়াই কেহ২ বলিয়া থাকেন যে এই পাণ্ডুলিপি দ্বারা ভারতবর্ষে নূতন ব্যবস্থা রাশি উপস্থাপিত হইতেছে। আমাদের সমুদয় আইনসংগ্রহের ন্যায় এই পাণ্ডুলিপির উদ্দেশ্য এই যে, আমাদের আইনে যে স্থানীয় ও ঐতিহাসিক ভাব আছে তাহা বিলোপ করিতে হইবে ও অবশিষ্ট ভাগের এরূপ আকার করিতে হইবে যাহাতে উহা ভারতবর্ষবাসীদের উপযোগী হয় এবং অব্যবসায়ী বিচারপতিরা উহা লইয়া সহজে কার্য্য করিতে পারেন। কিন্তু এই পাণ্ডুলিপিতে প্রায়ই নূতন মূল ব্যবস্থা নাই, এবং বন্ধকসম্বন্ধীয় কার্য্যপ্রণালী ভিন্ন কোন স্থলে বর্ত্তমান আইন রহিত করা হইবে না, ইহার একটী দৃষ্টান্ত ঐ যে, ভূম্যধিকারী ও প্রজার সম্বন্ধবিষয়ক যে সকল বিধি, ১৮৫৯ সালের ১০ আইন, ১৮৭৩ সালের ১৮ আইন ১৮৬৮ সালের ১৯ আইন, ১৮৬৮ সালের ২৮ আইন, ১৮৬৯ সালের বর্দ্দীয় ৮ আইন, ১৮৬৫ সালের মান্দ্রাজী ৮ আইন, প্রভৃতি স্থানীয় আইনে আছে তাহা স্পর্শ করা যায় নাই।

৩৪। ভূমির হস্তান্তর সম্বন্ধে অন্যান্য দেশের ন্যায় ভারতবর্ষে যে সকল দেশাচার ও চুক্তির নিয়ম আছে বিশেষ যত্নসহকারে পাণ্ডুলিপিতে স সকল রক্ষিত হইয়াছে। কেবল যে ৬২ ও ৬৫ ও ৬৮ ধারায় দেশাচার স্পষ্ট করিয়া রক্ষিত হইয়াছে এরূপ নহে, ১ ধারার [ক] প্রকরণে যে বিধান করা গিয়াছে তাহার ফল এই হইবে যে দেশাচারপ্রধান পঞ্জাবে ও আযোধ্যায় ব্যবস্থাপকগণ দেশাচার যদ্রূপ রাজব্যবস্থাতুল্য বলবৎ করিয়াছেন তদ্রূপই থাকিবে এবং এই পাণ্ডুলিপির বিধান বিরুদ্ধ না না হইলে, ভারতবর্ষে সর্ব্বত্র বন্ধক ও পাট্টাসংযুক্ত সর্ব্বপ্রকার ভিন্ন২ অনুষঙ্গ সম্পূর্ণরূপে অপরিবর্ত্তিত থাকিবে।

৩৫। সমুদয় রাজধানীতে, পাঞ্জাবে মধ্যপ্রদেশে ও ব্রিটীষ ব্রহ্মদেশে, ইংরাজী ভাষায় পাণ্ডুলিপি ও সিলেক্ট কমিটীর প্রাথমিক রিপোর্ট প্রকাশিত হইয়াছে। উত্তরপশ্চিম প্রদেশ হইতে প্রকাশিত হইবার রিপোর্ট পাওয়া যায় নাই। পাণ্ডুলিপি ও রিপোর্ট দেশীয় ভাষায় প্রকাশিত হইবার রিপোর্ট কেবল বঙ্গদেশের গবর্ণমেণ্ট হইতে পাওয়া গিয়াছে। আমাদের পরামর্শ এই যে বর্ত্তমান পরিবর্ত্তিত পাণ্ডুলিপি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায় এবং মত জানিবার জন্য ভিন্ন২ স্থানীয় গবর্ণমেন্টের নিকটে পাঠান যায় এবং আমরা বিবেচনা করি যে যাবৎ নূতন ভারতবর্ষীয় লা কমিশ্যন এতদ্বিষয়ে রিপোর্ট না করেন এই পাণ্ডুলিপি সম্বন্ধে আর কোন কার্য্য করা না হয়।

কলিকাতা, উইটলি ষ্টোক্‌স।
১৮৭৯ সাল ১৯ ফেব্রুয়ারি। এফ, আর, কক্রেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ৮৭৯। ১৫ আপ্রিল।

I concur in all the omissions and amendments made by the Committee and in their final recommendation, but I believe the Bill to be capable of further simplification, and regret to notice the almost entire absence of illustrations.

T. H. THORNTON

I have not had time to consider either the provisions of the Bill or the changes now made thoroughly, but I agree that the chapters on Powers, Settlements, &c, should be omitted, and think these omissions necessitate republication with a view to elicit fresh criticism to be laid before the new Commission

I would modify the new section 11 by requiring a written instrument in all cases where the value of the property sold is Rs 100 or upwards This will involve registration and get rid of the inconvenience and anomaly which would arise from oral sales of valuable land with deferred possession and no registration. Subject to the above remarks, I approve of the additions now made to the Bill.

G H P. EVANS.

I concur in all the omissions, and agree that there should be a further publication.

G C PAUL.

I am opposed to the republication of this Bill at the present time I believe that there is a great deal still left in the Bill which it will be desirable to omit, as relating to matters on which legislation is not called for; and I think that there should be no further publication until the Law Commission have reported on the measure

A. J. ARBUTHNOT.

I am inclined to think that there can be no harm in republishing the Bill in its present form (though I must say that I believe it admits of further improvement), inasmuch as the republication will elicit public criticisms which may be of some use to the Law Commission

JOTINDRA MOHAN TAGORE.

কমিটী যে সকল পরিবর্জ্জন ও সংশোধন করিয়াছেন ও শেষ যে পরামর্শ দিয়াছেন, তাহাতে আমি সম্মত আছি। কিন্তু আমার বিশ্বাস এই যে পাণ্ডুলিপি আরও সরল করা যাইতে পারে এবং উদাহরণের প্রায় সম্পূর্ণ অভাব দেখিয়াও দুঃখ হয়।

টি, এচ, থর্ণটন।

পাণ্ডুলিপির বিধান কি এক্ষণকার পরিবর্ত্তন কিছুই আমি ভাল করিয়া বিবেচনা করিয়া দেখিবার সময় পাই নাই, কিন্তু ক্ষমতা, সম্পত্তি নিরূপণ প্রভৃতি অধ্যায় পরিবর্জ্জন সম্বন্ধে আমার সম্মতি আছে এবং আমি বিবেচনা করি যে এই সকল পরিবর্জ্জন নিবন্ধন পাণ্ডুলিপির পুনঃ প্রচার আবশ্যক, তাহাতে নূতনকমিশ্যনের নিকটে স্থাপন জন্য নূতন তর্ক বিতর্ক পাওয়া যাইতে পারিবে।

বিক্রীত সম্পত্তির মূল্য যে সকল স্থলে ১০০ টাকা কি তদধিক সে সকল স্থলে লেখ্য আবশ্যক, এই বিধান করিয়া আমি নূতন ১১ ধারা পরিবর্ত্তিত করিতে চাই। ইহাতে রেজিষ্টরী করণ প্রয়োজনীয় হইবে, এবং রেজিষ্টরী না করিয়া দখল না দিয়া মূল্যবান্ ভূমির বাচনিক বিক্রয় দ্বারা যে অসুবিধা ও বিশৃংখলা উপস্থিত হয়, তাহারও নিবারণ হইবে। এইং মন্তব্য কথা সাপেক্ষ রাখিয়া আমি পাণ্ডুলিপির এক্ষণকার সংযুক্তাংশের অনুমোদন করি।

জি, এচ, পি, ইবান্স।

সমুদয় পরিবর্জ্জন আমার অভিমত এবং পাণ্ডুলিপির পুনঃ প্রচার সম্বন্ধেও আমার সম্মতি আছে।

জি, সি, পল।

এক্ষণে পাণ্ডুলিপি পুনঃ প্রচার করা আমার অনভিমত। আমার বিশ্বাস এই যে যে বিষয়ে ব্যবস্থা করিবার প্রয়োজন নাই তদ্বিষয়ক বলিয়া পরিবর্জ্জনীয় এরূপ অনেক কথা পাণ্ডুলিপিতে আছে, এবং আমি বিবেচনা করি যে যাবৎ এবিষয়ে লা কমিশ্যন রিপোর্ট না করেন, তাবৎ পুনঃ প্রচার করা না হয়।

এ, জে, আরবথনট।

যদিও আমার বলিতে হইতেছে, আমার বিশ্বাস এই যে পাণ্ডুলিপি আরও সংশোধিত হইতে পারে, তথাপি পাণ্ডুলিপি বর্ত্তমানাকারে পুনঃ প্রচার করাতে কোন হানি নাই এরূপ বিবেচনা করিতে আমার প্রবৃত্তি হইতেছে, কারণ এরূপ পুনঃ প্রচার দ্বারা যে সাধারণ তর্কবিতর্ক উত্থিত হইবে তাহা লা কমিশ্যনের কার্য্যে লাগিতে পারে।

যতীন্দ্রমোহন ঠাকুর।

[*Government Gazette*, 15th *April* 1879]

No. III.

THE TRANSFER OF PROPERTY BILL, 1879

CONTENTS

PREAMBLE

CHAPTER I

PRELIMINARY

CHAPTER II

OF TRANSFERS OF IMMOVEABLE PROPERTY

CHAPTER III

OF SALES OF IMMOVEABLE PROPERTY

৩ নম্বর।

১৮৭৯ সালের সম্পত্তি হস্তান্তর করণবিষয়ক আইনের পাণ্ডুলিপি।

নির্ঘণ্টপত্র।

হেতুবাদ।

১ প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

২ দ্বিতীয় অধ্যায়।

স্থাবর সম্পত্তির হস্তান্তর করণ বিষয়ক বিধি।

৩ তৃতীয় অধ্যায়।

স্থাবর সম্পত্তি বিক্রয়বিষয়ক বিধি।

No III.

A Bill to amend the law relating to the Transfer of Property by act of Parties

Preamble

WHEREAS it is expedient to define and amend certain parts of the law relating to the transfer of

৩ নম্বর।

পক্ষদের কার্য্যদ্বারা সম্পত্তি হস্তান্তরকরণ বিষয়ক আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

পক্ষদের কার্য্যদ্বারা সম্পত্তি হস্তান্তর করণ বিষয়ক আইনের কোনং অংশ নির্দ্ধারণ ও সংশোধন করা বিহিত। এই

property by act of parties, it is hereby enacted as follows —

CHAPTER I.

PRELIMINARY.

Short title

1 This Act may be called "The Transfer of Property Act, 1879"

Extent

It extends to the whole of British India,

Commencement

And it shall come into force on the first day of *January*, 1880

Repeal of Acts.

2 On and from that day the enactments specified in the schedule hereto annexed shall be repealed to the extent mentioned in the third column thereof But nothing herein contained shall be deemed to affect—

Saving of certain Acts, incidents, rights, liabilities, &c

(*a*) the provisions of any enactment not hereby expressly repealed

(*b*) any incidents of any contract which are not inconsistent with the provisions of this Act

(*c*) any right or liability acquired or incurred before this Act comes into force, or any remedy in respect of any such right or liability

(*d*) the right to anything affixed to the soil by the lessee under any lease granted before this Act comes into force

(*e*) any right of pre-emption acquired after this Act comes into force

(*f*) any transfer by operation of law.

Interpretation-clause

3 In this Act, unless there be something repugnant in the subject or context—

"assurance"

"assurance" means any non-testamentary instrument which purports or operates to create, transfer, or otherwise dispose of, whether in present, or in future, any right, title or interest, whether vested or contingent to or in immoveable property

"registered"

"registered" means registered in British India under the law for the time being in force regulating the registration of documents

"attached to the earth."

"attached to the earth" means—

(*a*) imbedded in the earth, as in the case of walls·

(*b*) permanently resting upon it, as in the case of buildings, or

(*c*) attached to what is so imbedded or so resting

হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১ প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "সম্পত্তি হস্তান্তরকরণ বিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তি।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত সমস্ত স্থানের প্রতি বর্ত্তিবে।

যে সময় অবধি প্রচলিত হইবে।

ও ১৮৮০ সালের জানুয়ারি মাসের প্রথম দিবসাবধি প্রবল হইবে।

যে২ আইন রহিত হইবে।

২ ধারা। উক্ত দিবসাবধি এই আইন সংযুক্ত প্রথম তফসীলের নির্দ্দিষ্ট সকল বিধান ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর উল্লেখ হইয়াছে, তত দূর রহিত করা যাইবে। কিন্তু এই আইনের কোন কথার দ্বারা

কোন২ আইন ও বা পাট্টা ও স্বত্ত্ব ও দায়প্রভৃতি প্রবল থাকিবার কথা।

(ক) এতৎক্রমে যে আইন স্পষ্ট রহিত করা যায় নাই তাহার কোন বিধানের, ও

(খ) চুক্তি ঘটিত যে অনুষঙ্গ এই আইনের বিধানের সহিত অসঙ্গত নয় তাহার, ও

(গ) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কোন স্বত্ব প্রাপ্ত হওয়া যায় কি যে কোন দায় বর্ত্তে তাহার কিম্বা সেই স্বত্ব কি দায় সম্পর্কীয় কোন প্রতিকারের, ও

(ঘ) এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে পাট্টা দেওয়া যায় তৎক্রমে মৃত্তিকার সংলগ্ন কোন বস্তুতে প্রজার যে স্বত্ব থাকে তাহার, ও

(ঙ) এই আইন প্রচলিত হইবার পর ক্রয় করণের যে অগ্রস্বত্ব প্রাপ্ত হওয়া যায় তাহার, ও

(চ) আইনের কার্য্যক্রমে যে হস্তান্তর করণ ঘটে, তাহার, যে বিঘ্ন হইল এমত জ্ঞান করিতে হইবে না।

অর্থকরণের ধারা।

৩ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর বোধ না হইলে,

নিবন্ধপত্র।

উইল ভিন্ন যে নিদর্শনপত্রের মর্ম্মানুসারে কি ফলানুসারে স্থাবর সম্পত্তিগত নির্দ্ধারিত কি সম্ভাবিত কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক বর্ত্তমানে কি ভাবিকালে সৃষ্ট কি হস্তান্তরিত হয় কি প্রকারান্তরে প্রযোগ করা যায়, "নিবন্ধপত্র শব্দে এমত কোন নিদর্শনপত্র বুঝিতে হইবে।

"রেজিষ্টরী।"

দলীল রেজিষ্টরী করণবিষয়ক যে আইন যৎকালে প্রচলিত থাকে, তদনুসারে ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে যে রেজিষ্টরী করা যায়, "রেজিষ্টরী" শব্দে তাহাই বুঝিতে হইবে।

"ভূসংলগ্ন।"

"ভূসংলগ্ন" শব্দে

(ক) ভিত্তির ন্যায় ভূমিতে গ্রথিত, বা

(খ) গৃহাদির ন্যায় ভূমির উপর স্থায়িরূপে স্থিত, বা

(গ) তদ্রূপ গ্রথিত বা স্থিত বস্তুতে প্রেক, বোলট,

as by means of nails, bolts, screws, cement, solder or other permanent fastening

4 Chapters III, IV, V and VI of this Act shall be construed as one with the Indian Contract Act, 1872.

Chapters III, IV, V and VI to be part of Act IX of 1872.

CHAPTER II

OF TRANSFERS OF IMMOVEABLE PROPERTY.

5 Every person competent to contract may make a transfer of immoveable property, but subject to the law for the time being in force as to the circumstances and extent in and to which he may dispose of such property

Persons competent to make transfers of immoveable property.

6 Unless a different intention is expressed or necessarily implied, a transfer of immoveable property vests in the transferee all the interest which the transferor is then capable of passing therein and in the legal incidents thereof

Operation of transfer

Such incidents include (where the property is land, the easements annexed thereto, the rents and profits thereof, the mines and minerals thereunder, and the standing trees, and all other products of the soil,

and (where the property is machinery attached to the earth) the moveable parts thereof,

and (where the property is a house) the easements annexed thereto and its locks, keys, bars, doors, windows, pankhas, half-doors, mats and blinds

7 The transferor of immoveable property cannot give to another a title thereto better than his own, and where he has only a restricted power of alienating the property, he cannot give to another a title thereto valid as against third parties, except upon an alienation within the restriction

Title which transferor of immoveable property can give

Provided that where the transferor is (a) the manager of the property of a minor and an undivided family, or an endowed temple, (b) a sonless Hindu widow in possession of her deceased husband's property, or (c) a trustee, benámidar or other ostensible owner, the transferee's title shall not be impeached if the transfer has been made for a consideration and the transferee has acted in good faith and used due care and diligence to ascertain

Protection to innocent transferees for value

ক্রু, রক্ত, পাটন, বা স্থায়িরূপে আঁটিয়া রাখিবার অন্য দ্রব্য দ্বারা সংলগ্ন, বুঝিতে হইবে।

৪ ধারা। ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের আইনের সহিত এক জ্ঞান করিয়া এই আইনের ৩ ও ৪ ও ৫ ও ৬ অধ্যায়ের অর্থ করিতে হইবে।

৩, ৪, ৫ ও ৬ অধ্যায় ১৮৭২ সালের ৯ আইনের অংশ বলিয়া গণ্য হইবে।

২ দ্বিতীয় অধ্যায়।

স্থাবর সম্পত্তির হস্তান্তরকরণবিষয়ক বিধি।

৫ ধারা। কোন ব্যক্তি চুক্তি করিতে সক্ষম হইলেই, যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে তিনি যেই প্রকারে ও যত দূর স্থাবর সম্পত্তি প্রয়োগাদি করিতে সক্ষম হন, তাহা প্রবল মানিয়া সেই সম্পত্তির হস্তান্তর করিতে পারিবেন।

যাঁহারা স্থাবর সম্পত্তির হস্তান্তর করিতে সক্ষম তাঁহাদের কথা।

৬ ধারা। ভিন্ন অভিপ্রায় স্পষ্ট ব্যক্ত না থাকিলে অথবা অবশ্য না বুঝাইলে, যে স্থাবর সম্পত্তি হস্তান্তর করা যায়, হস্তান্তরকারী তদন্তর্গত যে সমুদয় সম্পর্ক ও আইনঘটিত অনুষঙ্গ হস্তান্তর করিতে সক্ষম, হস্তান্তর গ্রহীতাকে তৎসমুদয় অর্পণ করা যাইবে।

হস্তান্তর করণের ফলের কথা।

এই অনুষঙ্গের মধ্যে এইং বিষয় ধরা যাইবে,

উক্ত সম্পত্তি ভূমি হইলে, তৎসংলগ্ন স্বাচ্ছন্দ্য ভোগস্বত্ব ও তন্নিম্নস্থ খান ও খনিজ পদার্থ ও দণ্ডায়মান বৃক্ষ ও ভূমির উৎপন্ন অন্য সকল দ্রব্য।

উক্ত সম্পত্তি ভূমিতে সংলগ্ন কল হইলে, সেই কলের যে অংশ সরাইয়া লওয়া যাইতে পারে তাহা।

এবং উক্ত সম্পত্তি ঘর হইলে, তৎসংলগ্ন স্বাচ্ছন্দ্য-ভোগস্বত্ব ও কুলুপ, চাবি হুড়কা, দ্বার, জানালা, পাখা অৰ্দ্ধ দ্বার, মাদুর ও পর্দা।

৭ ধারা। স্থাবর সম্পত্তির স্বামী অন্যের প্রতি আপনার অধিকার অপেক্ষা শ্রেষ্ঠ অধিকার দান করিতে পারেন না। ও তাঁহার সম্পত্তি হস্তান্তর করিবার ক্ষমতা কেবল সীমাযুক্ত হইলে তিনি সেই সীমার মধ্যে হস্তান্তর না করিলে, অন্যের প্রতি তৃতীয় ব্যক্তির বিপরীত প্রবল অধিকার দান করিতে পারেন না।

স্থাবর সম্পত্তির হস্তান্তর করিয়া যেরূপ অধিকার দান করিতে পারেন তদ্বিষয়ক কথা।

পরন্তু হস্তান্তরকারী (ক) নাবালগের কি অবিভক্ত পরিবারের কি বিষয়দত্ত মন্দিরের সম্পত্তির কার্য্যাধ্যক্ষ স্বরূপ, কিম্বা (খ) মৃত স্বামির সম্পত্তির অধিকারিণী অপুত্রা হিন্দু বিধবাস্বরূপ, কিম্বা (গ) ন্যাসধারী কি বেনামী দার কি দৃষ্টতঃ অন্য স্বামিস্বরূপ হস্তান্তর করিলে, যদি মূল্য গ্রহণপূর্ব্বক ঐ সম্পত্তি হস্তান্তর করা গিয়া থাকে ও সম্পত্তিগ্রহীতা যদি সরল মনে কার্য্য করিয়া থাকেন ও হস্তান্তরকারী যে ঐ সম্পত্তি হস্তান্তর করিতে সক্ষম হন ইহা নিশ্চয়রূপে জানিবার জন্যে, যথোচিত মনোযোগ ও যত্নপূর্ব্বক চেষ্টা করিয়া থাকেন, তবে

যাঁহারা সরলভাবে মূল্য দিয়া সম্পত্তি প্রাপ্ত হন তাঁহাদের রক্ষার কথা।

that the transferor had power to make the transfer

8 No person shall be chargeable with any rents or profits of any immoveable property which he has in good faith paid or delivered to any person of whom he in good faith held the same, notwithstanding it may afterwards appear that the person to whom such payment or delivery was made had no right to receive such rents or profits.

Rent *bonâ fide* paid to holder under defective title

9. Where undivided immoveable property is held in possession by co owners and one of them transfers his share or any interest therein, the transferee takes the share or interest subject to the right of the co-owners to enforce a partition of the property, and when such partition is effected, the right of the transferee as such, in the absence of a contract to the contrary by the co-owners, extends only to the share allotted to himself or to his transferor

Transfers of share of undivided property

10 During the active prosecution in any Court having authority in British India, or established beyond the limits of British India by the Governor-General in Council, of a suit in which the right to any immoveable property is directly and specifically in question the property cannot be transferred by any party to the suit so as to affect the rights of any other party thereto under any decree order therein.

Transfer of property pending suit relating thereto

CHAPTER III

Of Sales of Immoveable Property

11 Sale of immoveable property is effected by offer and acceptance of certain immoveable property for a price, or of a price, for certain immoveable property,

Sale how effected

together with payment of the price and delivery of the property, or with tender, part-payment or earnest, or with an agreement, express or implied, that the payment, or delivery, or both, shall be postponed

Where there is a contract for the sale of immoveable property, the ownership of the property passes to the buyer when the whole or part of the price, or when the earnest, is paid, or when the property is delivered.

If the parties agree expressly or by implication, that the payment, or delivery, or both, shall be postponed, the ownership passes as soon as the proposal for sale is accepted

ঐ সম্পত্তি গ্রহীতার অধিক র দূষণীয় হইবে না।

৮ ধারা। কোন ব্যক্তি যে ব্যক্তির স্থানে সরল মনে স্থাবর সম্পত্তি ভোগ করেন তাঁহাকে সরল মনে উক্ত সম্পত্তির খাজানা কিউপস্বত্ব দিলে কি অর্পণ করিলে, যদিও পরে দেখা যায় যে যাঁহাকে উক্ত খাজানা কি উপস্বত্ব দেওয়া কি অর্পণ করা যায় তাঁহার তাহা গ্রহণ করিবার স্বত্ব ছিল না, তথাপি প্রথমোক্ত ব্যক্তি উক্ত খাজনা কি উপস্বত্ব জন্য দায়ী হইবেন না।

স্বত্বহীন অধিকারীকে খাজানা দিবার কথা।

৯ ধারা। অবিভক্ত স্থাবর সম্পত্তি সহস্বামী দিগের অধিকারে থাকিলেও তাঁহাদের মধ্যে কেহ আপন অংশ কি তৎসংক্রান্ত কোন সম্পর্ক হস্তান্তর করিলে, অন্য সহস্বামীদের সম্পত্তি বিভাগ করিয়া লইবার স্বত্বাধীনে গ্রহীতা উক্ত অংশ কি সম্পর্ক পাইবেন, এবং এরূপ বিভাগ হইলে সহস্বামীদের বিপরীত ভাবের চুক্তির অভাবে গ্রহীতার স্বত্ব তাঁহাকে কি তাঁহার হস্তান্তরকারিকে যে অংশ প্রদত্ত হয় কেবল তাহারই উপর বর্ত্তিবে।

অবিভক্ত সম্পত্তির অংশ হস্তান্তর করিবার কথা।

১০ ধারা। যে মোকদ্দমায় সাক্ষাৎ সম্বন্ধে ও নির্দ্দিষ্টরূপে কোন স্থাবর সম্পত্তির সম্পর্কীয় স্বত্ব লইয়া বিবাদ চলিতেছে, ব্রিটিস ভারতবর্ষের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত অথবা ব্রিটিস ভারতবর্ষের বাহির মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের সংস্থাপিত কোন আদালতে সেই মোকদ্দম চালাইবার সময়ে মোকদ্দমার কোন পক্ষ উক্ত সম্পত্তি এরূপ হস্তান্তর করিতে পারেন না যে তৎসম্বন্ধীয় ডিক্রী কি আদেশক্রমে অন্য কোন পক্ষের স্বত্বের ব্যাঘাত হয়।

কোন সম্পত্তিসম্বন্ধে মোকদ্দমা চলিবার সময়ে হস্তান্তরের কথা।

৩ তৃতীয় অধ্যায়।

স্থাবর সম্পত্তি বিক্রয়বিষয়ক বিধি।

১১ ধারা। মূল্য দিয়া নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তির কিম্বা নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তি দিয়া মূল্য লইবার প্রস্তাব গ্রাহ্য হইলে, ও তৎসঙ্গে উক্ত সম্পত্তির মূল্য দান ও সমর্পণ হইলে অথবা টাকা দিবার প্রস্তাব হইলে কি কিছু টাকা কি বায়না দেওয়া গেলে, কিম্বা টাকা দান কি সম্পত্তি সমর্পণ কি উভয় স্থগিত থাকিবে স্পষ্টতঃ কি ভাবতঃ এরূপ করার হইলে, স্থাবর সম্পত্তির বিক্রয় সমাধা হয়।

বিক্রয় কি রূপে হয়।

যে স্থলে স্থাবর সম্পত্তি বিক্রয়ের চুক্তি হয়, সমুদয় মূল্য বা তাহার কিয়দংশ কিম্বা বায়না দিলে, অথবা সম্পত্তি সমর্পিত হইলে, সম্পত্তির স্বামিত্ব ক্রেতাতে বর্ত্তে।

যদি পক্ষেরা স্পষ্টতঃ কি ভাবতঃ এরূপ করার করেন যে টাকা প্রদান কি সম্পত্তি সমর্পণ কি উভয় স্থগিত থাকিবে তাহা হইলে বিক্রয়ের প্রস্তাব গ্রাহ্য হইবামাত্র স্বামিত্ব পরিবর্ত্তন ঘটে।

Delivery of immoveable property takes place—

(*a*) if the transfer is made by assurance—when the assurance is executed and delivered by the seller, and (if its registration is required by law) registered

(*b*) if the transfer is not made by assurance, in the case of a reversion or other intangible thing—when the parties consent to the delivery, and in the case of other immoveable property—when the buyer becomes capable of exercising physical control over it and yet remains to exercise such control on his own behalf or on behalf of the person whom he represents.

12 In the absence of a contract to the contrary, the buyer and the seller of immoveable property respectively have the rights, and are subject to the liabilities mentioned in the ten rules next following, or such of them as are applicable to the property sold.

Rights and liabilities of buyer and seller

(*a*) The seller must produce to the buyer, for examination, all documents of title relating to the property which are in his possession or power, and must inform the buyer of all facts not apparent thereon of which the seller is aware and which affect the seller's power to fulfil his contract, and must answer to the best of his information all relevant questions put to him by the buyer in respect to the property or the title thereto

(*b*) Till the ownership of the property passes to the buyer, the seller is entitled to the rents and profits thereof

(*c*) When the ownership of the property has passed to the buyer, he must bear any loss arising from the destruction, injury or decrease in value of the property not caused by the seller, and he is entitled to the benefit of any improvements in, or increase in value of, the property and to the rents and profits thereof

(*d*) When the buyer has been let into possession of the property before payment of the whole of the purchase-money, the seller has a charge upon the property for the amount of the purchase-money, or any part thereof, remaining unpaid, and for interest on such amount or part, but as soon as the assurance, if any, is registered, such charge shall cease except as against the buyer

(*e*) Unless the buyer has improperly declined to accept delivery of the property, he has, against the seller, a charge on the property, to the extent of the seller's interest therein, for the amount of any purchase-money properly paid by the buyer in anticipation of the delivery, and for interest on the amount of such payment, and, when the

এইং রূপে স্থাবর সম্পত্তির সমর্পণ হয়,

(ক) নিবন্ধপত্র দ্বারা হস্তান্তরীকরণ হইলে, বিক্রেতা যখন নিবন্ধপত্র সম্পাদন ও সমর্পণ করেন ও আইন ক্রমে রেজিষ্টরী করণ আবশ্যক হইলে, রেজিষ্টরী করেন।

(খ) নিবন্ধপত্র দ্বারা হস্তান্তরীকরণ না হইলে, ভাবী উত্তরাধিকার ও অন্য অতীন্দ্রিয় স্বত্বের সম্বন্ধে, যখন পক্ষেরা সমর্পণ করিতে সম্মত হন, এবং অন্য স্থাবর সম্পত্তি সম্বন্ধে, যখন ক্রেতা তদুপরি কার্য্যকর্তৃত্ব করিতে পারেন এবং আপনার পক্ষে কিম্বা তিনি যাহার প্রতিনিধি তৎপক্ষে উক্তরূপ কর্তৃত্ব করিতে সংকল্প করেন।

১২ ধারা। ভাবান্তরের চুক্তি না থাকিলে স্থাবর সম্পত্তির ক্রেতা ও বিক্রেতা নিম্নলিখিত দশটি বিধির, কিম্বা তন্মধ্যে যেং বিধি বিক্রীত সম্পত্তির প্রতি খাটে সেইং বিধির নির্দিষ্ট স্বত্ব প্রাপ্ত হন, ও তাঁহাদের প্রতি সেইং বিধির নির্দিষ্ট দায় বর্ত্তে।

ক্রেতার ও বিক্রেতার স্বত্বের ও দায়ের কথা।

(ক) ঐ সম্পত্তির অধিকার সম্পর্কীয় যে সকল দলীল বিক্রেতার নিকটে বা অধিকারে থাকে তাহা ক্রেতার পরীক্ষা করণ দেখিবার জন্যে তাঁহাকে দেখাইতে হইবে ও বিক্রেতার চুক্তিক্রমে কার্য্য করিবার ক্ষমতার বিঘ্নজনক যে বিষয় ঐ দলিলে দেখা না যায় বিক্রেতার সেই বিষয় ক্রেতাকে জানাইতে হইবে। ও ক্রেতা ঐ সম্পত্তি বিষয় তদগত অধিকার বিষয়ে প্রাসঙ্গিক যে সকল প্রশ্ন করেন বিক্রেতার স্বীয় জ্ঞানানুসারে তাহার উত্তর দিতে হইবে।

(খ) যাবৎ সম্পত্তির স্বামিত্ব ক্রেতার প্রতি না বর্ত্তে, বিক্রেতা তাহার খাজানা ও উপস্বত্বের অধিকারী থাকিবেন।

(গ) ক্রেতার প্রতি সম্পত্তির স্বামিত্ব বর্ত্তিলে উক্ত সম্পত্তির নাশ, হানি বা মূল্যহ্রাস নিবন্ধন যে ক্ষতি হয় তাহা বিক্রেতার কৃত না হইলে ক্রেতা বহন করিবেন, এবং ক্রেতাই উক্ত সম্পত্তির উন্নতি সাধন কি মূল্যবৃদ্ধির লাভ ও তদুৎপন্ন খাজানা ও উপস্বত্ব পাইবার অধিকারী হইবেন।

(ঘ) ক্রয়ের সমুদয় টাকা দিবার পূর্ব্বে ক্রেতাকে সম্পত্তির অধিকার করিতে দেওয়া গেলে ঐ ক্রয়ের টাকার জন্যে কিম্বা তাহার যে অংশ প্রদত্ত হয় নাই তাহার ও সেই টাকার কি সেই অংশের উপর সুদের জন্যে ঐ সম্পত্তির উপর বিক্রেতার দাওয়া থাকে। কিন্তু নিবন্ধপত্র থাকিলে তাহা রেজিষ্টরী করা গেলেই কেবল ক্রেতার উপর ঐ দাওয়া বর্ত্তে সম্পত্তির উপর রহিত হয়।

(ঙ) ক্রেতা সম্পত্তি সমর্পণ গ্রাহ্য করিতে অনুচিতমতে অস্বীকার করিয়া না থাকিলে, ঐ সমর্পণের অপেক্ষায় উপযুক্ত মতে ক্রয়ের যে টাকা দেন তজ্জন্য ও সেই টাকার উপর সুদের জন্যে, ঐ সম্পত্তিতে বিক্রেতার যত দূর স্বার্থ থাকে তত দূর বিক্রেতার বিপক্ষে ঐ সম্পত্তির উপর ক্রেতার দাওয়া থাকে। এবং ক্রেতা ঐ

buyer properly declines to accept the delivery, also for the earnest if any) and for his costs (if any) of a suit by himself or the seller to compel specific performance of the contract or to obtain a decree for its rescission

(f) When the buyer has been let into beneficial possession of the property before payment of the price, and the price is not paid owing to defects in the seller's title, the buyer is not liable to pay for such possession

(g) The seller must discharge all incumbrances on the property existing at the date of the contract The buyer may retain, out of the unpaid purchase-money, the amount of such incumbrances, and shall pay the amount so retained to the parties entitled thereto

(h) On payment or tender of the amount due in respect of the price, the seller is bound to execute a proper assurance of the property when the buyer tenders it to him for execution at a proper time and place

(i) On delivery of the property, the buyer is entitled to all documents of title relating thereto which are in the seller's possession or power

Provided that (1) where the seller retains any part of the property comprised in such documents, he is entitled to retain them all, and (2) where the whole of such property is sold to different buyers, the buyer of the lot of greatest value is entitled to such documents But in case (1) the seller, and in case (2) the buyer of the lot of greatest value, is bound, upon every reasonable request by the buyer, or by any of the other buyers, as the case may be, or by any person claiming under him, and at the cost of the person making the request, to produce the said documents and furnish such true copies thereof as he may require, and in the meantime, the seller or the buyer, as the case may be, of the lot of greatest value, must keep the said documents safe, uncancelled and undefaced, unless prevented from so doing by fire or other inevitable accident

(j) Unless the sale is made by a person in a fiduciary character, the seller shall be deemed to contract with the buyer,

firstly, that notwithstanding anything done by the seller or any person through whom he claims, the seller has power to transfer the property to the buyer, free from incumbrances,

secondly, that the seller and all persons claiming any interest in the same through or for him, or any person through whom he claims, will on demand execute and deliver to the buyer at his

সমর্পণ গ্রাহ্য করিতে উচিতমতে অস্বীকার করিলে তিনি বায়নার টাকা দিয়া থাকিলে তজ্জন্য ও ক্রেতা কিম্বা বিক্রেতা চুক্তির নির্দ্দিষ্টমতে কার্য্য সাধন করাইবার নিমিত্ত কিম্বা তাহা ব্যর্থ করিবার ডিক্রী পাইবারনিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিয়া থাকিলে, মোকদ্দমার খরচার জন্যে ঐ সম্পত্তির উপর ক্রেতার দাবা থাকে।

(চ) মূল্য প্রদান করিবার পূর্ব্বে ক্রেতাকে তদীয় হিতার্থে সম্পত্তি অধিকার করিতে দেওয়া গেলে ও বিক্রেতার অধিকারের দোষ হেতুক মূল্যপ্রদান করা না গেলে ঐ অধিকারের জন্য ক্রেতা কিছুই দিবার দায়ী নহেন।

(ছ) চুক্তি করণের তারিখে সম্পত্তির উপর যে সকল দায় থাকে তাহাহইতে বিক্রেতার ঐ সম্পত্তি মুক্ত করিতে হইবে। ক্রয়ের যে টাকা ক্রেতার দিবার বাকী থাকে তাহাহইতে তিনি সেই দায়ের টাকা বাদ দিয়া রাখিতে পারিবেন, তাহা করিলে ঐ টাকা পাইবার স্বত্ববান ব্যক্তিদিগকে দিবেন।

(জ) মূল্যের টাকার যত দেনা থাকে ক্রেতা তাহা দিলে কি দিতে চাহিলে, বিক্রেতার স্বাক্ষর করিবার জন্যে উপযুক্ত সময়ে ও স্থানে ঐ সম্পত্তির উপযুক্ত নিবন্ধপত্র তাঁহার সম্মুখে অর্পণ করা গেলে বিক্রেতার তাহাতে স্বাক্ষর করিতেই হইবে।

(ঝ) সম্পত্তি সমর্পণ হইলে, সম্পত্তির অধিকার সম্পর্কীয় যে সকল দলীল বিক্রেতার নিকটে বা তাঁহার অধিকারে থাকে ক্রেতা তাহা পাইবার স্বত্ববান হইবেন।

পরন্তু (১) ঐ২ দলীলে যে সম্পত্তির উল্লেখ আছে বিক্রেতা সেই সম্পত্তির কোন অংশ স্বীয় অধিকারে রাখিলে, তাঁহার ঐ সকল দলীল স্বহস্তে রাখিবার স্বত্ব আছে ও (২) ঐ দলীলের উল্লিখিত সমুদয় সম্পত্তি ভিন্ন২ ক্রেতাদের নিকট বিক্রয় করা গেলে যিনি ঐ সম্পত্তির অধিক মূল্যের অংশ ক্রয় করেন তাঁহারই ঐ সকল দলীল রাখিবার স্বত্ব থাকিবে। কিন্তু ক্রেতা কিম্বা স্থল বিশেষে অন্য ক্রেতাদের মধ্যে কোন এক জন কিম্বা তাঁহার অধীন কোন দাওয়াদার যুক্তিমতে ঐ২ দলীল দেখিতে, ও নকল করিবার খরচ দিয়া নকল পাইতে প্রার্থনা করিলে পূর্ব্বোক্ত (১) নং স্থলে বিক্রেতা ও (২) নং স্থলে ক্রেতা সেই দলীল দেখাইতে ও তাহার যত খানির নকল প্রার্থনা হয় তত খানির যথার্থ নকল দিতে বদ্ধ থাকিবেন। ইতিমধ্যে অগ্নি দ্বারা বা অন্য অনিবার্য্য বিপত্তির দ্বারা ঐ দলীলের হানি না হইলে ঐ বিক্রেতার বা স্থলবিশেষে ঐ সম্পত্তির অধিক মূল্যের অংশের ক্রেতার ঐ২ দলীলবাতিল কি বিকৃত না করিয়া নিরাপদে রাখিতে হইবে।

(ঞ) ন্যাসধারীস্বরূপ কোন ব্যক্তির দ্বারা বিক্রয় না হইয়া থাকিলে, বিক্রেতার সঙ্গে বিক্রেতা এই২ চুক্তি করিলেন বলিয়া জ্ঞান করা যাইবে,

প্রথম, বিক্রেতা বা তাঁহার অধীন কোন দাওয়াদার ভারান্তরের যাহাই করুন, বিক্রেতা দায় ব্যতীত ঐ সম্পত্তি ক্রেতাকে প্রদান করিতে সক্ষম আছেন।

দ্বিতীয়, বিক্রেতার নিকট এবং যে সকল ব্যক্তি তাঁহার দ্বারা বা তাঁহার পক্ষে ঐ সম্পত্তিগত কোন স্বার্থের দাওয়া রাখেন তাঁহাদের নিকট কিম্বা বিক্রেতার অধীন কোন দাওয়াদারের নিকট দাওয়া হইলেই, ঐ সম্পত্তির আর যে কোন নিবন্ধপত্র সঙ্গতরূপে চাওয়া

expense any further assurance of the same that may reasonably be required,

and, where the property is leasehold, *thirdly*, that the lease is valid and subsisting and that the rent reserved thereby, the conditions contained therein and the contracts binding on the lessee have been paid, performed and observed down to the delivery.

When the sale is made by a person in a fiduciary character, the seller shall be deemed to contract with the buyer that the seller has done no act whereby the property is encumbered or whereby he is hindered from transferring it.

Disclosures required from seller and buyer.

13. The following omissions are fraudulent:—

(*a*) an omission of the seller of immoveable property to disclose to the buyer any defect therein of which the seller is, and the buyer is not, aware, and which the buyer could not with ordinary care discover

(*b*) an omission of the buyer of immoveable property to disclose to the seller any fact as to the nature or extent of the seller's interest therein, of which the buyer is, and the seller is not, aware, and which increases the value of such interest

Contract for sale not of itself to create interest in property.

14. A contract for, or relating to, the sale of immoveable property, shall not of itself have the effect of creating any interest in, or charge on, such property: but the only right of any person under the contract shall be to apply for specific performance, or for compensation or for both, according to the rules laid down in the Indian Contract Act, 1872, and the Specific Relief Act, 1877.

Liability of buyer of leasehold.

15. As between the seller and buyer of leasehold property, the buyer is, in the absence of a contract to the contrary, bound to pay the rent reserved by the lease and accruing due after delivery of the property, to perform the contracts entered into by the lessee, and to indemnify the seller against all claims arising after the delivery in respect of non-payment of such rent or breach or non-observance of such contracts.

Liability of buyer of right to redeem.

16. As between the seller and buyer of a right to redeem mortgaged property, the buyer is in the absence of a contract to the contrary, bound (*a*) to pay to the mortgagee the principal sum which, on delivery of the right, is due on the mortgage, and all interest from time to time due for the same, when payment thereof, respec-

যাইতে পারে; ক্রেতার খরচে তাঁহাদের সেই নিবন্ধপত্র করিয়া দিতে হইবে।

ও পাট্টাই সম্পত্তি হইলে, তৃতীয়, ঐ পাট্টা সিদ্ধ ও প্রবল ও তৎক্রমে যে খাজানা দিবার বিধান আছে তাহা সম্পত্তি সমর্পণ কাল পর্য্যন্ত দেওয়া গিয়াছে, ও ঐ পাট্টার উল্লিখিত নিয়মমতে কার্য্য হইয়াছে, ও পাট্টা দার যে চুক্তি ক্রমে বদ্ধ আছেন তাহা পালন হইয়াছে।

ন্যাসধারিস্বরূপ কোন ব্যক্তির দ্বারা বিক্রয় হইলে সম্পত্তি যাহাতে দায় গ্রস্ত হয় কিম্বা যদ্দ্বারা বিক্রেতা ঐ সম্পত্তি হস্তান্তর করিতে পারেন না এমত কোন কার্য্য করেন নাই ক্রেতার সঙ্গে বিক্রেতার এমত চুক্তি হইল বলিয়া জ্ঞান করা যাইবে।

ক্রেতা ও বিক্রেতার যাহাং প্রকাশ করিতে হইবে তাহার কথা।

১৩ ধারা। পশ্চাল্লিখিত ক্রটি প্রতারণা মূলক জ্ঞান করা যাইবে,

(ক) বিক্রেতার জ্ঞাত ও ক্রেতার অজ্ঞাত যে দোষ ক্রেতা সামান্য সতর্কতা দ্বারা জানিতে পারিতেন না ক্রেতার নিকটে স্থাবর সম্পত্তি বিক্রেতার তৎসম্পত্তির সেই দোষ প্রকাশ করিতে ক্রটি।

(খ) ক্রেতার জ্ঞাত ও বিক্রেতার অজ্ঞাত বিক্রেতার স্বার্থের প্রকৃতি ও পরিমাণসূচক যে বৃত্তান্ত দ্বারা উক্ত স্বার্থের মূল্যবৃদ্ধি হয় বিক্রেতার নিকট স্থাবর সম্পত্তি ক্রেতার সেই বৃত্তান্ত প্রকাশ করিতে ক্রটি।

বিক্রয় করিবার চুক্তি দ্বারা সম্পত্তিতে স্বার্থ সৃষ্ট না হইবার কথা।

১৪ ধারা। স্থাবর সম্পত্তি বিক্রয় করিবার কিম্বা বিক্রয় করণ সম্পর্কীয় চুক্তিপত্রের দ্বারাই যে সম্পত্তিতে কোন স্বার্থ কি সম্পত্তির উপর কোন দায় সৃষ্ট হয় এমত নয়। কিন্তু ঐ চুক্তি ক্রমে কোন ব্যক্তির এই মাত্র স্বত্ব জন্মে, তিনি ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক ১৮৭২ সালের, ও বিশেষ উপকার বিষয়ক ১৮৭৭ সালের আইনের নির্দ্ধারিত বিধিমতে, চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সাধন করাইবার কিম্বা ক্ষতিপূরণ পাইবার বা উভয়ের প্রার্থনা করিতে পারিবেন।

পাট্টাই ভূমির ক্রেতার দায়ের কথা।

১৫ ধারা। পাট্টাই সম্পত্তির ক্রেতার ও বিক্রেতার মধ্যে ভাবান্তরের চুক্তি না থাকিলে, সম্পত্তি সমর্পণের পর পাট্টার নির্দ্দিষ্ট যে খাজানা পাওনা হয় ক্রেতার তাহা দিতে ও পাট্টাদারের সকল চুক্তিমতে কর্ম্ম করিতে হইবে ও সেই খাজানা না দেওন কিম্বা সেই চুক্তিভঙ্গ কি অপালন হেতুক বিক্রেতার উপর যে সকল দাওয়া বর্ত্তে তাহাহইতে তাঁহাকে নিষ্কৃতি দিতে হইবে।

বন্ধকী সম্পত্তি উদ্ধার করণের স্বত্ব ক্রয়কারির দায়ের কথা।

১৬ ধারা। বন্ধকী সম্পত্তি উদ্ধার করণের স্বত্ব বিক্রেতার ও ক্রেতার মধ্যে ভাবান্তরের চুক্তি না থাকিলে, ক্রেতা এইং কর্ম্ম করিতে বদ্ধ হন, (ক) স্বত্ব সমর্পণ কালে বন্ধকের বলে আসল যত টাকা দেনা থাকে তাহা ও তাহার উপর তৎকালে যে সুদ পাওনা থাকে, আইনমতে তাহার দাওয়া হইলে বন্ধক-

tively, is lawfully demanded, and (b) to indemnify the seller against the payment thereof, and against all claims for non-payment thereof respectively.

Money received by seller under fire-policy

17. If at the date of the contract the property is insured against loss or damaged by fire, the buyer in case of such loss or damage, may, in the absence of a contract to the contrary, require any money which the seller actually receives under the policy, or so much thereof as may be necessary, to be applied in reinstating the property.

Joint purchases

18. When two or more persons purchase any immoveable property, with separate funds belonging to them respectively, they shall, in the absence of a contract to the contrary, be interested in such property in proportion to the shares of the purchase-money which they respectively advanced

In the absence of evidence as to the shares so advanced, such persons shall be presumed to be equally interested in the property.

Right of buyer of one of two properties subject to common charge.

19. When two properties are subject to a common charge, and one of the properties is sold, the buyer is, as against the seller, in the absence of a contract to the contrary, entitled to have the charge satisfied out of the other property, so far as such property will extend.

Bonâ fide buyer not bound to see to application of purchase-money.

20. When any property is sold, the proceeds of which are subject to any trust, the buyer in good faith of the property is not bound to see to the application of the purchase-money to the purposes of the trust nor is he answerable for the misapplicatoin of such money.

CHAPTER IV.

OF MORTGAGES OF IMMOVEABLE PROPERTY AND CHARGES.

Mortgage, mortgagor and mortgagee defined.

21. When, for the purpose of securing money advanced or to be advanced by way of loan or an existing or future debt, or the performance of an engagement, one person transfers to another a right over specific immoveable property, the transfer is called a mortgage of immoveable property, the transferor is called a mortgagor, the transferee a mortgagee, the money of which payment is secured is called the mortgage-money, and the assurance by which the transfer is effected is called a mortgage-deed.

প্রহাতাকে ক্রেতার সেইহ টাকা দিতে হইবে ও সেহ টাকা দিবার দায়হইতে ও না দেওয়া গেলে সকল দাওয়াহইতে বিক্রেতাকে নিষ্কৃতি করে হইবে।

অগ্নিজন্য ক্ষতিহইতে নিষ্কৃতির বিমাপত্র অনুসারে বিক্রেতা যাহা পায় সেই টাকার কথা।

১৭ ধারা। চুক্তি হওনার তারিখে যদি অগ্নিজন্য ক্ষতি কি হানিহইতে নিষ্কৃতির বিমাপত্র থাকে, তবে তদ্রূপ ক্ষতি কি হানি হইলে ঐ বিমাপত্রমতে বিক্রেতা যত টাকা প্রাপ্ত হন কিম্বা ঐ সম্পত্তির পুনঃ সংস্থাপনার্থে যত টাকা আবশ্যক তাবান্তরের চুক্তি না থাকিলে, ক্রেতা তত টাকা ঐ কর্ম্মে প্রয়োগ করণের আদেশ করিতে পারিবেন।

যোড়ায় ক্রয় করণের কথা

১৮ ধারা। দুই কি অধিক জনের স্বতন্ত্র তহবীল থাকিতে যদি তাঁহারা মিলিয়া কোন স্থাবর সম্পত্তি ক্রয় করেন তবে তাবান্তরের চুক্তি না থাকিলে, ক্রয়ের টাকার যিনি যে অংশ দেন তদনুসারে সেই সম্পত্তিতে প্রত্যেক জনের স্বার্থ থাকিবে।

টাকার কে কি অংশ দিয়াছেন ইহার প্রমাণ না থাকিলে সম্পত্তিতে সকলের সমান স্বার্থ আছে বলিয়া অনুমান হইবে।

দুই সম্পত্তির উপর একই সাধারণ দায় থাকিলে এক সম্পত্তির ক্রেতার স্বত্বের কথা।

১৯ ধারা। দুই সম্পত্তির উপর একই সাধারণ দায় বর্ত্তিলে যদি তন্মধ্যে একটি সম্পত্তি বিক্রয় করা যায় তবে তাবান্তরের চুক্তি না থাকিলে, সেই দায়ের শোধ জন্য সম্পত্তি হইতে যত দূর হইতে পারে তত দূর যেন হয়, বিক্রেতার বিরুদ্ধে ক্রেতার এমত স্বত্ব থাকিবে।

যিনি সরলমনে ক্রেতা হন ক্রয়ের টাকা লইয়া যেরূপ কার্য্য হয় তাঁহার এই বিষয় দেখিতে না হইবার কথা।

6 Any person proposing to use any land for the purposes of a jute warehouse within the town of Calcutta shall send to the Commissioners a plan of such land and all the buildings thereon, prepared in such manner as the Commissioners may direct, and it shall be within the discretion of the Commissioners at a special meeting to grant or refuse a license to establish the same

Every license for a jute warehouse, to be granted under this section, shall be subject to the following conditions, namely—

(1) That no loose jute, jute rejections or cuttings, or cotton, shall be stored, or screwed, or pressed, save within a

"কমিশ্যনরগণ।"

"কমিশ্যনরগণ" শব্দে কলিকাতা নগরের সমবায়িত সমাজ বুঝাইবে।

দ্বিতীয় খণ্ড।

পাটের গুদামের কথা।

লাইসেন্স ভিন্ন বর্ত্তমান গুদাম ব্যবহার হইতে পারিবে না।

৪ ধারা। কোন পাটের গুদামের স্বামী কি দখলীকার পাট কি তূলা সঞ্চিত করিবার কি রাখিবার কি ষাঁত দেওয়াইবার কি গচ্ছিত রাখিবার নিমিত্ত ঐ গুদাম ব্যবহার করিবার লাইসেন্স না পাইলে সেই কার্য্যে উক্ত গুদামের ব্যবহার করিতে পারিবেন না।

পাটের গুদামের লাইসেন্সের ফী।

৫ ধারা। ১৮৭২ সালের ২ আইনক্রমে অথবা ১৮৭৫ সালের ২ আইনক্রমে কলিকাতানগরের মধ্যস্থ পাটের গুদামের যে কোন লাইসেন্স প্রদত্ত হইয়াছে, এই আইনের প্রচলনাবধি তাহা বার্ষিক ফী দিবার নিয়মাধীন হইবে। কমিশ্যনরগণের সহিত বিশেষ অধিবেশনে পরামর্শ করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ফী ধার্য্য করিবেন, এবং কমিশ্যনরগণ যে২ কিস্তি নিরূপণ করেন সেই সেই কিস্তিমতে ঐ ফী দিতে হইবে।

পাটের কোন্ গুদামের কত টাকা ফী ধার্য্য করা যাইবে, ইহা নিরূপণ করিতে হইলে, তৎকালে ঐ গুদামের বার্ষিক যত মূল্য ধার্য্য করা যায়, যত মুনিসিপাল টাক্স প্রদত্ত হয়, উক্ত গুদামের যেরূপ আয়তন ও অবস্থান, উক্ত গুদামে যত সংখ্যক ও যে গুণের ষাঁত দেওয়াইবার যন্ত্র বসান আছে বা বসাইবার প্রস্তাব আছে এবং ঐ গুদাম হইতে স্বামীর কি দখলীকারের অনুমান যত আয় হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সেই সকল বিবেচনা করিবেন।

বিশেষ অধিবেশনে কমিশ্যনরগণ পরামর্শ দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট কোন পাটের গুদামের যত ফী দিতে হয় তাহার পরিমাণ সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন।

নূতন পাটের গুদামের লাইসেন্সের কথা।

৬ ধারা। কোন ব্যক্তি পাটের গুদাম করিবার জন্য কলিকাতা নগরের মধ্যে ভূমির ব্যবহার করিতে ইচ্ছা করিলে, কমিশ্যনরগণ যেরূপ আদেশ করেন, ঐ ভূমির ও তদুপরিস্থ সমুদয় গৃহাদির নকশা তদ্রূপে প্রস্তুত করিয়া তাঁহাদিগের নিকটে পাঠাইবেন, তাহা হইলে কমিশ্যনরগণ বিশেষ অধিবেশনকালে আপনাদের বিবেচনামতে সেই গুদাম স্থাপন করিবার লাইসেন্স দিতে বা অস্বীকার করিতে পারিবেন।

এই ধারামতে পাটের গুদামের যে লাইসেন্স দেওয়া যায়, তাহা এই২ নিয়মাধীনে দেওয়া যাইবে, যথা,

(১) কমিশ্যনরগণ যে দ্রব্যের ও নকশার অনুমোদন করেন, কোন ঘর সেই দ্রব্যে ও সেই নকশামতে প্রস্তুত না হইলে, আ-

building constructed of such materials, and on such a plan as may be approved of by the Commissioners

(2) That no loose jute, jute rejections or cuttings, or cotton, shall be combed or dried except within an enclosure, and that the top or roof of any building or of any hut shall not be used for such combing or drying without the sanction in writing of the Commissioners.

(3) That space shall be reserved on land appertaining to the jute warehouse for the loading or unloading of carts.

(4) That no portion of the jute warehouse shall be used as a residence, and no artificial light (other than one duly and thoroughly protected) or lucifer matches shall be introduced therein, and that no person shall smoke therein.

(5) That the jute warehouse shall at all times be open to the inspection of officers duly appointed by the Commissioners.

(6) That the engines and furnaces used in the jute warehouse shall be placed as may be considered necessary by the Commissioners

(7) That an annual fee shall be imposed in respect thereof as provided by the last preceding section

Appointment of inspecting officers

7 The Commissioners shall appoint suitable officers for the inspection of jute warehouses within the town of Calcutta, and any officer so appointed, and any superintendent or inspector of police within the said town, may enter at any time into any jute warehouse, where jute or cotton may be kept, and inspect the same

On change of occupation in warehouse, occupier to give notice

8 On a change in the occupation of any jute warehouse, the person entering into occupation of the same shall, within two weeks of his so entering into occupation, give notice in writing to the Commissioners of such change of occupation, and shall thereupon pay to the Commissioners a fee of two rupees, and his name shall accordingly be substituted in such license for the name of the last occupier

[*Government Gazette*, 22nd *April* 1879.]

লগা পাট কি পাটের ওঁচা কি ছাটা পাট কি তুলা সেই ঘরে সঞ্চিত করা কি কশান কি যাঁত দেওয়া যাইবে না।

(২) ঘেরা স্থান ভিন্ন কোন স্থানে আলগা পাট কি পাটের ওঁচা কি ছাটা পাট কি তুলা আঁচড়াইতে কি শুকাইতে দেওয়া যাইবে না, এবং কমিশ্যনরগণের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন কোটার ছাদ কি ঘরের চাল উক্তরূপ আঁচড়াইবার কি শুকাইবার নিমিত্ত ব্যবহৃত হইবে না।

(৩) গাড়িতে বোঝাই দিবার কি তাহা হইতে নামাইবার জন্যে পাটের গুদামের জমিতে স্থান রাখিতে হইবে।

(৪) পাটের গুদামের কোন অংশ বাসস্থানরূপে ব্যবহৃত হইবে না এবং উপযুক্ত ও সম্পূর্ণরূপে লাণ্টনে বদ্ধ না থাকিলে কোন প্রদীপ কিম্বা বিলাতী দিয়া শলাই পাটের গুদামে আনা হইবে না ও তথায় কেহই তামাক খাইতে পারিবে না।

(৫) কমিশ্যনরগণ নিয়মমতে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারা যখন তখন গিয়া পাটের গুদাম দেখিতে পারিবেন।

(৬) পাটের গুদামে যে কলের ও উনুনের ব্যবহার হয়, কমিশ্যনরগণ যে খানে রাখা আবশ্যক জ্ঞান করেন তাহা সেই খানে রাখিতে হইবে।

(৭) পূর্ব্বধারার বিধানক্রমে গুদামের বার্ষিক ফী দিতে হইবে।

পরিদর্শকদিগকে নিযুক্ত করিবার কথা।

৭ ধারা। কমিশ্যনরগণ কলিকাতা নগরের মধ্যে পাটের গুদাম পরিদর্শন করিবার উপযুক্ত কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবেন। এবং পাটের যে গুদামে পাট কি তুলা রাখা যায় পূর্ব্বোক্তমতে নিযুক্ত কার্য্যকারক এবং উক্ত নগরের পোলীসের কোন সুপরিন্টেণ্ডেণ্ট কি ইন্সপেক্টর কোন সময়ে সেই গুদামে প্রবেশ করিয়া তাহার পরিদর্শন করিতে পারিবেন।

গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে দখলীকারের নোটিস দিবার কথা।

৮ ধারা। পাটের কোন গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে যে ব্যক্তি তাহা নূতন দখল করিয়া লন তিনি ঐ দখল লইবার তারিখ অবধি দুই সপ্তাহের মধ্যে কমিশ্যনরগণের নিকট পত্র লিখিয়া দখলীকার পরিবর্ত্তন হইবার সংবাদ দিয়া, কমিশ্যনরগণকে দুই টাকা ফী দিবেন। তাহা হইলে লাইসেন্সপত্রের মধ্যে পূর্ব্বদখলীকারের নামের পরিবর্ত্তে দখলীকার বলিয়া তাঁহার নাম লেখা যাইবে।

If any jute warehouse is let out in portions, the person so letting it out and entitled to the rent shall, for the purposes of this Act, be deemed to be the occupier

9. It shall be in the discretion of the Commissioners at a special meeting to cancel or to suspend for such time as they shall think fit the license of any jute warehouse in respect of which any one or more of the conditions under which such license is held shall appear to them to have been broken, or in respect of which the provisions of the last preceding section have been broken

Cancelment or suspension of license

10 The provisions of the five last preceding sections shall apply to any jute warehouse situated or used, or any land proposed to be used as a jute warehouse out of the town of Calcutta and within the limits of the operation of this Act, save that the powers and duties conferred and imposed respectively on the Commissioners, or on the Commissioners at a special meeting, shall be exercised and discharged by the Municipal Commissioners at a meeting within whose jurisdiction such warehouse or land is situated

Municipal Commissioners to have same power as the Calcutta Commissioners

PENALTIES

11 Any person who without a license uses any jute warehouse for keeping or depositing jute or cotton, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred rupees for each day during which he may use or continue to use such jute warehouse as aforesaid

Penalty for not taking out license

12 Any person who without a license uses any jute warehouse for keeping or depositing jute or cotton established after the commencement of this Act, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred rupees, and to a further penalty not exceeding fifty rupees for every day during which such jute warehouse is used for keeping or depositing jute or cotton without a license

Penalty for establishing warehouse without license

13. Any person who uses a jute warehouse for the keeping or depositing of jute or cotton after the Commissioners or Municipal Commissioners shall have refused or cancelled a license in respect thereof

Penalty for using warehouse after refusal of license.

কোন পাটের গুদাম খণ্ড২ করিয়া নানা ব্যক্তিকে ভাড় দেওয়া গেলে, যে ব্যক্তি তাহা ভাড়া দিয়া ভাড়া পাইবার অধিকারী হন এই আইনের কার্য্যপক্ষে তাঁহাকেই দখলীকার বলিয়া জ্ঞান করা যাইবে।

৯ ধারা। কোন পাটের গুদাম করিবার লাইসেন্স যেহ নিয়মানুসারে পাওয়া গিয়াছে সেই গুদামের সম্পর্কে তন্মধ্যে এক কি কএক নিয়ম ভঙ্গ হইয়াছে কিম্বা ইহার পূর্ব্ব ধারার বিধান ভঙ্গ হইয়াছে কমিশ্যনরগণের এমত বোধ হইলে তাঁহারা বিশেষ অধিবেশন করিয়া আপনাদের বিবেচনামতে ঐ লাইসেন্স রহিত করিতে পারিবেন, কিম্বা যত দিন উচিত বোধ করেন ততদিন তাহা স্থগিত রাখিতে পারিবেন।

লাইসেন্স রহিত করিবার কি স্থগিত রাখিবার কথা।

১০ ধারা। এই আইনের বিধান কলিকাতা নগরের বহির্ভূত যে সীমার মধ্যে প্রচলিত হয় সেই সীমার মধ্যে যে পাটের গুদাম থাকে কি ব্যবহৃত হয় কিম্বা পাটের গুদামের নিমিত্ত যে ভূমির ব্যবহার হইবার প্রস্তাব হয় তৎপ্রতি পূর্ব্ববর্ত্তী শেষ পাঁচ ধারার বিধান বর্ত্তিবে। প্রভেদ এই যে কমিশ্যনরগণের প্রতি কিম্বা বিশেষ অধিবেশন করিয়া কমিশ্যনরগণের প্রতি যেহ ক্ষমতা প্রদত্ত হইল বা তাঁহাদের যেহ কর্ত্তব্য নির্দ্ধারিত হইল উক্ত গুদাম কি ভূমি যে মুনিসিপাল কমিশ্যনরদিগের এলাকাধীন তাঁহারা অধিবিষ্ট হইয়া সেই সেই ক্ষমতামতে কার্য্য করিবেন ও সেই২ কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুনিসিপল কমিশ্যনরের কলিকাতার কমিশ্যনরগণের ন্যায় ক্ষমতা থাকিবে।

দণ্ডের বিধি।

১১ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে লাইসেন্স না লইয়া যদি পাট কি তূলা রাখিবার কি গচ্ছিত করিয়া রাখিবার নিমিত্ত পাটের গুদাম ব্যবহার করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই দোষ প্রমাণ হইলে তিনি যত দিন উক্ত গুদাম ব্যবহার করেন বা করিতে থাকেন তাহার দিন প্রতি ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স না লইবার দণ্ডের কথা।

১২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর যে পাটের গুদাম স্থাপিত করা যায় যদি কোন ব্যক্তি লাইসেন্স না লইয়া পাট কি তূলা রাখিবার কি গচ্ছিত করিবার নিমিত্ত সেই স্থানের ব্যবহার করেন, তবে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে ঐ ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। তদ্ভিন্ন যত দিন লাইসেন্স বিনা পাট কি তূলা রাখিবার কি গচ্ছিত করিয়া রাখিবার জন্যে ঐ গুদামের ব্যবহার হয় তাহার দিন প্রতি ঐ ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স না লইয়া গুদাম করিবার দণ্ডের কথা।

১৩ ধারা। কমিশ্যনরগণ কিম্বা মুনিসিপল কমিশ্যনরেরা পাট কি তূলা রাখিবার কি গচ্ছিত করিবার জন্যে পাটের গুদামের লাইসেন্স দিতে অস্বীকার করিলে কিম্বা তন্নিমিত্তের লাইসেন্স রহিত করিলে যদি কোন ব্যক্তি সেই

লাইসেন্স দিতে অস্বীকার হইলে পর গুদাম ব্যবহার করিলে দণ্ডের কথা।

or during the time for which such license shall have been suspended, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred rupees, and to a further penalty not exceeding one hundred rupees for every day during which any such jute warehouse may be so used as aforesaid

কার্য্যের নিমিত্ত সেই স্থানের ব্যবহার করেন অথবা লাইসেন্স স্থগিত করা গেলে যদি স্থগিত থাকিবার সময়ের মধ্যে ঐ স্থানের তদ্রূপ ব্যবহার করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে তদ্ভিন্ন যত দিন ঐ পাটের গুদামের তদ্রূপ ব্যবহার হয় তাহার দিনপ্রতি ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

14 Whenever any of the conditions under which a license is held in respect of any jute warehouse have been broken in such jute warehouse, the person whose name appears on the license as the occupier of such jute warehouse shall be liable, on conviction before a Magistrate, to have his license cancelled, or to a fine not exceeding five hundred rupees

Penalty on occupier in case of breach of conditions of license

১৪ ধারা। পাটের কোন গুদামের লাইসেন্স যেং নিয়মানুসারে রাখা যাইতে পারিবে, পাটের ঐ গুদামে তাহার কোন নিয়ম লঙ্ঘন হইলে, লাইসেন্সে ঐ পাটের গুদামের দখলীকার বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার লাইসেন্স রহিত হইতে বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্সের নিয়ম লঙ্ঘন হইলে দখলীকারের দণ্ডের কথা।

15 Any person who breaks any of the conditions under which a license is held in respect of any jute warehouse shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty rupees for any one such offence

Penalty on any person in case of breach of conditions of license

১৫ ধারা। পাটের কোন গুদামের লাইসেন্স যেং নিয়মানুসারে রাখা যাইতে পারিবে, কোন ব্যক্তি তন্মধ্যে কোন নিয়ম লঙ্ঘন করিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে, তদ্রূপ কোন এক অপরাধহেতুক তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্সের নিয়ম লঙ্ঘনের নিমিত্ত কোন ব্যক্তির দণ্ডের কথা।

16 If on a change in the occupation of any jute warehouse, the person entering into occupation fail to give the notice required by section 8 of this Act, such person shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred rupees

Penalty for omitting to give notice on change of occupation

১৬ ধারা। কোন পাটের গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে, ও এই আইনের ৮ ধারায় যে নোটিস দিবার আজ্ঞা হইল, নূতন দখলীকার সেই নোটিস না দিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দখলীকার পরিবর্ত্তন হইলে নোটিস না দিবার দণ্ডের কথা।

PART III

FIRE-BRIGADE

তৃতীয় খণ্ড।

অগ্নিনির্ব্বাপক দল।

17 The Commissioner of Police for the town of Calcutta shall, as soon as may be after the commencement of this Act, take charge of the existing fire-brigade, with all buildings, engines, animals, accoutrements, tools and implements, and thereafter from time to time make such further or other provision as he may deem expedient in order to maintain it efficiently for the town and suburbs of Calcutta.

Commissioner of Police to take charge of fire brigade

১৭ ধারা। কলিকাতা নগরের পোলীসের কমিশ্যনর সাহেব এই আইন প্রচলিত হইবার পরে যত শীঘ্র পারেন সমুদয় ইমারত ও কল ও জন্তু ও সাজ ও যন্ত্র ও হাতিয়ার সমেত অগ্নিনির্ব্বাপক দলের ভার গ্রহণ করিবেন, এবং তদনন্তর কলিকাতা ও শাখা-নগরের নিমিত্ত উক্ত দল কার্য্যদক্ষভাবে রাখিতে আর কি জন্য যে বিধান আবশ্যক বোধ করেন সময়েং তাহাও করিবেন।

পোলীসের কমিশ্যনর সাহেব অগ্নিনির্ব্বাপক দলের ভারগ্রহণ করিবেন।

18 The Local Government may from time to time make, and when made, alter or repeal such general or special orders as it may think fit—

Local Government may make orders

১৮ ধারা। নিম্নলিখিত বিষয়ের নিমিত্ত স্থানীয় গবর্ণমেন্ট সময়েং যে রূপ বিহিত জ্ঞান করেন সামান্য কি বিশেষ আজ্ঞা করিতে, ও করা হইলে তাহা পরিবর্ত্তিত কি রহিত করিতে পারিবেন।—

স্থানীয় গবর্ণমেন্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

For appointing or removing any member or officer of the force.

For furnishing the fire-brigade with such fire-engines, fire-escapes, horses, oxen, accoutrements, tools and implements as it may think proper.

For building, providing, or hiring places for the keeping of the force, engines, horses and appurtenances

For giving gratuities to persons who have given notice of fires.

For the training, discipline, good conduct, salaries, and pensions of the members of the force.

For the speedy attendance of such members with engines and all necessary implements on the occasion of any alarm of fire.

For sending the force, engines and appurtenances, beyond the limits of the town and suburbs of Calcutta in order to extinguish fire in the neighbourhood of the said limits.

For imposing and summarily realizing a fine not exceeding one week's wages from any member of the brigade who may infringe these bye-laws.

Generally, for the maintenance of the fire-brigade in a due state of efficiency

Such orders shall be published in the *Calcutta Gazette*, and shall take effect from such publication

19. On the occasion of a fire, the chief or other officer in charge of the fire-brigade on the spot may

Powers of fire brigade in cases of fire

(*a*) remove, or may order any member of the brigade to remove, any persons who by their presence interfere with the due operation of the brigade,

(*b*) by himself or by his men break into or through, or pull down, any premises for the purpose of putting an end to the fire, doing as little damage as possible,

(*c*) cause the mains and pipes of any district to be shut off, so as to give greater pressure of water in the place where the fire has occurred,

(*d*) call on the officer in charge of the Port Commissioners' fire-engine to render such assistance as may be possible in the case of any fire occurring near the river bank,

(*e*) and, generally, take such measures as may appear necessary for the preservation of life and property

উক্ত দলের কোন কর্ম্মকার কি কর্তৃপক্ষকে নিযুক্ত কি অপসারিত করিবার নিমিত্ত ।

যদ্রূপ উচিত বিবেচনা করেন অগ্নিনির্ব্বাপক দলকে তদ্রূপ দমকল ও অগ্নি হইতে মুক্তিপ্রাপ্তির যন্ত্র ও ঘোড়া ও গোরু ও সাজ ও যন্ত্র ও হাতিয়ার যোগাইবার নিমিত্ত ।

উক্ত দল ও কল ও ঘোড়া ও তৎসম্বন্ধীয় অন্যান্য দ্রব্য রাখিবার স্থান নির্ম্মাণ কি বিধান কি ভাড়া করিবার নিমিত্ত ।

কোন ব্যক্তি আগুন লাগিবার সম্বাদ দিলে তাহাকে পুরস্কার দিবার নিমিত্ত ।

ঐ দলের অন্তর্গত ব্যক্তিদের সুশিক্ষা ও সুশাসন ও সদাচরণ ও বেতন ও পেন্সনের নিমিত্ত ।

আগুন লাগিবার কথা শুনিবামাত্র কল এবং আবশ্যক সকল যন্ত্র লইয়া ঐ কর্ম্মকারকদের ত্বরায় উপস্থিত হইবার নিমিত্ত ।

কলিকাতা নগরের ও শাখানগরের সীমার নিকটবর্ত্তী স্থানে অগ্নিনির্ব্বাণার্থে উক্ত সীমার বাহিরে উক্ত দল ও কল ও তৎসংক্রান্ত দ্রব্যাদি পাঠাইবার নিমিত্ত ।

উক্ত দলের কোন ব্যক্তি এই উপবিধির মধ্যে কোন উপবিধি লঙ্ঘন করিলে এক সপ্তাহের বেতনের অনধিক অর্থদণ্ড ধার্য্য ও সরাসরীমতে আদায় করিবার নিমিত্ত ।

ও সাধারণ্যে উক্ত দলের কার্য্যোপযোগি হইবার উপযুক্ত অবস্থা রক্ষা করিবার নিমিত্ত ।

এই সকল আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করণাবধি কার্য্যকর হইবে ।

১৯ ধারা । আগুন লাগিলে অগ্নিনির্ব্বাপক দলের অধ্যক্ষতাকারী প্রধান কি অন্য যে কর্তৃপক্ষ তৎস্থানে থাকেন,

আগুন লাগিলে অগ্নিনির্ব্বাপক দলের ক্ষমতার কথা ।

(ক) তৎস্থানে কোন ব্যক্তিদের উপস্থিতিপ্রযুক্ত কার্য্য উপযুক্তমতে চলিবার বাধা হইলে, তিনি সেই ব্যক্তিদিগকে স্থানান্তর করিয়া দিতে কিম্বা উক্ত দলের কোন কর্ম্মকারককে তাহাদিগকে স্থানান্তর করাইয়া দিবার আদেশ করিতে পারিবেন, ও

(খ) আগুন নিবাইয়া ফেলিবার জন্য আপনি কিম্বা আপন কর্ম্মকারকদিগের দ্বারা কোন বাটীতে প্রবেশ করিয়া বা বাটী দিয়া যাইতে বা গৃহাদি ভাঙ্গিয়া ফেলিতে পারিবেন, কিন্তু যাহাতে অল্প হানি হয় সাধ্যমতে এমন চেষ্টা করিবেন, ও

(গ) আগুন যে স্থানে লাগে সেই স্থানে নলের জল অধিক বেগে নির্গত হইতে পারে এই নিমিত্ত নগরের অন্য কোন অংশের নল বন্ধ করাইয়া দিতে পারিবেন ; ও

(ঘ) গঙ্গার ধারে আগুন লাগিলে বন্দরের কমিশ্যনরদের দমকল যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার প্রতি সাধ্যমতে সাহায্য করিবার আদেশ করিতে পারিবেন ; ও

(ঙ) সাধারণতঃ প্রাণ ও সম্পত্তি রক্ষা করিবার জন্য অন্য যে উপায় অবলম্বন করা আবশ্যক হয়, তাহাও করিতে পারিবেন ।

The chief officer on the spot in charge of the brigade may verbally nominate and depute one or more officers of the brigade to act at a distance, and such officer or officers shall have for the time being the like powers as the chief officer himself possesses under this section

অগ্নিনির্ব্বাপক দলের অধ্যক্ষস্বরূপ যে প্রধান কর্ম্মকারক তৎস্থানে থাকেন তিনি বাচনিক আদেশ দিয়া দূর স্থানে গিয়া কর্ম্ম করিবার নিমিত্ত দলের এক কি ততোধিক কর্ম্মকারককে নিযুক্ত করিতে পারিবেন, তাহা করিলে এই ধারামতে প্রধান কর্ম্মকারকের যেরূপ ক্ষমতা থাকে তৎকালের নিমিত্ত সেইরূপ কর্ম্মকারকের কি কর্ম্মকারকদের সেইরূপ ক্ষমতা থাকিবে।

Police officers to render assistance

পোলীস কর্ম্মকারকদের সাহায্য করিবার কথা।

Police officers of all grades shall be authorized to aid the fire-brigade in the execution of its duties They may close any street in or near which a fire is burning, and they may, of their own motion or on the request of the chief or other officer of the fire-brigade, remove any persons who interfere by their presence with the operations of the fire-brigade

অগ্নিনির্ব্বাপকদল যে সময়ে আপনাদের কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন সেই সময় পোলীসের সকল শ্রেণীর কর্ম্মকারকের প্রতি তাঁহাদের সাহায্য করিবার অনুমতি থাকিবে। যে রাস্তার ধারে আগুন লাগে তাঁহারা সেই রাস্তা বন্ধ করিতে পারিবেন। ও যে ব্যক্তিদের উপস্থিত থাকাপ্রযুক্ত অগ্নিনির্ব্বাপক দলের কার্য্যের ব্যাঘাত হইতে পারে তাঁহারা আপনাদের বিবেচনামতে কিম্বা ঐ দলের প্রধান কি অন্য কর্তৃপক্ষের আদেশমতে সেই ব্যক্তিদিগকে স্থানান্তর করাইয়া দিতে পারিবেন।

Damage done to be deemed damage by fire

হানি হইলে অগ্নিদ্বারা হানি বলিয়া জ্ঞান হইবার কথা।

Any damage done by the fire-brigade in the due execution of their duties shall be deemed to be damage by fire within the meaning of any policy of insurance of property in Calcutta or the suburbs against fire.

অগ্নিনির্ব্বাপকদলের কর্ম্মকারকেরা উচিতমতে আপনাদের কর্ম্মনির্ব্বাহ করণ সময়ে যে হানি করেন, কলিকাতা নগরে বা শাখানগরে অগ্নিদ্বারা সম্পত্তির হানি পূরণার্থে কোন বিমাপত্রের কথার অর্থকরণে সেই হানি অগ্নিজন্য হানি বলিয়া জ্ঞান হইবে।

But nothing in this section shall exempt any officer of the police or of the fire-brigade from liability to damages on account of any acts done by him without reasonable cause

কিন্তু যদি পোলীসের কিম্বা অগ্নিনির্ব্বাপকদলের কোন কর্ম্মকারক যুক্তিসঙ্গত কারণ বিনা হানিজনক কোন ক্রিয়া করেন, তবে তিনি এই ধারার কোন কথাক্রমে হানিপূরণ করিবার দায় হইতে মুক্ত হইবেন না।

Inquiry into origin of fire

আগুন কিরূপে লাগিল ইহার অনুসন্ধান লইবার কথা।

20 In the case of any fire occurring in Calcutta or the suburbs, the chief officer of the fire-brigade shall ascertain the facts as to the origin and cause of such fire and shall make a report thereon to the Magistrate having jurisdiction in the place in which such fire shall have occurred, and the said Magistrate, in any case where he may see fit, shall summon witnesses and take evidence in order to the further ascertainment of such facts

২০ ধারা। কলিকাতার কিম্বা শাখানগরে আগুন লাগিলে, অগ্নিনির্ব্বাপকদলের প্রধান কর্ম্মকারক ঐ আগুন লাগিবার মূল কারণের ও হেতুর বৃত্তান্ত নির্ণয় করিয়া ঐ আগুন লাগিবার স্থানে যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিকার থাকে তাঁহার নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন। উক্ত মাজিষ্ট্রেট কোন স্থলে উচিত বোধ করিলে ঐ বৃত্তান্ত আরো স্পষ্টরূপে নির্ণয় করিবার নিমিত্তে সাক্ষিদিগকে আহ্বান করিয়া সাক্ষ্য লইতে পারিবেন।

LICENSES AND PENALTIES IN RESPECT OF FIREWORKS, ETC

লাইসেন্সপত্রের ও আতসবাজী প্রভৃতি সম্বন্ধ দণ্ডের কথা।

Penalty for letting off rockets and manufacturing or selling fireworks without license

লাইসেন্স বিনা হাউই ছাড়িবার ও আতসবাজী বিক্রয় কি প্রস্তুত করিবার দণ্ডের কথা।

21 Whoever shall let off rockets or send up fire-balloons without a license from the Commissioner of Police, for which a fee not exceeding ten rupees shall be payable,

২১ ধারা। কোন ব্যক্তি দশ টাকার অনধিক ফী দিয়া পোলীসের কমিশ্যনর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া হাউই কি আগুনের বেলুন ছাড়িলে,

and whoever shall sell or manufacture fireworks without a license from the Commissioner to Police, for which a yearly fee not exceeding ten rupees shall be payable,

আর কোন ব্যক্তি দশ টাকার অনধিক বার্ষিক ফী দিয়া পোলীসের কমিশ্যনর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া আতসবাজী বিক্রয় কি প্রস্তুত করিলে

[*Government Gazette, 22nd April* 1879.]

shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty rupees for every such offence

22 The Commissioner of Police may at his discretion, and after thirty days' notice, withdraw or suspend any license granted by him under this Act.

Power to withdraw license

23 In the event of any rockets being let off or fire balloons sent up, within the precincts of any private premises or compound without the express permission in writing of the Commissioner of Police, the occupier or owner, or person under whose immediate control the said premises or compound is, shall be liable to a fine not exceeding fifty rupees, unless he can prove who the person having committed the offence is, and that the offence was committed without his knowledge

Liability of householders.

PART IV

Application of Funds and Apportionment of Expenses

24 The Commissioners and Municipal Commissioners of the Suburbs and Howrah respectively shall apply the moneys derived from the fees and penalties levied under this Act within their respective jurisdictions—

Application of moneys received under Act.

(1) in payment of the expenses of a fire-brigade,

(2) in payment of all expenses incurred by them respectively in or about the inspection and superintendence of jute warehouses, and the granting of licenses in respect thereof

Any balance which may remain after payment of such expenses shall be applied in reduction of the fees levied on licenses for jute warehouses under this Act

25 The cost of all establishments and plant hired or purchased, and of all other charges under Part III of this Act, shall be contributed by the Commissioners for the town of Calcutta, and by the Suburban Commissioners in the following proportions, namely—by the Commissioners for the town of Calcutta, seven-tenths, by the Suburban Commissioners three-tenths At the end of each quarter of a year the Commissioner of Police shall certify to the Calcutta and Suburban Commissioners respectively the total cost of the fire-brigade for such quarter,

Proportions of contribution towards payment of expenses of fire brigade

মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে।

২২ ধারা। পোলীসের কমিশ্যনর সাহেব এই আইনমতে যে লাইসেন্স দেন ত্রিশ দিনের নোটিস দিয়া আপনার বিবেচনা মতে তাহা রহিত বা কিয়ৎকাল স্থগিত রাখিতে পারিবেন।

লাইসেন্স রহিত করিবার ক্ষমতার কথা।

২৩ ধারা। পোলীসের কমিশ্যনর সাহেবের লিখিত স্পষ্ট অনুমতি না হইলেও কোন ব্যক্তির বাড়ীর কি প্রাঙ্গণের মধ্যে কোন স্থানে হাউই কি আগুনের বেলুন ছাড়া গেলে সেই বাড়ী কি প্রাঙ্গণ অব্যবহিতরূপে যে ব্যক্তির কর্ত্তৃত্বে থাকে তিনি ঐ অপরাধ কে করিয়াছে ও সেই অপরাধ আপনার অজ্ঞাতসারে করা গিয়াছে ইহার প্রমাণ দিতে না পারিলে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

গৃহস্থদের দায়ের কথা।

চতুর্থ খণ্ড।

ফণ্ডের প্রয়োগ ও ব্যয়বিভাগের বিধি।

২৪ ধারা। এই আইনমতে ফী ও দণ্ডস্বরূপ যত টাকা আদায় হয় কমিশ্যনরগণ। এবং শাখানগর ও হাবড়ার মুনিসিপাল কমিশ্যনরেরা আপন ক্ষমতাধীন স্থানে প্রাপ্ত সেই টাকা হইতে

আইনক্রমে প্রাপ্ত টাকা প্রয়োগের কথা।

(১) অগ্নিনির্ব্বাপক দলের খরচ দিবেন,

ও (২) পাটের গুদামের পরিদর্শন ও তত্ত্বাবধান এবং তৎসম্পর্কীয় লাইসেন্স প্রদানের সমস্ত খরচ দিবেন।

উক্ত খরচ দিয়া টাকা উদ্বৃত্ত থাকিলে, এই আইনক্রমে পাটের গুদামের লাইসেন্স নিমিত্ত যে ফী আদায় করা যায়, তাহা কমাইবার নিমিত্ত ঐ টাকা প্রয়োগ করা যাইবে।

২৫ ধারা। সকল কর্ম্মকারকদের বেতনাদি এবং যত যন্ত্র ভাড়া করিয়া কি ক্রয় করিয়া লওয়া যায় ও এই আইনের তৃতীয় খণ্ডমতে অন্য যত খরচ হয় তাহা কালকাত্তা নগরের কমিশ্যনরগণ ও শাখানগরের কমিশ্যনরেরা নিম্নলিখিত হারানুসারে দিবেন, কালকাত্তা নগরের কমিশ্যনরগণ দশ ভাগের সাত ভাগ, শাখানগরের কমিশ্যনরেরা দশ ভাগের তিন ভাগ। ত্রৈমাসে অগ্নি নির্ব্বাপকদলের নিমিত্তে মোটে কত টাকা খরচ লাগিয়াছে ও এই আইনক্রমে ফী ও অর্থদণ্ড হইতে কলিকাতায় ও শাখা নগরে কত টাকা জমা হইয়াছে এবং উভয় কমিশ্যনরদিগের ঠিক কত করিয়া দিতে হইবে পোলীসের কমিশ্যনর

অগ্নিনির্ব্বাপকদলের ব্যয় পোষণার্থে কাহার কত দিতে হইবে তাহার কথা।

the money which may have accrued from the fees and penalties levied under this Act in Calcutta and the Suburbs, and the precise sum which must be paid by the said Commissioners respectively On the receipt of such certificate, the said Commissioners shall forthwith pay the sum certified against them, provided that in no case shall the three-tenths payable in any year by the Suburban Commissioners exceed the sum of ten thousand rupees

সাহেব বৎসরের প্রত্যেক ত্রৈমাসান্তরে কলিকাতা ও শাখানগরের কমিশ্যনরদিগকে এই২ কথা শংসিতমতে জানাইবেন। উক্ত কমিশ্যনরেরা সেই শংসিতপত্র পাইলে শংসিতমতে তাঁহাদের নামে যত টাকা লিখিত হয় তত টাকা দিবেন কিন্তু দশ ভাগের মধ্যে শাখানগরের কমিশ্যনরদের যে তিন ভাগ দিতে হইবে সেই তিন ভাগ যেন দশ হাজার টাকার অধিক না হয়।

PART V

MISCELLANEOUS.

Lieutenant Governor may declare the warehousing of any other substance to be subject to Act

26. The Lieutenant Governor of Bengal may, on the recommendation of the Commissioners passed by resolution, declare that any other fibre or any commodity which is stored or deposited in warehouses besides jute or cotton, shall be warehoused, and kept subject to the provisions of Part II of this Act When such declaration shall have been made in the *Calcutta Gazette*, this Act shall be read as if the name or names of the said fibre or commodity had been printed in addition to the words "jute" or "cotton" in the several sections of Part II, wherein the said words "jute" or "cotton" may occur.

পঞ্চম খণ্ড।

বিবিধ বিধি।

অন্য দ্রব্য গুদামজাৎ করা গেলে তাহার প্রতিও এই আইনের 'বিধান খাটে' শ্রীযুত লেপ্টেনেণ্টে গবর্ণর সাহেবের এই আজ্ঞা করিতে পারিবার কথা।

২৬ ধারা। কমিশ্যনরগণ নির্দ্ধারণ করিয়া পরামর্শ দিলে পাট ও তূলা ভিন্ন অন্য যে আঁশাল দ্রব্য কিম্বা অন্য যে কোন দ্রব্য গুদামে সঞ্চিত করিয়া কি গচ্ছিত করিয়া রাখা গিয়া থাকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কমিশ্যনরগণের সেই পরামর্শতে ঐ সকল দ্রব্য এই আইনের দ্বিতীয় খণ্ডের বিধানমতে গুদামজাত করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলে দ্বিতীয় খণ্ডের যে২ ধারায়, "পাট" ও "তূলা" শব্দ থাকে সেই২ ধারায় ঐ২ শব্দের পর উক্ত আঁশাল দ্রব্যের বা অন্য দ্রব্যের নাম লেখা থাকার ন্যায় ঐ২ ধারা পাঠ করিতে হইবে।

Submission of reports

27 The Commissioners for the town of Calcutta and Municipal Commissioners, respectively, shall make a report to the Lieutenant-Governor once a year, at such time as the Lieutenant-Governor shall direct, showing how the provisions of this Act have been carried out, and specifying the jute warehouses in respect of which licenses have been granted Such report shall be forthwith published in the *Calcutta Gazette*.

রিপোর্ট দিবার কথা।

২৭ ধারা। এই আইনের বিধানমতে কার্য্য যে রূপে সম্পাদন হইতেছে এবং পাটের যে২ গুদামের উক্ত লাইসেন্স দেওয়া গিয়াছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যেং সময় নিরূপণ করেন কলিকাতা নগরের কমিশ্যনরগণ ও মুনিসিপল কমিশ্যনরেরা সেইং সময়ে বৎসরং একবার সেইরূপ রিপোর্ট করিবেন। সেই রিপোর্ট অগৌণে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

Power to arrest.

28 Any person committing any offence in respect of which a penalty is provided by section 15 or section 23 of this Act may, if his name and address be unknown, be arrested by any officer of police, and forthwith conveyed before some Magistrate having jurisdiction in the place in which such offence has been committed, or shall be taken to the nearest police station within the said jurisdiction in order that such person may be detained until he can be brought before a Magistrate, or until he shall enter into recognizance with or without sureties for his appearance before a Magistrate.

[*Government Gazette, 22nd April 1879.*]

ধৃত করিবার ক্ষমতার কথা।

২৮ ধারা। এই আইনের ১৫ কি ২৩ ধারায় যেং অপরাধের অর্থদণ্ডের বিধান হইল কোন ব্যক্তি উক্ত কোন অপরাধ করিলে ও তাঁহার নাম ও বাসস্থান জানা না থাকিলে পোলীসের কোন কর্ম্মকারক তাঁহাকে ধরিতে ও যে স্থানে অপরাধ করা হইয়াছে সেই স্থানের বিচারাধিপত্য প্রাপ্ত কোন মাজিষ্ট্রেটের সম্মুখে আনিতে পারিবেন কিম্বা বিচারাধিপত্যবিশিষ্ট সন্নিহিত পোলীস থানায় তাঁহাকে তৎক্ষণাৎ লইয়া গিয়া যত কাল মাজিষ্ট্রেটের সম্মুখে আনা যাইতে না পারে কিম্বা ঐ ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবেন জামিনের সহিত কি জামিনভিন্ন যতকাল ইহার মুচলকা লিখিয়া না দেন তত কাল তাঁহাকে তথায় আটক করাইয়া রাখিবেন।

29 Whenever such person shall be taken to a police station, the officer in charge of such station shall, as soon as conveniently may be, cause him to be conveyed before some Magistrate having jurisdiction in the matter.

Offenders to be brought to trial.

২৯ ধারা। উক্ত প্রকারে পোলীস ষ্টেশনে আনীত অপরাধিদের বিচার হইবার কথা। থানায় যে ব্যক্তির প্রতি ঐ থানার অধ্যক্ষতা ভার থাকে তিনি সুবিধামতে ত্বরায় সেই বিষয়ের বিচারাধিপত্য বিশিষ্ট কোন মাজিষ্ট্রেটের নিকট ঐ ব্যক্তিকে পাঠাইবেন।

30 Every license granted under Part II of this Act shall, as far as possible, be in the form in the schedule to this Act annexed.

Form of license.

৩০ ধারা। লাইসেন্সের পাঠ। এই আইনের ২য় খণ্ডমতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা যত দূর হইতে পারে, এই আইনের তফসীলের নির্দ্ধারিত পাঠ লেখা যাইবে।

31 Nothing in this Act shall be deemed to apply to places where small quantities of jute, not exceeding four maunds at any one time, are deposited for the purpose of any manufacture or retail trade.

Saving of places of manufacture or retail trade.

৩১ ধারা। কারিগরির কি খুচরা বিক্রয়ের স্থানের প্রতি না খাটিবার কথা। কোন কারিগরির নিমিত্ত কিম্বা খুচরা বিক্রয়ের নিমিত্ত অল্প করিয়া অর্থাৎ এককালে চারিমণের অনধিক পাট যে স্থানে রাখা গিয়া থাকে, এই আইনের বিধান যে সেই স্থানের প্রতি খাটে, এমত জ্ঞান করিতে হইবে না।

SCHEDULE

(See Section 30.)

License under Bengal Act of 1879.

No. of 187 .

I Corporation of the Town of Calcutta hereby grant unto this License under Bengal Act of 1879 to store and press jute in premises No. Calcutta, subject to the conditions noted on the back, and they hereby acknowledge to have received the sum of Rs. being the License Fee due by the said from 187 to in respect of the aforesaid premises at the rate of Rs. per annum.

Name of owner — —

Name of occupier — —

Secretary to the Corporation of the Town of Calcutta.

তফসীল।

(৩০ ধারা দেখ।)

১৮৭৯ সালের বঙ্গীয় আইনমতে লাইসেন্স।

১৮ সালের অমুক নম্বর।

কলিকাতানগরের সমবায়িত সমাজ ১৮৭৯ সালের বঙ্গীয় আইনমতে শ্রীঅমুককে পৃষ্ঠলিখিত নিয়মাধীনে কলিকাতা নগরের অমুক রাস্তার অমুক নম্বরের বাটীতে পাট রাখিবার ও বাঁধিবার এই লাইসেন্স দিলেন এবং তাঁহারা উক্ত ব্যক্তির স্থানে পূর্ব্বোক্ত বাটীর নিমিত্ত বৎসর এত টাকার হারে ১৮৭ সালের অমুক তারিখ অবধি অমুক তারিখ পর্য্যন্ত লাইসেন্স ফী বলিয়া এত টাকা বুঝিয়া পাইলেন।

স্বামির নাম

দখলীকারের নাম

কলিকাতা নগরের সমবায়িত সমাজের সেক্রেটরী।

The day of

Frederick Clarke,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

সাল তাং

ফ্রেডরিক ক্লার্ক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

THE following report of the Select Committee, together with the Bill as amended by them, is, by order of the President, published for general information —

WE, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal, to whom the Bill to provide for the proper management of certain inland steam vessels was referred, have the honor to make the following report —

The only material alteration that we have made in the Bill is to state more precisely the cases in which notice of accidents occurring to or on board of inland steam vessels is to be given to the local Government

We have also provided that the rules in the first instance shall be published two months before taking effect

A. B INGLIS
A MACKENZIE
JOHN D BELL
The 2nd April 1879. C T BUCKLAND

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট তাঁহাদের সংশোধিত পাণ্ডুলিপিসমেত, শ্রীযুত প্রেসিডেন্ট সাহেবের আদেশক্রমে, সাধারণের অবগতিনিমিত্ত প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সদস্য নিম্নস্বাক্ষরকারী আমাদের হস্তে কোনং দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের উপযুক্ত তত্ত্বাবধানের বিধানার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়। আমরা তৎসম্বন্ধে সসম্ভ্রমে নিম্নলিখিত রিপোর্ট দিতেছি।

আমরা পাণ্ডুলিপিতে কেবল একটী গুরুতর পরিবর্ত্তন করিয়াছি, দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের বা তদুপরি কোন দুর্দ্দৈব ঘটিলে যে যে স্থলে স্থানীয় গবর্ণমেন্টে নোটিস দিতে হইবে তাহা আমরা অধিকতর নিশ্চিত করিয়া লিখিয়াছি।

আমরা আরও বিধান করিয়াছি যে প্রথমতঃ ফলবৎ হইবার দুই মাস পূর্ব্বে বিধিগুলি প্রকাশ করা যাইবে।

এ, বি, ইংলিস।
এ, মাকেঞ্জি।
জন ডি, বেল।
১৮৭৯ সাল ২ আপ্রিল। সি, টি, বকলণ্ড।

[*Government Gazette*, 22*nd April* 1879.]

AMENDED BILL.

A Bill to provide for the proper management of certain Inland Steam Vessels

Preamble

Whereas it is expedient that inland steam vessels of a burden exceeding one hundred tons should be commanded by competent persons, and it is therefore desirable to provide for the examination of commanders of such vessels and for the granting of certificates to them It is enacted as follows —

Definition of "inland steam vessel"

1 "Inland steam vessel" in this Act means a steam vessel of a burden exceeding one hundred tons engaged in the inland trade of Bengal which in the course of its ordinary voyage traverses at any time of the year any part of the river Hooghly below the town of Calcutta

Local Government may make rules

2 The local Government may from time to time make, alter, add to, or repeal rules for the examination of, and the granting of certificates to, commanders of inland steam vessels,

Provided that the first rules made under this Act shall be published in the *Calcutta Gazette* at least two months before they take effect

Inland steam vessels to have certificated commanders.

3 Every inland steam vessel shall be commanded by a person holding a certificate duly in force under the said rules.

Penalty on owner if vessel is commanded by uncertificated commander

4. If any such vessel is not so commanded, the owner thereof shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding one thousand rupees; and such fine may continue to be imposed on the said owner after the expiration of one month from the last previous conviction, so long as the provisions of section 3 are not complied with in respect of such vessel.

Commanders deemed to be pilots under section 38 of Indian Ports Act

5. A Commander of any inland steam vessel who holds a certificate duly in force under the said rules shall be deemed to be a pilot in respect of such vessel for the purposes of section 38 of the Indian Ports Act, 1875.

Notice of accidents to be given to local Government.

6 In any of the cases following (namely),—

সংশোধিত পাণ্ডুলিপি।

কোন২ দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের উপযুক্ত অধ্যক্ষ বধানের বিধানার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতু বাদ।

যে সকল দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতে এক শত টনের অধিক বোঝাই ধরে, তৎসমুদয় উপযুক্ত ব্যক্তির অধ্যক্ষতাধীনে থাকা বিহিত, এবং তন্নিমিত্ত উক্ত পোতের অধ্যক্ষদিগকে পরীক্ষা করিবার ও সর্টিফিকেট দিবার বিধান করা বাঞ্ছনীয়, অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

"দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের" লক্ষণ।

১ ধারা। একশত টনের অধিক বোঝাই ধারী যে বাষ্পীয় পোত বাঙ্গলার দেশাভ্যন্তরিক বাণিজ্য কার্য্যে নিযুক্ত থাকিয়া নিয়মিত জলযাত্রাক্রমে বৎসরের কোন সময়ে কলিকাতার নীচে হুগলী নদীর কোন অংশ দিয়া গমন করে, এই আইনে "দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোত" শব্দে সেই বাষ্পীয় পোত বুঝায়।

স্থানীয় গবর্ণমেণ্ট বিধি প্রণয়ন করিতে পারিবেন।

২ ধারা। দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের অধ্যক্ষদিগকে পরীক্ষা করিবার ও সর্টিফিকেট দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধি প্রণয়ন করিতে পারিবেন, ও প্রণীত হইলে, তাহা পরিবর্ত্তিত কি পরিবর্দ্ধিত কি রহিত করিতে পারিবেন।

কিন্তু এই আইনমতে প্রথম যে বিধি প্রণীত হয় তাহা বলবৎ হইবার অন্যূন দুই মাস পূর্ব্বে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের সর্টিফিকেট প্রাপ্ত অধ্যক্ষ থাকিবে।

৩ ধারা। প্রত্যেক দেশাভ্যন্তরিক বাষ্পীয়পোত উক্ত বিধিমতে নিয়মিতরূপে বলবৎ সর্টিফিকেট প্রাপ্ত ব্যক্তির অধ্যক্ষতাধীনে থাকিবে।

সর্টিফিকেটবিহীন অধ্যক্ষের অধ্যক্ষতাধীনে পোত রাখিলে, স্বামির অর্থদণ্ডের কথা।

৪ ধারা। যদি উক্তরূপ কোন পোত তদ্রূপ অধ্যক্ষতাধীনে না থাকে, মাজিষ্ট্রেটের নিকট অপরাধ নির্ণয় হইলে তাহার স্বামির এক হাজার টাকার অনধিক অর্থ দণ্ড হইবে এবং যাবৎ উক্ত পোত সম্বন্ধে ৩ ধারার বিধান মান্য করা না হয়, পূর্ব্ব অপরাধ নির্ণয় অবধি এক মাস গত হইলে পর উক্ত স্বামির আবার তদ্রূপ অর্থ দণ্ড করা যাইতে পারিবে।

অধ্যক্ষদিগকে ভারতবর্ষীয় বন্দরবিষয়ক আইনের ৩৮ ধারাক্রমে আড়কাটী বলিয়া জ্ঞান করা যাইবে।

৫ ধারা। উক্তরূপ কোন পোতের অধ্যক্ষ উক্ত বিধিমতে নিয়মিতরূপে বলবৎ সর্টিফিকেটপ্রাপ্ত হইলে, ভারতবর্ষীয় বন্দরবিষয়ক ১৮৭৫ সালের আইনের ৩৮ ধারাক্রমে তাঁহাকে আড়কাটী বলিয়া জ্ঞান করা যাইবে।

৬ ধারা। পশ্চাল্লিখিত স্থলে, অর্থাৎ,

(*a*) Whenever any inland steam vessel is wrecked, abandoned, or materially damaged in any part of the River Hooghly below the town of Calcutta

(*b*) Whenever any such vessel causes loss or material damage to any other inland steam vessel or to any sea-going vessel in the aforesaid part of the River Hooghly,

(*c*) Whenever, by reason of any casualty happening to or on board of any inland steam vessel in the aforesaid part of the River Hooghly, loss of life ensues

The Commander shall give immediate notice of such wreck, abandonment, loss, damage, or casualty, to the Port Officer of Calcutta

Any Commander wilfully failing to give notice under this section shall be liable to a fine not exceeding five hundred rupees

The Port Officer receiving such notice shall without delay communicate the same to the local Government

7 If in any such case a formal investigation appears to the local Government to be requisite or expedient, the local Government may order such investigation, and the provisions of section 4, sections 6 to 11 (both inclusive), and sections 15 and 16 of the Indian Merchant Shipping Act, 1875, shall be applicable, as far as may be, to all proceedings under this section

Investigation of accidents

8 The local Government may suspend or cancel the certificate of any Commander as aforesaid if he is reported by the court making such investigation to be incompetent, or to have been guilty of misconduct, or if he has been convicted of a non-bailable offence.

Local Government may suspend or cancel certificate

9 No proceedings shall be taken against any person for the recovery of a penalty under this Act before such day as the Lieutenant-Governor may by notification in the *Calcutta Gazette*

[illegible]

10 This Act shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the consent of the Governor-General

Commencement of Act

W. E. H. FORSYTH

Offg. Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department

[Calcutta Gazette, 22nd April 1879.]

স্থানীয় গবর্ণমেণ্টে দুর্দৈবের সংবাদ দিতে হইবে।

(ক) কলিকাতা নগরের নীচে হুগলী নদীর মধ্যে কোন স্থানে কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোত ভগ্ন কি পরিত্যক্ত কি গুরুতররূপে ক্ষতিগ্রস্ত হলে,

(খ) হুগলী নদীর পূর্ব্বোক্ত ভাগে উক্তরূপ কোন পোত অন্য কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের বা সমুদ্রগামী পোতের কোন হানি কি গুরুতর ক্ষতি করিলে,

(গ) হুগলী নদীর পূর্ব্বোক্ত ভাগে কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের বা তদুপরি কোন দুর্দৈব ঘটিয়া প্রাণের হানি হইলে,

পোতাধ্যক্ষ উক্তরূপ ভগ্ন হইবার কি পরিত্যাগের কি হানির কি ক্ষতির কি দুর্দৈবের সংবাদ তৎক্ষণাৎ কলিকাতার বন্দরের কর্তৃপক্ষকে দিবেন।

কোন পোতাধ্যক্ষ ইচ্ছাপূর্ব্বক এই ধারামতে সংবাদ না দিলে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

বন্দরের কর্তৃপক্ষ উক্তরূপ সংবাদ পাইলে তাহা অবিলম্বে স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইবেন।

৭ ধারা। যদি এরূপ কোন স্থলে নিয়মিত অনুসন্ধান লওয়া স্থানীয় গবর্ণমেণ্ট আবশ্যক কি হিতকর বোধ করেন স্থানীয় গবর্ণমেণ্ট তদ্রূপ অনুসন্ধান লইতে আদেশ করিতে পারিবেন এবং এই ধারামতে যে সকল কার্য্যানুষ্ঠান হয় তাহাতে যত দূর সম্ভব ভারতবর্ষীয় সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৪ ধারা ও ৬ অবধি ১১ ধারা ও ১৫ ও ১৬ ধারার বিধান খাটিবে।

দুর্দৈবের অনুসন্ধান লইবার কথা।

৮ ধারা। অনুসন্ধানকারী আদালত পূর্ব্বোক্ত পোতাধ্যক্ষকে অযোগ্য কি অসদাচরণ দোষে দোষী রিপোর্ট করিলে, কিম্বা যে অপরাধের জন্য জামিন লওয়া যায় না তাঁহার সেই অপরাধ সপ্রমাণ হইলে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার সর্টিফিকেট স্থগিত কি রহিত করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট সর্টিফিকেট স্থগিত কি রহিত করিতে পারিবেন।

৯ ধারা। কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে তারিখ নির্দ্দিষ্ট করেন তৎপূর্ব্বে এই আইনক্রমে অর্থদণ্ড আদায়ের নিমিত্ত কোন ব্যক্তির নামে কোন কার্য্যানুষ্ঠান করা যাইবে না।

নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে অর্থদণ্ড আদায় না করিবার কথা।

১০ ধারা। এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের সম্মতিক্রমে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি বলবৎ হইবে ইতি।

আইনের কার্য্যারম্ভ।

ডবলিউ, ই, এচ, ফোরসাইথ,
বাঙ্গালা কার্য্যনির্ব্বাহক বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAY, M.A. AND B.L.,
Bengali Translator

TUESDAY, APRIL 22, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২২ আপ্রিল।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L P,

FEBRUARY 1879.

HON'BLE H L. DAMPIER

No 6

THE Civil Account Code having made some changes in some of the sections of the Board's Rules, volume I, new edition, the following notes should be entered in the latter —

Against section 6, chapter I, enter—"*N.B.*—The rules have been redrawn, and are superseded by chapter 27 of the Civil Account Code"

Against section 8 of the same chapter enter—"*N B*—The rules have been redrawn, and are superseded by chapter 28 of the Civil Account Code The system of railway credit orders has been entirely abolished. The appendix to this section (page 29) is also superseded by the annexure to the above-quoted chapter of the Code"

Against section 12 of the same chapter enter—"*N B*—The first 16 clauses of this section have been redrawn, and are superseded by chapter 26 of the Civil Account Code"

No 7

THE annexed rules for the confirmation of settlement proceedings are issued with the approval of Government

2 The correspondence between the Government and the Board on the subject is annexed,* as it serves to explain the rules

3 Indents should be submitted without delay to the Superintendent of Stationery for the forms of statement prescribed by rules 17 and 19 These statements should be submitted by Collectors to Commissioners on the 10th, and by Commissioners to the Board on the 15th of each month.

* Board to Government, No 8A, dated 3rd January 1879
Government reply, No 287-131 L R, dated 3rd February 1879

Rules for the confirmation of settlement proceedings

WITH reference to section 3 of Bengal Act III, 1878, the following Rules are prescribed for the confirmation by the revenue authorities of settlement proceedings under Regulation VII of 1822, and for the final adjustment of the revenue, determination of malikana, and other proceedings subsequent to such confirmation

The first part does not apply to mere extensions of existing settlements without enquiry into details

PART I*

Confirmation under section 3 of proceedings under Regulation VII of 1822 for the record of rents demandable from under tenants and ryots

Rule 1—As soon as the Collector has determined the classification of the land, and the rates to be demanded from the ryots on account of each class, he shall, in every case in which the number of ryots to be affected by the settlement is above 200, and in such other cases as involve novel or special circumstances or doubtful questions making such a reference desirable, submit his proposals to the Commissioner for approval,† with a report comparing the proposed rates with those previously paid and those adopted at the previous settlement, and giving his reasons for any enhancement or reduction

In other cases the Collector may proceed at once under rule 3, without reference to the Commissioner, and in such cases the Commissioner's confirmation of the rents recorded as demandable will be given when the proceedings are submitted to him under rule 4 below

2 Before approving of, or modifying, the rates so submitted, the Commissioner shall, in every case in which the number of ryots to be affected by the settlement is above 400, and in such other cases as involve novel or special circumstances or doubtful points making such a reference desirable refer them to the Board of Revenue with his recommendations, and await their instructions

* To supersede rule 6, section 6 page 280, old edition of the Board's Rules

† By submitting the rates for approval at this stage, and before the jamabandi is drawn up, waste of time and labour in calculating each ryot's rent and drawing up a detailed jamabandi based on rates which are eventually disapproved by superior authority may be avoided

[Government Gazette, 22nd April 1879.]

রাজস্ব বিষয়ক সরকুলের।

১৮৭৯ সাল ফেব্রুয়ারি মাস।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়ার।

---

৬ নং।

সিবিল হিসাব বিষয়ক বিধিপুস্তকে বোর্ডের বিধির নূতন সংস্করণের ১ বালামের কয়েক ধারার কিঞ্চিৎ পরিবর্ত্তন করাতে, শেষোক্ত গ্রন্থে নিম্নলিখিত মন্তব্য গুলি লিখিতে হইবে।

১ অধ্যায়ের ৬ পরিচ্ছেদের পার্শ্বে এইরূপ লিখিবে, "মন্তব্য। উক্ত বিধিগুলি সিবিল হিসাব বিষয়ক বিধিপুস্তকের ২৭ অধ্যায়দ্বারা রহিত করিয়া পুনর্ব্বার প্রণয়ন করা গেল।"

ঐ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের পার্শ্বে এইরূপ লিখিবে, "মন্তব্য। উক্ত বিধিগুলি সিবিল হিসাব-বিষয়ক বিধিপুস্তকের ২৮ অধ্যায় দ্বারা রহিত করিয়া পুনর্ব্বার প্রণয়ন করা গেল। রেলওয়ে ক্রেডিট আর্ডর প্রণালী একেবারে উঠাইয়া দেওয়া গেল। এই পরিচ্ছেদের পরিশিষ্ট (২৯ পৃষ্ঠা) উক্ত বিধিপুস্তকের পূর্ব্বোক্ত অধ্যায়ের পরিশিষ্ট দিয়া রহিত করা গেল।"

ঐ অধ্যায়ের ১২ পরিচ্ছেদের পার্শ্বে এইরূপ লিখিবে, "মন্তব্য। এই পরিচ্ছেদের প্রথম ১৬ ধারা সিবিল হিসাব বিষয়ক ২৬ অধ্যায় দ্বারা রহিত করিয়া পুনর্ব্বার প্রণয়ন করা গেল।"

---

৭ নং।

গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে বন্দোবস্তী কার্য্যের দৃঢ়ীকরণার্থ এতৎ সংযুক্ত বিধি প্রকাশ করা গেল।

* গবর্ণমেণ্টের প্রতি বোর্ডের ১৮৭৯ সালের ৩ জানুয়ারি তারিখের ৩ A নং পত্র।

১৮৭৯ সালের ৩ ফেব্রুয়ারি তারিখের ২৮৭ ১৩১ L R নং গবর্ণমেণ্টের উত্তর।

২। এতদ্বিষয়ে গবর্ণমেণ্ট ও বোর্ডের মধ্যে যে চিঠিপত্র চলে তাহাও এতৎসঙ্গে দেওয়া গেল* কারণ তদ্দ্বারা বিধির ব্যাখ্যা হয়।

৩। বিধির ১৭ ও ১৯ ধারার নির্দ্দিষ্ট বিবরণপত্রের পাঠের জন্য শ্রীযুক্ত ষ্টেশনরী সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে অবিলম্বে ইণ্ডেণ্ট পাঠাইতে হইবে। এই বিবরণপত্রগুলি কালেক্টর সাহেব প্রত্যেক মাসের ১০ তারিখে কমিশ্যনর সাহেবের নিকটে, এবং কমিশ্যনর সাহেব প্রত্যেক মাসের ১৫ তারিখে বোর্ডে পাঠাইবেন।

বন্দোবস্তী কার্য্যের দৃঢ়ীকরণার্থ বিধি।

১৮২২ সালের ৭ আইনক্রমে বন্দোবস্তী কার্য্যের রাজস্ব বিষয়ক কর্তৃপক্ষদের কর্তৃক দৃঢ়ীকরণার্থ, এবং ঐ দৃঢ়ীকরণের পর রাজস্বের চূড়ান্ত বন্দোবস্ত, মালিকানা নির্ণয় ও অন্যান্য কার্য্যানুষ্ঠানার্থ, ১৮৭৮ সালের ৩ আইনের ৩ ধারাক্রমে পশ্চাল্লিখিত বিধি নির্দ্ধারিত হইল

বিশেষ অনুসন্ধান ব্যতিরেকে কেবল বর্ত্তমান বন্দোবস্তের রাখি বৃদ্ধি করণের প্রতি প্রথম খণ্ড বর্ত্তিবে না।

প্রথম খণ্ড।*

পেটাও প্রজা ও রায়তদের নিকটে প্রাপ্য খাজানা লিপিবদ্ধ করিবার নিমিত্ত ১৮২২ সালের ৭ আইনক্রমে কার্য্যের ৩ ধারামতে দৃঢ়ীকরণের বিধি।

১। কালেক্টর সাহেব ভূমির শ্রেণীর বন্ধন করিয়া কোন্ শ্রেণীর ভূমির জন্য রায়তদের নিকটে কি হারে খাজানা চাহিবেন স্থির করিলে পর, যে স্থলে দুই শতের অধিক রায়ত বন্দোবস্তের মধ্যে পড়িবে এবং অন্য যে স্থলে নূতন বা বিশেষ অবস্থা বা সন্দেহজনক প্রশ্ন থাকায় জিজ্ঞাসাবাদ করা বাঞ্ছনীয়, সে স্থলে তিনি কমিশ্যনর সাহেবের অনুমোদনার্থে প্রস্তাব পাঠাইবেন। † আর প্রস্তাবিত হারের সহিত পূর্ব্ব প্রদত্ত হারের ও পূর্ব্ব বন্দোবস্ত সময়ে অবলম্বিত হারের তুলনা করিয়া, এবং হার বৃদ্ধি কি কম করিবার যুক্তি দিয়া, এতৎসঙ্গে এক খানি রিপোর্ট পাঠাইবেন।

অন্য স্থলে কমিশ্যনর সাহেবকে জিজ্ঞাসাবাদ না করিয়া কালেক্টর সাহেব একেবারে বিধির ৩ ধারাক্রমে কার্য্য করিতে পারিবেন এবং এরূপ স্থলে বিধির ৪ ধারাক্রমে করকারি কমিশ্যনর সাহেবের নিকটে প্রেরিত হইলে তিনি প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানার দৃঢ়ীকরণ করিবেন।

২। পূর্ব্বোক্তরূপে প্রেরিত হার অনুমোদন কি পরিবর্ত্তন করিবার পূর্ব্বে, যে স্থলে চারিশতের অধিক রায়ত বন্দোবস্তের মধ্যে পড়িবে, এবং অন্য যে স্থলে নূতন বা বিশেষ অবস্থা বা সন্দেহজনক প্রশ্ন থাকায় জিজ্ঞাসাবাদ করা বাঞ্ছনীয়, কমিশ্যনর সাহেব স্বীয় পরামর্শ সহিত হার বোর্ডে পাঠাইবেন এবং তাঁহাদের উপদেশ প্রতীক্ষা করিবেন।

---

* বোর্ডের বিধিপুস্তকের পুরাতন সংস্করণের ৪০০ পৃষ্ঠায় ৬ পরিচ্ছেদের ৬ ধারা এতদ্দ্বারা রহিত করা গেল।

† জমাবন্দী প্রস্তুত করিবার পূর্ব্বে এই সময়ে হার অনুমোদনার্থ পাঠাইলে উপরিস্থিত কর্তৃপক্ষেরা শেষে যে হার অনুমোদন করিবেন না তদনুসারে পূর্ণবিবরণ বিশিষ্ট জমাবন্দী প্রস্তুত করিবার ও প্রত্যেক রায়তের খাজানা হিসাব করিবার শ্রম ও সময়ের অপব্যয় নিবারিত হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

3 When the rates to be demanded from the ryots have been determined as provided in rules 1 and 2, the Settlement Officer shall draw up a jamabandi, and endeavour to procure the signatures to it of all who accept the rents as recorded therein *

4 The Settlement Officer will then record a proceeding, indicating which of such rents are at enhanced rates, and the grounds of enhancement, as required by section 2 of the Act, and will embody in, or annex to, his proceeding a specification of the under tenants and ryots who have agreed to the enhanced rents as above, and signed the jamabandi, and of those who have not done so The Collector will submit this proceeding to the Commissioner for sanction, with his remarks †

5 If all the persons from whom rents are recorded as demandable at enhanced rates have agreed to these rents, and are reported to have signed the jamabandi in token of agreement, the Commissioner may at once proceed to issue orders, confirming, under section 3, the proceedings for the ascertainment and record of the rents demandable, or, if he think proper, may require the Settlement Officer to revise his proceedings with a view to recording higher rents to be demandable

6 If the proceedings are so returned for revision, the Settlement Officer shall follow the procedure prescribed above, in respect to procuring signatures to the revised jamabandi, and to the submission of the revised report

7 If any of the under tenants or ryots whose rents have been enhanced have not signified their acceptance of the enhanced rent by signing the jamabandi, the Commissioner shall fix a date on which he will consider any objections which may be raised to the rents recorded as demandable by the Settlement Officer Such date shall be not less than 30 days after the date on which it may be expected that notice thereof will be given locally by the Settlement Officer as required by these rules Immediate notice of the date fixed shall be given to the Collector and Settlement Officer

8 The Settlement Officer shall, on receipt of this notice, at once cause the date fixed to be intimated to every ryot who has failed to sign the jamabandi, by a notice to be left at the place of residence of such ryot, or, if more convenient, shall cause such date to be proclaimed by beat of drum in all villages in which any of the lands held by the persons who have not agreed to the proposed rents are situated, and shall in such notice or proclamation require all who wish to be heard before the Commissioner to attend personally or by authorized agent on that date and unless such notice is so served, or proclamation is made at least 30 days before the date fixed by the Commissioner, the Commissioner may, at his discretion, allow a postponement, and fix another date

9 After hearing such objections as may be preferred, the Commissioner may confirm the proceedings for the ascertainment and record of the rents demandable, in the manner prescribed by section 3

10 On receipt of the Commissioner's confirmation, the Settlement Officer shall issue the formal notice required by section 4 of the Act, calling on all under-tenants and ryots who have not already signed the jamabandi to attend and sign it, intimating that the rents recorded in it as demandable from each under tenant and ryot have received the confirmation of the authority empowered by Government on that behalf, as required under section 3 of the Act The signature of those ryots who signed the jama bandi before it was submitted for confirmation need not be taken again, and in any jamabandis which may be affixed on the villages under clause 2 of section 4, the names and details of rent of those ryots only who have failed to sign need be entered

* This will not be the formal call to sign the jamabandi, which is equivalent to a notice of enhancement under section 4 of Bengal Act III of 1878 as the law (first proviso of section 3 read with section 4) requires that such formal notice shall be issued after the proceedings in which (not the rates merely but) the enhanced rent demandable from each undertenant and ryot is recorded, have received the confirmation of the authority empowered by Government in that behalf The object of calling on the ryots to sign the jamabandi, before the rents recorded in it as demandable from each ryot are submitted for confirmation is that it may serve as a guide to the superior authority by shewing how far the enhanced rents have been accepted.

† It will be observed that the fact of the Commissioners approval to the rates having been already procured will not do away with the necessity of submitting for the Commissioner's confirmation the detailed jamabandi, because, as explained in rule 3 above, the wording of section 3 of the Act requires that the confirmation of the authority empowered by Government in that behalf shall be given not only to the rates, but to the proceedings on which the higher rent demandable from each under-tenant or ryot has been recorded

[*Government Gazette, 22nd April 1879.*]

৩। রায়তদের নিকটে যে হার চাহিতে হইবে ১ ও ২ ধারাক্রমে তাহা নির্ণীত হইলে, বন্দোবস্তী কার্য্যকারক জমাবন্দী প্রস্তুত করিয়া তল্লিপিবদ্ধ খাজানা দিতে যাহারা স্বীকার করে তাহাতে তাহাদের স্বাক্ষর লইতে চেষ্টা করিবেন।*

৪। বন্দোবস্তী কার্য্যকারক অনন্তর কৈফিয়ত লিপিবদ্ধ করিবেন ও তাহাতে আইনের ২ ধারাক্রমে দেখাইবেন তন্মধ্যে কোন্ ২ খাজানা বর্দ্ধিত হারে স্থির করা হইয়াছে ও বর্দ্ধিত করিবার হেতু কি, এবং ঐ কৈফিয়তে কি তৎসংযুক্ত কাগজে যে যে পেটাও প্রজা ও রায়ত বর্দ্ধিত খাজানা দিতে সম্মত হইয়া জমাবন্দীতে স্বাক্ষর করিয়াছে ও যাহারা করে নাই তাহার নির্দ্দেশ করিবেন। কালেক্টর সাহেব নিজের মন্তব্য সহিত এই কৈফিয়ত অনুমোদনার্থে কমিশ্যনর সাহেবের নিকটে পাঠাইবেন।†

৫। যে সকল ব্যক্তির নিকটে বর্দ্ধিত হারে খাজানা প্রাপ্য বলিয়া লিখিত হইয়াছে তাহারা খাজানা দিতে সম্মত হইয়া জমাবন্দীতে সম্মতিসূচক স্বাক্ষর করিয়াছে রিপোর্ট হইলে, কমিশ্যনর সাহেব প্রাপ্য খাজানা স্থির করিয়া লিপিবদ্ধ করিবার কৈফিয়ত ৩ ধারাক্রমে দৃঢ় করিয়া একেবারে আদেশ জারী করিতে প্রবৃত্ত হইতে পারিবেন, কিম্বা উচিত বোধ করিলে উচ্চতর খাজানা প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করিবার নিমিত্ত বন্দোবস্তী কার্য্যকারককে তদীয় কৈফিয়ত সংশোধন করিবার আদেশ দিতে পারিবেন।

৬। কৈফিয়ত সংশোধনার্থ উক্তরূপে ফিরাইয়া দেওয়া গেলে সংশোধিত জমাবন্দীতে স্বাক্ষর লইবার নিমিত্ত ও সংশোধিত রিপোর্ট প্রেরণ করিবার নিমিত্ত বন্দোবস্তী কার্য্যকারক উপরি নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালী অবলম্বন করিবেন।

৭। যে পেটাও প্রজা ও রায়তদের খাজানা বৃদ্ধি করা গিয়াছে তন্মধ্যে কোন ব্যক্তি জমাবন্দী স্বাক্ষর করিয়া বর্দ্ধিত খাজানা দিতে সম্মতি প্রকাশ না করিলে, কমিশ্যনর সাহেব বন্দোবস্তী কার্য্যকারক প্রাপ্য বলিয়া যে খাজানা লিপিবদ্ধ করিয়াছেন তদ্বিরুদ্ধে উত্থাপিত আপত্তির বিবেচনা করিবার নিমিত্ত একটী তারিখ অবধারিত করিবেন। এই বিষয়ে বন্দোবস্তী কার্য্যকারকের যে স্থানীয় নোটিস দিবার কথা আছে তাহা যে তারিখে দিবার আশা করা যায় উক্ত তারিখ সেই তারিখের অন্যূন ৩০ দিন পরে হইবে। অবধারিত তারিখের নোটিস অবিলম্বে কালেক্টর সাহেবকে ও বন্দোবস্তী কার্য্যকারককে দিতে হইবে।

৮। এই নোটিস পাইলে, বন্দোবস্তী কার্য্যকারক যে সকল রায়ত জমাবন্দীতে স্বাক্ষর করে নাই তাহাদের প্রত্যেকের বাসস্থানে নোটিস দিয়া অবিলম্বে ঐ অবধারিত তারিখ তাহাদিগকে জানাইবেন, কিম্বা, অধিকতর সুবিধা হইলে, যাহারা প্রস্তাবিত খাজানা দিতে সম্মত হয় নাই তাহাদের ভূমি যে সকল গ্রামে অবস্থিত সেই সকল গ্রামে ঢেঁড়রা দিয়া উক্ত তারিখ ঘোষণা করিবেন এবং যাঁহারা কমিশ্যনর সাহেবের নিকটে আবেদন করিতে চাহেন, তাঁহারা উক্ত তারিখে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের দ্বারা তথায় উপস্থিত হইবেন উক্ত নোটিস কি ঘোষণায় এই আদেশ করিবেন, এবং উক্ত নোটিস এই রূপে জারী করা না গেলে, কিম্বা কমিশ্যনর সাহেবের অবধারিত তারিখের অন্যূন ত্রিশ দিন পূর্ব্বে ঐ ঘোষণা করা না গেলে, কমিশ্যনর সাহেব স্বীয় বিবেচনামতে বিচার স্থগিত রাখিতে ও অন্য তারিখ অবধারিত করিতে পারিবেন।

৯। যে সকল আপত্তি উত্থাপিত হয় তৎসমুদয় শুনিয়া আইনের ৩ ধারায় নির্দ্দিষ্ট প্রকারে কমিশ্যনর সাহেব প্রাপ্য খাজানা স্থির করিয়া লিপিবদ্ধ করিবার কৈফিয়ত দৃঢ় করিতে পারিবেন।

১০। কমিশ্যনর সাহেবের দৃঢ়ীকরণ প্রাপ্ত হইলে, বন্দোবস্তী কার্য্যকারক আইনের ৪ ধারামতে নিয়মিত নোটিস জারী করিয়া যে সকল পেটাও প্রজা ও রায়ত জমাবন্দীতে স্বাক্ষর করে নাই তাহাদিগকে উপস্থিত হইয়া স্বাক্ষর করিতে বলিবেন ও জানাইবেন যে উহাতে যে খাজনা যে পেটাও প্রজা কি রায়তের কাছে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ হইয়াছে তাহা আইনের ৩ ধারামতে তৎপক্ষে গবর্ণমেণ্টের নিকটে ক্ষমতাপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক দৃঢ়ীকৃত হইয়াছে। দৃঢ়ীকরণার্থে প্রেরিত হইবার পূর্ব্বে জমাবন্দীতে যে সকল রায়ত স্বাক্ষর করিয়াছেন আবার তাহাদের স্বাক্ষর গ্রহণ করিবার প্রয়োজন নাই, এবং ৪ ধারার ২ প্রকরণক্রমে গ্রামে যে জমাবন্দী লটকাইয়া দেওয়া যায়, তাহাতে কেবল যেসকল রায়ত স্বাক্ষর করে নাই তাহাদের নাম ও খাজানার বিবরণ দেওয়া আবশ্যক।

---

* ১৮৭৮ সালের ৩ আইনের ৪ ধারাক্রমে খাজানা বৃদ্ধির নোটিসের তুল্য যে জমাবন্দী স্বাক্ষর করিবার জন্য যে নিয়মিত আহ্বানের কথা আছে, এটি তদ্রূপ হইবেনা। ৩ ধারার প্রথম উপবিধানের সহিত ৪ ধারা পড়িলে দৃষ্ট হইবে, আইনে বিধান আছে যে বন্দোবস্তী কার্য্যে কেবল হার নহে, প্রত্যেক পেটাও প্রজা ও রায়তের নিকটে প্রাপ্য বর্দ্ধিত খাজানা লিপিবদ্ধ হইয়া গবর্ণমেণ্টের নিকট হইতে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্ত্তৃপক্ষ তাহার দৃঢ়ীকরণ করিলে পর, উক্ত নিয়মিত নোটিস দেওয়া যাইবে। প্রত্যেক রায়তের নিকট প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানা দৃঢ়ীকরণার্থে প্রেরিত হইবার পূর্ব্বে রায়তদিগকে জমাবন্দী স্বাক্ষর করিতে বলিবার উদ্দেশ্য এই যে ইহাতে উপরিস্থ কর্ত্তৃপক্ষ দেখিতে পাইবেন যে তাহারা কতদূর বর্দ্ধিত খাজানা স্বীকার করিয়া লইয়াছে।

† দৃষ্ট হইবে যে কমিশ্যনর সাহেব হারানুমোদন করিয়াছেন বলিয়া পূর্ণ বিবরণ বিশিষ্ট জমাবন্দী কমিশ্যনর সাহেবের দৃঢ়ীকরণজন্য প্রেরণ করা অনাবশ্যক হইতেছে না, কারণ বিধির ৩ ধারায় পূর্ব্বে ব্যাখ্যা করা গিয়াছে যে আইনের ৩ ধারাক্রমে আবশ্যক এই যে কেবল হার সম্বন্ধে নহে, প্রত্যেক পেটাও প্রজা কি রায়তের নিকটে উচ্চতর খাজানা প্রাপ্য বলিয়া যে কৈফিয়তে লিপিবদ্ধ করা যায় তৎসম্বন্ধে ও গবর্ণমেণ্টের নিকটে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের দৃঢ়ীকরণ চাই

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

11 The Board may at any time revise the order of the Commissioner confirming the proceedings in which rents are recorded as demandable, and may set it aside entirely, or in so far only as it affects the confirmation of the rents recorded as demandable from one or more of the under tenants or ryots, and may order such rents as it shall think fit to be recorded as demandable from the under tenants and ryots in respect of whom the Commissioner's order of confirmation has been set aside, and may at the same time confirm, under section 3 of the Act, the proceedings for the record as demandable of the rents which it shall have so ordered to be recorded

12 On receipt of the Board's order setting aside the Commissioner's confirmation and confirming the record of other rents as demandable, the Settlement Officer shall proceed in respect of those under-tenants or ryots whose rents have been determined by the Board as in the case of the receipt of the Commissioner's confirmation

13 In Government estates and others in which the Settlement Officer is authorized to give pottahs to the ryots, they may be given as soon as confirmation is received to the proceedings in which the rents demandable from each ryot are recorded A clause should, however, be inserted that the pottahs will become invalid if the settlement proceedings are set aside by higher competent authority

PART II*

Proceedings other than those for fixing the rents

14 During the progress of the proceedings for ascertaining, recording, and confirming the rents demandable from the under tenants and ryots as above provided, the Settlement Officer and the Collector should make any references to the Commissioner which may be required on other points connected with the settlement, so that the entire settlement proceedings may be ready for final report as soon as possible after the confirmation has been received to the rents recorded as demandable

15 As soon as possible after the rents demandable from under tenants and ryots have been confirmed as above by the Commissioner, the Settlement Officer shall draw up his settlement proceeding as required by rule 1, section 12, chapter XX, page 287, Board's Rules,† and shall embody in it an account of the rates of rent which have been determined to be demandable from under-tenants and ryots, and the record of their rights and interest, and all other matters required by section 9, Regulation VII, 1822, and by the rule above quoted, naming the persons with whom he proposes to make the settlement, specifying the allowances to be made to the settlement holder, the malikana to be assigned if any, the amount of Government revenue to be assessed on the estate, stating whether the persons entitled to the settlement are willing to accept it on the terms proposed, and giving all other information necessary to complete the settlement record, and in cases in which the sanction of superior authority is necessary under rule 16 below, shall submit the proceedings to the Commissioner with his report

16 Authority to give final sanction to settlements is vested as follows—

(i)—No further sanction will be necessary to the Collector's settlement, for a term not exceeding five years, of a chur on which the Government revenue assessed does not exceed Rs 200, provided that it is settled with resident ryots, or others, entitled to a settlement, and not farmed

(ii)—Nor to the summary extension for one year of the expiring settlement of an estate on which the Government revenue assessed does not exceed Rs 500, owing to detailed inquiries for a regular settlement not being completed, but if the Collector proposes so to extend such a settlement for a second year, the sanction of the Commissioner is required

17 At the close of every quarter the Collector shall submit to the Commissioner a statement of settlements sanctioned by him during the quarter under the preceding rule The statement shall show the particulars required under headings 1, 2, 4, 5, 6, 7, 8, 9 and 12 of the Commissioner's statement which is prescribed in rule 19 below The Commissioner shall forward this statement to the Board, with that of settlements sanctioned by himself

18 The Commissioner is competent to sanction—

(i)—All other summary settlements of estates of which the Government revenue does not exceed Rs 5,000, for two years or less

* To supersede Rules 1 to 4, chapter VIII, section 9 Board's Rules, page 154, old edition.

† Old edition.

১১। প্রাপ্য খাজানা লিপিবদ্ধ করণ বিষয়ক রুবকারি দৃঢ় করিয়া কমিশ্যনর সাহেব যে আদেশ দেন বোর্ড যে কোন সময়ে তাহা সংশোধন করিতে পারিবেন, এবং তাহা একেবারেই কিম্বা কোন কোন পেটাও প্রজা কি রায়তের নিকটে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজনার দৃঢ়ীকরণ সম্পর্কে রহিত করিতে পারিবেন, এবং যে পেটাও প্রজার ও রাইয়তদের সম্পর্কে কমিশ্যনর সাহেবের দৃঢ়ীকরণবিষয়ক আদেশ রহিত করেন তাহাদের নিকট যত খাজানা প্রাপ্য বলিয়া জ্ঞান করেন তাহা লিপিবদ্ধ করিবার আদেশ দিতে পারিবেন, এবং এইরূপে প্রাপ্য বলিয়া যে খাজানা লিপিবদ্ধ করিবার আদেশ দেন তাহা লিপিবদ্ধ করণের রুবকারি তৎকালেই আইনের ৩ ধারাক্রমে দৃঢ় করিতে পারিবেন।

১২। কমিশ্যনর সাহেবের দৃঢ়ীকরণ রহিত করা ও অন্য খাজানা প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করণের দৃঢ়ীকরণ বিষয়ক বোর্ডের আদেশ প্রাপ্ত হইলে, বোর্ড যে পেটাও প্রজা কি রায়তদের খাজানা নির্দ্ধারিত করিলেন তাহাদের সম্বন্ধে বন্দোবস্তী কার্য্যকারক কমিশ্যনর সাহেবের দৃঢ়ীকরণ পাইলে যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতেন তাহাই করিবেন।

১৩। গবর্ণমেন্টের খাস মহালে ও অন্যত্র যেখানে বন্দোবস্তী কার্য্যকারক রায়তদিগকে পাট্টা দিতে পারেন, প্রত্যেক রায়তের নিকটে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানা বিষয়ক রুবকারির দৃঢ়ীকরণ প্রাপ্ত হইলে পাট্টা দেওয়া যাইতে পারে। কিন্তু তাহাতে এই কথাটী লিখিতে হইবে যে উচ্চতর ক্ষমতাশালী কর্ত্তৃপক্ষ বন্দোবস্তী রুবকারি রহিত করিলে, উক্ত পাট্টা অসিদ্ধ হইবে।

দ্বিতীয় খণ্ড।*

খাজানা ধার্য্য করণ ভিন্ন কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

১৪। উপরি বিহিত প্রকারে পেটাও প্রজা ও রায়তদের নিকটে প্রাপ্য খাজানা ধার্য্য, লিপিবদ্ধ ও দৃঢ় করিবার নিমিত্ত কার্য্যানুষ্ঠানক্রমে বন্দোবস্ত সংক্রান্ত অন্য যে বিষয়ে আবশ্যক হয় বন্দোবস্তী কার্য্যকারক ও কালেক্টর সাহেব কমিশ্যনর সাহেবকে জিজ্ঞাসাবাদ করিবেন। তাহা হইলে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানার দৃঢ়ীকরণ প্রাপ্ত হইলে পর যত শীঘ্র সম্ভব শেষ রিপোর্ট জন্য বন্দোবস্তের সমুদয় কাগজপত্র প্রস্তুত থাকিবে।

১৫। পেটাও প্রজা ও রায়তদের নিকট প্রাপ্য খাজানা পূর্ব্বোক্তরূপে কমিশ্যনর সাহেব দৃঢ় করিলে পর যত শীঘ্র সম্ভব বোর্ডের বিধি পুস্তকের † ৪৪৪ পৃষ্ঠায় ২০ অধ্যায়ের ১২ পরিচ্ছেদের ১ ধারামতে বন্দোবস্তী কার্য্যকারক বন্দোবস্তের রুবকারি প্রস্তুত করিবেন এবং তাহাতে পেটাও প্রজা ও রায়তদের নিকট প্রাপ্য বলিয়া খাজানার যে যে হার নির্দ্ধারিত হইয়াছে ও তাহাদের যে সকল স্বত্ব ও স্বার্থ আছে ও ১৮২২ সালের ৭ আইনের ৯ ধারাক্রমে ও পূর্ব্বোক্ত বিধির ধারাক্রমে অন্য যে সকল বিষয় দেওয়া আবশ্যক তৎসমুদয়ের বিবরণ লিপিবদ্ধ করিতে হইবে। এইরূপ করিতে গিয়া, যাহাদের সহিত বন্দোবস্ত করিতে চাহেন, তাহাদের নাম দিবেন, যাহার সহিত বন্দোবস্ত করিবেন তাহাকে কি দিতে চাহেন, যদি মালিকানা দিতে হয় কত দিতে হইবে, মহাল হইতে গবর্ণমেন্টের কত রাজস্ব আদায় হইবে, এ সমুদয়ের নির্দ্দেশ করিবেন, যাহারা বন্দোবস্ত করিয়া লইতে স্বত্ববান্ তাহারা প্রস্তাবিত নিয়মে বন্দোবস্ত করিয়া লইতে সম্মত কি না, ইহাও লিখিবেন, এবং বন্দোবস্তের নথী পূর্ণাবয়ব করিতে অন্য যে সকল বিবরণ আবশ্যক তাহাও দিবেন, এবং যে স্থলে বিধির ১৬ ধারাক্রমে উপরিস্থ কর্ত্তৃপক্ষের অনুমতি আবশ্যক, তাঁহার রিপোর্ট সহিত কমিশ্যনর সাহেবের নিকট রুবকারি পাঠাইবেন।

১৬। বন্দোবস্তের চরম অনুমতি প্রদানের ক্ষমতা নিম্নলিখিত রূপ।—

(১) বাসিন্দা রায়ত বা বন্দোবস্ত করিয়া লইতে স্বত্ববান অন্য কোন ব্যক্তির সহিত বন্দোবস্ত করা গেলে ও ইজারা দেওয়া না গেলে, যে চডাব গবর্ণমেন্টের রাজস্ব ২০০৲ টাকার অনধিক লেখা যায় ৫ বৎসরের অনধিক কালের জন্য কালেক্টর সাহেব তাহার বন্দোবস্ত করিলে আর অনুমতির প্রয়োজন হইবে না।

(২) যে মহালের গবর্ণমেন্টের রাজস্ব ৫০০৲ টাকার অনধিক লেখা যায় সেই মহালের বন্দোবস্তের মিয়াদ গত হইবার সময়ে নিয়মিত বন্দোবস্তের পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান শেষ না হওয়ার সরাসরিমতে কালেক্টর সাহেব উক্ত বন্দোবস্তের মিয়াদ এক বৎসর বাড়াইয়া দিলে আর অনুমতির প্রয়োজন হইবে না কিন্তু কালেক্টর সাহেব যদি ঐ রূপে উক্ত বন্দোবস্তের মিয়াদ আর এক বৎসর বাড়াইতে চাহেন তাহা হইলে কমিশ্যনর সাহেবের অনুমতি আবশ্যক।

১৭। পূর্ব্বধারাক্রমে ত্রৈমাসের মধ্যে কালেক্টর সাহেব যে সকল বন্দোবস্তের অনুমতি করেন, প্রত্যেক ত্রৈমাসান্তে কমিশ্যনর সাহেবের নিকটে তাহার বিবরণপত্র পাঠাইবেন। নিম্নে ৯ ধারায় যে কমিশ্যনর সাহেবের বিবরণপত্র নির্দ্দিষ্ট হইয়াছে তাহার ১ ও ২ ও ৪ ও ৫ ও ৬ ও ৭ ও ৮ ও ৯ ও ১২ শীর্ষকমতে যে সকল বিবরণ আবশ্যক উক্ত বিবরণপত্রে সেই সকল দেখাইতে হইবে। স্বীয় অনুমত বন্দোবস্তের বিবরণপত্র সহিত ঐ বিবরণপত্র কমিশ্যনর সাহেব বোর্ডে পাঠাইবেন।

১৮। কমিশ্যনর সাহেব এই২ বন্দোবস্তের অনুমতি করিতে পারিবেন।

(১) যেং মহালের গবর্ণমেন্টের রাজস্ব ৫০০০ টাকার অধিক নহে দুই বৎসর বা তন্ন্যূন কালের নিমিত্ত অন্যরূপ সরাসরিমতে তৎসমুদয়ের বন্দোবস্ত।

---

* বোর্ডের বিধি পুস্তকের পুরাতন সংস্করণের ২৬৩ পৃষ্ঠায় ৮ অধ্যায়ের ৯ পরিচ্ছেদের ১ অবধি ৪ ধারা পর্য্যন্ত এতদ্দ্বারা রহিত করা গেল।

† পুরাতন সংস্করণের।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

(ii)—Regular settlements of estates on which the Government revenue assessed does not exceed Rs 5,000, for the following terms, provided that the settlement be made after detailed inquiry with persons entitled to settlement, or with the local under-tenants and ryots—

(a) up to the year fixed by Government for the termination of temporary settlements in the district,

(b) in cases in which the law does not admit of the settlement being made for so long a period as is mentioned in (a), and in cases in which the term of settlement is limited by orders of the Government or Board (e g, escheated lands which are ordered to be settled for 12 years only) for the longest period allowed by law, or by such orders;

(c) in the case of chur estates only, for not more than ten years

19 At the end of every quarter the Commissioner shall submit to the Board a statement of settlements sanctioned by him under the preceding rule, in which the following particulars shall be shewn—

1. District.
2. Name of estate and description (whether the property of private persons, or of Government resumed lakhiraj, or chur land, &c.).
3. Area of estate in acres—
    (a) Cultivated.
    (b) Cultivable, not cultivated.
    (c) Not cultivable.
    (d) Total area.
4. Jumma of the last settlement.
5. Jumma of settlement now sanctioned.
6. Account of parties with whom the settlement has been sanctioned, with reasons for making it with them
7. Term of the settlement made, with explanation if it does not extend to the year fixed for the expiration of temporary settlements in the district.
8. Explanation of increase or decrease of jumma as compared with the previous settlement, if considerable
9. Any other remarks which may be called for, e g, as to arrangements made for the management and collections, if the estate is to be held under the direct management of the Collector

20 The Board of Revenue is competent to sanction—

(i)—Summary settlements which are beyond the competency of Commissioners

(ii)—Temporary settlements beyond the competency of Commissioners in which the Government revenue assessed does not exceed Rs 25,000

(iii)—Permanent settlements to which the proprietors have a statutory right.

21 Temporary settlements in which the Government revenue assessed exceeds Rs. 25,000, and proposed permanent settlement to which the proprietors have no statutory right, will be reported for the orders and final sanction of Government

22 After the confirmation of the settlement of an estate is duly received, the estate, whether it is to be held khas or not, will no longer be shewn as "under settlement" in Return No VIII

23 The foregoing rules are applicable to the settlement or re-settlement of individual estates or parts of estates, but settlements of whole districts or pergunnahs or other sub divisions of districts should be made, and engagements taken, subject to the final approval of the Government of India, to which, through the Government of Bengal, the proceedings will be reported in due course for such approval.

No 3A, dated Fort William, the 7th January 1879, from H L. HARRISON, Esq, Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Secretary to the Government of Bengal, Revenue Department.

I AM directed to submit, for the approval of the Lieutenant-Governor, the accompanying rules for the confirmation of settlement proceedings, which have been rendered necessary by the passing of Bengal Act III of 1878

2 Under the existing practice, cases of exceptional importance apart, no reference is made to the Commissioner until the completed proceedings are submitted for sanction. Even before Act III was passed this occasionally led to the waste of time and labour. If the Commissioner, on the submission of the proceedings, ordered the rates of rent to be raised or lowered, all the clerical and field labour founded on the Collector's rates had to be done over again.

[*Government Gazette, 23rd April 1879.*]

(২) পুরুষানুক্রমে অনুসন্ধানে যাহারা বন্দোবস্ত করিয়া আসিতে অস্বীকার করায় তাহাদের বদলে অথবা ব্যক্তিগত লোটাও প্রজা ও রায়তের সহিত বন্দোবস্ত করা গেলে, যে মহালের গবর্ণমেণ্টের রাজস্ব ৫০০০ টাকার অনধিক দেখা যায়, নিম্নলিখিত মিয়াদে সেই মহালের নিয়মিত বন্দোবস্ত —

(ক) জিলার কিয়ৎকালীন বন্দোবস্তের মিয়াদ শেষ হইবার যে বৎসর গবর্ণমেণ্ট নির্দ্ধারিত করিয়া দিয়া থাকেন সেই বৎসর পর্য্যন্ত,

(খ) যে স্থলে (ক) প্রকরণে উল্লিখিত দীর্ঘ মিয়াদ পর্য্যন্ত আইন অনুসারে বন্দোবস্ত করা যায় না এবং যে স্থলে গবর্ণমেণ্ট বা বোর্ডের আদেশক্রমে বন্দোবস্তের মিয়াদের সীমা নির্দিষ্ট করা আছে,(যেরূপ বাজেয়াপ্ত ভূমির কেবল ১২ বৎসরের জন্য বন্দোবস্ত করিবার আদেশ আছে) সেস্থলে আইনক্রমে কি উক্ত আদেশক্রমে যত দীর্ঘ মিয়াদ হইতে পারে সেই মিয়াদে,

(গ) চড়া মহাল হইলে, দশ বৎসরের অনধিক কালের জন্য।

১৯। পূর্ব্বধারার ক্রমে কমিশনর সাহেব যে সকল বন্দোবস্তের অনুমতি করেন, প্রতি ত্রৈমাসান্তে বোর্ডে তাহার এক খণ্ড বিবরণপত্র পাঠাইবেন, তাহাতে পশ্চাল্লিখিত বিবরণগুলি প্রকাশ থাকিবে,

১। জিলা

২। মহালের নাম ও বর্ণনা (অর্থাৎ প্রজার সম্পত্তি, কি গবর্ণমেণ্টের, বাজেয়াপ্ত লাখেরাজ, কি চড়া ভূমি ইত্যাদি।

৩। একর মানে মহালের ভূমির পরিমাণ

(ক) কর্ষিত।

(খ) কৃষিযোগ্য, কর্ষিত নহে।

(গ) কৃষিযোগ্য নহে

(ঘ) মোট পরিমাণ

৪। শেষ বন্দোবস্তের জমা

৫। একণে অনুমোদিত বন্দোবস্তের জমা

৬। যাহাদের সহিত বন্দোবস্ত করণের অনুমতি হইয়াছে, তাহাদের বিবরণ ও তাহাদের সহিত বন্দোবস্ত করিবার হেতুবাদ।

৭। কৃত বন্দোবস্তের মিয়াদ, ও জিলার কিয়ৎকালীন বন্দোবস্ত শেষ হইবার নিমিত্ত যে বৎসর নির্দ্ধারিত আছে সেই বৎসর পর্য্যন্ত না হইলে তাহার ব্যাখ্যা।

৮। পূর্ব্ব বন্দোবস্তের সহিত তুলনা করিলে যদি জমার অধিক হ্রাস কি বৃদ্ধি দেখা যায় তাহার ব্যাখ্যা।

৯। অন্য আবশ্যক মন্তব্য, যথা, মহাল সাক্ষাৎ সম্বন্ধে কালেক্টর সাহেবের তত্ত্বাবধানে থাকিলে তত্ত্বাবধান ও আদায়ের যে বন্দোবস্ত করা হইয়াছে তৎসম্বন্ধীয় কথা।

২০। রেবিনিউ বোর্ড এই২ বন্দোবস্তের অনুমতি করিতে পারিবেন,

(১) যে সকল সরকারি বন্দোবস্ত কমিশনর সাহেবের ক্ষমতাতীত।

(২) যে স্থলে গবর্ণমেণ্টের রাজস্ব ২৫০০০ টাকার অনধিক দেখা যায় সে স্থলে কমিশনর সাহেবের ক্ষমতাতীত কিয়ৎকালীন বন্দোবস্ত।

(৩) যে স্থলে ভূম্যধিকারীদের রাজস্বব্যবস্থানুযায়ী স্বত্ব থাকে, সে স্থলে চিরকালীন বন্দোবস্ত।

২১। যে কিয়ৎকালীন বন্দোবস্ত স্থলে গবর্ণমেণ্টের রাজস্ব ২৫০০০ টাকার অধিক দেখা যায়, এবং ভূম্যধিকারীদের রাজস্বব্যবস্থানুযায়ী স্বত্ব না থাকিলে যে চিরকালীন বন্দোবস্তের প্রস্তাব করা যায় সে সকল গবর্ণমেণ্টের আদেশ ও চূড়ান্ত অনুমতিজন্য রিপোর্ট করিতে হইবে।

২২। কোন মহালের বন্দোবস্তের দৃঢ়ীকরণ নিয়মিতরূপে পাওয়া গেলে, মহাল খাস হউক বা না হউক তাহা আর ৮ নং রিটর্ণে "বন্দোবস্তাধীন" লেখা যাইবে না।

২৩। মহাল-বিশেষের বা তাহার অংশবিশেষের বন্দোবস্তের বা পুনঃ বন্দোবস্তের প্রতি পূর্ব্ব ধারাগুলি বর্ত্তিবে, কিন্তু একটী সমস্ত জিলার কি পরগনার কি জিলার অন্য উপবিভাগের বন্দোবস্ত করিয়া নিরূপণপত্র লইতে হইলে, তাহা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষ থাকিবে, এবং উক্ত গবর্ণমেণ্ট বঙ্গ দেশীয় গবর্ণমেণ্টের হস্ত দিয়া উক্ত অনুমোদন জন্য নিয়মিত রূপে কার্য্যানুষ্ঠানের রিপোর্ট পাঠাইতে হইবে।

---

*রেবিনিউ ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরি সাহেবের প্রতি নিম্নপ্রদেশের রেবিনিউ বোর্ডে সেক্রেটরি শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেবের ১৮৭৯ সালের ৭ জানুয়ারি তারিখের ৩ A নং ফোর্ট উলিয়ম রাজধানীতে লিখিতপত্র।

বন্দোবস্তী কার্য্যপ্রণালীর দৃঢ়ীকরণার্থ এতৎ সংযুক্ত বিধি ১৮৭৮ সালের ৩ আইন বিধিবদ্ধ হওয়াতে আবশ্যক হইয়াছে। এজন্য এই বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনার্থ প্রেরণ করিতে আমি আদিষ্ট হইয়াছি।

২। বর্ত্তমান প্রথানুসারে, বিশেষ গুরুতর স্থলভিন্ন, কার্য্য শেষের কবকারি অনুমোদনার্থে পাঠাইবার পূর্ব্বে কমিশনর সাহেবকে কিছু জিজ্ঞাসাবাদ করা হয় না। ৩ আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বেও ইহাতে কখন ২ অনর্থক সময় ও শ্রম ব্যয় হইত। কবকারি পাঠাইলে যদি কমিশনর সাহেব খাজনার হার বৃদ্ধি কি কম করিতে আদেশ দিতেন, কালেক্টর সাহেবের হার মূল করিয়া যে সকল লিখন ও ক্ষেত্রকর্ম্ম করা হইয়াছে তাহা পুনরায় করিতে হইত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

3 Act III lays down precise rules in accordance with which only the rents of occupancy ryots can be raised, and provides that enhanced rent recorded as demandable from any under-tenant or ryot in proceedings confirmed by the authority empowered in that behalf by Government, shall be deemed to have been correctly enhanced until the contrary is proved. It has therefore become necessary that the superior authority, before according the confirmation which gives *a priori* validity to the rents recorded as demandable, shall be thoroughly satisfied both that the rates which it is proposed to adopt are substantially fair as between landlord and tenant, and also that they have been arrived at by a process which will stand the test of being disputed in the civil court.

Until the approval of superior authority is obtained there is always the risk that the labour and time given to any further proceedings by the Settlement Officer which depend on the rates may be wasted, for any alteration of the rates by superior authority will undo all that follows Nor indeed, would it be possible for the Settlement Officer to complete the settlement, as he now does, without obtaining the necessary confirmation to the rates of rent, for, with the law as it now stands, no prudent proprietor of an estate in which the Settlement Officer had recorded enhanced rates to be demandable, and had calculated the amount of revenue to be assessed on the estate on the rents so recorded, can be expected to accept the settlement until the necessary confirmation of the rents recorded has been secured.

4. It is therefore provided in Rule 1 that in cases affecting more than 200 ryots, and in cases involving novel or special considerations, or doubtful points, the rates which it is proposed to adopt shall be submitted for the Commissioner's approval before any further steps are taken on those rates The marginal notes to Rules 1 and 4 explain the procedure and its object From these it will be seen that two separate references to the Commissioner are unavoidable, the one, under Rule 1, for convenience sake to avoid the danger of wasting labour by obtaining his general approval of the proposed rates before the rents of individual ryots are calculated on them and recorded in the jamabandi the other, under Rule 4, to obtain the confirmation in the form required by the law to the proceedings in which the rent demandable from each ryot has been recorded

5 But the second or formal confirmation to the rent of each ryot, as calculated on the general rates which have been approved, will involve no general question, and will follow as a matter of course, except in respect of any ryot who may be able to show that his individual case has not been properly dealt with, *e g*, that the land of which his holding consists has not been properly classified Therefore, while Rule 3 provides that the Commissioner shall refer all cases of major importance to the Board before giving his approval to the proposed rates, or modifying them, Rules 5 and 9 do not require a second reference to the Board in such cases, but constitute the Commissioners in every case the authority empowered to give the formal legal confirmation, under section 3 to the proceedings in which the rent payable by each ryot is recorded as demandable A second reference to the Board would involve unnecessary trouble and delay

Adverting to Rule 10, it is probable that, under the wording of the Act, the mere fact of a ryot having signed the jamabandi before the formal confirmation of the proceedings in which the rates demandable from any ryot might not legally bind a ryot under sections 3 and 4, yet, on the one hand, it may be assumed that, if a ryot has once signed, he has done so feeling satisfied that he has no reason to complain of the rent which has been recorded therein as payable by him on the other hand, it is not improbable that many ryots who have once signed, if called upon to sign the jamabandi a second time would consider the question re opened, and perhaps refuse to do so The course prescribed in this rule would save much labour in writing out voluminous jamabandis for publication under section 4 of the law and would also relieve ryots who have once signed from the harassment of being called upon to appear before the Settlement Officer for the same purpose a second time

The rest of the rules in Part I require no comment

6 Part II consists of rules for proceedings other than those for fixing the rents

Rules 16 and 18 make a considerable change in the existing distribution of sanctioning power between the different authorities

The present practice is as described in the Board's rule* No. 1, section 9 chapter VIII, page 154 of the old edition of the Board's rules

* As amended by Circular Order No 8 of November 1874.

7 When these rules were passed it was the policy of Government not to leave in the hands of the Collector the power to confirm even the shortest settlement of an acre of land, and to restrict within very close limits the sanctioning powers of Commissioners

Even the very limited power given to a Collector by Rule 16 will save a considerable number of references—mostly mere formal references—to the Commissioner

[*Government Gazette*, 22*nd April* 1879]

8 Rule 18 extends the sanctioning power of Commissioners, and rearranges them The rule corrects the obvious anomaly which now exists, that although a Commissioner is competent to sanction a given settlement up to the date fixed for the district, say for 30 years, yet, if the law does not admit of the settlement being made for so long a time (as in the case of the estate of a recusant proprietor), he must obtain the Board's sanction to the shorter settlement.

9 It may be noted that power to sanction at their discretion settlements for periods short of the date fixed for the expiration of settlements in each district was intentionally withheld from Commissioners in the existing rules, in accordance with the policy of Government to settle for long periods The power is still withheld in the present rules.

10 Rules 17 and 19 provide for the submission to the Board of statements showing the leading features of all settlements sanctioned by the Collectors and Commissioners respectively in the course of each quarter, which will enable them to check the proceedings

11. As soon as these rules, the issue of the first part of which is urgently required, shall have received the approval of the Lieutenant-Governor, the Board will take in hand the revision of the settlement chapter of their general rules of practice, in which the rules which may now be passed will be embodied

---

No. 287—131L R, dated Calcutta, the 3rd February 1879, from C W Bolton, Esq, Officiating Under-Secretary to the Government of Bengal, Revenue Department, to the Secretary to the Board of Revenue, Land Revenue Department

I am directed to acknowledge the receipt of your letter No 3A, of the 7th January 1879, and, in reply, to convey the Lieutenant-Governor's approval of the rules therewith submitted, for regulating procedure in settlement cases with special reference to section 3 of Act III of 1878

No 8.

The following corrections should be made at page 300 of volume I of the Board's Rules, new edition —

Under the head of yearly returns to be furnished by all district officers and by Commissioners to the Board, against "a report on Wards' estates," after the words "Government circular," substitute "No 54, of 30th December 1878," for "No 8, of 6th March 1873"

The same correction should be made against "Commissioners' Administration Report," under the head of yearly returns to be furnished by Commissioners to the Board

---

No 9

Revenue officers in charge of land registration work are informed, in accordance with the opinion of the Legal Remembrancer, that the cost of serving notices under Section 77 of Act VII (B C) of 1876 must be borne by Government, and cannot be recovered from the parties concerned.

Hon'ble C. T Buckland

No 10

It is hereby notified for general information that, under the provisions of Section 12 of the Bengal Excise Act, No VII (B C) of 1878, the fee on every license for the sale of unfermented tari is fixed at a sum not exceeding Rs 5 per annum, with effect from the 1st April next Each district officer should determine what the fee shall be in his district.

No 11

The returns submitted by the local officers with reference to paragraph 3 of the Board's circular order No. 2, of October 1877, show that in many districts the number of persons now licensed as stamp vendors is not sufficiently large to meet the requirements and convenience of the public. The Board therefore request all district officers to appoint as many more vendors as they can find willing to undertake the duty of selling stamps to the public, so as to break down the sort of monopoly which has heretofore existed, and also to report, after six months from the date of the receipt of these orders, how many additional men have been appointed.

[*Government Gazette*, 22nd *April* 1879.]

৮। বিধির ১৮ ধারার কমিশ্যনর সাহেবের অনুমতি দিবার ক্ষমতা বৃদ্ধি করিয়া তাহার নববিন্যাস করা হইয়াছে। এতদ্দ্বারা বর্ত্তমান পরিদৃশ্যমান বিশৃংখলা সংশোধন হইয়াছে। সে বিশৃংখলাটী এই যেঁযদিও জিলার জন্য নির্দ্ধারিত মিয়াদ পর্য্যন্ত, মনেকর ৩০ বৎসর পর্য্যন্ত, কোন বন্দোবস্তের কমিশ্যনর সাহেব অনুমতি করিতে সমর্থ, তথাপি এরূপ দীর্ঘকালের জন্য বন্দোবস্ত করিতে আইনে বারণ থাকিলে (যথা, মহালের স্বামী তাহার বন্দোবস্ত করিয়া লইতে সম্মত না হইলে) উহা অপেক্ষ অল্প কালের জন্য বন্দোবস্ত নিমিত্ত তাঁহাকে বোর্ডের অনুমতি লইতে হয়।

৯। দৃষ্ট হইবে যে দীর্ঘকালের জন্য বন্দোবস্ত করিতে গবর্ণমেণ্টের অভিপ্রায় থাকায় প্রচলিত বিধি-মতে প্রত্যেক জিলার বন্দোবস্তের মিয়াদগত হইবার নির্দ্ধারিত তারিখের কম মিয়াদে স্বীয় বিবেচনামতে বন্দোবস্তের অনুমতি করিবার ক্ষমতা কমিশ্যনর সাহেবদিগকে ইচ্ছাপূর্ব্বকেই প্রদত্ত হয় নাই। বর্ত্তমান বিধিতেও উক্ত ক্ষমতা দেওয়া গেল না।

১০। প্রতি ত্রৈমাসে কালেক্টর ও কমিশ্যনর সাহেবের যে সকল বন্দোবস্তের অনুমতি করেন তৎসমুদয়ের প্রধান লক্ষণগুলি যাহাতে দৃষ্ট হয় বিধির ১৭ ও ১৯ ধারার বোর্ডে এরূপ বিবরণপত্র প্রেরণের বিধান করা গিয়াছে। বোর্ড তাহা দেখিয়া তাঁহাদের কার্য্যপ্রণালী সংশোধন করিতে পারিবেন।

১১। এই বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদিত হইলে (ইহার মধ্যে প্রথম খণ্ড প্রচার অত্যাবশ্যক হইয়া উঠিয়াছে) বোর্ড তাঁহাদের সাধারণ কার্য্যপ্রণালী সমন্ধীয় বন্দোবস্তের অধ্যায়ের সংশোধন কার্য্য হস্তে লইবেন, ও তন্মধ্যে এক্ষণে যে বিধি প্রণয়ন করা যাইবে তাহা গৃহীত হইবে।

ভূমির রাজস্ববিভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের প্রতি রেবিনিউ ডিপার্টমেণ্টে বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের একটিং জোর্ট সেক্রেটরি শ্রীযুত সি, ডবলিউ বোল্টন সাহেবের ১৮৭৯ সালের ৩ ফেব্রুয়ারি তারিখের কলিকাতায় লিখিত ২৮৭০১৩১ L R নং পত্র।

আমি আদিষ্ট হইয়া আপনার ১৮৭৯ সালের ৭ জানুয়ারি তারিখের ৩ A নং পত্র প্রাপ্তি স্বীকার করিতেছি এবং ১৮৭৮ সালের ৩ আইনের ৩ ধারাক্রমে বন্দোবস্তী কার্য্যপ্রণালী নিয়মিত করিবার যে বিধি তৎসহ প্রেরিত হইয়াছিল উত্তরক্রমে সেই বিধি সম্বন্ধে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদন জ্ঞাপন করিতেছি।

---

৮ নং।

বোর্ডের বিধি পুস্তকের নূতন সংস্করণের ১ বালামের ৩০০ পৃষ্ঠায় নিম্নলিখিত সংশোধন করিতে হইবে।

সমুদয় জিলার কর্ত্তৃপক্ষ ও কমিশ্যনর সাহেবদের বোর্ডে বার্ষিক রিটর্ণ দিবার শীর্ষকের নীচে, "রাজানুপালিত ইষ্টেটের রিপোর্টের" পার্শ্বে, "গবর্ণমেণ্ট সরকুলার" এই২ কথার পরে, "১৭৮৩ সালের ৬ মার্চ তারিখের ৮ নং" এই২ কথার পরিবর্ত্তে "১৮৭৮ সালের ৩০ ডিসেম্বর তারিখের ৫৪ নং" এই২ কথা দিবে। কমিশ্যনর সাহেবদের বোর্ডে বার্ষিক রিটর্ণ দিবার শীর্ষকের নীচে "কমিশ্যনর সাহেবদের শাসনসম্বন্ধীয় রিপোর্টের" পার্শ্বে উক্তরূপ সংশোধন করিতে হইবে।

---

৯ নং।

রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের মতানুসারে ভূমি রেজিষ্টরীকরণ কার্য্যভারপ্রাপ্ত রাজস্ব বিষয়ক কার্য্যকারকদিগকে জানান যাইতেছে যে, ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৭৭ ধারাক্রমে নোটিস জারী করিবার খরচা গবর্ণমেণ্টের দিতে হইবে ও তাহা পক্ষদের নিকট হইতে আদায় করা যাইতে পারে না।

মান্যবর শ্রীযুত সি, টি, বকুলাণ্ড সাহেব।

---

১০ নং।

সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা জানান যাইতেছে যে বঙ্গদেশীয় আবকারী বিষয়ক ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১২ ধারার বিধানক্রমে, আগামী ১ আপ্রিল অবধি গাঁজলা নহে এইরূপ তাড়ী বিক্রয়ের নিমিত্ত লাইসেন্স ফী ৫ টাকার অনধিক হইবে। প্রত্যেক জিলায় কি ফী হইবে, জিলার কর্ত্তৃপক্ষ স্থির করিবেন।

---

১১ নং।

১৮৭৭ সালের অক্টোবর মাসের বোর্ডের ২ নং সরকুলর অর্ডরের ৩ পরিচ্ছেদ অনুসারে স্থানীয় কার্য্যকারকেরা যে রিটর্ণ পাঠাইয়াছেন, তাহাতে দেখা যায় যে অনেক জিলায় লাইসেন্সপ্রাপ্ত ইষ্টাম্প-বিক্রেতার সংখ্যা এক্ষণে যেরূপ আছে, তাহা সাধারণের প্রয়োজন ও সুবিধার উপযোগী নহে। এজন্য বোর্ড সমুদয় জিলার কর্ত্তৃপক্ষদিগকে অনুরোধ করিতেছেন যে সাধারণের নিকটে ইষ্টাম্প বিক্রয় করিতে অভিলাষী আর যত লোক পান তাহাদিগকে ইষ্টাম্পবিক্রেতার পদে নিযুক্ত করিয়া একালপর্য্যন্ত যে ইষ্টাম্প বিক্রয় করণের একপ্রকার একচেটিয়া ব্যবসায় রহিয়াছে তাহা উঠাইয়া দেন, এবং অতিরিক্ত যে কয়জন লোক নিযুক্ত হয় তৎসম্বন্ধে এই আদেশ প্রাপ্তির তারিখের ছয় মাসের পরে রিপোর্ট করেন।

RAY KRISHNA MUKHOPADHYAYA, M A. AND B L,
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

CIRCULAR ORDER ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No 10, dated the 27th March 1879.

COPY of the annexed Rules* framed by the High Court under Section 287, Act X of 1877, is circulated for the information and guidance of the Civil Courts in the Lower Provinces of Bengal and Assam. The object of these Rules is to place the Courts in a position to fill up correctly the form of Annual Statement prescribed by Circular Order No 8, dated 17th February 1879.

* Published at page 198 of the *Calcutta Gazette* of the 5th March 1879, and at page 208 of the *Assam Gazette* of the 22nd March 1879

Rules framed by the High Court of Judicature at Fort William in Bengal under Section 287 Act X of 1877

Under Section 287, Act X of 1877, the Court are pleased to direct that, when an application is made to any Civil Court for the attachment of any estate, or share of an estate, borne on the revenue roll of any district, the annual amount of revenue for which the whole estate is liable shall be stated, in addition to the particulars required by Section 238 of the Act, to be specified in the authenticated extract from the register of the Collector's Office

2 Where the application is for the attachment of any revenue-free lands, or of any share in such lands, then, in addition to the particulars required by Section 237 of the Act, the area of the whole revenue-free tenure shall be stated in the application, in case this information has been recorded in the Collector's register

RICHARD GARTH.	J SEWELL WHITE
LOUIS S JACKSON	ROMESH CHUNDER MITTER
CHARLES PONTIFEX	W F MCDONELL
W AINSLIE	H T PRINSEP
E G. BIRCH	A WILSON
G G MORRIS.	L P DELVES BROUGHTON.

No 11, dated the 27th March 1879

THE following Rule* framed by the High Court under 24 and 25 Victoria, Chapter 104, Section 15, amending the Rules for observance by the Civil and Criminal Courts in the receipt and repayment of money, which were issued with Circular Order No. 2, dated the 5th February 1877, having been sanctioned by His Excellency the Governor-General in Council, is circulated for the information and guidance of all Judicial Officers in the Lower Provinces of Bengal and Assam :—

* Published at page 198 of the *Calcutta Gazette* of the 5th March 1879, and at page 208 of the *Assam Gazette* of the 22nd March 1879

Rule framed by the High Court of Judicature at Fort William in Bengal under 24 *and* 25 *Victoria, Chapter* 104, *Section* 15, *amending the Rules for observance by the Civil and Criminal Courts in the receipt and repayment of money, issued with Circular Order No* 2, *dated* 5*th February* 1877

The following addition shall be made to Rule 13 :—

"Payment orders issued for payment from the local Treasury are not to be cashed more than ten days after the date they bear, unless the order is first presented to the Court issuing it, and re-enfaced with a new payment order which again will have validity for ten days"

RICHARD GARTH.	J. SEWELL WHITE
LOUIS S JACKSON.	ROMESH CHUNDER MITTER.
CHARLES PONTIFEX.	W. F MCDONELL.
W AINSLIE.	H. T. PRINSEP
E. G. BIRCH.	A. WILSON
G. G. MORRIS.	L P. DELVES BROUGHTON.

[*Government Gazette*, 22*nd April* 1879.]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরকুলর অর্ডর ।

দেওয়ানী পক্ষ ।

১০ নম্বর, ১৮৭৯ সাল ২৭ মার্চ ।

১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারাক্রমে হাইকোর্টের প্রণীত এতৎসংযুক্ত বিধির * প্রতিলিপি বাঙ্গালা ও আসাম প্রদেশের দেওয়ানী আদালতের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রচারিত হইল । ১৮৭৯ সালের ১৭ ফেব্রুয়ারি তারিখের ৮ নং সরকুলর অর্ডরে যে বার্ষিক বিবরণপত্রের পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা বিশুদ্ধরূপে পূরণ করিতে আদালতদিগকে সমর্থ করা এই বিধির উদ্দেশ্য ।

* ১৮৭৯ সালের ১৮ মার্চ তারিখের বাঙ্গালা গেজেটের ৭ম খণ্ডের ৩৯ পৃষ্ঠায় ও ১৮৭৯ সালের ২২ মার্চ তারিখের আসাম গেজেটের ২০৮ পৃষ্ঠায় প্রকাশ করা যায় ।

১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারাক্রমে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত বিধি ।

১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারাক্রমে হাই কোর্ট আদেশ করিতেছেন যে কোন জিলার তৌজিভুক্ত কোন মহাল কি মহালের অংশ ক্রোক করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে প্রার্থনা করা গেলে কালেক্টর সাহেবের কাছারীর রেজিষ্টরী বহীহইতে জাবেতা উদ্ধৃত লিপিতে উক্ত আইনের ২৩৮ ধারানুসারে যে সকল বিবরণ নির্দ্দেশ করা প্রয়োজন তদতিরিক্ত সমুদয় মহালের বার্ষিক রাজস্ব পরিমাণ লিখিতে হইবে ।

২ । নিষ্কর ভূমি কি উক্ত ভূমির অংশ ক্রোক করিবার নিমিত্ত প্রার্থনা করা গেলে, উক্ত আইনের ২৩৭ ধারানুসারে যে যে বিবরণের প্রয়োজন, তদতিরিক্ত উক্ত সমুদয় নিষ্কর ভূমির পরিমাণ কালেক্টরের রেজিষ্টরী বহীতে লিপিবদ্ধ থাকিলে এই প্রার্থনাপত্র লিখিতে হইবে ।

রিচার্ড গার্থ
লুইস এস্ জ্যাকসন
চার্লস পণ্টিফেক্স
ডবলিউ. এন্সলি
ই, জি, বার্চ
জি, জি, মরিস

জে, পিউএল হুয়াইট
রমেশচন্দ্র মিত্র
ডবলিউ, এফ ম্যাকডনেল
এচ, টি, প্রিন্সেপ
এ, উইলসন
এল, পি, ডেলবস ব্রোটন ।

---

১১ নম্বর, ১৮৭৯ সাল ২৭ মার্চ ।

টাকা গ্রহণ ও প্রদান কালে দেওয়ানী ও ফৌজদারী আদালতের অবলম্বন জন্য যে বিধি ১৮৭৭ সালের ৫ ফেব্রুয়ারি তারিখের ২ নং সরকুলর অর্ডরের সহিত জারী করা যায়, তাহা সংশোধন করিয়া হাই কোর্ট শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়ের আইনের ১৫ ধারাক্রমে পশ্চাল্লিখিত বিধি * প্রণয়ন করিয়াছেন, ও তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া বাঙ্গালা ও আসাম প্রদেশের সমুদয় বিচার সম্পর্কীয় কার্য্যকারকদের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রচারিত হইল ।

* ১৮৭৯ সালের ১৮ মার্চ তারিখের বাঙ্গালা গেজেটের ৭ম খণ্ডের ৩৯ পৃষ্ঠায় ও ১৮৭৯ সালের ২২ মার্চ তারিখের আসাম গেজেটের ২০৮ পৃষ্ঠায় প্রকাশ করা যায় ।

টাকা গ্রহণ ও প্রদান কালে দেওয়ানী ও ফৌজদারী আদালতের অবলম্বন জন্য ১৮৭৭ সালের ৫ ফেব্রুয়ারি তারিখের ২ নং সরকুলর অর্ডরের সহিত জারী করা বিধি সংশোধন করিয়া শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়ের আইনের ১৫ ধারাক্রমে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত বিধি ।

বিধির ১৩ ধারায় নিম্নলিখিত কথা গুলি যোগ করিতে হইবে ।—

" যে আদালত আদেশ করেন তাঁহার নিকটে প্রথমে উপস্থিত করা না গেলে, এবং তদুপরি টাকা দিবার নূতন আদেশ (এই আদেশও দশ দিন মাত্র বলবৎ থাকিবে) লেখা না গেলে, স্থানীয় খাজানাখানাহইতে টাকা দিবার আদেশ অনুসারে আদেশের তারিখের দশ দিন পরে টাকা দেওয়া যাইবে না । "

রিচার্ড গার্থ
লুইস এস্ জ্যাকসন
চার্লস পণ্টিফেক্স
ডবলিউ, এন্সলি
ই, জি, বার্চ
জি, জি, [illegible]

জে, পিউএল হুয়াইট
রমেশচন্দ্র মিত্র
ডবলিউ, এফ, ম্যাকডনেল
এচ, টি, প্রিন্সেপ
এ, উইলসন
এল, পি, ডেলবস ব্রোটন ।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৭৯ । ২২ আপ্রিল ।]

No. 12, dated 31st March 1879.

The Court desires that all District Judges and all Moonsifs at out-stations will publicly impress upon pleaders of all grades a sense of their responsibility to the Courts in which they practise in the matter of accepting vakalutnamahs from parties themselves, or from persons professing to be authorised by special or general powers of Attorney to act on behalf of other persons.

2. The appointment of a pleader on behalf of another person in any suit or proceeding in a Civil Court is an act such as can be performed only by a mookhtar duly qualified and enrolled under Act XX of 1865, except in the cases provided for by clauses (*a*) and (*c*), Section 37, Act X of 1877. The acceptance by a vakeel of a vakalutnamah, except under the circumstances specially provided for, from any other person is in effect an abetment of an infringement of the law, and as such renders him liable to be dealt with for grave professional misconduct.

3 The Courts accept vakalutnamahs on the responsibility of pleaders. A pleader accepting a vakalutnamah from his client in person is bound to satisfy himself of his identity, and if it comes through a third party he is bound to see that the latter has authority entitling him to act.

4. The Judges and Moonsifs above-mentioned, after reading and explaining the foregoing observations, will record a proceeding setting forth that they have done so, to which the pleaders will be requested to attach their signatures

[*Government Gazette, 22nd April* 1879.]

১২ নম্বর ১৮৭৯ সাল ৩১ মার্চ ।

হাইকোর্টের ইচ্ছা এই যে সমুদয় জেলার জজ সাহেব ও মফস্বলের মুন্সেফগণ প্রকাশ্যরূপে সকল শ্রেণীর উকীলদিগকে বুঝাইয়া দিবেন যে পক্ষের স্থানে, কিম্বা অন্য ব্যক্তিদের পক্ষ হইয়া বা আম-মোক্তার নামাবলে কার্য্য করিতে ক্ষমতা প্রাপ্ত বলিয়া পরিচয় প্রদায়ী ব্যক্তিদের স্থানে, ওকালতনামা গ্রহণ সম্বন্ধে তাঁহারা যে আদালতে কর্ম্ম করেন সেই আদালতের নিকটে কতদূর দায়ী ।

২। ১৮৭৭ সালের ১০ আইনের ৩৭ ধারার (ক) ও (গ) প্রকরণের নির্দ্দিষ্ট স্থল ভিন্ন, যে মোক্তার ১৮৬৫ সালের ২০ আইনমতে নিয়মিতরূপে যোগ্যতা সম্পন্ন ও তালিকাভুক্ত হইয়াছেন, তিনিই কেবল দেওয়ানী আদালতের কোন মোকদ্দমায় কিম্বা কার্য্যানুষ্ঠানে অন্য ব্যক্তির পক্ষে উকীল নিয়োগ করিতে পারেন। বিশেষ বিধানের স্থল ভিন্ন অমোক্তার অন্য কোন ব্যক্তির স্থানে ওকালতনামা গ্রহণ করিলে, উকীল ফলতঃ আইন লঙ্ঘনের সহায়তা করেন এবং এইরূপে গুরুতরভাবে পদের অযোগ্য আচরণ করিয়াছেন বলিয়া শাসন যোগ্য হন ।

৩। উকীলের মারফতিতে আদালত ওকালতনামা গ্রহণ করেন। উকীল নিজ মওক্কেলের স্থানে ওকালতনামা গ্রহণ করিলে মওক্কেলকে চিনিয়া লইতে বাধ্য, এবং তৃতীয় পক্ষের স্থানে ওকালতনামা প্রাপ্ত হইলে তাঁহার দেখা আবশ্যক যে ঐ তৃতীয় পক্ষের উক্ত কার্য্য করিবার ক্ষমতা আছে ।

৪। পূর্ব্বোল্লিখিত জজ ও মুন্সেফগণ উপরি প্রদত্ত মন্তব্যগুলি পাঠ ও ব্যাখ্যা করিয়া তাৎপর্য্য জ্ঞাপন করিয়াছেন বলিয়া রুবকারি লিপিবদ্ধ করিবেন, এবং তাহাতে স্বাক্ষর সংযুক্ত করিতে উকীলদিগকে অনুরোধ করা যাইবে ।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B. L.,
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৯ । ২২ আপ্রিল ।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY APRIL 22, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২২ আপ্রিল।

PART VIII.

ADVERTISEMENTS.

আষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

জিলা হুগলী।

এস্তাহার নাম কাছারি কালেক্টরি জিলা হুগলী।

এতদ্দারা জানান যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের শরত অনুসারে হুগলী জেলার স্থিত নিম্নলিখিত মহলে গবর্ণমেন্টের যে মালিকী স্বত্ব আছে তাহা হুগলির কালেক্টরিতে ইংরাজি সন ১৮৭৯ সালের ২৮ শে আপ্রিল মোতাবেক বাঙ্গালা সন ১২৮৬ সালের ১৬ ই বৈশাখ সোমবার নীলামে বিক্রয় হইবেক, খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্বাপেক্ষায় অধিক মূল্য দিতে স্বীকার করিবেন তাঁহাকে বিক্রয় করা যাইবে খরিদারকে সেই মহলের মালিক বলিয়া গণ্য করা যাইবে, এই মহলে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তৎসমুদয় খরিদারের প্রতি বর্ত্তিবেক কেবলমাত্র তিনি ধার্য্য রাজস্ব আদায় দিতে থাকিবেন।

২। মহলের প্রজাদিগের পাট্টার শরত এবং বন্দোবস্তের কাগজাতে ও প্রচলিত আইনানুসারে যাহার যে স্বত্ব স্বীকার করা হইয়াছে তাহা বজায় রাখিয়া ঐ বিক্রয় করা হইবে, খরিদার খোদকস্তা রাইয়তদিগের যে রাইয়তেরা রিবিনিউ কর্ম্মচারিদিগের প্রস্তুত করা জমা বন্দাতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে তবে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিলকরিতে হইবে।

৪। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে। বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিনহইতে পঞ্চদশ দিনের দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবে ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে ২ প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারী করিয়া ঐ মহল ত্রুটিকারি খরিদারের ঝুঁকিতে পুনরায় নীলাম করা যাইবে ইতি

In the case of endowments of the second class, the local Government was to hand over to the trustee, manager, or superintendent all the property, and the powers of the Board and local agents then ceased and determined. On the occurrence of a vacancy in the office of trustee, if any dispute arose as to succession, *any person interested* might apply to the civil court to appoint a manager to act until some other person established a better claim by suit.

অপেক্ষাও ন্যূন সংখ্যক স্থলে নির্দ্দীন হইয়াছে। উড়িষ্যা দেশে কত শত প্রদত্ত সম্পত্তি ছিল যাহা ব্যবস্থার অধীন করা হয় নাই। এমন কি উড়িষ্যার দত্ত সম্পত্তির বিষয় অনুসন্ধানার্থ নিযুক্ত কমিটী উক্ত প্রদেশের অধিকাংশ দত্ত সম্পত্তি সম্বন্ধে এরূপ রিপোর্ট করেন যে "ন্যায়সঙ্গত উত্তরাধিকার লইয়া বিরোধী দাওয়াদারদিগের মধ্যে বিবাদ জন্য হস্তক্ষেপ করা আবশ্যক হইলেই কেবল স্থানীয় কর্ম্মকারকেরা কার্য্যক্ষেত্রে উপস্থিত হইয়াছেন, এরূপ প্রতীত হয়"।

৪। ১৮১০ সালের ১৯ আইনক্রমে কর্ত্তৃপক্ষদের যে ক্ষমতা ছিল, পরীক্ষা করিয়া দেখিলে তাহা প্রকৃত পক্ষে অনেক প্রকারে অত্যন্ত অস্পষ্ট বোধ হয়। বোর্ড বিশেষ অযথা নিয়োগ নিবারণ করিবেন এবং নিয়োগ করিবার সময় গবর্ণমেণ্টের মত না থাকিলে দাওয়াদারদিগের দাওয়া সম্বন্ধে বোর্ডের আদেশ কিরূপে কার্য্যে পরিণত করিতে হইবে, ইহার কোন বিধান ছিল না। তবে বোর্ড ও স্থানীয় কর্ম্মকারকদের রাজকীয় পদের গুণে তাঁহারা আপন আপন নিষ্পত্তি যে কার্য্যকর করিতে পারিতেন, ইহাতে সন্দেহ নাই।

৫। ১৮৪০ সালের পরে, ইংলণ্ডের গবর্ণমেণ্টের উপদেশানুসারে ধর্ম্মার্থে প্রদত্ত সম্পত্তির সহিত গবর্ণমেণ্টের কর্ম্মচারিদিগের সংস্রব সম্পূর্ণরূপে রহিত হইতে আরম্ভ হয়, এবং ধর্ম্মালয়াদি আয়সহ স্বাধীন ন্যাসধারী ও কার্য্যনির্ব্বাহকদিগের হস্তে সাধারণতঃ ন্যস্ত হয়, এবং লোক নির্ব্বাচন করিবার যে ক্ষমতা ছিল গবর্ণমেণ্ট তাহা একবারে ত্যাগ করেন। এরূপ কার্য্য তাঁহাদের কর্ত্তব্য বিবেচনা হউক মর্ম্মের বিরুদ্ধ সন্দেহ নাই, কিন্তু যতকাল ১৮৬৩ সালের ২০ আইন বিধিবদ্ধ হয় নাই ততকাল ব্যবস্থাপকগণ এতদনুগত নীতি নিয়মিতরূপে স্বীকার করেন নাই।

৬। ১৮৬৩ সালের ২০ আইনে প্রকাশ করা যায় যে "রেবিনিউ বোর্ডের ও স্থানীয় কর্ম্মকারকদের প্রতি যে ভারার্পণ হইয়াছে, তাঁহাদের সেই ভারপ্রযুক্ত মসজীদ ও দেবালয়ের ব্যয় পোষণার্থে ও ধর্ম্মসম্বন্ধীয় অন্যান্য ধর্ম্মার্থ দত্ত ভূমির তত্ত্বাবধারণ ও তদ্রূপ ধর্ম্মসম্বন্ধীয় আলয়াদির ব্যয় পোষণার্থে ও তৎসম্পর্কীয় গৃহাদি সংস্করণার্থে ও রক্ষার্থে যে ধনাদি দত্ত হয় তাহার উপযুক্তমতে ব্যয় করণ, ও তদর্থে ন্যাসধারী কি কার্য্যনির্ব্বাহকদিগকে নিযুক্ত করণরূপ যে কার্য্য হয়, কিম্বা তদ্রূপ ধর্ম্মসম্বন্ধীয় আলয়াদির তত্ত্বাবধান সম্পর্কীয় যে কোন কার্য্য করিতে হয় তাহা হইতে তাঁহাদিগকে মুক্ত করা বিহিত।" অনন্তর আইনে ধর্ম্মার্থে প্রদত্ত সম্পত্তি দুই শ্রেণীতে বিভক্ত করা হয়, (১) আইন বিধিবদ্ধ হইবার সময়ে যে সম্পত্তির ন্যাসধারী (ট্রাষ্টি) কার্য্যনির্ব্বাহক, বা তত্ত্বাবধায়ক নির্ব্বাচন বা নিয়োগ কোন সূত্রে গবর্ণমেণ্ট কি কোন সরকারী কর্ম্মচারির হস্তে ছিল, এবং (২) আইন বিধিবদ্ধ হইবার সময়ে যে সম্পত্তি সম্বন্ধে উক্তরূপ নির্ব্বাচন বা নিয়োগ কোন সূত্রে গবর্ণমেণ্ট কি কোন সরকারী কর্ম্মচারির হস্তে ছিল না। আইনে প্রথম শ্রেণীর দত্ত সম্পত্তি সম্বন্ধে, রেবিনিউবোর্ড ও স্থানীয় কার্য্যকারকদিগের স্থলাভিষিক্ত হইয়া তাহাদিগের ক্ষমতানুযায়ী কার্য্য করিবার নিমিত্ত প্রত্যেক জিলায় ও দেশখণ্ডে একেবারে এক কি একাধিক কমিটী নিয়োগ করিবার বিধান হয়। যে দত্ত সম্পত্তি যে ধর্ম্মসংক্রান্ত, সেই ধর্ম্মাবলম্বি ব্যক্তিদের মধ্য হইতে ও উক্ত মসজীদ, মন্দির, বা ধর্ম্মালয়ের রক্ষার্থে যাহাদের স্বার্থ থাকে তাহাদের সাধারণ অভিমতানুসারে কমিটী নিয়োগ করিতে হইবে। মেম্বরেরা যাবজ্জীবন পদস্থ থাকিবেন এবং কেবল দেওয়ানী আদালতের আদেশানুসারে অসদাচরণ বা অযোগ্যতা জন্য অপসারিত হইতে পারিবেন। কোন মেম্বরের পদশূন্য হইলে, "স্বার্থযুক্ত ব্যক্তিগণ" উক্ত পদের লোক নির্ব্বাচন করিবেন, নির্ব্বাচন কার্য্য কমিটীর অবশিষ্ট মেম্বরদিগের তত্ত্বাবধানে সম্পন্ন হইবে। কমিটী ত্রুটি করিলে, যে কোন ব্যক্তি দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন, এবং উক্ত আদালত শূন্যপদে লোক নিয়োগ করিতে পারিবেন, কিম্বা কমিটীর প্রতি লোক নিয়োগ করিবার আদেশ দিতে পারিবেন। কমিটী নিযুক্ত হইলে, তাহাদিগের হস্তে বোর্ড ও স্থানীয় কর্ম্মকারকগণ দত্ত সম্পত্তি অর্পণ করিবেন।

দ্বিতীয় শ্রেণীর দত্ত সম্পত্তি সম্বন্ধে, স্থানীয় গবর্ণমেণ্ট ন্যাসধারী কার্য্যনির্ব্বাহক বা তত্ত্বাবধায়কের হস্তে সমস্ত সম্পত্তি দিবেন এবং বোর্ডের ও স্থানীয় কর্ম্মকারকদের যে যে ক্ষমতা রহিত হইয়া গেল সেই সেই ক্ষমতাও দিবেন। ন্যাসধারির পদ শূন্য হওয়াতে উত্তরাধিকার সম্বন্ধে বিবাদ উপস্থিত হইলে, "স্বার্থযুক্ত কোন ব্যক্তি" দেওয়ানী আদালতে এই বলিয়া প্রার্থনা করিতে পারিবেন যে যাবৎ অন্য কেহ মোকদ্দমা করিয়া উক্ততর দাওয়া সংস্থাপন করিতে না পারে, তাবৎ এক জন কার্য্যনির্ব্বাহক নিযুক্ত করা হয়।

Trustees, managers, and superintendents, in both classes of endowments, were bound to keep regular accounts, and committees of endowments of the first class were empowered to call for these at least once a year, and bound to keep accounts themselves *Any person interested* might sue any trustee or member of committee for breach of trust, misfeasance, or neglect of duty, and the civil court might on such suit direct specific performance of any act award damages and costs, and direct the removal of any trustee, superintendent, manager, or member of committee The only restriction upon the conveyance of endowments to the trustees and committees, as the case might be, was contained in section 21 of the Act, which provided that, where endowments were partly for secular and partly for religious uses, the Board of Revenue might retain a portion of the property for application to such secular uses, or make over the lands burdened with a suitable charge on this account payable to the Board and local agents

7 The Act nowhere defined what were to be treated as religious and what as secular uses, and very diverse opinions have been put forward and acted upon in giving effect to it The Commissioner of Orissa, for instance, held in 1864 that there were no endowments in the province that could be said to have been made for *secular* purposes, even those in which charity to the poor was the predominant feature being intimately connected with religious observances, places, or establishments The whole of the endowments in Cuttack were therefore made over absolutely either to trustees or committees, and a similar course was commonly followed elsewhere There can, however, be no doubt that in by far the greater number of endowments the original intention of the donor was to benefit the poor and helpless, though the very nature of the Hindoo's creed, under which morals and religion and law are one, compelled him to consecrate his charity by vowing it in the name of some god It has therefore, on the other hand, been very strongly argued that in abandoning the control of such charitable endowments Government went quite beyond the necessities of the case It is also worthy of notice that, for years before Act XX was actually passed, the policy of Government having been to make over to independent trustees and managers as many endowments as possible, the great majority of existing endowments were on the passing of the Act found in the possession of trustees not nominated by Government, who became at once absolutely invested with the control of the property In the great majority of districts no committees were appointed, indeed they were, outside Orissa, appointed in only the five districts of Dacca, Patna, Jessore, Burdwan, and Moorshedabad, and in Orissa it would seem that no district committee was appointed, though small separate committees were appointed to supervise some of the more important endowments

8 In so far as regards the procedure to be followed after the endowments were made over by the Government, Act XX of 1863 proved from the very outset to be practically inoperative Its defects were thus described by the late Governor of Madras —

(i)—Want of effectual legal provision for compelling trustees to perform their duty The "person interested," deterred partly by the expense and delay of litigation, partly by want of sufficient interest, partly (as it would seem) by dislike to try religious questions in a Christian court, probably also in part by ignorance and misapprehension, never appears, and committees and trustees appropriate the funds absolutely at their own pleasure.

(ii)—The powers and duties of committees are insufficiently defined. The Act describes them vaguely as those which formerly belonged to the Board of Revenue.

(iii)—No effectual provision for supplying vacancies. As regards committees, these are to be supplied by election, and in default by the civil court But no election ever takes place, and no notice of a vacancy is ever given to the court.

উভয় শ্রেণীর দত্ত সম্পত্তির ন্যাসধারী, কার্য্য নির্ব্বাহক ও তত্ত্বাবধায়কদিগের নিয়মিত হিসাব রাখিতে হইবে, এবং প্রথম শ্রেণীর দত্ত সম্পত্তির কমিটী বৎসরে অন্ততঃ একবার ঐ হিসাব চাহিতে পারিবেন ও আপনারাও হিসাব রাখিবেন। “স্বার্থযুক্ত কোন ব্যক্তি” ন্যাসধারী কি কমিটীর মেম্বরের নামে বিশ্বাসঘাতকতা, অসদাচরণ কি কর্ত্তব্য কর্ম্মে উপেক্ষা জন্য মোকদ্দমা করিতে পারিবেন, এবং দেওয়ানী আদালত এইরূপ মোকদ্দমায় বিশেষ কোন কার্য্য করিবার, ক্ষতিপূরণ ও খরচ দিবার, অথবা কোন ন্যাসধারী তত্ত্বাবধায়ক, কার্য্যনির্ব্বাহক বা কমিটীর মেম্বরকে অপসারিত করিবার আদেশ দিতে পারিবেন। ন্যাসধারী বা স্কুল শোধে, কমিটীর হস্তে দত্ত সম্পত্তি সমর্পণ কালে আইনের ২১ ধারা কেবল কিঞ্চিৎ বাধক ছিল। উক্ত ধারায় বিধান হয় যে দত্ত সম্পত্তি অংশতঃ ঐহিক ও অংশতঃ পারত্রিক কার্য্য জন্য হইলে, রেভিনিউ বোর্ড সম্পত্তির কিয়দংশ ঐহিককার্য্য প্রয়োগজন্য রাখিতে পারিবেন কিম্বা বোর্ড ও স্থানীয় কার্য্যকারকদিগকে এই হিসাবে টাকা দিবার যথাযোগ্য দায়সহিত ভূসম্পত্তি সমর্পণ করিতে পারিবেন।

৭। কিরূপ কার্য্য ঐহিক ও কিরূপ কার্য্য পারত্রিক বলিয়া গণ্য করিতে হইবে, আইনে ইহার লক্ষণ নাই, এবং এতদনুযায়ী কার্য্য করিতে গোলযোগ ভিন্নমত উৎপন্ন ও অবলম্বিত হইয়াছে। একটী দৃষ্টান্ত এই যে উড়িষ্যার কমিশনর সাহেব ১৮৬৪ সালে নিষ্পত্তি করেন যে ঐহিক কার্য্য সাধনার্থ প্রদত্ত হইয়াছে বলিয়া উক্ত হইতে পারে ঐ প্রদেশে এরূপ কোন দত্তসম্পত্তি নাই, যে যে স্থলে দরিদ্রদিগকে দানই প্রধান অঙ্গ, তাহাও ধর্ম্মসংক্রান্ত কর্ম্মকাণ্ডের, স্থানের বা কার্য্যের সহিত বিশেষরূপে সংযুক্ত, এনিমিত্ত কটকের সমুদয় দত্ত সম্পত্তি ন্যাসধারীর বা কমিটীর হস্তে একেবারে সমর্পিত হয়, এবং অন্যত্রও সাধারণতঃ এইরূপ কার্য্যপ্রণালী অবলম্বিত হয়। ইহাতে সন্দেহ নাই যে অধিকাংশ দত্ত সম্পত্তি সম্বন্ধে দরিদ্র ও নিঃসহায় ব্যক্তিদিগের উপকার করাই দাতার মুখ্য উদ্দেশ্য ছিল, কিন্তু হিন্দুধর্ম্মের প্রকৃতিক্রমে নীতি ও ধর্ম্ম ও ব্যবস্থা এক হওয়াতে তিনি কোন দেবতার নামে দান উৎসর্গ করিতে বাধ্য হইয়াছেন। এজন্য অপর পক্ষে, কেহ কেহ তর্ক করেন যে এইরূপ দাতব্য সম্পত্তির তত্ত্বাবধান পরিত্যাগ করিয়া গবর্ণমেণ্ট যত দূর প্রয়োজন ছিল না তত দূর গিয়াছেন। ইহাও উল্লেখ যোগ্য যে ২০ আইন বিধিবদ্ধ হইবার অনেক বৎসর পূর্ব্ব হইতে স্বাধীন ন্যাসধারী ও কার্য্যনির্ব্বাহকদিগের হস্তে যত দত্ত সম্পত্তি সমর্পণ করিতে পারেন তত সমর্পণ করিবার অভিপ্রায় গবর্ণমেণ্টের থাকায় আইন বিধিবদ্ধ হইবার সময়ে অধিকাংশ দত্ত সম্পত্তি গবর্ণমেণ্টের নির্ব্বাচিত নয় এরূপ ন্যাসধারীদিগের অধিকারে দৃষ্ট হয়, এবং তাঁহারা একেবারেই উক্ত সম্পত্তি তত্ত্বাবধানের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হন। অধিকাংশ জিলায় কমিটী নিযুক্ত করা হয় নাই, বস্তুতঃ উড়িষ্যার বাহিরে ঢাকা, পাটনা, যশোহর, বর্দ্ধমান ও মুরশিদাবাদ কেবল এই পাঁচ জিলায় কমিটী নিযুক্ত হয়, এবং উড়িষ্যায় বোধ হয় ডিষ্ট্রিক্ট কমিটী নিযুক্ত হয় নাই, যদিও প্রধান প্রধান দত্ত সম্পত্তির তত্ত্বাবধান জন্য ক্ষুদ্র২ স্বতন্ত্র কমিটী নিযুক্ত হইয়াছিল।

৮। গবর্ণমেণ্ট দত্ত সম্পত্তি সমর্পণ করিলে পর কিরূপ কার্য্যপ্রণালী অবলম্বিত হইবে, এ সম্বন্ধে ১৮৬৩ সালের ২০ আইন প্রথম হইতেই কার্য্যতঃ অচল হয়। মান্দ্রাজের ভূতপূর্ব্ব গবর্ণর সাহেব আইনের দোষগুলি এইরূপে বর্ণনা করিয়াছেন।—

(১) ন্যাসধারিদিগের কর্ত্তব্য পালন করাইবার নিমিত্ত আইনে কার্য্যকর বিধানের অভাব। “স্বার্থযুক্ত ব্যক্তি” অংশতঃ মোকদ্দমা খরচ ও বিলম্বের ভয়ে, অংশতঃ বিশিষ্ট স্বার্থাভাবে, অংশতঃ বোধ হয় খ্রীষ্টানের আদালতে ধর্ম্মসংক্রান্ত বিবাদ প্রার্থনা করিবার অনিচ্ছায়, সম্ভবতঃ অংশতঃ অজ্ঞানতা ও ভ্রান্তিজন্য, কখনও উপস্থিত হয় না, এবং কমিটী ও ন্যাসধারিরা যদৃচ্ছাক্রমে নিরঙ্কুশভাবে ন্যস্তধনের বিনিয়োগ করেন।

(২) কমিটীদিগের ক্ষমতা ও কর্ত্তব্য স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হয় নাই। যে ক্ষমতা পূর্ব্বে রেবিনিউ বোর্ডের ছিল এই বলিয়া আইনে অস্পষ্ট বর্ণনা আছে।

(৩) পদ শূন্য হইলে লোক নিয়োগ করিবার কার্য্যকর বিধান নাই। কমিটীর সম্পর্কীয় পদ শূন্য হইলে নির্ব্বাচন দ্বারা ও তাহাতে ত্রুটি হইলে দেওয়ানী আদালত দ্বারা লোক নিয়োগের কথা আছে। কিন্তু নির্ব্বাচন কখন হয় না এবং পদ শূন্য হইবার সংবাদ আদালতে দেওয়া হয় না।

(iv)—Committees are unpaid and without any strong interest in the creditable performance of their duties

(v)—The Act makes over one large class of institutions to trustees uncontrolled by any supervising agency whatever.

To these might be added—

(vi)—The committees had no power to raise out of the property belonging to the endowments the expenses necessarily incurred in the performance of their duties, though they were liable to be sued for neglect of such duties.

9 The Commissioner of Orissa reported in 1867 that "in that province committees of management appeared to be apathetic and indifferent, and had taken no action whatever, and the result of the Act had been to leave the entire management of religious endowments, formerly supervised under Regulation XIX of 1810, in the hands of the hereditary or officiating priests and pundahs The revenues of the endowments were squandered or appropriated to private uses, while the services of the temples and charitable distribution of food or alms had been entirely neglected and abused Generally throughout Orissa the management of temples, muths, and other religious endowments was a scandal, and appeared likely to remain so until there was a stronger and more efficient system of management and supervision than that exercised by the local committees"

10 When Sir Cecil Beadon visited Cuttack in 1866, a deputation of Hindoo gentlemen pressed upon him the necessity of amending the Act, so as to give committees more power over trustees and managers; and in 1867 they submitted formal memorials to Government, praying that the orders of the committees might have given them the effect of decrees of court or awards of arbitration, and be enforced as such, and that the control of committees should be extended to those endowments which had been made over to trustees, and indeed to all endowments in which the public were in any way interested In forwarding these memorials, the Commissioner remarked that had the revenues of the charitable endowments of the province been applied in accordance with the intentions of the grantors, the whole starving population of Orissa might have received the relief and assistance which had then lately been administered at the cost of the State.

11 Under the orders of the Government of India, a commission of three native gentlemen was appointed in February 1868 to enquire into the general condition of religious and charitable endowments in Orissa, and invited to submit proposals for the amendment of the Act The report of this commission was received through the Board of Revenue in August 1869 It left no doubt as to the existence of gross and general misappropriation of the property of the endowments, but the proposals made to remedy these abuses were by no means very clear or complete They are contained in the following paragraphs of the report.—

29 To this end we would suggest the following alterations in the present law In the first place, we would recommend that all institutions and endowments to which Act XX of 1863 apply should be placed under the control of the committee appointed under section 7 of the law, instead of only those specified in section 3, as at present The committee possesses under the law, as it now stands, the same powers as the Board and local agents had under Regulation XIX of 1810—powers which enabled the Board, as above stated, to dispossess trustees of the estates, and put other persons in their stead We only consider it desirable that the committee's powers should be distinctly laid down, instead of being left to be inferred, as they have to be done at present, we would not make their decisions final and unappealable, but would place them exactly in the position of the Board of Revenue in Regulation XIX of 1810, in respect to both powers and responsibilities, that is to say, give them complete jurisdiction over the administration of the institutions, extending to the removal of the trustees, their powers in the matter of appointment being limited to institutions of the kind mentioned in section 3, rendering them at the same time liable to be sued in the civil court, the costs being paid out of the endowment funds, except in those cases in which the court may, for particular

(৪) কমিটীদের বেতন নাই এবং ভাল করিয়া কর্ত্তব্য পালন করিবার কোন বলবৎ স্বার্থ নাই।

(৫) কোন তত্ত্বাবধারক কার্য্যকারকের তত্ত্বাবধান না রাখিয়া আইনে এক প্রকাণ্ড শ্রেণীর আলয়াদি ন্যাসধারিদের হস্তে অর্পিত হইয়াছে।

ইহার উপর এটীও যোগ করা যাইতে পারে,

(৬) কর্ত্তব্য পালন করিতে যে ব্যয়ের প্রয়োজন হইত দত্তসম্পত্তি হইতে সেই ব্যয়ের টাকা উঠাইয়া লইবার ক্ষমতা কমিটীদের ছিল না, যদিও কর্ত্তব্য পালনে উপেক্ষা করিলে তাঁহাদের নামে মোকদ্দমা হইতে পারিত।

৯। ১৮৬৭ সালে উড়িষ্যার কমিশনর সাহেব রিপোর্ট করেন যে, "উক্ত প্রদেশের কার্য্যনির্ব্বাহক কমিটীগুলি নিশ্চেষ্ট ও আসক্তিশূন্য প্রতীতি হয়, এবং তাহারা কোন কার্য্যই করে নাই, এবং আইনের ফল এই হইয়াছে যে, ১৮১০ সালের ১৯ আইন-ক্রমে পূর্ব্বে ধর্ম্মার্থে প্রদত্ত যে সকল সম্পত্তির তত্ত্বাবধান হইত, সে সমুদয়ের কার্য্যনির্ব্বাহকতার সম্পূর্ণরূপে পুত্রপৌত্রানুক্রমিক কিম্বা কার্য্যকারী পুরোহিত বা পাণ্ডাদিগের হস্তে পড়িয়াছে। প্রদত্ত সম্পত্তির উপস্বত্ব হয় অপব্যয়িত হয়, নতুবা ব্যক্তি বিশেষের ব্যবহারে প্রযুক্ত হয়, এবং মন্দিরের পূজাদি ও অন্ন বিতরণ বা দান একেবারে উপেক্ষিত ও অযথারূপে সম্পাদিত হয়। সাধারণতঃ উড়িষ্যার সর্ব্বত্র মন্দির, মঠ বা অন্য ধর্ম্মালয়ের কর্ম্ম নির্ব্বাহ কলঙ্কজনক, এবং স্থানীয় কমিটী গুলি কার্য্য নির্ব্বাহের ও তত্ত্বাবধানের যে প্রণালী অনুসারে কার্য্য করেন যতদিন তদপেক্ষা বলবতী ও ফলবতী প্রণালী প্রবর্ত্তিত না হয়, ততদিন বোধ হয় এইরূপই থাকিবে"

১০। ১৮৬৬ সালে যখন শ্রীযুক্ত সার সিসিল বীডন সাহেব কটক গমন করেন, এক দল হিন্দু ভদ্র লোক আইন এপ্রকারে সংশোধন করিবার প্রয়োজন বলিয়া তাঁহাকে ধরেন যে ন্যাসধারী ও কর্য্যনির্ব্বাহকদিগের উপরে কমিটীর অধিকতর ক্ষমতা প্রদত্ত হয়, এবং ১৮৬৭ সালে তাঁহারা নিয়মিত প্রার্থনাপত্র গবর্ণমেণ্টে পাঠাইয়া প্রার্থনা করেন যে কমিটীর আদেশ আদালতের ডিক্রী বা সালীসদিগের নিষ্পত্তির ন্যায় কার্য্যকর হয় ও তদ্রূপে বলবৎ করা যায়, এবং যে সকল দত্ত সম্পত্তি ন্যাসধারীদিগের হস্তে অর্পিত হইয়াছে ও বাস্তবিক যে সকল দত্ত সম্পত্তিতে কোন সূত্রে সাধারণের স্বার্থ আছে সেই সকলের প্রতি কমিটীর তত্ত্বাবধান বর্ত্তায় হয়। এই সকল প্রার্থনাপত্র পাঠাইবার সময়ে কমিশনর সাহেব বলেন যে দাতাদিগের অভিপ্রায়ানুসারে উক্ত প্রদেশের দাতব্য সম্পত্তির প্রয়োগ হইলে উড়িষ্যার নিরন্ন ব্যক্তিগণ সংপ্রতি গবর্ণমেণ্টের ব্যয়ে যে উপকার ও সাহায্য প্রাপ্ত হইয়াছে তাহা পাইতে পারিত।

১১। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আদেশানুসারে উড়িষ্যা প্রদেশের ধর্ম্মার্থ ও পরোপকারার্থে প্রদত্ত সম্পত্তির সাধারণ অবস্থার অনুসন্ধান লইবার নিমিত্ত ১৮৬৮ সালের ফেব্রুয়ারি মাসে তিন জন দেশীয় ভদ্রলোক কমিশনস্বরূপ নিযুক্ত হন এবং আইন সংশোধনার্থ প্রস্তাব প্রেরণ করিতে অনুরুদ্ধ হন। ১৮৬৯ সালের আগষ্ট মাসে রেবিনিউ বোর্ডের হস্তে দিয়া এই কমিশনের রিপোর্ট পাওয়া যায়। ইহাতে দত্তসম্পত্তির অতিশয় ও সাধারণ অযথা বিনিয়োগের অনেক সন্দেহ রহিল না, কিন্তু এই অযথা ব্যবহার নিবারণ করিবার নিমিত্ত যে সকল প্রস্তাব করা হয়, সেগুলি অতি স্পষ্ট বা সম্পূর্ণ নহে। সেগুলি রিপোর্টের পশ্চাল্লিখিত পরিচ্ছেদের মধ্যে আছে।

১২। এইনিমিত্ত আমরা বর্ত্তমান আইনে নিম্নলিখিত পরিবর্ত্তন করিতে পরামর্শ দেই। প্রথমতঃ আমাদের পরামর্শ এই যে, যে সকল আলয়াদি ও দত্তসম্পত্তির প্রতি ১৮৬৩ সালের ২০ আইন বর্ত্তে এখনকারমত ও ধারা নির্দ্দিষ্ট সম্পত্তিমাত্র না হইয়া সে সকল উক্ত আইনের ৭ ধারাক্রমে নিযুক্ত কমিটীর তত্ত্বাবধানে সংস্থাপিত হয়। ১৮১০ সালের ১৯ আইন অনুসারে বোর্ড ও স্থানীয় কার্য্যকারকদিগের যেরূপ ছিল বর্ত্তমান আইন অনুসারে কমিটীর সেই ক্ষমতা আছে। পূর্ব্বে উক্ত হইয়াছে যে এই ক্ষমতাক্রমেই বোর্ড সম্পত্তির ন্যাসধারীদিগকে অধিকারচ্যুত করিয়া তাঁহাদিগের স্থলে অন্য লোক নিযুক্ত করিতেন। কমিটীর ক্ষমতা এক্ষণে যে প্রকারে অনুমান করিয়া লইতে হয়, তৎপরিবর্ত্তে উক্ত ক্ষমতা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হয়, ইহা আমরা বাঞ্ছনীয় জ্ঞান করি। আমরা তাঁহাদিগের নিষ্পত্তি চূড়ান্ত ও আপীলশূন্য করিতে চাহি না কিন্তু ১৮১০ সালের ১৯ আইনে রেবিনিউ বোর্ডের ক্ষমতা ও ... সম্বন্ধে যে অবস্থা ছিল তাঁহাদিগকে ঠিক সেই অবস্থায় অবস্থাপিত করিতে চাহি, অর্থাৎ উক্ত আলয়াদির কার্য্য নির্ব্বাহের উপর তাঁহাদের সম্পূর্ণ কর্ত্তৃত্ব দাও, যেন তাঁহারা ন্যাসধারীকে পদচ্যুত অপসারিত করিতে পারেন কারণ বিষয়ে তাঁহাদের ক্ষমতা ও ধারার নির্দ্দিষ্ট প্রকারের আদালতেই আবদ্ধ আছে, অথচ তাঁহাদের বিরুদ্ধে আদালতে যে মকদ্দমা হইতে পারে তদ্রূপ বিধান কর এবং কমিটীর অনুমতিক্রমে ... আদালতে অন্যরূপ আদেশ না দিলে, মোকদ্দমার ব্যয় দত্তসম্পত্তির উপস্বত্ব হইতে দেওয়া যাইবে, এরূপ নিয়ম কর। অধিবাসিদিগের প্রার্থনাপত্রে এবিষয়ে যে পরামর্শ আছে তদনুসারে কমিটীর ক্ষমতা এইরূপে নিয়মিত

reasons traceable to improper motives on the part of the committee, direct otherwise. Our reasons for so limiting the committee's powers, speaking with reference to the suggestions on the point as contained in the petitions made by the residents, are that it may not always be possible to get men to act on the committee sufficiently intelligent and upright to warrant such large powers being conferred upon it as those proposed by the petitioners Their proceedings might be conducted on the same plan as that upon which those of arbitrators under Act VIII of 1859 are carried on, the civil court giving them, when necessary, such aid as they may stand in need of in the matter of compelling the attendance of witnesses and the production of accounts, and their decisions might be enforced by the civil court like the court's own decrees.

30 The provision of the law as to the appointment of a separate committee for each endowment is, in our opinion, calculated to secure better supervision than what could be exercised by a single divisional or district committee But the plan is open to the objection that it is not likely that persons will be found in all the localities sufficiently qualified to be trusted even with such limited powers as those proposed to be given to such committees. To provide against this, we would recommend the appointment of a central divisional committee, to direct and check the proceedings of local committees The latter, we are inclined to think, might with advantage be made to supply the place of the local agents, and the former that of the Board in Regulation XIX of 1810.

31 We have to offer no suggestions in regard to the mode of appointment and constitution of committees The law on these points, as well as that bearing on the removal of members, filling up vacancies, &c., might unobjectionably be allowed to stand unaltered.

32. We are unwilling to recommend that the members of committees should be paid being persuaded that none worth having on such committees would think of accepting any remuneration for trouble taken in the cause of charity and religion

12. In forwarding this report, the Board of Revenue remarked as follows :—

2 The subject is one of much difficulty It appears to the Board that the only really efficient and practical supervision possible at present is that which would be conducted by Government officials. As this, however, is, they presume, out of the question, the remaining alternative is to trust to committees, to whom should be delegated power sufficient to enable them to act, and who should be guaranteed from all risk of loss from any acts done in good faith

3 The recommendations made in the report now submitted are not very clear In paragraph 29 the Committee say—"We would place them (committees) exactly in the position of the Board of Revenue in Regulation XIX of 1810," but this is exactly the position these committees do occupy with regard to one class of endowments, as is admitted in the report. The language of paragraph 7 of Act XX of 1863 is as precise and definite as it can be on this point The real difficulty as regards the powers of local committees under the present law is that Regulation XIX of 1810 did not specify what the powers of the Board were The Board agree with the opinion expressed by the committee, that the extent and nature of the powers exercised should be for the future unmistakeably laid down

4 Again, it is proposed in the report that committees should be "liable to be sued in the civil court, the costs being paid out of the endowment funds" There seem to the Board to be two difficulties in the way of any such plan - first, that the endowment funds are charitable funds, which should not be diverted to litigation, secondly, that the endowment in dispute may possess no funds out of which costs could be paid For example, a mohunt may have been turned out by a committee, and another man put into his place, the funds of the endowment being just sufficient to carry out the purposes of the endowment and support the necessary establishment. Where, in such a case, would be the funds out of which costs should be paid?

5. The plan which commends itself most to the judgment of the Board is that in each division or district, as may be thought most expedient, there should be a central committee, composed of persons whose decisions would carry weight with the public, that under them there should be as many sub-committees as might be required; that to the sub-committees should be entrusted the duty of enquiring into the management of all endowments within a defined circle, with power to call for accounts and to take evidence, that the sub-committees

should report their proceedings to the central committee; that with this latter should rest the power to dismiss the mohunt, to appoint in cases of vacancy according to the custom of the endowment, and generally to exercise all powers of punishment, which, it may be inferred, Regulation XIX of 1810 gave to the Board of Revenue, including the power of finding within a certain limit when accounts are withheld, that any suit in the civil court brought against the central committee should only be entertained on the plaintiff supplying funds for the defence as well as the prosecution, and that costs should only be awarded against the members of such committee when, in the opinion of the court, they had acted in bad faith.

6. It is a question for consideration whether the secretary of the central committee should not be paid a monthly salary, to be levied proportionately from the proceeds of each religious endowment.

7. The Board are aware that many objections may be urged to this proposal, but, in the absence of all Government supervision, they see no alternative between some such plan as now recommended, and the practical freedom, as at present, from all checks over the trustees of religious endowments.

13. The report, with the Board's letter, was laid before the Government of India by Sir. W. Grey with the following remarks :—

2. The investigations of the committee seem conclusively to show that, in the great majority of instances, the funds of the religious and charitable endowments of the province are squandered or misappropriated by the managers or trustees who directly administer them Where the endowments were formerly under the charge of the Agents of the Revenue Board the local committees are, as the law stands, powerless to exercise efficient control, even in the few cases where they are really anxious to interfere; and where the endowments were originally exempt from Government supervision, the trustees are now only the more reckless in their profligacy, as they find themselves no longer singular in their indulgence of it.

3. Accepting the policy of Act XX of 1863 as one from which it is not now open to recede, the Lieutenant-Governor thinks it clear that the Act has failed to give sufficient legal power to the committees in whose hands the control of religious endowments are vested Under Regulation XIX of 1810, the Board of Revenue had, it is true, no more definite power than is now held by the local committees, but, as pointed out in paragraph 27 of the report now forwarded, the Board were, by their official position and the influence of the Collectors, as their local agents, able to exercise a real authority to which the local committees can show no claim. This would appear to have been overlooked when Act XX of 1863 was passed.

4. What seems to be required now, is to strengthen the hands of local committees and to bring under their control of endowments of all kinds, whether originally supervised by Government or not, and to create a central committee in each district with very full and absolute powers of control over the local committees, and over the Managers of the various endowments. The proposals made by the Board of Revenue in paragraph 5 of their covering letter have the Lieutenant-Governor's general approval The necessary expenditure incurred by the central committees and sub-committees should be provided rateably from the endowment funds, and the post of secretary to each central committee should have a salary attached to it sufficient to secure the services of a competent and trustworthy man

5 An examination of the tables attached to the Committee's report has led the Lieutenant-Governor to doubt whether, in divesting itself of the Orissa endowments the Board of Revenue has sufficiently attended to the provisions of Section 21 of Act XX of 1863. That section empowered the Board to reserve under its control all endowments or parts of endowments designed for secular uses. It may be inferred from the tables annexed to the report, however, that the transfers of the endowments therein mentioned have been made absolutely and without sufficient enquiry as to the different purposes for which the funds are intended. On this point a reference will be made to the Board of Revenue, and the Lieutenant-Governor would suggest that if the fact should prove to be as above surmised, any amending Act might provide for the rectification of the oversight, and that it should at the same time define what are to be considered 'secular uses" for the purposes of the Act. On this point paragraphs 14 and 20 of the Committee's report deserve consideration.

দেওয়ানী আদালতে কৈন্দ্রিক কমিটীর বিরুদ্ধে মোকদ্দমা আনিলে বাদী যদি বাদ ও প্রতিবাদ উভয় চালাইবার টাকা দেন তাহা হইলেই মোকদ্দমা গ্রাহ্য হইবে, এবং উক্ত কমিটীর মেম্বরেরা অসরলভাবে কার্য্য করিয়াছেন আদালতের এইরূপ মত হইলেই কেবল তাঁহাদের বিরুদ্ধে খরচার ডিক্রী হইবে।

৬। প্রত্যেক ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তির উপস্বত্ব হইতে হারাহারিমতে টাকা লইয়া কৈন্দ্রিক কমিটীর সেক্রেটরীর মাসিক বেতন দেওয়া উচিত কি না ইহা বিবেচনার বিষয়।

৭। বোর্ড জানেন যে এই প্রস্তাবের বিরুদ্ধে অনেক আপত্তি উত্থাপিত হইতে পারে। কিন্তু গবর্ণমেণ্টের তত্ত্বাবধান অভাবে, যে প্রণালী সংস্থাপনের পরামর্শ দেওয়া যাইতেছে, হয় সেই প্রণালী অবলম্বন করিতে হইবে, নতুবা ধর্ম্মার্থে দত্তসম্পত্তির ন্যাসধারিদিগকে এখনকার মত কার্য্যতঃ স্বাধীন রাখিতে হইবে।

১৩। শ্রীযুত সার উইলিয়ম গ্রে সাহেব উক্ত রিপোর্ট ও বোর্ডের পত্র পশ্চাল্লিখিত মন্তব্য সমেত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকটে প্রেরণ করেন।

২। কমিটীর অনুসন্ধান দ্বারা বোধ হয় সিদ্ধান্তরূপে সপ্রমাণ হইয়াছে যে অধিকাংশস্থলে এপ্রদেশের ধর্ম্মসংক্রান্ত ও দাতব্য সম্পত্তির ধন যে কার্য্যনির্ব্বাহক বা ন্যাসধারিদিগের হস্তে আছে তাঁহারা তাহার অপব্যয় বা অযথাবিনিয়োগ করেন। যে স্থলে দত্তসম্পত্তি পূর্ব্বে রেবিনিউ বোর্ডের কর্ম্মকারকদের হস্তে ছিল, স্থানীয় কমিটীগুলি যে অল্পসংখ্যক স্থলে হস্তক্ষেপ করিতে যথার্থ অভিলাষী, বর্ত্তমান আইনক্রমে উপযুক্ত তত্ত্বাবধান করিবার ক্ষমতা তাঁহাদিগের নাই, এবং যে সকল দত্তসম্পত্তি প্রথম হইতেই গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে ছিল না, ন্যাসধারিরা এক্ষণে আরও অমনোযোগিতভাবে অপব্যয় করিতেছেন, কারণ তাঁহারা দেখিতেছেন যে কেবল তাঁহারাই এরূপ কার্য্য করিতেছেন না।

৩। ১৮৬৩ সালের ২০ আইনে যে নীতি অবলম্বিত হইয়াছে এক্ষণে তাহা হইতে নিবৃত্ত হইবার পথ নাই ধরিয়া লইয়া, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বিবেচনা করেন ইহা স্পষ্ট দৃষ্ট হইতেছে যে ধর্ম্মার্থে দত্ত সম্পত্তির তত্ত্বাবধান-ভার যে সকল কমিটীর হস্তে ন্যস্ত হইয়াছিল আইনে তাহাদিগকে যথোপযুক্ত বৈধ ক্ষমতা প্রদত্ত হয় নাই। সত্য বটে স্থানীয় কমিটীদের হস্তে এইক্ষণে যে ক্ষমতা আছে, ১৮১০ সালের ১৯ আইনক্রমে রেবিনিউ বোর্ডের তদপেক্ষা নির্দ্দিষ্ট ক্ষমতা ছিল না, কিন্তু প্রেরিত রিপোর্টের ২৭ পরিচ্ছেদে যথার্থই উল্লিখিত হইয়াছে যে বোর্ড আপন পদোপলক্ষে ও স্থানীয় কর্ম্মকারক কালেক্টর সাহেবদের বলে যদ্রূপ প্রকৃত কর্ত্তৃত্ব করিতে সক্ষম ছিলেন স্থানীয়কমিটীরা তাহার কিছুই দেখাইতে পারেন না। যখন ১৮৬৩ সালের ২০ আইন বিধিবদ্ধ হয়, তখন বোধহয় এবিষয় উপেক্ষিত হইয়াছিল।

৪। এক্ষণে বোধ হয় স্থানীয় কমিটীদের ক্ষমতা বৃদ্ধি করা, ও প্রথমে গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে থাকুক বা না থাকুক সর্ব্বপ্রকারের দত্তসম্পত্তি তাঁহাদের তত্ত্বাবধানে আনা, এবং স্থানীয় কমিটীদের উপর ও নানাপ্রকার দত্তসম্পত্তির কার্য্যনির্ব্বাহকদের উপর সম্পূর্ণ ও অবিচ্ছিন্ন ক্ষমতা বিশিষ্ট এক একটি কৈন্দ্রিক কমিটী প্রত্যেক জিলায় স্থাপন করা আবশ্যক। রেবিনিউ বোর্ড তাঁহাদের প্রেরণ পত্রের ৫ পরিচ্ছেদে যে সকল প্রস্তাব করিয়াছেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তৎসমুদয় সাধারণতঃ অনুমোদন করেন। কৈন্দ্রিক কমিটীর ও সব কমিটীর যে ব্যয় করা আবশ্যক তাহা হারাহারিমতে দত্তসম্পত্তির ধন হইতে গৃহীত হইবে, এবং কমিটীর সেক্রেটরীর পদের এরূপ বেতন হওয়া উচিত যেন তৎকার্য্য জন্য উপযুক্ত ও বিশ্বাসী লোক পাওয়া যায়।

৫। কমিটীর রিপোর্টের সহিত যে সকল লতা সংযুক্ত আছে সে সকল পরীক্ষা করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সন্দেহ হইয়াছে যে উড়িষ্যায় দত্তসম্পত্তি পরিত্যাগ কালে রেবিনিউ বোর্ড ১৮৬৩ সালের ২০ আইনের ২১ ধারার বিধানের প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়াছিলেন কি না। যে সকল দত্তসম্পত্তি বা দত্তসম্পত্তির অংশ ঐহিক কার্য্য জন্য অভিপ্রেত, সেই সকল দত্তসম্পত্তি বা দত্তসম্পত্তির অংশ আপন তত্ত্বাবধানে রাখিবার ক্ষমতা বোর্ড উক্ত ধারাক্রমে প্রাপ্ত হন। কিন্তু রিপোর্ট সংযুক্ত লতাগুলি দেখিয়া অনুমান হয় যে, উক্ত ধনদ্বারা ভিন্ন ২ কি ২ উদ্দেশ্য সাধনের অভিপ্রায় ছিল তাহার ভালরূপ অনুসন্ধান না লইয়াই, লতার উল্লিখিত দত্তসম্পত্তি গুলির একেবারে হস্তান্তর করা হয়। এবিষয়ে রেবিনিউ বোর্ডকে লেখা যাইবে, এবং উপরের অনুমান যথার্থ হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পরামর্শ এই যে আইন সংশোধনকালে এই উপেক্ষা শোধনের বিধান হয়, এবং আইনের অভিপ্রায়ানুসারে কাহাকে "ঐহিক কার্য্য" বলিয়া গণ্য করা যাইবে তাহারও নির্দ্দেশ থাকে। এবিষয়ে কমিটীর রিপোর্টের ১৪ ও ২০ পরিচ্ছেদ বিবেচনা যোগ্য।

6 It will be observed that the report deals only with the Hindoo endowments of the province of Orissa, which are by far the most numerous and important of all the endowments in Bengal Some further enquiry will be made as to the state of things elsewhere, and also as to Mahomedan institutions, but early legislation for the purpose of giving a better protection to the numerous Hindoo endowments in Orissa seems very desirable The principles which may be laid down in regard to them will no doubt be found to be generally applicable The only matter of doubt appears to be whether the expenditure incurred by the committees of Mahomedan endowments can be met from the funds under their control, wuqf being under Mahomedan law inalienable On this point I am to refer you to the papers forwarded with this Government letter No 501, dated 5th February 1869 It will be for the Government of India to determine whether Section 15, Regulation IV of 1793, is a bar to legislation on this matter in the present day It seems probable that enlightened Mahomedans would not now object to such a proposal, and the best way perhaps to meet the difficulty would be to vest by law the committees with the powers of Mutawali for certain specific purposes

7 I am to add that the Lieutenant-Governor apprehends that, though the proposed legislation would not in any way contravene Act XX of 1863, being indeed rather the complement of that law, yet as it would technically be considered an amendment of the Act, it would be beyond the competence of the local legislature

14 In accordance with the undertaking given in paragraph 5 of the foregoing quotation, the Board of Revenue were asked to submit a return showing all the endowments—Hindoo, Mahomedan, Jain, or other—in the Lower Provinces, whether such had been under the control of the Board under Regulation XIX of 1810 or not, with careful specification of the uses to which they had been appropriated It was represented, however, that the number of endowments which had been left entirely free of Government control was so vast that the preparation of anything like a complete return would require a special agency and occupy many months, and by subsequent orders the enquiry was restricted to the case of endowments of which cognizance had been taken under Regulation XIX of 1810 The result of this enquiry was to show (as has been already noted) that, outside Orissa, only about 16 endowments had ever been brought under that regulation Even in Orissa it appeared that comparatively few of the endowments had ever been controlled under that law, and what the Commissioner and the native commission, who were again consulted, urged was that, in any amendment of the law, it should be made to include all endowments not of a strictly family and hereditary character and designed for the benefit of individuals only

15 The native commission took this opportunity to submit a supplementary report with the draft of a Bill for giving effect to their revised proposals The Bill is printed as appendix A to this resolution

In explanation of the principal provisions of the Bill, the commission remarked—

18 Next, as to the agency by which the administration of the endowments is to be controlled Whatever may be our views regarding the policy of Government in disconnecting itself with institutions of the kind under notice (we have already expressed ourselves clearly on the point, *vide* paragraph 19 of our previous report), it is, we are afraid, looking to Section 22, Act XX of 1863, vain to expect that Government should recede from such policy and re-assume the superintendence of the endowments If this be so, the agency provided for by Act XX of 1863 is best calculated to answer the purpose Instead of there being, however, only local committees, one for each institution, and such local committees taking the place and exercising the powers of both the Board of Revenue and the local agents in Regulation XIX of 1810, as laid down in Section 7, Act XX of 1863, there should be a central committee for the division, which should take the place and exercise the powers of the Board in respect of all the institutions in the division, the local committees performing the functions of the local agents, each with regard to the particular institution placed under it Our reason for recommending such a double system as this is that, on the one hand, the requisite number of persons sufficiently qualified to be entrusted with the powers which ought to vest in the local committees, supposing there is to be no central committee, can hardly be expected to be found anywhere except at the divisional or district head-quarters, and that, on the other hand, a

৬। দৃষ্ট হইবে যে রিপোর্টে কেবল উড়িষ্যা প্রদেশের হিন্দু দত্তসম্পত্তির কথাই আছে, এই গুলি বাঙ্গালার সমুদয় দত্ত সম্পত্তির মধ্যে সংখ্যা ও প্রয়োজন সম্বন্ধে সর্ব্বশ্রেষ্ঠ। অন্য স্থানের অবস্থা ও মুসলমান ধর্ম্মালয়াদি সম্বন্ধে আরও কিছু অনুসন্ধান লওয়া যাইবে, কিন্তু উড়িষ্যার, বহুসংখ্যক হিন্দু দত্ত সম্পত্তির সংরক্ষণার্থে শীঘ্রই ব্যবস্থা করা বাঞ্ছনীয় বোধ হয় তাহাদিগের সম্বন্ধে যে সকল নিয়ম অবলম্বন করা যায়, নিঃসন্দেহ সেই সকল সাধারণতঃ প্রয়োগ করা যাইতে পারিবে। সন্দেহের বিষয় কেবল এই দেখা যায় যে মুসলমান ধর্ম্মসক্রান্ত দত্তসম্পত্তি সম্বন্ধীয় কমিবটীব ।য় তাঁহাদের তত্ত্বাধীন ধন হইতে করা যাইবে কি না, কারণ বহুক মুসলমান ব্যবস্থাক্রমে হস্তান্তর যোগ্য নহে। এবিষয়ে ১৮৬৯ সালের ৫ ফেব্রুয়ারি তারিখের এই গবর্ণমেণ্টের ৫০১ নং পত্র সংযুক্ত কাগজপত্রের প্রতি আপনি দৃষ্টি করিবেন। ১৭৯৩ সালের ৪ আইনের ১৫ ধারা এক্ষণে এবিষয়ের ব্যবস্থা করিবার বাধা হইবে কি না, ইহা ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট নির্ণয় করিবেন। ইহ সম্ভব বোধ হয় যে সুশিক্ষিত মুসলমানেরা এক্ষণে এ প্রস্তাবে আপত্তি করিবেন না, এব আইন দ্বারা কমিটীগুলিকে কোনং উদ্দেশ্য সাধনার্থ মাতোয়ালির ক্ষমতা প্রদান করাই বোধ হয় আপত্তি খণ্ডনের সর্ব্বোৎকৃষ্ট উপায়।

৭। আমার এইস্থলে বলিতে হইতেছে শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেব আশঙ্কা করেন যে যদিও প্রস্তাবিত ব্যবস্থা কোনক্রমে ১৮৬৩ সালের ২০ আইনের বিরুদ্ধ হইবে না, বরং উক্ত আইনের অভাব পূরণ করিবে, তথাপি যখন এটি উক্ত আইনের সংশোধন বলিয়া গণ্য হইবে, ইহা স্থানীয় ব্যবস্থাপক সভার ক্ষমতার অতীত।

১৪। পূর্ব্বোক্ত পত্রের ৫ পরিচ্ছেদের অঙ্গীকৃত কার্য্যানুষ্ঠান ক্রমে, রেবিনিউ বোর্ডের নিকটে, ১৮১০ সালের ১৯ আইনবলে বোর্ডের তত্ত্বাবধানে থাকুক বা না থাকুক, হিন্দু, মুসলমান, জৈন, বা অপর, সমুদয় নিম্নপ্রদেশস্থ দত্তসম্পত্তির একখানি বিবরণপত্র চাহা যায় ও তাহাতে তৎসমুদয়ের যে যে কার্য্যে বিনিয়োগ হইয়াছে সাবধানে নির্দ্দেশ করিবার কথা থাকে। কিন্তু এরূপ বর্ণনা পাওয়া যায় যে, একেবারে গবর্ণমেন্টের তত্ত্বাবধানে যে সকল দত্তসম্পত্তি ছিলনা সে সকলের সংখ্যা এত অধিক যে সম্পূর্ণ বিবরণপত্র প্রস্তুত করিতে হইলে বিশেষ কর্ম্মকারকদল নিযুক্ত করিতে হইবে এবং উক্ত কার্য্যে অনেক মাস গত হইবে, এবং পরবর্ত্তী আদেশক্রমে ১৮১০ সালের ১৯ আইন বলে যে সকল দত্তসম্পত্তি লইয়া কার্য্য হয় অনুসন্ধান কেবল তৎপ্রতি আবদ্ধ হয়। পূর্ব্বেই বলা হইয়াছে উক্ত অনুসন্ধানের ফল এই দেখা যায় যে উড়িষ্যার বাহিরে কেবল ১১ টী দত্তসম্পত্তি ঐ আইনের ক্ষমতাধীনে আনা হয়। এমন কি, দৃষ্ট হয় যে, উড়িষ্যাতেও অত্যল্প সংখ্যক দত্তসম্পত্তির উক্ত আইনক্রমে তত্ত্বাবধান হইয়াছিল, এবং আবার পরামর্শ চাহিলে, কমিশ্যনর সাহেব ও দেশীয় কমিশ্যন সর্ব্বতোরূপে বলেন যে আইন সংশোধন করিতে হইলে, যে দত্তসম্পত্তিগুলি সম্পূর্ণরূপে কৌলিক ও পুরুষানুক্রমিক ও কেবল ব্যক্তি বিশেষের উপকার জন্য উদ্দিষ্ট তদ্ভিন্ন সমুদয় দত্তসম্পত্তি গ্রহণ করা উচিত।

১৫। দেশীয় কমিশ্যন এই সুযোগে একটী অতিরিক্ত রিপোর্ট ও আপনাদের সংশোধিত প্রস্তাবানুযায়ী এক খণ্ড পাণ্ডুলিপি পাঠান। এই নিদ্ধারণের A চিহ্নিত পরিশিষ্টরূপে উক্ত পাণ্ডুলিপি মুদ্রিত হইল।

পাণ্ডুলিপির প্রধান বিধানগুলির ব্যাখ্যায়, কমিশ্যন বলেন—

১৮। দত্ত সম্পত্তির কার্য্যনির্ব্বাহ যে কর্ম্মকারকদিগের তত্ত্বাবধানে রাখা যাইবে এক্ষণে তৎসম্বন্ধীয় কথা উপস্থিত হইতেছে। এই প্রকারের আলয়াদির সহিত গবর্ণমেণ্টের সংস্রব রহিত করিবার নীতি সম্বন্ধে আমাদের যেরূপ মতই হউক না কেন (এবিষয়ে আমাদের মত আমরা স্পষ্টরূপেই প্রকাশ করিয়াছি, আমাদের পূর্ব্ব রিপোর্টের ১৯ পরিচ্ছেদ দেখ।), ১৮৬৩ সালের ২০ আইনের ২২ ধারার প্রতি দৃষ্টি করিয়া আমাদের আশঙ্কা হয় যে উক্ত নীতি পরিত্যাগ করিয়া দত্তসম্পত্তির তত্ত্বাবধান যে গবর্ণমেণ্ট পুনর্ব্বার হস্তে লইবেন, এরূপ আশা করা বৃথা। এরূপ হইলে ১৮৬৩ সালের ২০ আইনে যে প্রকারের কর্ম্মকারকের বিধান আছে অভিপ্রায় সিদ্ধির নিমিত্ত তাহাই সর্ব্বোৎকৃষ্ট। কিন্তু প্রত্যেক আলয়ের জন্য কেবল এক একটী স্থানীয় কমিটী এবং উক্ত কমিটী ১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারার বিধান ক্রমে ১৮১০ সালের ১৯ আইনের রেবিনিউ বোর্ড ও স্থানীয় কর্ম্মকারকদের স্থান প্রাপ্ত হইয়া তাহাদের ক্ষমতানুযায়ী কার্য্যকারী না হইয়া, প্রত্যেক দেশখণ্ডের জন্য একটী কৈন্দ্রিক কমিটী থাকা উচিত, উক্ত কমিটী এ খণ্ডের সমুদয় আলয়াদি সম্বন্ধে বোর্ডের স্থান অধিকার করিবে ও তদীয় ক্ষমতানুসারে কার্য্য করিবে, এবং এক একটী স্থানীয় কমিটীর অধীনে যে বিশেষ আলয় রাখা যায়, তৎসম্বন্ধে স্থানীয় কমিটী স্থানীয় কর্ম্মকারকদের কার্য্য করিবে। এরূপ দ্বিভাগাপন্ন প্রণালী সংস্থাপনের পরামর্শ দিবার যুক্তি এই যে, একপক্ষে কৈন্দ্রিক কমিটী না থাকিলে, স্থানীয় কমিটীদের হস্তে যে রূপ ক্ষমতা দিতে হয় তদ্রূপ ক্ষমতা পাইবার যোগ্য আবশ্যক সংখ্যক ব্যক্তি দেশখণ্ডের কি জিলার সদর ভিন্ন আর কোন স্থানে পাইবার আশা করা যায় না, এবং অপরপক্ষে, দেশখণ্ডের কি জিলার সদরে একমাত্র কমিটী বসিয়া উক্ত দেশখণ্ডের কি জিলার সমুদয় আলয়াদির তত্ত্বাবধান

single committee sitting at the divisional or district station could but ill control the management of all the institutions in the division or district, situated as they are in different parts of the country, some of them far distant from such stations We prefer a divisional to a district central committee, as well with a view to complete centralization as in order to secure uniformity of system throughout the division in all matters connected with the institutions

19 Now as regards the powers of the central committee. We do not propose that it should have larger powers of supervision and control than those contemplated by Act XX of 1863, which are the same as the Board of Revenue possessed under Regulation XIX of 1810 It is simply necessary to supply what is obviously an omission in the previous laws, viz a clear definition of such powers This we have done in detail in Appendix I The only part of these powers which may seem sufficiently important to demand an explanation here, is the authority proposed to be given to the committee to remove trustees, and generally to confirm their appointment, and, in the case of the institutions of the kind specified in Section 3, Act XX of 1863, to nominate them itself It can hardly be said that our proposition goes ahead of Regulation XIX of 1810, which, though it did not expressly confer such authority upon the Board, evidently intended to do so by implication, as will appear from the portions of the law already quoted above We are not singular in putting the construction we do upon them There are instances of trustees having been removed by the authorities, and that not only in the case of the institutions which would come under Section 3, Act XX of 1863, to show that the law was always so interpreted Indeed, it is hard to conceive how the authorities could without exercising such powers, to quote the words of the Regulation again, "take care that the endowments were appropriated to the purposes for which they were intended" or " prevent misappropriation " If, therefore, the committee is to be expected to accomplish the same end, it follows that they must have the same powers

20 We are conscious that, allowing due weight to the considerations we have above set forth, powers of removal, &c , are large powers to confer upon any person or body of persons, and the more so upon a quasi-judicial body such as the central committee is proposed to be. We have accordingly taken care to recommend the same safeguards as Regulation XIX of 1810 provided,—safeguards which we consider amply sufficient not only against intentional abuse of power, but also against errors of judgment The parties aggrieved by the committee's proceedings have the right to sue it in the civil court, and the civil court has the power not only to upset the committee's orders, but also to award costs and damages against the committee, should it see good reasons to do so If, notwithstanding such provisions as these, calculated, as they are, almost to ensure uprightness and carefulness on the part of the committee, a few evils should arise, and we do not pretend to predict the contrary, they can only be looked upon as necessary evils

21 The powers which we would give the local committees have also been set forth in the appendix above referred to These are just sufficient to enable them to perform the duties we would impose upon them, which are much the same as those which devolved upon the local agents under Regulation XIX of 1810

22 We further think it necessary that the committees, both central and local, should be recognized as representatives as well of the endowers as of the persons interested in the endowments, as such interest is defined in Section 15, Act XX of 1863, and as such should be authorized to institute proceedings in the courts Such a provision is specially called forth by the necessity which, notwithstanding the supervision and control provided for, may arise, perhaps not unfrequently, for resorting to the courts for the purpose of recovering land or other property improperly transferred, or of preventing the transfer of such property It is not that in recommending the provision we desire to provide against speculative contingencies Alienations of endowment lands by the trustees, either under some pretence or other, or without any assigned cause, and sales of such lands by the civil courts in execution of decrees for debts against the trustees, have, especially of late, been rather frequent than otherwise, a result which we think to be due, though secondarily—the primary cause being of course the exceptionable conduct of the trustees—to the absence of any representative body, such as we have proposed, which would and could dispute the right of the trustees to alienate trust property, or contest the liability of such property to sale for their debts

ভার্ন করিয়া করিতে পারে না, কারণ ঐ জালদাদি দেশের না না অংশে সদর মোকাম হইতে বহুদূরবর্ত্তী। আমারা জিলার অপেক্ষা দেশখণ্ডের কৈন্দ্রিক কমিটী ভাল জ্ঞানকরি, কারণ ইহাতে উক্ত অসরাদি সম্বন্ধীয় সকল বিষয়ে সমস্ত দেশখণ্ডে সম্পূর্ণ এককৈন্দ্রিকতা ও কার্য্যপ্রণালীর সমতা সংস্থাপিত হয়।

১৯। এক্ষণে কৈন্দ্রিক কমিটীর ক্ষমতার কথা বলা যাইতেছে। ১৮৬৩ সালের ২০ আইনে যে তত্ত্বাবধান ও কর্তৃত্বের ক্ষমতা প্রদানের অভিপ্রায়ছিল ও যাহা ১৮১০ সালের ১৯ আইন অনুযায়ী বোর্ডের ক্ষমতার অনুরূপ, আমরা তদপেক্ষা অধিক ক্ষমতা দিবার প্রস্তাব করি না। পূর্ব্ব পূর্ব্ব আইনের বেশী স্পষ্টতঃ ত্রুটী বলিয়া জ্ঞান হয়, কেবল সংশোধন করা, অর্থাৎ উক্ত ক্ষমতা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করা আবশ্যক হইতেছে। আমারা I চিহ্নিত পরিশিষ্টে ইহা বিস্তারিতরূপে করিয়াছি। উক্ত ক্ষমতার কেবল এক অংশ বিশেষ গুরুতর বলিয়া এস্থলে ব্যাখ্যা করা আবশ্যক বোধ হয়। ন্যাসধারিদিগকে পদচ্যুত করিবার, ও সাধারণত তাহাদের নিয়োগ স্থিরতর করিবার এবং ১৮৬৩ সালের ২০ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট আদযাদি হইলে স্বয়ং তাহাদিগকে নির্ব্বাচন করিবার ক্ষমতা কমিটীকে দিবার প্রস্তাব করা গিয়াছে। আমাদের প্রস্তাব যে ১৮১০ সালের ১৯ আইন ছাড়াইয়া উঠিয়াছে বলা দুস্কর কারণ ঐ আইনে যদিও বোর্ডের প্রতি স্পষ্ট উক্ত ক্ষমতা প্রদত্ত হয় নাই তথাপি আইনের যে যে অংশ আমরা উদ্ধৃত করিয়াছি তদ্দৃষ্টে প্রতীতি হইবে যে উভয়ভাবে তদ্রূপ ক্ষমতা প্রদানের স্পষ্ট অভিপ্রায় ছিল। আমরাই কেবল এরূপ অর্থ করিতেছি না। কর্তৃপক্ষেরা ন্যাসধারিদিগকে পদচ্যুত করিয়াছেন এরূপ দৃষ্টান্ত পাওয়া যায়, এবং যে স্থলে ১৮৬৩ সালের ২০ আইনের ৩ ধারা খাটিত কেবল সেই স্থলেই এরূপ দৃষ্ট হয় এমন নহে, সুতরাং জানা যাইতেছে যে আবহমান কাল আইনের এইরূপ অর্থ হইয়া আসিতেছে। বস্তুতঃ কর্তৃপক্ষেরা এপ্রকার ক্ষমতানুসারে কার্য্য না করিয়া কিরূপে আইনের কথাক্রমে "সাবধানে দেখিবেন যে, যে উদ্দেশ্য সাধনার্থে অভিপ্রেত সেই উদ্দেশ্য সাধনার্থে দত্তসম্পত্তির প্রয়োগ হয় অথবা " অযথা বিনিয়োগ নিবারণ করিবেন। সুতরাং কমিটী উক্ত উদ্দেশ্য সাধন করিবেন আশা করিতেহইলে তাঁহাদের সেই ক্ষমতা থাকা আবশ্যক।

২০। আমরা যে সকল বিষয় বিবেচনা করিবার কথা বলিয়াছি তাহার প্রকৃত গুরুত্ব অনুভব করিয়া কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের প্রতি এবং কৈন্দ্রিক কমিটী যেরূপ করিবার প্রস্তাব হইতেছে বিশেষ তদ্রূপ বিচারকভাবাপন্ন ব্যক্তিবর্গের প্রতি পদচ্যুত করণ প্রভৃতির ক্ষমতা অর্পণ করা যে বাস্তবিক অত্যধিক ক্ষমতাদান ইহা আমরা স্বীকার করি। সুতরাং ১৮১০ সালের ১৯ আইনে শঙ্কা নিবারণের যে সকল উপায়ের বিধান ছিল আমরাও সেই সকল উপায় অবলম্বন করিতে পরামর্শ দিয়াছি। আমাদের বিবেচনা এই যে এই সকল উপায়ে কেবল ইচ্ছাপূর্ব্বক ক্ষমতার কুব্যবহারের নহে বিচারের ভ্রান্তিরও সংশোধন হইবে। কমিটীর কার্য্যে কোন পক্ষ অসন্তুষ্ট হইলে তাঁহার দেওয়ানী আদালতে মোকদ্দমা করিবার স্বত্ব থাকিতেছে কমিটীর আদেশ অন্যথা করিবার ক্ষমতা যে কেবল দেওয়ানী আদালতের থাকিতেছে এমন নহে, যুক্তিসঙ্গত কারণ দেখিলে কমিটীর বিরুদ্ধে খরচা ও ক্ষতিপূরণের ডিক্রী করিবারও ক্ষমতা থাকিতেছে এই সকল বিধান দ্বারা কমিটীর সততা ও সাবধানতা রক্ষা হইবার সম্ভাবনা সত্ত্বেও, যদি কোন দোষ দেখা যায় এবং এরূপ ঘটিবে না ঈদৃশ ভবিষ্যদ্বাণী করিবার শক্তি আমাদের নাই, তাহা হইলে উক্ত দোষ গুলি অবশ্যম্ভাবী জ্ঞান করিতে হইবে।

২১। স্থানীয় কমিটী দিগকে আমরা কি ক্ষমতা দিতে চাই, তাহাও পূর্ব্বোল্লিখিত পরিশিষ্টে বিবৃত হইয়াছে। আমরা তাঁহাদের প্রতি যে কর্তব্যভার অর্পণ করিতেছি সেই কর্তব্য সম্পাদনার্থে তাঁহাদের তদ্রূপ ক্ষমতা থাকা আবশ্যক এবং ১৮১০ সালের ১৯ আইনক্রমে স্থানীয় কর্ম্মকারকদিগের যে ক্ষমতা ছিল উহা তাহারই অনুরূপ।

২২। অধিকন্তু কৈন্দ্রিক ও স্থানীয় কমিটী দাতার স্থলাভিষিক্ত ও ১৮৬৩ সালের ২০ আইনের ১৫ ধারার স্বার্থের যে লক্ষণ আছে তদনুসারে দত্তসম্পত্তিতে স্বার্থযুক্ত ব্যক্তিদিগের স্থলাভিষিক্ত বলিয়া গণ্য হয়, এবং উক্তভাবে আদালতে কার্য্যানুষ্ঠান করিবার ক্ষমতা প্রাপ্ত হয় ইহা আমরা আবশ্যক বিবেচনা করি। তত্ত্বাবধানের ও কর্তৃত্বের বিধান সত্ত্বেও যে কখন কখন অযথাভাবে হস্তান্তরীকৃত ভূমি বা অন্য সম্পত্তির পুন প্রাপ্তিজন্য অথবা উক্ত সম্পত্তির হস্তান্তরীকরণ নিবারণ জন্য আদালতে যাইবার প্রয়োজন হয়, তাহাতেই ঈদৃশ বিধান করিবার বিশেষ আবশ্যকতা দৃষ্ট হয়। এরূপ বিধানের পরামর্শ দিয়া আমরা কল্পিত ঘটনা সম্বন্ধে বিধান করিতেছি না। কেবল রূপ ছলক্রমে কিম্বা কোন কারণ নির্দ্দেশ না করিয়া, ন্যাসধারিদের দ্বারা দত্ত সম্পত্তির হস্তান্তরীকরণ এবং ন্যাসধারিদের বিরুদ্ধে ঋণের ডিক্রী জারীক্রমে দেওয়ানী আদালত কর্তৃক উক্তরূপ ভূমির বিক্রয় বরং সংপ্রতি বাড়িয়াছে। ইহার মুখ্য কারণ ন্যাসধারিদিগের অসদাচরণ হইলেও ন্যাসধারিদের ন্যস্ত সম্পত্তি হস্তান্তরীকরণের বন্ধের অথবা তাহাদের ঋণ জন্য উক্ত সম্পত্তির বিক্রয় যোগ্যতার প্রতিবাদ করে, এরূপ আমাদের প্রস্তাবা স্বার্থী প্রতিবন্দি ব্যক্তিবর্গের অভাব আমাদের বিবেচনায় গৌণ কারণ বলিয়া প্রতীত হয়।

23 The mode in which the committees are to conduct their proceedings and execute the orders has likewise been described in the appendix The rules of procedure have been drawn upon the model of those which generally regulate the proceedings of arbitrators, and the orders of the committee have been proposed to be carried into effect, when necessary, by the civil court in the same manner as its own decrees are executed

24 The rules we have proposed relating to the mode of appointment and constitution of the committees, the removal of the members filling up vacancies, &c, have been taken almost verbatim from those contained in the points in Act XX of 1863, the slight alterations made being rendered necessary by the double agency recommended The general terms used in Section 8 of that law, respecting the religious persuasions of the persons to be selected as members, need not be adopted in the case of the central committees, which might unobjectionably be composed of persons of only the Hindu and Mahomedan persuasions, inasmuch as all the endowments belong to one or the other of these two religions, Jain or any other similar persuasion being a sect of the Hindu religion rather than a different persuasion The number and extent of the Hindu endowments being by far the greater, the majority of the members should, in our opinion, be of the Hindu persuasion As to ascertaining the general wishes of the persons interested, as provided for in the same section, the measure is almost impracticable in the case of the central committee, and even if it were otherwise, we do not quite see the utility of making such a provision, considering that there do not exist such an intelligent public as the law would pre-suppose The provision in Section 8 has remained almost a dead letter

25 In order to enable the central and local committees to meet the expenses incidental to the performance of their functions, we have proposed that they should be authorized to raise funds by proportionate assessments on the incomes of the several institutions under their superintendence, and that, in the event of the trustees or managers failing to pay their respective quotas, the committees should have power to assume the direct management of the endowment property for the purpose of realizing the same

26 As regards the power the civil court is to have, we do not purpose to take away any of those which it possessed either under Regulation XIX of 1810 or Act XX of 1863, or in the least to limit them, as will appear from the general provision we have inserted on the point in the appendix We have thought it proper further to recommend that Sections 14 to 20, Act XX of 1863, be retained with slight alterations

27 Now, as to the extent of the operation of the amended law The proposed Act should, in our opinion, be the general endowment law applicable to all endowments of the kind under consideration, though no institution should be considered as coming within its operation until an order of Government shall have specially extended it to the same

16 The Board of Revenue approved generally of the proposals of the commission They were not, however, submitted at this time (January 1871) to the Government of India, partly because the information given with respect to some considerable endowments was very incomplete, and partly because intimation was received from that Government that they had decided to invite the opinions of other Governments and Administrations before taking action to amend Act XX of 1863 The question became also to some extent complicated by another suggestion made by the Commissioner of Orissa in connection with the Pooree Lodging-house Bill, that the Government might meet the practical necessities of Orissa by levying a fixed percentage upon all pilgrim endowments, to be spent by Government for the benefit of the pilgrims The Commissioner was even sanguine that he could induce the muthdars to make voluntary annual contributions for this purpose, and he was allowed to try The attempt seems to have been a failure, and the papers connected with the whole subject of endowments were then apparently allowed to lie by

17 Attention was again drawn to them on the receipt of a circular from the Government of India, dated the 16th November 1874, enquiring what the practice was in Bengal as to the alienation of endowments to meet the debts of their temporary trustee or manager The replies to this circular from local officers went to show that, while the rule of law is clear enough as to the illegality of alienation of trust property either in sales under decrees against the trustee personally or by voluntary transfers, they are in practice by no

২৩। কমিটী কি প্রকার কার্য্যপ্রণালী অবলম্বন করিবেন ও কিরূপে আপনাদের আদেশ জারী করিবেন তাহাও উক্ত পরিশিষ্টে বর্ণিত হইয়াছে। সালীসদিগের কার্য্যপ্রণালী যে নিয়মে চলে তাহাই আদর্শ করিয়া কার্য্যপ্রণালীর নিয়মাবলী প্রস্তুত করা গিয়াছে, এবং দেওয়ানী আদালত যেরূপে আপন ডিক্রী জারী করেন, আবশ্যক হইলে কমিটীর আদেশও তদ্রূপে ফলবৎ করিবেন, এই প্রকার প্রস্তাব করা হইয়াছে।

২৪। কমিটীর নিয়োগ প্রণালী ও সংগঠন, মেম্বরদিগের পদচ্যুতকরণ, শূন্য পদের নিয়োগ, প্রভৃতি সম্বন্ধে যে সকল বিধির প্রস্তাব করিয়াছি সেই সকল প্রায় কথায় ২ ১৮৬৩ সালের ২০ আইন হইতে গৃহীত, দ্বিপ্রকারের কার্য্যকারক নিয়োগের পরামর্শ দেওয়াতে কেবল অল্প অল্প পরিবর্ত্তন করা আবশ্যক হইয়াছে। যে সকল ব্যক্তি মেম্বরস্বরূপ নির্ব্বাচিত হইবেন তাঁহাদের ধর্ম্মসম্বন্ধে উক্ত আইনের ৮ ধারায় যে সাধারণ শব্দ ব্যবহৃত হইয়াছে কৈন্দ্রিক কমিটীর সম্বন্ধে তাহা অবলম্বন করিবার প্রয়োজন নাই। উক্ত কমিটী বিনা আপত্তিতে হিন্দু ও মুসলমান ধর্ম্মাবলম্বি ব্যক্তিদের দ্বারা সংগঠিত হইতে পারে, জৈন বা তদ্রূপ অন্য ধর্ম্ম হিন্দু ধর্ম্মের শাখামাত্র, বিভিন্ন ধর্ম্ম নহে। হিন্দু প্রদত্ত সম্পত্তির সংখ্যা ও বিস্তার সর্ব্বাপেক্ষা অধিক এজন্য আমাদের মতে অধিকাংশ মেম্বরই হিন্দু ধর্ম্মাবলম্বী হওয়া উচিত। উক্ত ধারার বিধানে যে স্বার্থযুক্ত ব্যক্তি দিগের সাধারণ অভিপ্রায় নির্ণয় করিবার কথা আছে কৈন্দ্রিক কমিটী সম্বন্ধে তদ্রূপ করা অসম্ভব, এবং তাহা না হইলেও আইনে যাদৃশ বুদ্ধিমান সর্ব্বসাধারণের অস্তিত্ব অনুমিত হইয়াছে তদভাবে আমরা এপ্রকার বিধান করিবার কিছু উপকার দেখিতে পাই না। ৮ ধারার বিধান একাল পর্য্যন্ত প্রায় অচল রহিয়াছে।

২৫। কৈন্দ্রিক ও স্থানীয় কমিটী দিগকে কর্ত্তব্যপালনার্থ ব্যয় বহন করিতে সমর্থ করিবার নিমিত্ত আমরা প্রস্তাব করিয়াছি যে, তাঁহাদের তত্ত্বাবধানে যে সকল আলয়াদি থাকে তৎসমুদয়ের আয় হইতে হারহারিমতে টাকা তুলিয়া লইবার ক্ষমতা তাঁহাদের থাকিবে এবং ম্যানেজারী বা কার্য্য নির্ব্বাহক অংশমত টাকা দিতে ত্রুটি করিলে উক্ত টাকা আদায় করিবার নিমিত্ত কমিটী সাক্ষাৎ সম্বন্ধে উক্ত দত্ত সম্পত্তির কার্য্য নির্ব্বাহ ভার গ্রহণ করিতে পারিবেন।

২৬। আমরা উক্ত পরিশিষ্টে এতৎসম্বন্ধে যে সাধারণ বিধান করিয়াছি তদ্দৃষ্টে প্রতীত হইবে যে ১৮১০ সালের ১৯ আইন ক্রমে অথবা ১৮৬৩ সালের ২০ আইন ক্রমে দেওয়ানী আদালতের যে ক্ষমতা ছিল তাহা কমাইতে বা কোন রূপে সীমাবদ্ধ করিতে আমাদের মানস নাই। অধিকন্তু ১৮৬৩ সালের ২০ আইনের ১৪ হইতে ২০ ধারা পর্য্যন্ত ধারা গুলি অল্প পরিবর্ত্তন করিয়া রাখিবার পরামর্শ দেওয়া আমরা বিহিত জ্ঞান করিয়াছি।

২৭। সংশোধিত আইনের ব্যাপ্তি সম্বন্ধে এক্ষণে কিছু বলা যাইতেছে। যে প্রকার দত্তসম্পত্তির বিষয়ে বিবেচনা হইতেছে আমাদের মতে প্রস্তাবিত আইন তৎসমুদয়ের প্রতি বর্ত্তিবার দত্ত সম্পত্তি বিষয়ক সাধারণ আইন হওয়া উচিত, কিন্তু গবর্ণমেণ্ট আদেশ দিয়া বিশেষ রূপে কোন আলয়াদির প্রতি না বর্ত্তাইলে তাহা এই আইনের কার্য্যাধীন বলিয়া গণ্য হইবে না।

১৬। রেবিনিউ বোর্ড সাধারণতঃ কমিশ্যনের প্রস্তাবের অনুমোদন করিলেন। কিন্তু উক্ত প্রস্তাব গুলি তৎকালে (১৮৭১ সালের জানুয়ারি মাসে) ইণ্ডিয়া গবর্ণমেণ্টে পাঠান হইল না। ইহার এক আংশিক কারণ এই যে, কতকগুলি বৃহৎ দত্তসম্পত্তির বিবরণ অতি অসম্পূর্ণ ছিল, এবং অপর আংশিক কারণ এই যে উক্ত গবর্ণমেণ্ট হইতে সংবাদ পাওয়া গেল যে ১৮৬৩ সালের ২০ আইন সংশোধন করিতে প্রবৃত্ত হইবার পূর্ব্বে অন্য গবর্ণমেণ্ট ও শাসন কর্ত্তাদিগের মত গ্রহণ করা অবধারিত হইয়াছে। পুরীর যাত্রীনিবাস বিষয়ক আইনের পাণ্ডুলিপি সম্বন্ধে এই সময়ে উড়িষ্যার কমিশ্যনর সাহেব পরামর্শ দেন যে যাত্রিদিগের উপকারার্থ ব্যয় করিবার জন্য যাত্রিদিগের নিমিত্ত প্রদত্ত সম্পত্তি হইতে গবর্ণমেণ্ট শতকরা নির্দ্ধারিত কয়েক টাকা করিয়া লইলে, উড়িষ্যার ব্যবহারিক প্রয়োজন সংসাধিত হইতে পারে, ইহাতেও কিয়ৎ পরিমাণে উপস্থিত প্রশ্নের জটিলতা বৃদ্ধি হয়। কমিশ্যনর সাহেবের এরূপও আশা ছিল যে তিনি বুঝাইয়া দিলে মঠধারিরা এতদুদ্দেশে ইচ্ছাপূর্ব্বক বার্ষিক চাঁদা দিবেন, এবং তিনি এরূপ চেষ্টা করিতে অনুমতি পান। বোধ হয় চেষ্টা ফলবতী হয় নাই, এবং প্রতীতি হয় যে তদবধি দত্ত সম্পত্তি সম্বন্ধীয় কাগজপত্র পড়িয়া থাকে।

১৭। কিয়ৎ কালীন ম্যানেজারী কি কার্য্য নির্ব্বাহকের ঋণ পরিশোধার্থে দত্তসম্পত্তির হস্তান্তরীকরণ সম্বন্ধে বঙ্গদেশে কি রীতি প্রচলিত, ইহার অনুসন্ধানসূচক ১৮৭৪ সালের ১৬ নবেম্বর তারিখের ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সরকুলর পাইয়া উক্ত কাগজপত্রের প্রতি আবার মনোযোগ পড়ে। স্থানীয় কার্য্যকারকদের নিকট হইতে এই সরকুলরের যে উত্তর পাওয়া যায়, তাহাতে প্রকাশ হয় যে নিজ ম্যানেজারের বিরুদ্ধে ডিক্রীক্রমে নিক্রয় দ্বারা অথবা ইচ্ছাপূর্ব্বক হস্তান্তর দ্বারা ন্যাস্ত সম্পত্তির হস্তান্তরীকরণের অবৈধতা সম্বন্ধে আইনের বিধি স্পষ্ট হইলেও, উত্তমর্ণ ও অধমর্ণের মধ্যে যোগ থাকাতে, কার্য্যতঃ এরূপ বিক্রয় বা হস্তান্তর কোনক্রমে অসাধারণ নহে, এবং উড়িষ্যায় নিয়মিত রূপে গ্রাহ্য হইয়া আসিয়াছে। এবিষয়ে বোর্ডের রিপোর্ট ভারতবর্ষীয় গবর্ণমেণ্টে পাঠাইতে গিয়া, শ্রীযুত স্যর রিচার্ড টেম্পল সাহেব ঐ সুযোগে ১৮৬৩ সালের ২০ আইনের সংশোধনের আবশ্যকতা উক্ত গবর্ণমেণ্টকে আবার বলবৎরূপে প্রদর্শন করেন, এবং এতৎসম্বন্ধীয় সমুদয় আধুনিক চিঠিপত্র প্রেরণ করিয়া ১৮৭০ সালে দেশীয় কাম

means uncommon, owing to collusion between creditors and debtors, and in Orissa have come to be regularly recognized In submitting to the Government of India the Board's report upon this matter, Sir Richard Temple took the opportunity of pressing again upon that Government the necessity of amending Act XX of 1863, and, forwarding the whole of the more recent correspondence, drew attention to the draft Act submitted by the native commission in 1870, which seemed, he thought, calculated to meet the object in view

18 In reply to this the Government of India, on the 23rd March 1876, forwarded a copy of a correspondence with the Government of Madras regarding the amendment of Act XX of 1863 The conclusions come to by the Government of India are embodied in the following paragraphs of their letter, No 306, dated the 29th February 1876, to the Government of Madras —

2 The Government of India agree with the Government of Madras that Act XX of 1863 has failed to prevent malversation of the endowments dealt with under its provisions, and that fresh legislation in the matter is necessary

3 It must be understood, however, that the policy of which the Act of 1863 is the expression should, as far as possible, be maintained, and in this view it appears to the Government of India that there is more probability of a successful solution of the question in the scheme propounded by Sir William Robinson in his minute of the 10th October 1874 than in any other scheme that has yet been devised His proposals involve no direct interference in the administration of the endowments by the European officers of the Government, but provide that the duty should be entrusted to a strong Native Board exclusively devoted to the work, and armed with full powers to enquire into and obtain redress for abuses of their authority by the local managers of the trusts

4 It is doubtful whether it will be possible to appoint in the districts efficient local committees, unless the European element be included in them, but, as suggested by Sir W Robinson, there would seem to be no difficulty in providing for the effective discharge of most of the duties which would be assigned to district committees by the appointment of inspectors acting under the orders of the Central Board For the work to be done thoroughly, the members of the Board and their staff must be well paid, and there seems to be no reason why their salaries should not be defrayed from the funds of the endowments It will probably be better that the members should be appointed and removed by the Government, as any system of election for the first or future members of the Board would not be likely to answer well

5 The appointment and removal of trustees might be vested in the Central Board, subject to rules to be approved by His Excellency the Governor in Council It does not seem necessary to fix the number of trustees for each endowment, this must vary according to the nature and previous history of the trust

6 There would seem to be no objection to provide for the application of the surplus funds of the endowments to useful public purposes, such as the establishment of a school for general education, or of a scholarship, or the construction of some beneficial local work

7 I am to take this opportunity of acknowledging your letter No 59,* dated 12th January 1875, relative to the sale of certain villages under judicial decrees for debts due by the manager of the property, notwithstanding that the estate had been held on a rent-free tenure for charitable purposes In the opinion of the Government of India, provision should be made for the protection from alienation, under decrees of courts, of inams granted for religious or charitable purposes

* To the Department of Revenue, Agriculture, and Commerce

8 I am to request that, with the permission of His Excellency the Governor in Council, a Bill, based upon the above suggestions, supplemented and modified according as local experience may suggest, may be submitted to the Government of India for sanction under Section 43 of the Indian Councils Act and for transmission to the Secretary of State Steps will then be taken here at the proper time to repeal Act XX of 1863, as far as the Madras Presidency is concerned, so as to remove the objection under Section 42 of the Indian Councils Act as to the competency of His Excellency the Governor's Council to deal with this subject I am also to request that the fullest information available may be supplied as to the actual

শাসের প্রেরিত পাণ্ডুলিপির প্রতি এই বলিয়া মনোযোগ আকর্ষণ করেন যে উহা তাঁহার বিবেচনায় উদ্দেশ্য সিদ্ধির উপযোগী বোধ হয়।

১৮। ইহার উত্তরে ভারতবর্ষীয় গবর্ণমেন্ট ১৮৬৩ সালের ২০ আইনের সংশোধন সম্বন্ধে মান্দ্রাজ গবর্ণমেন্টের সহিত যে পত্রাদি চলিয়াছিল তাহার এক খণ্ড প্রতিলিপি ১৮৭৬ সালের ২৩ মার্চ তারিখে প্রেরণ করেন। ভারতবর্ষীয় গবর্ণমেন্ট যে যে সিদ্ধান্তে উপনীত হন মান্দ্রাজ গবর্ণমেন্টের নামে ১৮৭৬ সালের ২৯ ফেব্রুয়ারি তারিখের ৩০৬ নং পত্রের পশ্চাল্লিখিত পরিচ্ছেদে সে সমুদয় প্রদত্ত হয়।

২। ভারতবর্ষীয় গবর্ণমেন্ট মান্দ্রাজ গবর্ণমেন্টের সহিত স্বীকার করেন যে, ১৮৬৩ সালের ২০ আইনক্রমে যে সকল দত্তসম্পত্তি লইয়া কার্য্য করা হইয়াছে উক্ত আইনে সে সকল সম্পত্তির অযথা বিনিয়োগ নিবারণ হয় নাই, এবং এবিষয়ে নূতন ব্যবস্থা করা আবশ্যক।

৩। কিন্তু বুঝিতে হইবে যে, ১৮৬৩ সালের ২০ আইন যে নীতির বিধান, যতদূর সম্ভব, তাহা রক্ষা করিতে হইবে এবং এনিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমেন্টের প্রতীতি এই যে শ্রীযুত সার উইলিয়ম রবিন্সন সাহেব ১৮৭৭ সালের ১০ অক্টোবর তারিখের মিনিটে যে প্রণালীর প্রস্তাব করেন এপর্য্যন্ত কল্পিত অন্য সমুদয় প্রণালী অপেক্ষা তাহাই প্রশ্নমীমাংসা সম্বন্ধে কার্য্যকর হইবার সম্ভাবনা। তাঁহার প্রস্তাবানুসারে গবর্ণমেন্টের ইউরোপীয় কর্ম্মচারিদের সাক্ষাৎসম্বন্ধে দত্ত সম্পত্তির কার্য্যনির্ব্বাহে হস্তক্ষেপ করিতে হয় না, কিন্তু বিধান আছে যে কেবল উক্ত কার্য্যে নিযুক্ত ও ন্যাসের স্থানীয় কার্য্য নির্ব্বাহকেরা ক্ষমতার কুব্যবহার করিলে তাহার অনুসন্ধান লইয়া প্রতিবিধান করিবার সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত প্রবল দেশীয় বোর্ডের প্রতি কর্ত্তব্য ভার অর্পিত হয়।

৪। ইউরোপীয় ভাগ না লইলে জিলায় জিলায় কার্য্যকর স্থানীয় কমিটী নিয়োগ করা সম্ভব কি না সন্দেহ, কিন্তু শ্রীযুত সার উইলিয়ম রবিন্সন সাহেব যেরূপ পরামর্শ দেন, জিলার কমিটীদের প্রতি যে সকল কর্ত্তব্য ভার অর্পিত হইবার কথা কৈন্দ্রিক বোর্ডের আজ্ঞাধীন পরিদর্শক নিয়োগ করিয়া উক্ত কর্ত্তব্য সম্পাদনের বিধান করা কঠিন বোধ হয় না। কার্য্য সুচারুরূপে সম্পন্ন করিতে হইলে বোর্ডের মেম্বরদিগকে ও তাহাদের কর্ম্মচারিদিগকে ভাল বেতন দেওয়া আবশ্যক এবং দত্ত সম্পত্তির ধন হইতে তাহাদের বেতন কেন প্রদত্ত হইবে না ইহার কোন যুক্তি দেখা যায় না। গবর্ণমেন্ট মেম্বরদিগকে নিযুক্ত ও পদচ্যুত করিবেন বোধ হয় এইরূপ করাই ভাল, কারণ, বোর্ডের প্রথম বা ভবিষ্যৎ মেম্বর নির্ব্বাচনের কোন রূপ প্রণালী যে কার্য্যকর হইবে ইহা সম্ভব নহে।

৫। মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর সাহেবের অনুমোদিত বিধির নিয়মাধীনে, ন্যাসধারিদিগের নিয়োগ ও পদচ্যুতি কৈন্দ্রিক বোর্ডের হস্তে থাকিতে পারিবে। এক একটী দত্ত সম্পত্তির কতজন ন্যাসধারী থাকিবে নির্দ্ধারিত করিবার, বোধ হয় প্রয়োজন নাই। ন্যাসের প্রকৃতি ও পূর্ব্ব বৃত্তান্ত অনুসারে এতৎসম্বন্ধে প্রভেদ হইবে।

৬। সাধারণ শিক্ষাবিষয়ক বিদ্যালয় বা ছাত্রবৃত্তি স্থাপন, উপকার জনক স্থানীয় নির্ম্মাণ কার্য্য প্রভৃতি সাধারণ হিতকর উদ্দেশ্য সাধনার্থ দত্ত সম্পত্তির উদ্বৃত্ত ধনের প্রয়োগ বিধান করিবার কোন আপত্তি দেখা যায় না।

৭। পরোপকারার্থ নিষ্কর ভূমিরূপে মহান্তের ভোগ সত্ত্বেও, সম্পত্তির কার্য্য নির্ব্বাহকের ঋণজন্য আদালতের ডিক্রীক্রমে একটি গ্রাম বিক্রয়সম্বন্ধে আপনার ১৮৭৫ সালের ১২ জানুয়ারি তারিখের ৫১ নং * পত্রের এই সুযোগে প্রাপ্তি স্বীকার করিতেছি। ভারতবর্ষীয় গবর্ণমেন্টের মত এই যে ধর্ম্মার্থে বা পরোপকারার্থে প্রদত্ত ইনাম আদালতের ডিক্রীক্রমে হস্তান্তরিত হইতে না পারিবার বিধান করা উচিত।

৮। আমি অনুরোধ করিতেছি যে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুতগবর্ণর সাহেবের অনুমতি লইয়া উপরোক্ত পরামর্শ স্থানীয় অভিজ্ঞতানুসারে পরিবর্দ্ধিত ও পরিবর্ত্তিত করিয়া তন্মূলক একটি পাণ্ডুলিপি ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক আইনের ৪৩ ধারাক্রমে অনুমোদন জন্য ও ষ্টেট সেক্রেটরি সাহেবের সমীপে প্রেরণ জন্য ভারতবর্ষীয় গবর্ণমেন্টের নিকট পাঠান হয়। তাহা হইলে এখানে যথা সময়ে মান্দ্রাজসম্বন্ধে ১৮৬৩ সালের ২০ আইন রহিত করিবার উপায় অবলম্বিত হইবে, এবং এইরূপে ভারতবর্ষীয় সভাবিষয়ক আইনের ৪২ ধারাক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুক্ত গবর্ণর সাহেবের এবিষয় কার্য্যশক্তি সম্বন্ধে আপত্তির খণ্ডন হইবে। আমি আরও অনুরোধ করিতেছি যে দত্তসম্পত্তির ধনের অযথাবিনিয়োগ সম্বন্ধে প্রকৃত বৃত্তান্তের যতদূর পূর্ণ বিবরণ পাওয়া যায় তাহা প্রদত্ত হয়। মান্দ্রাজ রেবিনিউ বোর্ডের ১৮৭৪ সালের ১৮ জুলাই তারিখের কার্য্য বিবরণে যে সকল শব্দের প্রয়োগ আছে তাহাতে এইরূপ আভাস পাওয়া যায়, যে বোর্ডের

---

*রাজস্ব কৃষি ও বাণিজ্য বিভাগের প্রতি।

facts of the misappropriation of the funds of the endowments. It is gathered from some expressions used in the proceedings of the Madras Board of Revenue, dated the 18th July 1874, that the Board and the Government had before them specific instances of misappropriation which were regarded as affording strong confirmation of the opinion on which the recommendation in favour of fresh legislation was founded, but the papers showing this have not been sent up

19 The minute by Sir W. Robinson, to which allusion is made in the foregoing extract, proposed to follow, in dealing with these endowments, the model of the English Charitable Trusts Acts of 1853, 1855, and 1860. His views are set out in the following paragraphs of his minute —

Following, *mutatis mutandis*, the model proposed (Charitable Trusts Acts of 1853, 1855, and 1860), the first step to be taken is that Government appoint and continue to appoint as vacancies occur three or more well salaried Commissioners of Religious Endowments, who with a Secretary, likewise appointed by Government, should constitute a Board to enquire into the condition and management of all religious endowments throughout the Presidency I do not think that the retention of this degree of patronage would contravene the principle of perfect neutrality, which should characterise all Government action The patronage should be exercised with the advice of the Board when once formed, and is simply, as it appears to me, a necessary guarantee for character and qualification And in a country where religious factions affect men's minds, as it does here, I think that the Government must thus far act the part of a daysman between them

N B —In England two of the Commissioners (and the Secretary I believe) must be lawyers of standing and I am disposed to suggest similar qualifications here I should at all events endeavour at the outset to place an English Barrister of standing on the Board for obvious reasons

N B —I should be inclined to extend their powers of inquiry, &c, to all charities for whatever object existing

N B —The correspondence shows how difficult is the question between the two sects of Vishnuvites and the various creeds amongst the Shivavites and other shades of belief which prevail in various parts of the country

The Board should receive all requisite legal powers to enable them to execute their function most effectively—including that of placing independent persons in a position to ascertain accurately the income and miscellaneous receipts (*e g* from pilgrim offerings and the like) of any institution into the affairs of which their inquiries may extend—under penalties for delays and obstruction whencesoever arising, which shall be sufficiently deterrent and prompt The action of the Board should be of a summary but *quasi*-judicial character, and all their proceedings and the reports of the local committees and Inspectors should be published for general information

N B —The restriction in respect to examination of persons who claim or hold property adversely to the charity under inquiry, contained in section 16 of Charity Trust Act of 1853, has proved most inconvenient, and should be avoided in the proposed law

N B —In England these are, I believe, annually laid before Parliament Here it might be sufficient to publish them periodically with appendices

The registration of all religious endowments in the office of the Board—with full particulars of every kind—within a specified period by their respective trustees or managers should be made compulsory And all trustees and persons acting in the management of any institution within the purview of the law should be obliged—under severe penalties—to submit, if required by the Board, a provisional budget estimate of receipts and expenditure for the following year for such orders as may be advisable, and at the close of the year to send in a statement of all receipts and disbursements for official audit by the Board.

The Board should be required to institute progressive inquiry into the management of all institutions within the scope of their functions, and, where not satisfied with the existing administration of the funds, &c, of any of them, to draw up—after disposing of objections and suggestions of parties interested in the charity—a scheme for the management of the institution and its funds, for the acceptance of those concerned (if willing to accept such proposals), or for submission to the courts of law for ratification or modification as the case may be—and the Board should be empowered to modify or obtain the modification of such schemes from time to time as may be found expedient Wherever the scheme of the Board is unopposed their orders should be final, and perhaps considerable powers of provisional approval and execution of their order might be conceded to them even when there is a show of opposition (as in England) under the more recent extension of the Charity Commissioners Law (1860)

ও গবর্ণমেণ্টের সম্মুখে অবথাবিনিবোগের নির্দ্দিষ্ট দৃষ্টান্ত ছিল এবং তদ্দ্বারা নূতন ব্যবস্থানুকূল পরামর্শ যে মত মূলক তাহা বিলক্ষণ সমর্থন হইয়াছিল বলিয়া বিবেচনা হয়, কিন্তু যে সকল কাগজ পত্রে ইহা দেখা যায় সে সকল প্রেরিত হয় নাই

১৯। পূর্ব্বোদ্ধৃত লিপিতে শ্রীযুত সার উইলিয়ম রবিন্সান সাহেবের যে মিনিটের উল্লেখ আছে তাহাতে ইংলণ্ডের পরোপকারার্থ ন্যাসবিষয়ক ১৮৫৩,১৮৫৫ ও ১৮৬০ সালের আইন আদর্শ করিয়া দত্ত সম্পত্তি সম্বন্ধে বিধান করিবার প্রস্তাব ছিল। তাঁহার মিনিটের পাশ্চাল্লিখিত পরিচ্ছেদে তাঁহার মত বিবৃত আছে।

প্রস্তাবিত (আদর্শ দাতব্য ন্যাস বিষয়ক ১৮৫৩, ১৮৫৫ ও ১৮৬০ সালের আইন) ক্রমে অবিকল চলিয়া প্রথমতঃ এই উপায় অবলম্বন করা উচিত যে গবর্ণমেণ্ট উচ্চ বেতনে ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তি সম্বন্ধীয় তিন জন বা তদধিক কমিশ্যনর নিযুক্ত করুন এবং যেমন পদ শূন্য হয় তেমনি নিযুক্ত করিতে থাকুন। ইঁহারা গবর্ণমেণ্টের নিযুক্ত সম্পাদকসহ প্রেসিডেন্সির সমুদয় ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তির অবস্থা ও কার্য-নির্ব্বাহের অনুসন্ধান লইবার বোর্ড হইবেন। গবর্ণমেণ্টের কার্য্যে যে রূপ সম্পূর্ণ নিরপেক্ষতা থাকা উচিত, এরূপ নিয়োগ ক্ষমতা হস্তে রাখিলে যে সে নিয়মের ব্যতিক্রম হইবে আমি এমন বিবেচনা করি না। বোর্ড একবার সংগঠিত হইলে তাঁহাদের পরামর্শানুসারেই উক্তনিয়োগক্ষমতানুযায়ী কার্য্যহইবে, এবং আমার বোধ হয় যে এরূপ ক্ষমতা সচ্চরিত্র ও সদগুণের প্রয়োজনীয় প্রতিভূস্বরূপ হইবে। এবং এদেশে ধর্ম্মসংক্রান্ত দলাদলিতে লোকের মনে যেরূপ বিকার ঘটে, তাহাতে আমার বিবেচনা হয় যে গবর্ণমেণ্টের তাহাদের মধ্যে মধ্যস্থ পদে থাকা আবশ্যক।

টীকা। ইংলণ্ডে দুই জন কমিশ্যনর ও আমার বিশ্বাস এই যে সম্পাদকও সম্ভ্রান্ত ব্যবহারাজীবী হওয়া আবশ্যক এবং এখানেও তাদৃশ গুণসম্পন্ন ব্যক্তিদের নিয়োগ আমার পরামর্শ, অন্ততঃ প্রথমে একজন সম্ভ্রান্ত ইংরেজ ব্যরিষ্টার বোর্ডেরাখিতে চেষ্টাকরিবার স্পষ্ট যুক্তি দেখিতে পাই।

টীকা। যে কোন উদ্দেশ্য জন্য হউক না যত দাতব্য সম্পত্তি আছে, তৎসমুদয়ের প্রতি তাঁহাদের অনুসন্ধান প্রভৃতি লইবার ক্ষমতা বর্ত্তান আমার বাসনা।

টীকা।—দেশের ভিন্ন২ ভাগে যে দুই বৈষ্ণব সম্প্রদায় বিবিধ শৈবমত ও অন্য ধর্ম্মভেদ প্রবল আছে, তাহাদের মধ্যে বিবাদ কিরূপ ঘোরতর এতৎসম্বন্ধীয় চিঠিপত্রে দেখা যায়।

ভাল করিয়া যাহাতে তাঁহারা স্বকর্ত্তব্য সম্পাদন করিতে পারেন এজন্য বোর্ডের আবশ্যক ক্ষমতা পাওয়া উচিত যে আলয়াদির বিষয় তাঁহাদের অনুসন্ধান স্থল হয়, সে আলয়াদির আয় ও (ব্যক্তিদের দানাদি হইতে) বিবিধ প্রাপ্তি কত ইহা ঠিক২ নিরূপণ করিবার নিমিত্ত তাঁহারা ঐ ক্ষমতানুসারে কোন স্থানে কোন ব্যক্তিকে রাখিতে পারিবেন, এবং যে স্থলে বিলম্ব বা বাধা ঘটে, তাঁহারা যথাযোগ্য নিবারক ও স্বতন্ত্র দণ্ড দিতে পারিবেন। সরাসরি বিচার প্রণালীমতে বোর্ডের কার্য্য হওয়া উচিত, এবং তাঁহাদের কার্য্যপ্রদর্শক সমুদয় কাগজপত্র ও স্থানীয় কমিটি ও পরিদর্শকদিগের রিপোর্ট গুলি সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা উচিত।

টীকা।—যে দাতব্য সম্পত্তির অনুসন্ধান লওয়া যাইতেছে তদ্বিরুদ্ধে যে সকল ব্যক্তি সম্পত্তির দাওয়া কি ভোগ করে, ১৮৫৩ সালের দাতব্য ন্যাসধারী বিষয়ক আইনের ১৬ ধারাক্রমে তাহাদের পরীক্ষা সম্বন্ধে বাধা অত্যন্ত অসুবিধাজনক হইয়াছে, এবং প্রস্তাবিত আইনে এটি বাদ দিতে হইবে।

টীকা।—আমার বিশ্বাস এই যে ইংলণ্ডে এসকল বৎসর২ পার্লেমেণ্টে দিতে হয়। এখানে নিয়মিত কালান্তর পারিশিষ্টসহ প্রকাশ করিলেই যথেষ্ট হইবে।

বোর্ডের কার্য্যালয়ে নির্দ্দিষ্ট সময় মধ্যে সর্ব্বপ্রকারের পূর্ণবিবরণ সহিত সমুদয় ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তির রেজিষ্টরী ন্যাসধারী কি কার্য্যনির্ব্বাহক অবশ্য২ করিবেন এবং আইনের উদ্দেশ্যানুযায়ী আলয়াদির কার্য্যনির্ব্বাহে যে সকল ন্যাসধারী বা ব্যক্তি প্রবৃত্ত আছেন, বোর্ড চাহিলে, তাঁহারা আগামি বৎসরের আয়ব্যয়ের একটী আনুমানিক হিসাব বোর্ডের পরামর্শসিদ্ধ আদেশ জন্য পাঠাইবেন, এবং বৎসরের শেষে অডিটের নিমিত্ত বোর্ডের নিকটে এক খণ্ড আয় ব্যয়ের বিবরণ পত্র প্রেরণ করিবেন। এরূপ না করিলে গুরুতর দণ্ড যোগ্য হইবেন।

যে সমুদয় আলয়াদি বোর্ডের কার্য্যাধ্যক্ষতার অন্তবর্ত্তী হইবে বোর্ড তৎসমুদয়ের কার্য্য নির্ব্বাহ সম্বন্ধে ক্রমে২ অনুসন্ধান লইতে আদিষ্ট হইবেন, এবং কোন আলয়াদির ধন সম্পর্কীয় বর্ত্তমান কার্য্যপ্রণালী দেখিয়া সন্তুষ্ট না হইলে, যে সকল ব্যক্তির উক্ত দাতব্য সম্পত্তিতে স্বার্থ আছে তাহাদের,আপত্তি ও পরামর্শ শুনন করিয়া ঐ আলয়াদি ও তাহার ধন সম্বন্ধে কার্য্য নির্ব্বাহের একটী প্রণালী উক্ত সম্পর্কযুক্ত ব্যক্তিদের গ্রহণার্থে (তাঁহারা এরূপ প্রস্তাব গ্রহণে সম্মত হইলে) অথবা অনুমোদন বা স্থল বিশেষে পরিবর্ত্তন নিমিত্ত আদালতে প্রেরণার্থে স্থির করিবেন, এবং সময়ে২ যেরূপ আবশ্যক বোধ হয় তদ্রূপে উক্ত প্রণালী পরিবর্ত্তন করিবার বা পরিবর্ত্তিত করিয়া লইবার ক্ষমতা বোর্ডকে দিতে হইবে। বোর্ডের কার্য্যপ্রণালী সম্বন্ধে আপত্তি না হইলে তাঁহাদের আদেশ চূড়ান্ত হইবে, এবং ১৮৬০ সালে দাতব্য কমিশ্যনরদের সম্বন্ধীয় আইনের ব্যাপ্তিস্থল বৃদ্ধি করিয়া ইংলণ্ডে যেরূপ বিধান করা হইয়াছে কিঞ্চিৎ আপত্তির ভাব দৃষ্ট হইলেও কিয়ৎকালের জন্য অনুমোদন কি আদেশ জারী করিবার বিশেষ ক্ষমতা বোর্ডকে দেওয়া যাইতে পারিবে।

Most of the provisions of the Charity Trust Law of England respecting the powers of the Board are applicable and will prove useful The principle of section 16 (application for opinion and advice, and indemnity for acts on such advice) might be extended so as to constitute the Commissioners arbitrators and referees in all matters of doubt and dispute, and to make the provisional order valid, unless reversed by competent judicial courts The powers given in section 17 and sections 19 to 28 might, with suitable modification, be exercised with advantage by the Commissioners to be appointed under the proposed law

Sections 17, 19, 20—Authorisation of suits
Section 21—Sanction of leases, &c, and repairs
Section 22—Removal of officers.
Sections 23 to 27—Compromises, exchanges, &c

I am satisfied that it would be highly beneficial to constitute the Board—under stringent provisions for the faithful execution of the trust—Official Trustees of Endowment Lands, in the manner provided in sections 47 to 50 of Charity Trust Act, 1853, and Official Trustees for the investment of all surplus funds, &c , and for the management of any funds which may be voluntarily transferred to them by persons acting in management of religious and charitable endowments

Having constituted a Central Board, it becomes necessary to provide them with the means of local information and investigation, and with agency for fulfilling the requirements of the law Most of those who have written on the subject have recommended the retention of the District Committees constituted under Act XX of 1863, and some would even extend the system and form "Local Fund Circle" Committees I entertain the gravest doubts of the utility and expediency of these numerous permanent local vestries, and I think that the papers sufficiently prove that their constitution has neither been operative nor judicious, and that their action has been too often factious, meddlesome, and irritating I should therefore greatly prefer the English system of inspectors, who under the orders of the Board *pro re natâ* would take up the investigation of each institution in its town for final disposal by competent authority.

20 The Madras Government appointed a committee to draft a Bill for regulating the control of Hindoo religious endowments upon the basis of the plan suggested by Sir W Robinson A copy of the Bill drawn up by that committee was received from that Government, and is printed as appendix B to this resolution It was referred to the Board of Revenue and the Commissioner of Orissa for report The Commissioner is of opinion that a Bill framed upon the model of the Madras Bill would be well suited to the circumstances of Orissa and the other provinces of Bengal, provided that its scope were enlarged to cover secular as well as religious endowments He objects to the appointment of a European barrister upon the committee, and would leave the Government to select the committee and chairman, providing only that three out of four members be Hindoos The Board also express themselves in favour of the general outline of the Bill as applicable to the circumstances of Orissa But it is manifest that it is impossible to leave entirely out of sight in Bengal the Mahomedan endowments, and it is doubtful whether the very elaborate machinery of the Madras Bill is really necessary It may be that some more simple modification and strengthening of the provisions of Act XX of 1863, as suggested by the Native Commission in 1870, would meet all requirements.

21. The Lieutenant-Governor has therefore decided to refer the whole question in this full and detailed manner for the consideration of the British Indian Association, the Mahomedan Literary Society, and the National Mahomedan Association, and of such other native associations and individuals as Commissioners and district officers may think it desirable to consult The opinions received through district officers should be carefully digested by Commissioners and forwarded to Government through the Board of Revenue with such further remarks and suggestions as the Board may find to be required.

By order of the Lieutenant-Governor of Bengal

A MACKENZIE,
Secy. to the Govt. Bengal

ইংলণ্ডের দাতব্য ন্যাস বিষয়ক আইনের অধিকাংশ বিধান বোর্ডের ক্ষমতা সম্বন্ধে প্রয়োগযোগ্য ও উপকারী হইবে।

১৭, ১৯, ২০ ধারা।—মোকদ্দমা করিবার, ক্ষমতাদান।

২১ ধারা।—ভোগানুমতি পত্র প্রভৃতি ও মেয়াদের অনুমোদন।

২২।—ধারা কার্য্যকারকদের পদচ্যুত করণ।

২৩ হইতে ২৭ ধারাপর্য্যন্ত।—রক্ষা, বিনিময় ইত্যাদি।

১৬ ধারার নিয়মের (অর্থাৎমত ও উপদেশজন্য প্রার্থনা ও উক্ত উপদেশানুযায়ি কার্য্য জন্য ক্ষতি নিষ্কৃতির) ব্যাপ্তিস্থল বৃদ্ধি করিয়া সন্দেহ ও বিবাদের স্থলে কমিশ্যনরদিগকে সালীস ও মধ্যস্থ করা যাইতে পারে, এবং বিচারসম্পর্কীয় উপযুক্ত আদালত দ্বারা রহিত করা না গেলে তাঁহাদের কিয়ৎকালীন আদেশ সিদ্ধ করা যাইতে পারে। ১৭ ধারায় ও ১৯ হইতে ২৮ ধারা পর্য্যন্ত যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে, উপযুক্ত পরিবর্ত্তন সহকারে প্রস্তাবিত আইনক্রমে নিযুক্ত কমিশ্যনরগণ তদনুসারে কার্য্য করিলে সুবিধা আছে।

আমার বিশ্বাস এই যে বিশ্বস্তভাবে ন্যাসের কার্য্য সম্পাদনের কঠোর নিয়মাধীনে বোর্ডকে ১৮৫৩ সালের দাতব্য ন্যাস বিষয়ক আইনের ৪৭, ৪৮, ৪৯, ও ৫০ ধারার বিধানানুরূপ দত্ত সম্পত্তির রাজকীয় ন্যাসধারী, এবং উক্ত ধনাদির বিন্যাসার্থ এবং ধর্ম্মসংক্রান্ত ও দাতব্য বিষয়ের কার্য্য নির্ব্বাহে নিযুক্ত ব্যক্তিরা ইচ্ছাপূর্ব্বক যে ধন তাঁহাদের হস্তে অর্প করেন তাহার কার্য্য নির্ব্বাহার্থ রাজকীয় ন্যাসধারী করিলে অনেক উপকার আছে।

কৈন্দ্রিক বোর্ড সংস্থাপিত হইলে পর, তাঁহারা যাহাতে স্থানীয় সংবাদ ও অনুসন্ধান লইতে পারেন তাহার উপায় বিধান করা এবং আইনের আদেশ যাহাতে পালন করিতে পারেন তজ্জন্য কর্ম্মকারক নিযোগ করা আবশ্যক। এতদ্বিষয়ক অধিকাংশ লেখকই ১৮৬৩ সালের ২০আইনমতে সংস্থাপিত ডিষ্ট্রিক্ট কমিটী রাখিতে পরামর্শ দেন এবং কেহ ২ এই কার্য্যপ্রণালী বর্দ্ধিত করিয়া "স্থানীয় কণ্ডচক্র" কমিটী করিতে চাহেন। ঈদৃশ বহুসংখ্যক স্থায়ী স্থানীয় পঞ্চায়তের উপকারিতা ও হিতকারিতা সম্বন্ধে আমার গুরুতর সন্দেহ আছে, এবং আমার বিবেচনায় কাগজপত্রে যথেষ্ট প্রমাণ আছে যে তাহাদের সংগঠন কার্য্যকর কি সদ্বিবেচনাত্মক নহে, এবং তাহাদের কার্য্য অনেক সময়ে সাম্প্রদায়ি অনধিকার চর্চ্চামূলক ও বিরক্তিকর। এজন্য আমি ইংলণ্ডীয় পরিদর্শক প্রণালী অপেক্ষাকৃত অনেক ভাল জ্ঞান করি উপযুক্ত কর্ত্তৃপক্ষ যাহাতে চূড়ান্ত নিষ্পত্তি করিতে পারেন তজ্জন্য উক্ত পরিদর্শকগণ বোর্ডের আজ্ঞাধীনে প্রয়োজন মতে যে নগরে যে আলয়াদি আছে সেই নগরে যাইয়া সেই আলয়াদির অনুসন্ধান লইবেন।

২০। শ্রীযুত সার উইলিয়ম রবিন্সন সাহেবের প্রণালী অবলম্বন করিয়া হিন্দু ধর্ম্মসংক্রান্ত দত্ত সম্পত্তির তত্ত্বাবধান বিষয়ক আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করিবার নিমিত্ত মান্দ্রাজ গবর্ণমেণ্ট একটি কমিটি নিযুক্ত করেন। উক্ত কমিটী যে পাণ্ডুলিপি প্রস্তুত করেন, তাহার এক খণ্ড উক্ত গবর্ণমেণ্টের নিকট হইতে পাওয়া গিয়াছে, এবং তাহা এই নির্দ্ধারণের B চিহ্নিত পরিশিষ্টে ছাপা হইল। এতৎসম্বন্ধে রিপোর্ট করিবার জন্য এই পাণ্ডুলিপি রেবেনিউ বোর্ড ও উড়িষ্যার কমিশ্যনর সাহেবের প্রতি অর্পিত হয়। কমিশ্যনর সাহেবের মত এই যে মান্দ্রাজের পাণ্ডুলিপি আদর্শ করিয়া আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করিলে, তাহা উড়িষ্যা ও বাঙ্গালার অন্য প্রদেশের অবস্থানুযায়ী হইবে, কিন্তু আইনের উদ্দেশ্য বর্দ্ধিত করিয়া ঐহিক পারত্রিক উভয় প্রকার দত্ত সম্পত্তি গ্রহণ করিতে হইবে। কমিটীতে একজন ইউরোপীয় বারিষ্টার নিয়োগ করিতে তাঁহার আপত্তি আছে, এবং তাঁহার ইচ্ছা যে গবর্ণমেণ্ট কমিটী ও সভাপতি নির্ব্বাচন করেন, কিন্তু সভ্যদের চারিজন মধ্যে তিন জন হিন্দু হন। কিন্তু স্পষ্ট দৃষ্ট হইতেছে যে বাঙ্গালা দেশে মুসলমান দত্ত সম্পত্তি একেবারে দৃষ্টিবহির্ভূত করা অসম্ভব, এবং মান্দ্রাজের পাণ্ডুলিপিতে যে অতি কৌশলময় কার্য্যপ্রণালী কল্পিত হইয়াছে তাহার বাস্তবিক প্রয়োজন আছে কিনা সন্দেহ। ১৮৭০ সালের দেশীয় কমিশ্যন যেরূপ পরামর্শ দেন, হয়ত ১৮৬৩ সালের ২০ আইনের বিধানের তদ্রূপ সরল পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন দ্বারা সমুদয় প্রয়োজন সিদ্ধ হইবে।

২১। এ নিমিত্ত শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেব অবধারিত করিয়াছেন যে ব্রিটিষ ইণ্ডিয়ান সভা মুসলমান সাহিত্য সভা, জাতীয় মুসলমান সভা, এবং কমিশনর ও জিলার কার্য্যকারকগণ অন্য যে সকল দেশীয় সভা বা ব্যক্তিদিগের সহিত পরামর্শ করা বাঞ্ছনীয় জ্ঞান করেন, তাঁহাদের হস্তে এইরূপ পূর্ণ বিবরণ সহ এই প্রশ্ন অর্পিত হয়। জিলার কার্য্যকারকদিগের দ্বারা যে সকল মত পান, কমিশ্যনর সাহেবেরা সাবধানে সে সকলের সারসংগ্রহ করিয়া রেবিনিউ বোর্ড দিয়া গবর্ণমেণ্টে পাঠাইবেন, এবং বোর্ড তৎসহ আর যে মন্তব্য ও পরামর্শ দেওয়া আবশ্যক বোধ করেন তাহাও দিবেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশে,

এ, ম্যাকেঞ্জি,

বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

APPENDIX A.

An Act to amend Act XX of 1863

1. Act XX of 1863, except section 22, and except in so far as it repealed other laws, and also except as regards acts done under the said Act, is hereby repealed

2 This Act shall be called "the General Religious Endowment Act," and may be extended to any Hindoo or Mahomedan religious endowment by an order of the local Government published in the *Official Gazette*

3 The word "endowment" shall include grants in land or money as well as offerings and presents of whatever description which have been made, or may hereafter be made for whatever purposes by any person to any temple, mosque, or other religious establishment or institution, together with land or other property purchased with the surplus profits of such lands, or with such money, offerings, or presents, and shall also signify such temple, mosque, or other religious establishment or institution itself

4 The word "manager" shall include every person who, under the designation of trustee, superintendent, mutwalie, darogah, mahunt, udhicaree, or under any other designation whatever, has or may have the charge and administration of an endowment entrusted to him.

5 The word "civil court" and "court" shall mean the principal court of original civil jurisdiction in the district

6 The local Government shall once for all appoint a committee consisting of five or seven persons in every division, to be called "the Central Endowment Committee"

7 The local Government shall also once for all appoint sub-committees, one for each endowment, consisting of three or more persons to be called "the Local Endowment Committee," except where there exist committees of management under section 7, Act XX of 1863, which committees shall, after the passing of this Act, be called "Local Endowment Committees" within the meaning of this Act

8 The central endowment committee shall be the chief controlling authority in the division, and the local endowment committees shall act in subordination to it

9 It will be the duty of the central endowment committee to superintend and control the management of the endowment, and to take care that the endowments are appropriated to the purposes intended by the endowers, and to no other

10 It will be the duty of the local endowment committee to superintend and control the management of the endowment under its charge according to such rules as may be prescribed for that purpose by the central endowment committee, and to carry into effect all directions which the central endowment committee may give to it in connection with the said endowment, and it shall be the duty of each member of the local endowment committee to visit the endowment at least once a year

11 It will be the further duty of the local endowment committee to report to the central endowment committee any instance of mismanagement or misappropriation of endowment misconduct of managers, and the occurrence of vacancies in the office of manager, with full information of all circumstances connected with the mode of succession in vogue in each case, and in the cases in which the power of appointing the successor is vested by this Act in the central endowment committee, to propose a fit person for the office of manager

12 The members of the central endowment committee shall be selected by Government from among persons residing in the division under the following restrictions, viz if the total number of the members be five, three shall be Hindoos and two Mahomedans, and if the total number be seven, four shall be Hindoos and three Mahomedans

13 The members of the local endowment committee shall be appointed from among persons professing the religion for the purposes of which the endowment was founded, or is now maintained, and in accordance, so far as can be ascertained, with the general wishes of those who are interested in the maintenance of such endowment In order to ascertain the general wishes of such persons in respect of such appointment, the local Government may cause an election to be held under such rules (not inconsistent with the provisions of this Act) as shall be framed by such local Government

14 The appointment of the members of both the central and local endowment committees shall be notified in the *Official Gazette*.

A চিহ্নিত পরিশিষ্ট।

১। ১৮৬০ সালের ২০ আইনের, ২২ ধারা ভিন্ন, ও অন্য আইন রহিত করণ বিষয়ে ঐ আইনের যত দূর সম্পর্ক থাকে তদ্ভিন্ন, ও উক্ত আইনক্রমে যে যে কার্য্য করা গিয়াছে তৎসম্বন্ধীয় ব্যাপার ভিন্ন, ঐ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

২। এই আইন "ধর্ম্ম সংক্রান্ত দত্ত সম্পত্তি বিষয়ক সাধারণ আইন" নামে খ্যাত হইবে, এবং রাজকীয় গেজেটে আদেশপত্র প্রকাশ করিয়া স্থানীয় গবর্ণমেন্ট এই আইন কোন হিন্দু কি মুসলমান ধর্ম্মসংক্রান্ত দত্তসম্পত্তির প্রতি বর্ত্তাইতে পারিবেন।

৩। কোন ব্যক্তি কোন মন্দির কি মসজিদ কি অন্য ধর্ম্মশালা কি ধর্ম্মালয়ে যে কোন উদ্দেশে যে ভূমি কি অর্থ কোন প্রকারের নৈবেদ্য ও উপহার দান করিয়াছেন কি ভবিষ্যতে করিবেন এবং উক্ত ভূমির উদ্বৃত্ত উপস্বত্ব হইতে অথবা উক্ত অর্থ কি নৈবেদ্য কি উপহার হইতে যে ভূমি কি অন্য সম্পত্তি ক্রীত হয়, "দত্ত সম্পত্তি" শব্দে তৎসমুদয় বুঝাইবে, এবং উক্ত মন্দির কি মসজিদ কি ধর্ম্মশালা কি ধর্ম্মালয়ও বুঝাইবে।

৪। যে কোন ব্যক্তি ন্যাসধারী কি তত্ত্বাবধায়ক কি মাতোয়ালী কি দারোগা কি মহান্ত কি অধিকারী কি অন্য কোন নামে তদীয় হস্তে ন্যস্ত দত্তসম্পত্তির কর্ত্তৃত্ব কি অধ্যক্ষতা ভার প্রাপ্ত হইয়াছেন কি পাইতে পারেন, "কার্য্যনির্ব্বাহক" শব্দে তাঁহাকে বুঝাইবে।

৫। "দেওয়ানী আদালত" ও "আদালত" শব্দে জিলার আদি দেওয়ানী বিচারাধিপত্য প্রাপ্ত প্রধান আদালত বুঝাইবে।

৬। স্থানীয় গবর্ণমেন্ট প্রত্যেক দেশখণ্ডে একেবারে "কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটী" নামে এক একটি কমিটী নিযুক্ত করিবেন, কমিটীতে পাঁচ কি সাত ব্যক্তি থাকিবেন।

৭। স্থানীয় গবর্ণমেন্ট প্রত্যেক দত্ত সম্পত্তির জন্য একেবারে এক একটী সব-কমিটী নিযুক্ত করিবেন। ঐ কমিটী "স্থানীয় দত্ত সম্পত্তি বিষয়ক কমিটী" নামে খ্যাত হইবেন ও তাহাতে তিন কি তদধিক ব্যক্তি থাকিবেন। কিন্তু যেখানে ১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারামতে কার্য্যনির্ব্বাহক কমিটী আছে, উক্ত কমিটী এই আইন বিধিবদ্ধ হইলে পর এই আইনের অভিপ্রায়ানুযায়ী "স্থানীয় দত্তসম্পত্তি বিষয়ক কমিটী" বলিয়া অভিহিত হইবেন।

৮। কৈন্দ্রিক দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী দেশখণ্ডের প্রধান তত্ত্বাবধায়ক কর্ত্তৃপক্ষ হইবেন, এবং স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী সমূহ তদধীনে কার্য্য করিবেন।

৯। দত্ত সম্পত্তির কার্য্য নির্ব্বাহের প্রতি দৃষ্টিরাখা ও তাহার তত্ত্বাবধান করা, এবং অন্যরূপে না হইয়া দাতার অভিপ্রায়ানুসারে দত্ত সম্পত্তির বিনিয়োগ হয় ইহা সাবধানে দেখা কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কর্ত্তব্য হইবে।

১০। কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটীর প্রণীত বিধিক্রমে স্বীয় কর্ত্তৃত্বাধীন দত্তসম্পত্তির কার্য্য নির্ব্বাহের প্রতি দৃষ্টি রাখা ও তাহার তত্ত্বাবধান করা, এবং উক্ত দত্তসম্পত্তি সম্বন্ধে কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটী যে যে আজ্ঞা করেন তাহা ফলবতী করা স্থানীয় দত্তসম্পত্তি বিষয়ক কমিটীর কর্ত্তব্য হইবে, এবং স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রত্যেক মেম্বরের কর্ত্তব্য হইবে যে প্রতি বৎসর অন্ততঃ একবার দত্তসম্পত্তি দেখেন।

১১। দত্ত সম্পত্তির কার্য্যনির্ব্বাহের ত্রুটি কিম্বা অযথা বিনিয়োগ, ও কার্য্যনির্ব্বাহকদের অসদাচরণ ও কার্য্য নির্ব্বাহকের পদ শূন্য হইলে সেই ঘটনা কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটীতে রিপোর্ট করা স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর আর একটী কার্য্য হইবে। শেষোক্ত স্থলে যেখানে উত্তরাধিকারের যে প্রথা আছে তদ্বিষয়ক পূর্ণ বিবরণ পাঠাইতে হইবে, এবং উত্তরাধিকারী নিয়োগ করিবার ক্ষমতা এই আইনমতে কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রতি অর্পিত থাকিলে, কার্য্যনির্ব্বাহকের পদের নিমিত্ত যোগ্য ব্যক্তির নাম পাঠাইতে হইবে।

১২। দেশখণ্ড নিবাসি ব্যক্তি বর্গের মধ্যহইতে গবর্ণমেন্ট এই২ নিয়মাধীনে কৈন্দ্রিক দত্ত সম্পত্তি বিষয়ক কমিটীর মেম্বর নিযুক্ত করিবেন, অর্থাৎ, মেম্বর মোট পাঁচ জন হইলে, তিন জন হিন্দু ও দুই জন মুসলমান হইবে, এবং মেম্বর মোট সাতজন হইলে, চারিজন হিন্দু ও তিন জন মুসলমান হইবে।

১৩। যে ধর্ম্মের নিমিত্ত প্রথম সম্পত্তি প্রদত্ত হয় কি এক্ষণে রক্ষিত হইতেছে, সেই ধর্ম্মাবলম্বী ব্যক্তিদের মধ্যে হইতে এবং উক্ত সম্পত্তি রক্ষণার্থে যাঁহাদের স্বার্থ আছে যত দূর জানা যায় তাঁহাদের সাধারণ ইচ্ছানুসারে, স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বর নিযুক্ত করা যাইবে। উক্ত নিয়োগ সম্বন্ধে উক্ত ব্যক্তিদের সাধারণ ইচ্ছা জানিবার নিমিত্ত, এই আইনের বিধান সঙ্গত যে বিধি স্থানীয় গবর্ণমেন্ট প্রণয়ন করেন তদনুসারে স্থানীয় গবর্ণমেন্ট লোক নির্ব্বাচন করাইতে পারিবেন।

১৪। কৈন্দ্রিক ও স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বরের নিয়োগ রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

15 Every member, whether of the central endowment committee or of the local endowment committee, shall hold office for life, unless removed for misconduct, unfitness, or gross neglect of duty, and no such member shall be removed except by an order of the civil court

16 Whenever any vacancy shall occur among the members whether of the central endowment committee or of the local endowment committee, a new member shall be elected to fill the vacancy by the remaining members of the committee

17 No member, whether of the central endowment committee or of the local endowment committee, shall be capable of being or shall act also as a manager, except when an attachment shall have been made for the realization of sums assessed and remaing unpaid as hereinafter provided for in sections 28 and 29

18 The central endowment committee shall have power to prescribe rules for the management of the endowments by the managers not inconsistent with the intentions of the endowers, whether expressed or implied, or with the provisions of this Act, and also for the superintendence of such management by the local endowment committees, and it will be the duty of the managers and local endowment committees to act up respectively to such rules.

19 It shall be the duty of the managers to keep regular accounts of the actual receipts from every source of income, and of the actual disbursements, and the central endowment committee and local endowment committee shall have power to call for and examine such accounts, and the managers shall be bound to submit their accounts to the said committees whenever called upon to do so

20 The members of the central endowment committee shall be allowed access to all such public records as they may desire to see for the purpose of ascertaining any matters connected with endowments

21 Any member of the central endowment committee shall have power to enter the premises of endowments for the purpose of making enquiries, provided there be no objection to his doing so on the score of his religion or caste

22 The members of the local endowment committees shall have power to enter the premises of the particular endowment under their charge for the purpose of making enquiries

23 The central endowment committee shall have power to examine witnesses on matters under enquiry before them, and may administer oath or solemn affirmation to such witnesses

24 The central endowment committee may apply to the civil court for the issue of summonses to witnesses whom it may desire to examine, and who may not attend at its requisition, and the civil court shall, upon such application being made, summons such witnesses to appear before the central endowment committee All the rules in force for the time being in the civil court, relative to the summonsing of witnesses, their attendance, diet allowance and discharge, shall apply to the summonsing of witnesses on the application of the central endowment committee

25 In the event of the office of manager being vacant in the case of endowments which may at the time of the passing of this Act be under the control of committees appointed under section 7, Act XX of 1863, the central endowment committee shall have power to appoint a fit person to the office, having due regard to the nature and conditions of the endowment, and in all other cases the succession to the office, either by election or otherwise, shall be subject to the confirmation of the central endowment committee

26 The central endowment committee shall have power to remove managers for misconduct, mismanagement, or misappropriation of endowment.

27 The central endowment committee may move the civil court to execute its orders, and the civil court shall, on receipt of the committee's application, issue process of execution. The rules for the time being in force relative to the execution of the court's own decrees, and resistance of its processes, shall apply to the execution issued under this section, except that no claims preferred by any parties shall be allowed to bar or defer such execution

28 The central endowment committee shall have power to raise sums to form a fund to be called the "General Endowment Fund" from the several endowments under their control for the purpose of paying the salary of its establishment, and generally for carrying out the purposes of this Act, assessing each endowment in proportion to its estimated income When it shall have determined the total probable expenditures on the said accounts for a given year, and the amount to be levied from each endowment, it shall notify the assessments to the

১৫। অসদাচরণ কি অযোগ্যতা কি গুরুতর কর্ত্তব্যাবহেলন নিবন্ধন পদচ্যুত না হইলে, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কি স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটীর প্রত্যেক মেম্বর যাবজ্জীবন পদস্থ থাকিবেন, এবং দেওয়ানী আদালতের আদেশ বিনা কোন মেম্বর পদচ্যুত হইবেন না।

১৬। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কি স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কোন মেম্বরের পদ শূন্য হইলে, কমিটীর অন্য মেম্বরেরা শূন্য পদ পূরণার্থ নূতন মেম্বর নির্ব্বাচিত করিয়া লইবেন।

১৭। ২৮ ও ২৯ ধারার বিধানক্রমে ধার্য্য ও অনাদায়ী টাকা আদায় করিবার নিমিত্ত ক্রোক করা না গেলে কৈন্দ্রিক দত্ত সম্পত্তিবিষয়ক কমিটীর কোন মেম্বর কার্য্য নির্ব্বাহক হইতে কি কার্য্য নির্ব্বাহকের কর্ম্ম করিতে পারিবেন না।

১৮। কার্য্য নির্ব্বাহক কর্ত্তৃক দত্ত সম্পত্তির কার্য্য নির্ব্বাহার্থে এবং স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী কর্ত্তৃক উক্ত কার্য্যনির্ব্বাহের তত্ত্বাবধানার্থে দাতার, ব্যক্ত কি উহ্য, অভিপ্রায়ের ও এই আইনের বিধানের বিরুদ্ধ নহে এরূপ বিধি প্রণয়নের ক্ষমতা কৈন্দ্রিক দত্ত সম্পত্তি বিষয়ক কমিটীর থাকিবে, এবং উক্ত বিধি-মতে কার্য্য করা কার্য্যনির্ব্বাহকদের ও স্থানীয় দত্ত সম্পত্তি বিষয়ক কমিটীদের কর্ত্তব্য হইবে।

১৯। আয়ের প্রত্যেক উপায় হইতে যত টাকা প্রকৃতপক্ষে পাওয়া যায় ও প্রকৃত পক্ষে যত খরচ হয়, কার্য্যনির্ব্বাহক তাহার নিয়মিত হিসাব রাখিবেন, এবং কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী ও স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটী উক্ত হিসাব চাহিয়া লইতে ও পরীক্ষা করিতে পারিবেন, এবং উক্ত কমিটীরা চাহিলে কার্য্যনির্ব্বাহকেরা উক্ত হিসাব পাঠাইতে বাধ্য থাকিবেন।

২০। দত্তসম্পত্তি সংক্রান্ত কোন বিষয় নির্ণয় করণার্থ কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বরেরা কোনরূপ সরকারী কাগজপত্র দেখিতে চাহিলে তাহা দেখিতে পাইবেন।

২১। ধর্ম্ম বা জাতি সম্পর্কীয় আপত্তি না থাকিলে, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর যে কোন মেম্বর অনুসন্ধান লইবার নিমিত্ত দত্তসম্পত্তির গৃহবাটিকাদিতে প্রবেশ করিতে পারিবেন।

২২। স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বরেরা অনুসন্ধান লইবার নিমিত্ত আপনাদের কর্ত্তৃত্বাধীন দত্তসম্পত্তি বিশেষের গৃহবাটিকাদিতে প্রবেশ করিতে পারিবেন।

২৩। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী যে যে বিষয়ের অনুসন্ধান লন তৎসম্বন্ধে সাক্ষিদিগকে পরীক্ষা করিতে পারিবেন, এবং উক্ত সাক্ষিদিগকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইতে পারিবেন।

২৪। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী যে সাক্ষিদিগকে পরীক্ষা করিতে চাহেন, তাহারা তাঁহাদের আদেশে উপস্থিত না হইলে, কমিটী তাহাদের নামে সমন বাহির করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে প্রার্থনা করিতে পারিবেন এবং তদ্রূপ প্রার্থনা করা গেলে, দেওয়ানী আদালত ঐ কৈন্দ্রিক দত্ত সম্পত্তিবিষয়ক কমিটীর সম্মুখে উপস্থিত হইবার নিমিত্ত উক্ত সাক্ষিদিগকে সমন দিবেন। সাক্ষিদিগকে সমন দিবার ও তাহাদের উপস্থিতির ও খোরাকীর ও ছাড়িয়া দিবার সম্বন্ধে দেওয়ানী আদালতে যৎকালে যে যে বিধি চলিত থাকে, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রার্থনামতে সাক্ষিদিগকে সমন দিবার প্রতি তৎসমুদয় বর্ত্তিবে।

২৫। এই আইন যৎকালে বিধিবদ্ধ হয় তৎকালে ১৮৬৩ সালের ২০ আইনের ৭ ধারামতে নিযুক্ত কমিটীর কর্ত্তৃত্বাধীনে যে দত্তসম্পত্তি থাকে তাহার কার্য্যনির্ব্বাহকের পদ শূন্য হইলে, দত্তসম্পত্তির প্রকৃতি ও অবস্থার প্রতি সমুচিত দৃষ্টি রাখিয়া কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী তৎপদে যোগ্য ব্যক্তি নিযুক্ত করিতে পারিবেন, এবং অন্য স্থলে নির্ব্বাচন দ্বারা কি অন্যরূপে পদের যে উত্তরাধিকার ঘটে, তাহা কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর দৃঢ় করণাধীন থাকিবে।

২৬। কৈন্দ্রিক দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী অসদাচরণ, অযথাভাবে কার্য্যনির্ব্বাহ ও দত্ত সম্পত্তির অযথা বিনিয়োগ জন্য কার্য্যনির্ব্বাহকদিগকে পদচ্যুত করিতে পারিবেন।

২৭। কৈন্দ্রিক দত্ত সম্পত্তি বিষয়ক কমিটী আপনাদের আদেশ জারী করাইবার নিমিত্ত দেওয়ানী আদালতের নিকটে প্রার্থনা করিতে পারিবেন এবং কমিটীর প্রার্থনাপত্র প্রাপ্ত হইলে দেওয়ানী আদালত জারী করিবার পরওয়ানা বাহির করিবেন। আদালতের স্বীয় ডিক্রীর জারী সম্বন্ধে ও স্বীয় পরওয়ানা জারীর বাধা সম্বন্ধে যৎকালে যে বিধি চলিতথাকে তাহা এই ধারামতে আদেশ জারীর প্রতি বর্ত্তিবে। কিন্তু কোন পক্ষ কোন দাওয়া উপস্থিত করিলে তাহাতে আদেশ জারীর বাধা কি বিলম্ব হইবে না।

২৮। আপন সেরেস্তার বেতন দিবার নিমিত্ত, ও সাধারণতঃ আইনের উদ্দেশ্য সাধনার্থ, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী আপনাদের কর্ত্তৃত্বাধীন ভিন্ন ভিন্ন দত্তসম্পত্তি হইতে প্রত্যেকটীর আনুমানিক আয় অনুসারে হারহারিমতে টাকা তুলিয়া "সাধারণ দত্তসম্পত্তি বিষয়ক ফণ্ড" নামে একটী ফণ্ড করিতে পারিবেন। কমিটী কোন নির্দ্দিষ্ট বৎসরে ঐ ঐ বিষয়ে সম্ভাবিত মোট কত ব্যয় হইবে, ও প্রত্যেক দত্তসম্পত্তি হইতে কত লইতে হইবে, ইহা স্থির করিলে পর, কার্য্যনির্ব্বাহকদিগকে ধার্য্য টাকার নোটিস দিবেন ও নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপনার দেয় টাকা দিতে আদেশ করিবেন। উক্ত সময়মধ্যে

managers, and call upon them to pay their respective quotas within a certain time to be specified in the notice In the event of a manager failing to pay the amount due from him within the said time and on its being proved to the satisfaction of the committee that such manager has actually had the notice, and that he is in a position to pay, which circumstances shall be duly enquired into, the committee may attach and assume the direct management of the whole or any portion of the landed property belonging to the endowment concerned, until the amount unpaid by the manager shall have been realised from the proceeds of such land. Provided that no assessment shall be made nor any attachment take place except in accordance with a decision arrived at by the committee at a general meeting specially convened for the purpose.

29 The central endowment committee shall also have power to raise funds for the purpose of instituting or defending suits in the civil court, or instituting proceedings in the criminal or revenue court, or any other public offices. The funds required shall be levied from the endowment in the interests of which the suit, action, or proceeding shall have to be instituted or defended, and may be realized in the manner laid down in the last preceding section for the realization of the sums constituting the "General Endowment Fund" provided that no assessment shall be made nor any attachment take place except in accordance with a decision arrived at by the committee at a general meeting specially convened for the purpose

30 The central endowment committee and local endowment committees shall have power to institute and defend suits in the civil court, or institute other proceedings in the civil, criminal, or revenue courts, and other public offices, in the interests of the endowments, and shall, in the exercise of this power, be recognized by the said courts and offices as representatives of the endowers and also of persons interested in the endowments, except as against persons actually interested in the endowments

31 The central endowment committee shall, for the purpose of transacting business, meet at least four times during the calendar year.

32 The members of the central endowment committee shall select a duly qualified person, who shall not be a Government servant, to act as Secretary The Secretary so selected shall draw such monthly salary as the committee shall determine

33 The central endowment committee shall perform the duties and exercise the powers laid down in this Act, except those provided for in sections 28 and 29, either at a full meeting or at a meeting at which not less than three of its members shall have attended, provided that in the latter case, if the matter to be disposed of relate to a Mahomedan endowment, no decision shall be passed unless at least two of the members present are Mahomedans, and if the matter to be disposed of relate to a Hindoo endowment, unless at least two of the members present are Hindoos The decision of the majority of the members shall be the decision of the committee, and in the event of the votes being equally divided, the member presiding shall have a casting vote

34 The members present at every meeting of the central endowment committee shall select one from among themselves to act as president of that meeting The proceedings, including the examination of witnesses, shall be reduced to writing, and after the matter under enquiry shall have been fully discussed, each member present shall record his decision and sign it, and the decision finally arrived at in the manner laid down in the last preceding section, shall be recorded by the secretary and signed by all the members present.

35 The proceedings of the local endowment committee, including the statements of witnesses examined, shall likewise be reduced to writing, and the opinion of each individual member shall be separately recorded The proceedings and opinions shall in every case be forwarded in original to the central endowment committee.

36 No enquiry shall be conducted, nor any report made by the local endowment committee except at a full meeting or if the committee shall have been composed of more than three members, at a meeting at which at least three members shall have attended The central endowment committee shall, on application, render the local endowment committee such assistance as may enable the latter duly to enquire into and report upon the matters which it may have to investigate.

কার্য্যনির্ব্বাহক উঁহার স্থানে প্রাপ্য টাকা না দিলে, এবং কার্য্যনির্ব্বাহক প্রকৃতপক্ষে নোটিস পাইয়াছেন ও টাকা দিতে পারিতেন অনুসন্ধান দ্বারা হৃদবোধমতে কমিটী এরূপ প্রমাণ পাইলে, যাবৎ কার্য্যনির্ব্বাহকের অনাদায়ী টাকা ভূমির উৎপন্ন হইতে আদায় না হয় উক্ত দত্তসম্পত্তি সংক্রান্ত সমুদয় ভূসম্পত্তি কি তাহার কোন অংশ ক্রোক করিয়া সাক্ষাৎ সম্বন্ধে তাহার কার্য্যনির্ব্বাহ ভার গ্রহণ করিতে পারিবেন। কিন্তু তজ্জন্য বিশেষ রূপে আহূত সাধারণ সভাতে কমিটী নিষ্পত্তি না করিলে কোন টাকা ধার্য্য করা হইবে না ও ক্রোক করা যাইবে না।

২৯। এতদ্ব্যতীত কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত কি প্রতিবাদ করণার্থ, কিম্বা ফৌজদারী কি রাজস্ব বিষয়ক আদালতে কিম্বা অন্য সরকারী কার্য্যালয়ে মোকদ্দমা ঘটিত কার্য্যানুষ্ঠান করণার্থ টাকা তুলিতে পারিবেন। যে দত্ত সম্পত্তির স্বার্থ নিমিত্ত মোকদ্দমা কি কার্য্য কি কার্য্যানুষ্ঠান উপস্থিত কি প্রতিবাদ করা যায় সেই সম্পত্তি হইতে ঐ টাকা তুলা যাইবে, এবং পূর্ব্ব ধারাক্রমে যে প্রকারে "সাধারণ দত্তসম্পত্তি বিষয়ক ফণ্ডের" টাকা আদায় করা যায় ঐ টাকাও সেই প্রকারে আদায় করা যাইবে। কিন্তু তজ্জন্য বিশেষ রূপে আহূত সাধারণ সভাতে কমিটী নিষ্পত্তি না করিলে কোন টাকা ধার্য্য করা হইবে না ও ক্রোক করা যাইবে না।

৩০। কৈন্দ্রিক দত্তসম্পত্তি বিষয়ক কমিটী ও স্থানীয় দত্তসম্পত্তি বিষয়ক কমিটী দত্তসম্পত্তির স্বার্থ সাধনোদ্দেশে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত ও প্রতিবাদ করিতে, কিম্বা দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্ব বিষয়ক আদালতে, ও অন্য সরকারী কার্য্যালয়ে অন্য কোন কার্য্যানুষ্ঠান উপস্থিত করিতে পারিবেন, এবং দত্তসম্পত্তিতে প্রকৃত পক্ষে স্বার্থযুক্ত ব্যক্তিবর্গের বিরুদ্ধে না হইলে, এই ক্ষমতানুসারে কার্য্য করিয়া উক্ত আদালতে ও কার্য্যালয়ে দাতার ও দত্তসম্পত্তিতে স্বার্থযুক্ত ব্যক্তিবর্গের স্থলাভিষিক্ত বলিয়া গণ্য হইবেন।

৩১। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী ইংরাজী পঞ্জিকানুযায়ী বৎসর মধ্যে কার্য্যনির্ব্বাহার্থ অন্ততঃ চারি বার সমবেত হইবেন।

৩২। গবর্ণমেণ্টের কর্ম্মচারী নহে এরূপ একজন যোগ্য ব্যক্তিকে কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর মেম্বরেরা সম্পাদকের কর্ম্ম করিবার নিমিত্ত নির্ব্বাচিত করিবেন। কমিটী যেরূপ স্থির করেন, উক্তরূপ নির্ব্বাচিত সম্পাদক তদ্রূপ মাসিক বেতন পাইবেন।

৩৩। ২৮ ও ২৯ ধারার বিধানস্থল ভিন্ন, পূর্ণ সভা না হইলে কি সভায় অন্যূন তিনজন মেম্বর উপস্থিত না থাকিলে, কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী এই আইনমত কর্ত্তব্য সম্পাদন ও ক্ষমতাক্রমে কার্য্য করিবেন না। কিন্তু অন্যূন তিনজন উপস্থিত থাকিলে, যদি মুসলমান দত্ত সম্পত্তি সংক্রান্ত বিষয় লইয়া কার্য্য করিতে হয়, উপস্থিত মেম্বরদের মধ্যে অন্যূন দুই জন মুসলমান না হইলে, এবং যদি হিন্দুদত্ত সম্পত্তি সংক্রান্ত বিষয় লইয়া কার্য্য করিতে হয়, উপস্থিত মেম্বরদের মধ্যে অন্যূন দুই জন হিন্দু না হইলে, কোন নিষ্পত্তি করা যাইবে না। অধিকাংশ মেম্বরদের নিষ্পত্তি সভার নিষ্পত্তি বলিয়া গণ্য হইবে, এবং উভয় পক্ষে সমান সংখ্যক মেম্বরের একমত হইলে, সভাপতি যে পক্ষে থাকেন সেই পক্ষের মত প্রবল হইবে।

৩৪। কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রতি সভায় উপস্থিত মেম্বরেরা আপনাদিগের মধ্য হইতে এক জনকে সেই সভার সভাপতির কার্য্য করিতে মনোনীত করিবেন। সাক্ষিদের পরীক্ষা সমেত সমুদয় কার্য্য লিপিবদ্ধ করা যাইবে, এবং অনুসন্ধানের বিষয় লইয়া সম্পূর্ণরূপ তর্কাবতর্ক হইলে পর যে সকল মেম্বর উপস্থিত থাকেন তাঁহারা প্রত্যেকে আপন২ নিষ্পত্তি লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন, এবং পূর্ব্ব ধারায় নির্দ্দিষ্ট প্রকারে শেষে যে নিষ্পত্তি হয়, তাহা সম্পাদক লিপিবদ্ধ করিবেন ও যে সমুদয় মেম্বর উপস্থিত থাকেন তাহাতে সকলে স্বাক্ষর করিবেন।

৩৫। পরীক্ষিত সাক্ষিদিগের সাক্ষ্য সমেত স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কার্য্যও লিপিবদ্ধ করা যাইবে, এবং প্রত্যেক মেম্বর স্বতন্ত্ররূপে আপনার মত লিখিবেন। প্রত্যেক স্থলে কার্য্যপ্রণালী ও মত সম্বন্ধীয় মূল কাগজপত্র কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর নিকট পাঠাইতে হইবে।

৩৬। পূর্ণসভা না হইলে, অথবা যদি কমিটীতে তিন জনের অধিক মেম্বর থাকেন, সভায় অন্যূন তিন জন মেম্বর উপস্থিত না থাকিলে, স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটী কোন অনুসন্ধান লইবেন না কি রিপোর্ট করিবেন না। স্থানীয় দত্ত সম্পত্তিবিষয়ক কমিটীর যে সকল বিষয়ের অনুসন্ধান লইতে হয় যাহাতে নিয়মিতরূপে তদ্বিষয়ের অনুসন্ধান লইয়া রিপোর্ট করিতে পারেন তজ্জন্য স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর প্রার্থনামতে কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটী তাহার সাহায্য করিবেন।

37 Whoever shall resist either the central endowment committee or the local endowment committee in the execution of its duty, or in the doing of any act which it is authorized to do by this Act, shall be held as having resisted a public servant in the execution of his duty

38 The civil court shall have power to try the merits of all acts done and all orders passed either by the central endowment committee or the local endowment committee, in regular suits instituted by parties who may feel aggrieved by them, whether they be managers or persons interested in the endowments, and to adjudicate upon all matters connected with the endowments It may require the production of any documents, papers, accounts, proceedings either in the possession of the managers, the central endowment committee, or local endowment committee

39. Any person or persons interested in any endowment or the trusts relating thereto may, without joining as plaintiff any of the other persons interested therein, sue before the civil court the manager of such endowment or the member of any committee appointed under this Act or Act XX of 1863 for any misfeasance, breach of trust, or neglect of duty committed by such manager or member of such committee, in respect of the endowment, and the civil court may direct the specific performance of any act by such manager or member of a committee and may decree damages and costs against the manager or member of a committee (in the latter case such damages and costs shall be paid out of the estate unless the court shall see reason to direct otherwise) and may also direct the removal of such manager or member of a committee

40 The interest required in order to entitle a person to sue under the last preceding section need not be a pecuniary or a direct or immediate interest, or such an interest as would entitled the person suing to take any part in the management or superintendence of the endowment, any person having a right of attendance, or having been in the habit of attending at the performance of the worship or service of any mosque, temple, or religious establishment, or of partaking in the benefit of any distribution of alms, shall be deemed to be a person interested within the meaning of this Act

41 In any suit or proceeding instituted under this Act, it shall be lawful for the court before which such suit or proceeding is pending, to order any matter in difference in such suits to be referred for decision to one or more arbitrators Whenever any such order shall be made, the provisions of Chapter VI of the Code of Civil Procedure shall in all respects apply to such order and arbitration in the same manner as if such order had been made on the application of the parties under section 312 of the said Code

42 Nothing in the last preceding section shall prevent the parties from applying to the court, or the court from making the order of reference under the said section 312 of the said Code of Civil Procedure

43 No suit shall be entertained under this Act without a preliminary application being first made to the court for leave to institute such suit The application may be made upon unstamped paper The court, on the perusal of the application, shall determine whether there are sufficient *primá facie* grounds for the institution of a suit, and if in the judgment of the court there are such grounds, leave shall be given for its institution In calculating the costs at the termination of the suit, the stamp duty on the preliminary application shall be estimated, and shall be added to the costs of the suit. If the court shall be of opinion that the suit has been for the benefit of the endowment, and that no party to the suit is in fault, the court may order costs, or such portion as it may consider just, to be paid out of the estate If, on the contrary, the court shall find that the cause of action originated in improper motives on the part of the party cast, it may direct that the costs and damages if any, shall be paid by such party.

৩৭। কোন ব্যক্তি কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কিম্বা স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কর্ত্তব্য পালনের কিম্বা এই আইনপ্রদত্ত ক্ষমতানুযায়ী কার্য্যসম্পাদনের বাধা দিলে, তিনি রাজকীয় কার্য্যকারকের কার্য্যসম্পাদনের বাধা দিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

৩৮। দত্তসম্পত্তির কার্য্যনির্ব্বাহক হউক কি উক্ত সম্পত্তিতে স্বার্থযুক্ত ব্যক্তি হউক কোন ব্যক্তি-কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কি স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কার্য্যে ও আদেশে অসন্তুষ্ট হইয়া নিয়মিতরূপে মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ মোকদ্দমায় দেওয়ানী আদালত উক্ত কার্য্য ও আদেশের গুণাগুণ বিচার করিতে ও দত্তসম্পত্তি সংক্রান্ত সমুদয় বিষয়ের নিষ্পত্তি করিতে পারিবেন। আদালত কার্য্যনির্ব্বাহকের কি কৈন্দ্রিক দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর কি স্থানীয় দত্তসম্পত্তিবিষয়ক কমিটীর হস্তস্থিত যে কোন দলীল কি কাগজ পত্র কি হিসাব কি কার্য্যের নথী উপস্থিত করিতে আদেশ দিতে পারিবেন।

৩৯। কোন দত্ত সম্পত্তির কার্য্যনির্ব্বাহক কি এই আইন কি ১৮৬৩ সালের ২০ আইনক্রমে নিযুক্ত কোন কমিটীর মেম্বর ঐ সম্পত্তি সম্বন্ধে কোন রূপ অসদাচরণ কি বিশ্বাস ঘাতকতা কি কর্ত্তব্যাবহেলন করিলে, উক্ত দত্তসম্পত্তিতে কি তৎসংক্রান্ত ন্যাসে স্বার্থযুক্ত কোন ব্যক্তি কি ব্যক্তিবর্গ, অন্য স্বার্থযুক্ত ব্যক্তিদিগের সহিত বাদিভাবে একত্র না হইয়া, দেওয়ানী আদালতে উক্ত কার্য্যনির্ব্বাহকের কি মেম্বরের নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং দেওয়ানী আদালত উক্ত কার্য্যনির্ব্বাহককে কি কমিটীর মেম্বরকে নির্দ্দিষ্ট কোন কার্য্য করিবার আদেশ করিতে পারিবেন ও উক্ত কার্য্যনির্ব্বাহকের কি কমিটীর মেম্বরের বিরুদ্ধে ক্ষতিপূরণ ও খরচার ডিক্রী করিতে পারিবেন (শেষোক্ত স্থলে আদালত অন্যরূপ আদেশ করা যুক্তি সিদ্ধ বিবেচনা না করিলে উক্ত সম্পত্তি হইতে ক্ষতিপূরণের ও খরচার টাকা দেওয়া যাইবে) ও উক্ত কার্য্যনির্ব্বাহককে কি কমিটীর মেম্বরকে পদচ্যুত করিবার আদেশ দিতে পারিবেন।

৪০। যে স্বার্থ থাকিলে কোন ব্যক্তি পূর্ব্ব ধারাক্রমে মোকদ্দমা করিতে অধিকারী হন, সেই স্বার্থ অর্থসম্পর্কীয় কি সাক্ষাৎ কি অব্যবহিত স্বার্থ হইবে, অথবা এরূপ স্বার্থ হইবে যে তদ্বলে মোকদ্দমাকারী ব্যক্তি দত্তসম্পত্তির কার্য্য নির্ব্বাহ কি তত্ত্বাবধান কার্য্যের অংশ গ্রহণ করিতে পারিবেন, ইহা প্রয়োজনীয় নহে। কোন মসজিদে কি দেবালয়ে কি অন্য ধর্ম্মালয়াদিতে ভজনা কি সেবা সময়ে যে কোন ব্যক্তির উপস্থিত থাকিবার অধিকার কি রীতি আছে, কিম্বা কোন দান বিতরণ কালে যাহার কিছু উপকার হইয়া থাকে, সেই ব্যক্তিকে এই আইনের অভিপ্রায়ানুসারে স্বার্থযুক্ত ব্যক্তি বলিয়া জ্ঞান করা যাইবে।

৪১। যে কোন মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য এই আইনমতে উপস্থিত করা যায়, সেই মোকদ্দমা প্রভৃতি যে আদালতে উপস্থিত থাকে, সেই আদালত ঐ মোকদ্দমা সংক্রান্ত বিবাদীয় কোন বিষয় এক কি তদধিক মধ্যস্থের নিষ্পত্তি নিমিত্ত অর্পণ করিবার আদেশ দিতে পারিবেন। যদি তদ্রূপ আদেশ করা যায়, তবে দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১২ ধারামতে পক্ষদের প্রার্থনানুসারে আদেশ করা গেলে তৎপ্রতি ঐ আইনের ৬ অধ্যায়ের বিধান যেরূপ বর্ত্তে তদ্রূপে সেই আদেশ ও সালীসি কার্য্যের প্রতি বর্ত্তিবে।

৪২। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের উক্ত ৩১২ ধারামতে অর্পণ করিবার আদেশ জন্য পক্ষদের আদালতের নিকটে প্রার্থনা করিবার কিম্বা আদালতের তদ্রূপ আদেশ করিবার কোন বাধা পূর্ব্বধারার কোন কথাক্রমে হইবে না।

৪৩। এই আইনক্রমে মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে উক্ত মোকদ্দমা উপস্থিত করিবার নিমিত্ত প্রথমত আদালতের অনুমতি প্রার্থনা করা না গেলে ঐ মোকদ্দমা গ্রাহ্য হইবে না। সেই প্রার্থনাপত্র শাদা কাগজে লেখা যাইতে পারিবে। আদালত ঐ প্রার্থনাপত্র পাঠ করিয়া মোকদ্দমা উপস্থিত করিবার উপযুক্ত হেতু আপাততঃ আছে কি না ইহা নির্দ্ধারিত করিবেন। যদি আদালতের বিবেচনামতে তদ্রূপ হেতু থাকে তবে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দেওয়া যাইবে। মোকদ্দমা সমাপ্ত হইলে যখন খরচার হিসাব করা যাইবে, তখন প্রথম প্রার্থনাপত্রে ইষ্টাম্পের যত মাসুল হইতে পারে তাহার হিসাব হইয়া মোকদ্দমার খরচার সঙ্গে লেখা যাইবে। যদি আদালত বোধ করেন যে দত্ত সম্পত্তির উপকারার্থে মোকদ্দমা করা হইয়াছে, ও মোকদ্দমার কোন পক্ষের দোষ নাই, তবে আদালত সেই খরচা, কিম্বা তাহার যে অংশ ন্যায্য বোধ করেন, ঐ সম্পত্তি হইতে দিবার আদেশ করিতে পারিবেন। কিন্তু যদি আদালত স্থির করেন যে পরাজিত পক্ষের অসদভিপ্রায় হইতে মোকদ্দমার হেতুর উৎপত্তি হইয়াছে আদালত আদেশ করিতে পারিবেন যে উক্ত পক্ষ সেই খরচাও, ক্ষতি পূরণ করিতে হইলে, সেই ক্ষতি পূরণের টাকা দিবেন।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন্ মরিস্ লুইস্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

P J P—Regr No 610—1100—28 1 79

Numb. 2075 ২০৭৫ [REGISTERED No. 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 6, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৬ মে।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT

ERRATUM

In the Notification of the Legislative Department published in the *Gazette of India* of 12th April 1879, *for* "No 8" *read* "No 11"

D FITZPATRICK,
Secy to the Govt of India

HOME DEPARTMENT

ESTABLISHMENTS

The 23rd April 1879

No 280—Mr F Clarke received charge of the Office of Administrator-General of Bengal from Mr F S Collis on the afternoon of the 7th instant

The 25th April 1879

No 287—Mr G H M Ricketts, C B, is permitted to resign Her Majesty's Bengal Civil Service, with effect from the 19th ultimo

EXAMINATIONS

The 24th April 1879

No 34—Mr W Hoey, of the Bengal Civil Service, having obtained a certificate of High Proficiency in Persian, has been presented with the authorized donation of Rs 2,000

No 35—Mr H M Durand, of the Bengal Civil Service, having obtained a certificate of High Proficiency in Persian, has been presented with the authorized donation of Rs 2,000

No 36—Mr H A D Phillips, of the Bengal Civil Service, having obtained a certificate of High Proficiency in Oorya, has been presented with the authorized donation of Rs 1,000

C. BERNARD,
Offg Secy to the Govt of India.

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

অশুদ্ধ শোধন।

১৮৭৯ সালের ২২ এপ্রিলের বাঙ্গলা গবর্ণমেণ্টের গেজেটে ব্যবস্থাপন কার্য্যবিভাগের বিজ্ঞাপনে "৮ নম্বর" এই কথার পরিবর্ত্তে "১১ নম্বর" পাঠ করিতে হইবে।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

সিবিলশভা বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা ১৮৭৯ সাল ২৩ এপ্রিল।

২৮০ নম্বর।—শ্রীযুত এস, ক্লার্ক সাহেব শ্রীযুত এফ, এস, কলিন্স সাহেবের স্থানে এই মাসের ৭ তারিখের অপরাহ্নে বঙ্গদেশের আডমিনিষ্ট্রেটর জেনরলের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৮৭৯ সাল ২৫ আপ্রিল।

২৮৭ নম্বর।—শ্রীযুত জি, এচ, এম, রিকেটস সাহেব গত মাসের ৯ তারিখ অবধি শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিস ত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

পরীক্ষা বিষয়ক।

১৮৭৯ সাল ২৪ আপ্রিল।

৩৪ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত ডবলিউ, হোয়ে সাহেব পারস্য ভাষায় বিশেষ বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ২০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

৩৫ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এন, এস, ভুবাগু সাহেব পারস্য ভাষায় বিশেষ বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ২০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

৩৬ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এন, এ, ডি, ফিলিপস সাহেব উড়িয়া ভাষায় বিশেষ বিজ্ঞতার সর্টিফিকট পাওয়াতে নিয়মিত ১০০০৲ টাকা পুরস্কার পাইলেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 6, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ৬ মে।

PART II

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন ইত্যাদি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 2747A

GENERAL —*The 19th April* 1879 —Baboo Rakhaldas Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, on special duty under the Board of Revenue, is transferred to the Sudder Station of the Jessore district

The 22nd April 1879 —Mr R H Greaves, Officiating Joint-Magistrate and Deputy Collector, Gya, is allowed furlough for eight months, under section 12 of the Civil Leave Code, together with subsidiary leave for ten days, under section 24 (*a*) of the Code, with effect from the 18th instant

The 23rd April 1879 —Mr C T Buckland, a Member of the Board of Revenue, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 1st proximo, or such date as he may avail himself of it

Mr R L Mangles, V C, Commissioner of the Presidency Division, is appointed to act as a Member of the Board of Revenue during the absence, on leave, of Mr C T Buckland, or until further orders

Mr Mangles is also appointed to act as President of the Committee for the management of the Zoological Gardens, Alipore, during Mr Buckland's absence

Mr F B Peacock, Commissioner of Dacca, is appointed to act as Commissioner of the Presidency Division during the absence, on deputation, of Mr R L Mangles, or until further orders

Mr F H Pellew is re-appointed to act as Commissioner of Dacca during the absence, on deputation, of Mr F B Peacock, or until further orders

Mr J F Browne, District and Sessions Judge, Patna, is allowed leave for two months and fifteen days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it

Mr J F Stevens, Joint-Magistrate and Deputy Collector, Dacca, on leave is appointed to act as District and Sessions Judge, Patna, during the absence, on leave, of Mr J F Browne or until further orders

The 24th April 1879 —Mr H P P [illegible] Assistant Magistrate and Collector, Khoolna, Jessore, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from such date as he may be relieved

Moulvi Syed O[illegible]oollah, Deputy Magistrate and Deputy Collector, on leave, is appointed to have charge of the Khoolna division of the Jessore district during the absence, on leave, of Mr H P P [illegible], or until further orders

Baboo Gouri Sundar Biswas, Deputy Magistrate and Deputy Collector, was employed at Nattore, in Rajshahye, from the 10th December 1878 to the 15th January 1879

The 25th April 1879 Major R C Mon[illegible], Deputy Commissioner Julpigoree, having returned from furlough on the 1st instant, is allowed subsidiary leave from that date to the 15th idem, to enable him to rejoin his appointment

Mr D B Allen, Assistant Magistrate and Collector, in charge of the Jehanabad division of the Gya district, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring land required for a protective embankment at Armal, in the district of Gya

Baboo Ju[illegible] Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is vested with Special Appellate powers under Section 87 of Act VII (B C) of 1876

The 28th April 1879 —Mr J G Charles, Officiating Chief Presidency Magistrate and Judge of the Mofussil Court, Calcutta, is allowed subsidiary leave for two days under section 24(*a*) of the Civil Leave Code

The 29th April 1879 —Mr H. L Harrison, Secretary to the Board of Revenue, is appointed to act, until further orders, as Secretary to the Government of Bengal in the Financial Department, *vice* Mr D M. Barbour.

[*Government Gazette, 6th May* 1879]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আদেশ।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২৭৪৭A নম্বর।

সাধারণ।—১৮৭৯ সাল ১৯ আপ্রিল।—রেবিনিউ বোর্ডের অধীনে বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রাখালদাস হালদার, যশোহর জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

১৮৭৯ সাল ২২ আপ্রিল।—গয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত আর. এচ. গ্রীবস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারামতে আট মাসের নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন উক্ত বিধির ২৪ (A) ধারামতে এই মাসের ১৮ তারিখ অবধি দশ দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৩ আপ্রিল।—রেবিনিউ বোর্ডের মেম্বর শ্রীযুত সি. টি বকলাণ্ড সাহেব আগামি মে মাসের ১ তারিখ অবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের নিয়মে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত সি. টি, বকলাণ্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজধানীখণ্ডের কমিশনর শ্রীযুত আর এল, মাঙ্গেলস ডি. সি. সাহেব রেবিনিউ বোর্ডের মেম্বরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বকলাণ্ড সাহেবের অনুপস্থিতি কালে শ্রীযুত মাঙ্গেলস সাহেব আলিপুরের পশু পক্ষ্যাদি প্রদর্শনার্থ উদ্যানের কার্য্য নির্ব্বাহক কমিটীর সভাপতির কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত আর এল মাঙ্গেলস সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঢাকাখণ্ডের কমিশ্যনর শ্রীযুত এফ, বি, পীকক সাহেব রাজধানী খণ্ডের কমিশ্যনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, বি, পীকক সাহেবের অনুপস্থিতি কালে, অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত এফ এ, পেলু সাহেব ঢাকার কমিশ্যনরের কর্ম্ম করিতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

পাটনার ডিষ্ট্রিকট ও সেশন জজ শ্রীযুত জে, এম ব্রৌন সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের নিয়মতে দুই মাস পনের দিনের ছুটী পাইলেন।

শ্রীযুত জে. এম, ব্রৌন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ছুটী প্রাপ্ত ঢাকার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, এফ, ষ্টীবন্স সাহেব পাটনার ডিষ্ট্রিকট ও সেসন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৪ আপ্রিল।—যশোহরের অন্তর্গত খুলনার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ পি, পিটরসন সাহেব যে তারিখে অফিসের কর্ম্মের ভার অর্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের নিয়মতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত এচ, পি, পিটরসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ছুটী প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ অবীদুল্লা যশোহর জিলার অন্তর্গত খুলনা সবডিবিজনের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গৌরীশঙ্কর বিশ্বাস ১৮৭৮ সালের ১০ ডিসেম্বর অবধি ১৮৭৯ সালের ১৫ জানুয়ারি পর্য্যন্ত রাজসাহীর অন্তর্গত নাটোরে নিযুক্ত ছিলেন।

১৮৭৯ সাল ২৫ আপ্রিল।—জলপাইগুড়ির ডেপুটী কমিশনর মেজর শ্রীযুত আর, সি, মনি সাহেব নিয়মিত ছুটী হইতে এই মাসের ১ তারিখে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করিতে পারিবার নিমিত্তে উক্ত তারিখ অবধি এই মাসের ১০ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

গয়া জিলার অন্তর্গত জাহানাবাদ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ডি, বি, অ্যালেন সাহেব গয়া জিলার অন্তর্গত জার্ম্মান রক্ষার্থ বাঁধের নিমিত্ত প্রয়োজনীয় ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইন মতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দক্ষিণেশ্বর মুখোপাধ্যায়, ১৮৭৬ সালের শালের বঙ্গের ৭ আইনের ৮৭ ধারামতে আসামীর মোকদ্দমার বিচার করিবার বিশেষ ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ২৮ আপ্রিল।—কলিকাতার একটিং প্রধান প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট ও মালিসু আদালতের জজ শ্রীযুত জে, জি, চালস সাহেব সিবিল কার্য্যকারকের ছুটীর বিধির ২৪ (a) ধারামতে দুই দিনের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৯ আপ্রিল।—শ্রীযুত ডি, এম বারবর সাহেবের পরিবর্ত্তে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী শ্রীযুত এচ, এল, হ্যারিসন সাহেব যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৬ মে।]

POLICE —*The 16th April* 1879 —Inspector Ameer Khan, of the Durbhunga district, is promoted from the Third to the Second Grade of Inspectors, *vice* Inspector Peary Lall Chatterjee, resigned The promotion will have effect from the 1st instant

The 26th April 1879 —Mr D J Poole, Assistant Superintendent of Police, reported his departure from India on furlough on the 5th instant

The 28th April 1879 —Mr W D Pratt, District Superintendent of Police, reported his departure from India on furlough on the 8th instant

The 29th April 1879 —The following acting promotions in the Police Department are sanctioned with effect from the dates mentioned, in supersession of those notified in the *Calcutta Gazette* of the 2nd instant —

To act in the First Grade of District Superintendents —

Lieutenant-Colonel C T Hitchins, from the 21st March 1879

To act in the Second Grade of District Superintendents —

Mr A H Giles, from the 6th March 1879
„ H W. J Bamber, from the 21st March 1879

To act in the Third Grade of District Superintendents —

Mr J M E Gouldsbury, } from the 6th March 1879
„ A Blair, }
„ W H Cornish, from the 21st March 1879

To act in the Fourth Grade of District Superintendents —

Mr J B Goad, } from the 6th March 1879
„ W B Maxwell, }
„ H G Wilkins, from the 21st March 1879

Mr J F Needham, Assistant Superintendent of Police, acted in the First Grade of Assistant Superintendents of Police from the date on which he was relieved of his appointment as Officiating District Superintendent of Police, Backergunge, to the date on which he joined his appointment as Officiating District Superintendent of Police, Chittagong Hill Tracts

ECCLESIASTICAL —*The 24th April* 1879 —Under Section 7 of Act XV of 1872, the Rev Mathoora Nath Bose, B A, is appointed to be a Marriage Registrar at Gopalgunge, in Furreedpore Mr Bose is also authorized, under clause 5, section 5 of the said Act, to grant certificates of marriage between persons who are Native Christians

The 28th April 1879 —Baboo Probhoodin Misser is authorized, under clause 5, section 5 of Act XV of 1872, to grant certificates of marriage between Native Christians

OPIUM —*The 24th April* 1879 —Mr H F Drummond, Assistant Sub-Deputy Opium Agent, Monghyr, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 5th May 1879, or any subsequent date

MEDICAL —*The 17th April* 1879 —The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Dhunyakhally Charitable Dispensary in the district of Hooghly —

Baboo Amerto Lall Banerjee, Zemindar
„ Charu Chunder Mookerjea, Zemindar
„ Jadu Nath Mookerjea, Rural Sub-Registrar
„ Kala Chand Rokhit, Merchant

The 18th April 1879 —Baboo Bani Madhub Chatterjee is appointed to be Secretary to the Committee for the management of the Charitable Dispensary at Goberdangah in the district of the 24 Pergunnahs, *vice* Baboo Grish Chunder Bose, transferred

The 21th April 1879 —Assistant Surgeon Kailas Chunder Bose is allowed leave for 18 months, under Section 9, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 18th April 1878.

[*Government Gazette, 6th May* 1879]

পোলীস বিষয়ক।—১৮৭৯ সাল ১৬ আপ্রিল।—ইনস্পেক্টর শ্রীযুত পেয়ারীলাল চট্টোপাধ্যায় কর্ম্ম ত্যাগ করাতে হাবড়ার জিলার ইনস্পেক্টর শ্রীযুত আমবখ্শ ইনস্পেক্টরদের তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন। এই পদোন্নতি এই মাসের ১ তারিখ অবধি ফলবৎ হইবে।

১৮৭৯ সাল ২৬ আপ্রিল।—পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডি, জে, পুল সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৫ তারিখে ভারতবর্ষ হইতে গমন করিয়াছেন রিপোর্ট করেন।

১৮৭৯ সাল ২৮ আপ্রিল।—পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, ডি, গ্রাট সাহেব নিয়মিত ছুটী লইয়া এই মাসের ৮ তারিখে ভারতবর্ষ হইতে গমন করিলেন রিপোর্ট করেন।

১৮৭৯ সাল ২৯ আপ্রিল।—এই মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের পোলীস কার্য্যবিভাগের একটিং পদ বৃদ্ধির যে কথা প্রকাশ করা গিয়াছে তাহা রহিত করিয়া মার্চ মাসের পার্শ্বলিখিত তারিখ অবধি উক্ত কার্য্যবিভাগের একটিং পদোন্নতি অনুমোদন হইল।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত সি, টি, হিচিন্স সাহেব, ১৮৭৯ সালের ২৮ মার্চ অবধি,
ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ, এচ, জাইল্স সাহেব, ১৮৭৯ সালের ৬ মার্চ অবধি।
,, এচ, ডবলিউ, জে, বাম্বর সাহেব, ১৮৭৯ সালের ২১ মার্চ অবধি,
ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে, এম, ই, ওল্সবরু সাহেব, } ১৮৭৯ সালের ৬ মার্চ অবধি,
,, এ, বেুর সাহেব }
,, ডবলিউ, এচ, কার্ণল সাহেব, ১৮৭৯ সালের ২১ মার্চ অবধি,
ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টদের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে, বি, গোড সাহেব, } ১৮৭৯ সালের ৬ মার্চ অবধি,
,, ডবলিউ, বি, মাক্কাওয়েল সাহেব, }
,, এচ, জি, উইলকিন্স সাহেব ১৮৭৯ সালের ২১ মার্চ অবধি,
ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টদের চতুর্থ শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এফ, নিডাম সাহেব, বাকরগঞ্জের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টস্বরূপ স্বীয় কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিবার তারিখ অবধি চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম গ্রহণের তারিখ পর্য্যন্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিয়াছেন।

ধর্ম্মব্যাধ্য সম্পর্কীয়।—১৮৭৯ সাল ২৪ আপ্রিল।—পাদরী শ্রীযুত মথুরানাথ বসু, বি, এ ১৮৭২ সালের ১৫ আইনের ৭ ধারামত ফরিদপুরের অন্তর্গত গোপালগঞ্জে বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন। তিনি খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের মধ্যে বিবাহের সর্টিফিকট দিতে উক্ত আইনের ৫ ধারার ৫ প্রকরণমত ক্ষমতা পাইলেন।

১৮৭৯ সাল ২৮ আপ্রিল।—শ্রীযুত বাবু প্রভুদিন মিশ্র খ্রীষ্টধর্ম্মাবলম্বি এদেশীয় ব্যক্তিদের বিবাহের সর্টিফিকট দিতে ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে ক্ষমতা পাইলেন।

আফীন বিষয়ক।—১৮৭৯ সাল ২৪ আপ্রিল।—মুঙ্গেরের আফীনের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ, এফ, ড্রমণ্ড সাহেব, ১৮৭৯ সালের ৫ মে অবধি অথবা তাহার পর কোন তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

চিকিৎসাবিষয়ক।—১৮৭৯ সাল ১৭ আপ্রিল।—নিম্নলিখিত মহাশয়েরা হুগলী জিলার অন্তর্গত ধনিয়াখালির দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

জমীদার শ্রীযুত বাবু অমৃতলাল বন্দ্যোপাধ্যায়।
,, ,, ,, চারুচন্দ্র মুখোপাধ্যায়।
গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু যদুনাথ মুখোপাধ্যায়।
সওদাগর শ্রীযুত বাবু কালাচাঁদ রক্ষিত।

১৮৭৯ সাল ১৮ আপ্রিল।—শ্রীযুত বাবু গিরীশচন্দ্র বসু স্থানান্তরে প্রেরিত হওয়াতে শ্রীযুত বাবু বেণীমাধব চট্টোপাধ্যায় ২৪ পরগনা জিলার অন্তর্গত গোবরডাঙ্গার দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৪ আপ্রিল।—আসিষ্টাণ্ট সর্জ্জন শ্রীযুত কৈলাসচন্দ্র বসু ১৮৭৮ সালের ৩ আপ্রিলের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে আঠার মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৬ মে।]

The 28th April 1879 —Assistant Surgeon Bhagabat Chandra Rudra, House Physician to the First Physician's Wards, Medical College Hospital, Calcutta, is allowed leave for one year, under Section 9, Supplement F to the Civil Leave Code.

Assistant Surgeon Man Mohan Das, temporarily attached to the Police Hospital, Calcutta, is appointed to be Resident Assistant Surgeon to the Campbell Hospital, Sealdah

Assistant Surgeon Akshoy Kumar Pain, Resident Assistant Surgeon to the Campbell Hospital, Sealdah, is appointed to have medical charge of the Police Hospital, Calcutta during the absence, on deputation, of Assistant Surgeon Zuhurooddeen, or until further orders

The 29th April 1879 —Assistant Surgeon Onoocool Chunder Chatterjee is allowed leave for one year, under Section 9, Supplement F to the Civil Leave Code, in extension of that granted to him under orders of the 31st October last

PORT TRUST —*The 24th April* 1879 —Mr C J Brookes is appointed, under Section 13, Act V (B C) of 1870, to act as a Commissioner for making improvements in the Port of Calcutta, during the absence, on leave, of Mr J B Knight, C I E.

MUNICIPAL —*The 16th April* 1879 —The following gentlemen are appointed to be Commissioners of the Municipality of Debhatta in the district of the 24-Pergunnahs —

Baboo Amirta Nath Ghose, Guntidar, *vice* Baboo Sreenarain Banerjea
„ Anoda Prosaud Bose, Guntidar, *vice* Baboo Poornoo Chunder Roy
„ Deno Nath Mookerjea, Guntidar
„ Jogendro Nath Sircar, Zemindar, *vice* Baboo Priya Nath Sircar
„ Madhob Chunder Roy, Guntidar, *vice* Baboo Peary Mohun Chowdry
„ Mohima Chunder Ghose, Guntidar, *vice* Baboo Russick Chunder Ghose
„ Probodh Chunder Roy, Guntidar, *vice* Baboo Boikunto Nath Mozoomdar

Baboo Bamondeb Ghosal, landowner, is appointed to be a Commissioner for the Municipality of Dainhat in the district of Burdwan

The following gentlemen are re appointed to be Commissioners of the above Municipality —

Baboo Bissessur Banerjee | Baboo Hurry Doss Mookerjee.
Baboo Kaliprosonno Mookerjee.

The 19th April 1879 —The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Raneegunge Municipality of Baboo Obhoy Churn Mookerjee to be their Vice-Chairman for the year 1879 80

The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Kishnaghur Municipality of Baboo Umesh Chunder Dutt to be their Vice-Chairman for the year 1879-80

The 21st April 1879 —The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Ranaghat Municipality of Baboo Nogendro Nath Paul Chowdry to be their Vice-Chairman for the year 1879-80

The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Midnapore Municipality of Mr T D Beighton, Joint-Magistrate and Deputy Collector, to be their Vice-Chairman for the year 1879-80.

The following gentlemen are re-appointed to be Commissioners of the Boidabatty Municipality in the district of Hooghly —

Baboo Chunder Shikhur Mookerjee.
„ Gobindo Chunder Mookerjee
„ Radhica Prosad Singha

Baboo Mohendro Chunder Mitter, Pleader, is appointed to be a Commissioner of the Nyehatty Municipality in the district of the 24-Pergunnahs, *vice* Baboo Jadub Chunder Gangooly, deceased

The following gentlemen are re-appointed to be Commissioner of the Ranaghat Municipality in the district of Nuddea —

Baboo Beni Madhub Mookerjee
„ Rakhal Das Mullick
„ Trilochun Bhuttacharjee

[*Government Gazette*, 6*th May* 1879]

১৮৭৯ সাল ২৮ আপ্রিল ।—কলিকাতার মেডিকাল কালেজ হাস্পাতালের প্রথম ফিজিশানের ওয়ার্ডের হৌস ফিজিসন আসিষ্টান্ট সর্জন শ্রীযুত ভাগবতচন্দ্র কর সিবিল কার্য কারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে এক বৎসরের ছুটী পাইলেন।

কিয়ৎ কালের নিমিত্ত কলিকাতার পোলীস হাস্পাতালে নিযুক্ত আসিষ্টান্ট সর্জন শ্রীযুত মনোমোহন দাস শিয়ালদহস্থ কাম্বেল হাস্পাতালে রেসিডেন্ট আসিষ্টান্ট সর্জনের পদে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে আসিষ্টান্ট সর্জন শ্রীযুত জহরুদ্দীনের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শিয়ালদহস্থ কাম্বেল হাস্পাতালের রেসিডেন্ট আসিষ্টান্ট চিকিৎসক আসিষ্টান্ট সর্জন শ্রীযুত অক্ষয়কুমার পাইন কলিকাতার পোলীস হাস্পাতালের চিকিৎসা কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৯ আপ্রিল।—আসিষ্টান্ট সর্জন শ্রীযুত শম্ভুকুল চন্দ্র চট্টোপাধ্যায় গত অক্টোবর মাসের ৩১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য কারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে এক বৎসরের ছুটী পাইলেন।

পোর্ট ট্রষ্ট বিষয়ক।—১৮৭৯ সাল ২৪ আপ্রিল।—শ্রীযুত জে, বি, নাইট সি, আই, ই, সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে শ্রীযুত সি, জে, ক্রস সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ১৫ ধারামতে কলিকাতার বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশনরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মুনসিপল বিষয়ক।—১৮৭৯ সাল ১৮ আপ্রিল—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত দেবহাটা মুনিসিপালিটীর কমিশনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু শ্রীনারায়ণ বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে গাঁতিদার শ্রীযুত বাবু অমৃতনাথ ঘোষ।
,, বাবু পূর্ণচন্দ্র রায়ের পরিবর্ত্তে গাঁতিদার শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ বসু।
গাঁতিদার শ্রীযুত বাবু দীননাথ মুখোপাধ্যায়।
শ্রীযুত বাবু প্রিয়নাথ সরকারের পরিবর্ত্তে জমীদার শ্রীযুত বাবু যোগেন্দ্র নাথ সরকার।
,, বাবু পিয়ারীমোহন চৌধুরীর পরিবর্ত্তে গাঁতিদার শ্রীযুত বাবু মাধবচন্দ্র রায়।
,, ,, রসিকচন্দ্র ঘোষের পরিবর্ত্তে গাঁতিদার শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ।
,, ,, বৈকুণ্ঠ নাথ মজুমদারের পরিবর্ত্তে গাঁতিদার শ্রীযুত বাবু প্রবোধচন্দ্র রায়।

ভূম্যধিকারি শ্রীযুত বাবু বামনদেব ঘোষাল বর্দ্ধমান জিলার অন্তর্গত উঁইহাট মুনিসিপালিটীর কমিশনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা উক্ত মুনিসিপালিটীর কমিশনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বিশ্বেশ্বর বন্দ্যোপাধ্যায় | শ্রীযুত বাবু হরিদাস মুখোপাধ্যায়,
শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়।

১৮৭৯ সাল ১৯ আপ্রিল।—রাণীগঞ্জ মুনিসিপালিটীর কমিশনরেরা শ্রীযুত বাবু অভয়াচরণ মুখোপাধ্যায়কে ১৮৭৯।৮০ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে পুনর্ব্বার মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

কৃষ্ণনগর মুনিসিপালিটীর কমিশনরেরা শ্রীযুত বাবু উমেশচন্দ্র দত্তকে ১৮৭৯।৮০ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৭৯ সাল ২১ আপ্রিল।—রাণাঘাট মুনিসিপালিটীর কমিশনরেরা শ্রীযুত বাবু নগেন্দ্রনাথ পাল চৌধুরীকে ১৮৭৯।৮০ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

মেদিনীপুর মুনিসিপালিটীর কমিশনরেরা জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি, ডি, বেটন সাহেবকে ১৮৭৯।৮০ সালের নিমিত্ত আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা অনুমোদন করিলেন।

নিম্নলিখিত মহাশয়েরা হুগলী জিলার অন্তর্গত বৈদ্যবাটী মুনিসিপালিটীর কমিশনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু চন্দ্রশেখর মুখোপাধ্যায়।
,, ,, গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায়।
,, ,, রাধিকাপ্রসাদ সিংহ।

বাবু যাদবচন্দ্র গঙ্গোপাধ্যায়ের মৃত্যু হওয়াতে উকীল শ্রীযুত বাবু মহেন্দ্রচন্দ্র মিত্র ২৪ পরগনার জিলার অন্তর্গত নৈহাটী মুনসিপালিটীর কমিশনরের পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত রাণাঘাট মুনিসিপালিটীর কমিশনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু বেণীমাধব মুখোপাধ্যায়।
,, ,, রাখালদাস মল্লিক।
,, ,, ত্রিলোচন ভট্টাচার্য্য।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৬ মে।]

The following gentlemen are appointed to be Commissioners of the Joynuggur Municipality in the district of the 24 Pergunnahs —

Baboo Apurba Kristo Bose, Medical Practitioner
,, Chandra Kumar Banerjee, Manager of the estate of the late Baboo Hurro Mohan Dutt
,, Dina Nath Dutta, Head Master, Buroo English School
Joodally Mir, Police Sub Inspector
Baboo Kedar Nath Surkhal, Priest
,, Rakhal Das Ghose, Landholder
,, Siva Pershad Chatterjee, Landholder

The following gentlemen are re-appointed to be Commissioners of the above Municipality —

Baboo Ananda Chandra Ghose
,, Haran Chundra Mittra
,, Nilratton Mittra

ROAD CESS —*The 28th April* 1879 —Baboo Bisweswar Bhuttacharjee, Zemindar and Mahajun of Talkhuriee, is appointed to be a member of the Branch Road Cess Committee of Magoora, in the district of Jessore

ERRATA —*The 29th April* 1879 —In the orders of the 8th instant, published in the *Calcutta Gazette* of the 9th idem, sanctioning the promotion of certain Sub-Deputy Collectors in the Dacca Division, *for* " Baboo Doorga Mohun Das" *read* " Baboo Doorga Mohun Ghose "

In the orders of the 31st ultimo, published in the *Calcutta Gazette* of the 2nd instant appointing Mr C H Passe, Manager of the Balsah Indigo Concern, to be a member of the District Road Cess Committee, Moorshedabad, *for the words* " Mr C H Passe" *read* " Mr C H Pope "

The following notification is re-published from the *Assam Gazette* —

The 16th April 1879 —Mr H F Matthews, c s, Officiating Assistant Commissioner First Grade, from Sibságar to North Lakhimpore

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 28th April 1879 —In modification of rules 3 and 12 of the rules for the registration and licensing of cargo-boats published in the *Calcutta Gazette* of the 18th December 1878, the Lieutenant Governor orders the publication of the following amended rules for general information —

Amended Rule 3.

Every license granted under these rules shall continue in force for one year from the date on which such license was issued, unless it shall have been revoked under the provisions of these rules The license is not transferable, and if the ownership of the boat is changed notice of the transfer must be given to the Port Commissioners before the boat again plies in the port

Amended Rule 12

Every cargo-boat shall be provided with an iron caboose or fire-place to be kept on deck, or in such other part of the boat as the Surveyor may direct, and no fire shall be permitted in any other part of the boat Every cargo-boat shall carry a light in a lantern in the fore part of the boat where it can be distinctly seen when under weigh after dark

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

NOTIFICATION.

The 29th April 1879 —It is hereby notified for general information that, under the provisions of Section 11, Act VIII, 1878, the space on the east bank of the river Hooghly, lying between jetty No 8 on the north and Chandpal Ghât on the south, is appointed the wharf for landing all goods discharged from vessels not lying at the jetties

A MACKENZIE,
Secy to the Govt. of Bengal

[*Government Gazette, 6th May* 1879.]

নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত জয়নগর মুনসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

চিকিৎসক শ্রীযুত বাবু অপূর্ব্বকৃষ্ণ বসু।
মৃত বাবু হরমোহন দত্তের ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু চন্দ্রকুমার বন্দোপাধ্যায়।
বড়ু ইংরেজী স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু দীননাথ দত্ত।
পোলীসের সব-ইনস্পেকটর শ্রীযুত জুলফাআলী মির।
পুরোহিত শ্রীযুত বাবু বেন্দাবনাথ সরখেল।
ভূম্যধিকারী শ্রীযুত বাবু রাখালদাস ঘোষ।
„ „ „ শিবপ্রসাদ চট্টোপাধ্যায়।

নিম্নলিখিত মহাশয়েরা উপরোক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু আনন্দচন্দ্র ঘোষ।
„ „ হরাচন্দ্র মিত্র।
„ „ নীলবন্ধু মিত্র।

পথকর বিষয়ক।—১৮৭৯ সাল ২৮ আপ্রেল।—তালখুদির জমীদার ও মহাজন শ্রীযুত বাবু বিশ্বেশ্বর ভট্টাচার্য্য যশোহর জিলার অন্তর্গত মাগুড়ার শাখ পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

অশুদ্ধশোধন।—১৮৭৯ সাল ২৯ আপ্রিল।—এই মাসের ১৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত ঢাকা শহরের কোন সব-ডেপুটী কালেক্টরের পদোন্নতি হইবার অনুমোদন বিষয়ক এই মাসের ৯ তারিখের আজ্ঞাতে "শ্রীযুত বাবু দুর্গামোহন দাস" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত বাবু দুর্গামোহন ঘোষ" পাঠ করিতে হইবে।

বাদসা লীল কুঠীর কার্য্যাধ্যক্ষ শ্রীযুত সি, এচ, পাসে সাহেবের মুরশিদাবাদ জিলার পথকর কমিটীর মেম্বরের পদে নিয়োগবিষয়ক গত মাসের ৩১ তারিখের যে আজ্ঞা এই মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহাতে "শ্রীযুত সি, এচ, পাসে সাহেব" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত সি, এচ, পোপ সাহেব" পাঠ করিতে হইবে।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৯ সাল ১৬ আপ্রিল।—প্রথম শ্রেণীর একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এচ, এফ, মাথিউস সাহেব, সি, এস, শিবসাগর হইতে উত্তর লক্ষীপুরে প্রেরিত হইলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৮ আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ১৮৭৮ সালের ৩১ ডিসেম্বরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত মালের নৌকা রেজিষ্টরী করণ ও লাইসেন্স দেওন বিষয়ক বিধির ১ ও ২ ধারা পরিবর্ত্তন করিয়া নিম্নলিখিত ধারা সাধারণের অবগতার্থে প্রকাশ করিবার আজ্ঞা করিলেন।

সংশোধিত ১।

এ বিধি বিধানমতে রহিত করা না গেলে, এই বিধিমতে দত্ত প্রত্যেক লাইসেন্সপত্রের তারিখ অবধি এক বৎসর তাহা বলবৎ থাকিবে। লাইসেন্সপত্র হস্তান্তর করা যাইতে পারিবে না, নৌকার স্বামিত্বের পরিবর্ত্তন হইলে সেই নৌকা বন্দরে গমনাগমন করিবার পূর্ব্বে বন্দরের কমিশ্যনরদিগকে উক্ত নৌকা হস্তান্তর করণের নোটিস দিতে হইবে।

সংশোধিত ১২।

সরবেয়র মালের নৌকার ভিতরে অথবা অন্য যে স্থানে আদেশ করেন উক্ত নৌকার সেইস্থানে লোহার উনান বা অগ্ন্যাধার রাখিতে হইবে অন্য কোন স্থানে রাখিবার অনুমতি হইবে না মালের নৌকা সন্ধ্যার পর গমনাগমন করিলে তাহার সম্মুখের যে স্থানে রাখিলে স্পষ্টরূপে দেখা যাইতে পারে এমত স্থানে লণ্ঠনের ভিতর আলো রাখিতে হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২৯ আপ্রিল।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৭৮ সালের ৮ আইনের ১১ ধারার বিধানমতে উত্তরদিগে ৮নং জেটীর ও দক্ষিণদিগে চাঁদপাল ঘাটের মধ্যগত হুগলি নদীর পূর্ব্ব তটে যে ফাঁক আছে জেটীর ধারে যে সকল জাহাজ না থাকে তাহার মাল সেই স্থানে নামাইবার নিমিত্ত ওয়ার্ফ নির্দ্দিষ্ট হইল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৬ মে।]

NOTIFICATION

যে বৎসর বাকী পড়ে সেই বৎসর শেষ না হইলে বাকী রাজস্বের কি তদ্রূপে আদায়যোগ্য অন্য প্রাপ্য টাকার আদায় জন্য কোর্টের রক্ষণাবেক্ষণাধীন কোন সংসৃষ্ট অবিভক্ত মহালের কি ভূসম্পর্কের অংশ যে ধারাক্রমে বিক্রীত হইতে পারিত না, আমরা সেই ধারাটী উঠাইয়া দিয়াছি। অপ্রাপ্ত বয়স্কের মহাল রক্ষার্থে এরূপ বিধান অনাবশ্যক, কারণ অপ্রাপ্ত বয়স্কের স্বতন্ত্র অংশের জন্য কালেক্টর সাহেবের খাতায় স্বতন্ত্র হিসাব খোলা যাইতে পারে। অপর পক্ষে, যদি অন্য অংশিদারেরা এই জানিয়া আপন২ অংশের রাজস্ব না দেয় যে অপ্রাপ্তবয়স্কের মহালের সংরক্ষণের বিধানদ্বারা তাহাদেরও সংরক্ষণ হইবে, তাহা হইলে এরূপ বিধানদ্বারা গবর্ণমেন্টের বিশেষ অনিষ্ট হইতে পারে, কারণ স্বতন্ত্র হিসাব খোলা না গেলে বাকী রাজস্বজন্য ঐ সমুদয় মহাল নতুবা কিছুই বিক্রয় করা যাইবে না। যে মহাল একমাত্র অপ্রাপ্তবয়স্কের সম্পত্তি, বাকী রাজস্বজন্য সেই মহালের বিক্রয় বারণ এখনও থাকিল।

কোন ব্যক্তি অযোগ্য বলিয়া বিশ্বাস হইলে, যে জিলায় সেই ব্যক্তি কি তাহার সম্পত্তি থাকে সেই জিলার কালেক্টর সাহেবের দ্বারা সেই ব্যক্তির ও তাহার সম্পত্তির কোন২ অনুসন্ধান জিলার কালেকটর সাহেব লইতে পারিবেন, ২৯ ও ৩০ ধারায় এইরূপ বিধান করা গিয়াছে।

আমরা ষষ্ঠ খণ্ডের প্রথমে একটী ধারা দিয়া বিধান করিয়াছি যে, কোন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা না হইলে, সম্পত্তির অধিকাংশ যে জিলায় থাকে সেই জিলার কালেকটর সাহেব, কিম্বা অন্য যে কালেকটর সাহেবকে কোর্ট নিযুক্ত করেন সেই কালেকটর সাহেব, কার্য্যাধ্যক্ষের কর্ত্তব্য সম্পাদন করিতে পারিবেন।

৪৫ ধারায় আমরা বিধান করিয়াছি যে অপ্রাপ্তবয়স্ক নহে ও ক্ষিপ্তমনা নহে ওয়ার্ড এরূপ স্ত্রীলোক হইলে ঋণ পরিশোধ ও ভূমির কি সম্পত্তির উন্নতি সাধন করণানন্তর মহালের উদ্বৃত্ত উপস্বত্ব তাঁহার ইচ্ছামত ব্যবহার জন্য তাঁহাকে দেওয়া যাইবে। আর যে সকল ব্যক্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে অপ্রাপ্তবয়স্ক ছিলেন এবং সংসৃষ্ট ভূস্বামিদের অপ্রাপ্তবয়স্ক অবস্থা থাকিতে আপন সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে রাখিয়া দিয়াছেন, তাঁহাদের প্রতিও উক্ত বিধান বর্ত্তান গিয়াছে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১৩ মে।]

We have struck out, as covered by the general powers of the Court, the section which empowered the Court to compromise claims and refer them to arbitration.

We have provided that the prohibition of adoption without the consent of the Lieutenant-Governor is not to apply to major proprietors whose property remains under the charge of the Court with their consent.

We have substituted for sections 61 and 62 of the old Bill a revised section making all arrears of rent payable in respect of a ward's estate recoverable by the same process as rents payable to a Collector on account of Government.

We have struck out the section which empowered proprietors to sue persons professing to have acted under the authority of the Court for acts done in contravention of the Court of Wards Act or for breach of trust, as the right to sue in such cases exists without any specific enactment.

C T BUCKLAND
H L DAMPIER.
A MACKENZIE
J O'KINEALY.
MOHINY MOHUN ROY
PRAMATHA NATHA ROY,
of Dighapatea.

The 22nd March 1879.

[*Government Gazette*, *18th May* 1879.]

মাওয়ার রক্ষা করিবার ও তাহা সালিসীতে অর্পণ করিবার ক্ষমতা যে ধারাক্রমে কোর্টকে দেওয়া গিয়াছিল, কোর্টের সাধারণ ক্ষমতার অন্তর্গত বলিয়া তাহা আমরা উঠাইয়া দিয়াছি।

আমরা বিধান করিয়াছি যে, যে সকল প্রাপ্তবয়স্ক ভূস্বামিদের সম্মতিক্রমে তাঁহাদের সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতি বিনা পোষ্যপুত্র গ্রহণ নিষেধ তাঁহাদের প্রতি বর্ত্তিবে না।

আমরা পুরাতন পাণ্ডুলিপির ৬১ ও ৬২ ধারার পরিবর্ত্তে একটি সংশোধিত ধারা দিয়া বিধান করিয়াছি যে, যে প্রকারে কালেক্টর সাহেব গবর্ণমেন্টের প্রাপ্য খাজানা আদায় করেন, ওয়ার্ডের মহালের বাকী খাজানা সেইরূপে আদায় করা যাইবে।

কোর্টঅব ওয়ার্ডস বিষয়ক আইন লংঘন করিয়া কিম্বা বিশ্বাসঘাতকতা করিয়া যে ব্যক্তি প্রকাশ্যরূপে কোর্টের অনুমতিক্রমে কার্য্য করিয়াছে তাহার নামে মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতা যে ধারায় ভূস্বামিদিগকে দেওয়া হইয়াছিল, আমরা সেই ধারা উঠাইয়া দিয়াছি, কারণ বিশেষ বিধান ব্যতিরেকে এরূপস্থলে মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব আছে।

সি, টি, বকলাণ্ড।
এচ, এল, ডাম্পিয়ার।
এ, মাকেঞ্জি।
জে, ওকিনেলী।
মোহিনী মোহন রায়।
প্রমথনাথ রায় (দিঘাপতিয়ার।)

১৮৭৯ সাল ২২ মার্চ।

RE-AMENDED BILL.

A Bill to amend the law relating to the Court of Wards.

Preamble

WHEREAS it is expedient to amend the law relating to the Court of Wards within the territories under the administration of the Lieutenant-Governor of Bengal; It is enacted as follows —

PART I.

PRELIMINARY

Short title.

1 This Act may be called the Court of Wards Act, 1879.

Extent

It extends to all the territories under the administration of the Lieutenant-Governor of Bengal, including the scheduled districts of Bengal as defined in the Scheduled Districts Act, 1874

Commencement

It shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Repeal of Acts

2 Bengal Act IV of 1870 (the Court of Wards Act), section 11 of Act XXXV of 1858, sections 12, 14, and 15 of Act XL of 1858, and so much of section 21 of Act XL of 1858 as provides that the Civil Court may direct the Collector to take charge of an estate, are hereby repealed

All persons and properties which at the commencement of this Act are under the charge of the Court of Wards as constituted by Bengal Act IV of 1870 shall be deemed to be under the charge of the Court of Wards as constituted by this Act.

And all persons and properties which at the commencement of this Act are under the charge of the Collector by virtue of an order of the Civil Court under section 11 of Act XXXV of 1858, or under section 12, section 14, or section 21 of Act XL of 1858, shall from such commencement be deemed to be under the charge of the Court of Wards

And all rules prescribed, orders or appointments made, and agreements executed under the Court of Wards Act, 1870, and now in force, shall (so far as they are consistent with this Act) be deemed to be respectively prescribed, made, and executed under this Act

[*Government Gazette*, 13*th May* 1879]

পুনঃ সংশোধিত পাণ্ডুলিপি।

কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

অনুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক আইন সংশোধন করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম খণ্ড।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭৯ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তি।

তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের আইন অনুযায়ী বঙ্গদেশের তফসীলে লেখা প্রদেশ সমেত, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন সমুদয় দেশের প্রতি এই আইন বর্ত্তিবে।

আরম্ভ।

এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতসহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রবল হইবে।

যে যে আইন রহিত হইল।

২ ধারা। কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইন, ১৮৫৮ সালের ৩৫ আইনের ১১ ধারা, ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ ও ১৪ ও ১৫ ধারা, ও ১৮৫৮ সালের ৪০ আইনের ২১ ধারার যে অংশে বিধান আছে যে দেওয়ানী আদালত কোন মহালের ভার গ্রহণ করিতে কালেক্টর সাহেবকে আদেশ করিতে পারেন সেই অংশ, এতদ্দারা রহিত করা গেল।

১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইনক্রমে সংগঠিত কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে এই আইন প্রচলিত হইবার সময়ে যে সকল ব্যক্তি ও সম্পত্তি থাকে, সেই সকল এই আইনক্রমে সংগঠিত কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে আছে বলিয়া জ্ঞান করা যাইবে।

১৮৫৮ সালের ৩৫ আইনের ১১ ধারামতে, অথবা ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ কি ১৪ কি ২১ ধারামতে দেওয়ানী আদালতের আদেশক্রমে কালেক্টর সাহেবের রক্ষণাবেক্ষণাধীনে এই আইন প্রচলিত হইবার সময়ে যে সকল ব্যক্তি ও সম্পত্তি থাকে, সেই সকল তৎসময়াবধি কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে আছে বলিয়া জ্ঞান করা যাইবে।

এবং কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭০ সালের আইনক্রমে যে সকল বিধি প্রণীত, আদেশ কি নিয়োগ কৃত ও নিয়মপত্র সম্পাদিত হইয়া এক্ষণে বলবৎ আছে সেই সকল যত দূর এই আইন সঙ্গত হয়, এই আইনক্রমে প্রণীত কৃত ও সম্পাদিত বলিয়া জ্ঞান করা যাইবে।

And all orders and appointments made by Collectors under Act XXXV of 1858 or Act XL of 1858, and now in force, shall (so far as they are consistent with this Act) be deemed to be made under this Act

And all suits and proceedings now pending, which may have been commenced under the Court of Wards Act, 1870, or by Collectors under Act XXXV of 1858 or Act XL of 1858, shall be deemed to be commenced under this Act

এবং ১৮৫৮ সালের ৩৫ আইন কি ১৮৫৮ সালের ৪০ আইনক্রমে কালেক্টর সাহেবদের কৃত যে সমুদয় আদেশ ও নিয়োগ এক্ষণে বলবৎ আছে, তৎসমুদয় যত দূর এই আইন সঙ্গত হয় এই আইনক্রমে কৃত বলিয়া জ্ঞান করা যাইবে।

ও কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭০ সালের আইনক্রমে, অথবা ১৮৫৮ সালের ৩৫ আইন কি ১৮৫৮ সালের ৪০ আইনমতে কালেক্টর সাহেবদের কর্তৃক যে সকল মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য আরব্ধ হইয়া এক্ষণে চলিতেছে, তৎসমুদয় এই আইনক্রমে আরব্ধ হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

3 In this Act, unless there be something repugnant in the subject or context—

Interpretation

"Collector" includes any officer in charge of the revenue jurisdiction of a district

"Collector"

"The Court" means the Court of Wards;

"Court"

or, when the Court of Wards has delegated any of its powers to a Commissioner or Collector or any other person, it means, in respect of such powers, the Commissioner or Collector or person to whom they are delegated

"Estate" means all lands which are borne on the revenue-roll of a Collector as liable for the payment of one and the same demand of land revenue

"Estate"

"Minor" means a person who has not completed his age of twenty-one years

"Minor"

"Section" means a section of this Act

"Section"

"Ward" means any person who is under the charge of the Court of Wards, or whose property is under such charge.

"Ward."

৩ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে

অর্থ করণ।

"কালেক্টর" শব্দে কোন জিলার রাজস্ব সম্পর্কীয় বিচারাধিপত্যে ভার প্রাপ্ত কার্য্যকারককেও বুঝাইবে।

"কালেক্টর"

"কোর্ট" শব্দে কোর্ট অব ওয়ার্ডস বুঝাইবে, কিম্বা কোর্ট অব ওয়ার্ডস স্বীয় ক্ষমতা কমিশ্যনর সাহেব কি কালেক্টর সাহেব কি অন্য কোন ব্যক্তির প্রতি অর্পণ করিলে ঐ ক্ষমতা সম্বন্ধে তৎপ্রাপ্ত কমিশ্যনর সাহেব কি কালেক্টর সাহেব কি ব্যক্তিকেও বুঝাইবে।

"কোর্ট।"

কালেক্টরী তৌজিভুক্ত যে সমস্ত ভূমি ভূরাজস্ববিষয়ক একই প্রাপ্য টাকা দিবার দায়যুক্ত "মহাল" শব্দে তৎসমস্তই বুঝাইবে।

"মহাল।"

একবিংশতি বৎসর বয়স যাহার পূর্ণ হয় নাই "অপ্রাপ্তবয়স্ক" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

অপ্রাপ্তবয়স্ক।

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

"ধারা।"

যে ব্যক্তি বা যাহার সম্পত্তি কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে থাকে "ওয়ার্ড" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

"ওয়ার্ড।"

PART II.

CONSTITUTION, JURISDICTION, AND POWERS OF THE COURT OF WARDS

4 The Board of Revenue shall be the Court of Wards for the territories to which this Act extends

Board of Revenue to be Court of Wards.

It shall deal with every person and every property of which it may take or retain charge under this Act, or which may be placed under its charge by order of a competent Court, in accordance with the provisions of this Act

দ্বিতীয় খণ্ড।

কোর্ট অব ওয়ার্ডসের সংগঠন, এলাকা ও ক্ষমতার বিধি।

৪ ধারা। এই আইন যে যে দেশের প্রতি বর্ত্তে তথাকার রেবিনিউ বোর্ড কোর্ট অব ওয়ার্ডস হইবেন।

রেবিনিউ বোর্ড কোর্ট অব ওয়ার্ডস হইবে।

বোর্ড এই আইনক্রমে যে প্রত্যেক ব্যক্তির ও সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার লন বা রাখেন, অথবা যাহা এই আইনের বিধান অনুসারে উপযুক্ত আদালতের আদেশক্রমে বোর্ডের রক্ষণাবেক্ষণাধীনে সংস্থাপিত হয়, তাহা লইয়া কার্য্য করিবেন।

5 Proprietors of estates shall be held disqualified to manage their own property when they are—

Disqualified proprietors.

(*a*) females declared by the Court incompetent to manage their own property,

(*b*) persons declared by the Court to be minors,

(*c*) persons adjudged by a competent Civil Court to be of unsound mind, and incapable of managing their affairs,

(*d*) persons adjudged by a competent Civil Court to be otherwise rendered incapable by physical defects or infirmities of managing their own property

৫ ধারা। ভূসম্পত্তির স্বামিরা আপন ২ সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিবার অযোগ্য বলিয়া এই ২ স্থলে পরিগণিত হইবেন,

অযোগ্য ভূস্বামির কথা।

(ক) যে সকল স্ত্রীলোক স্বীয় সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া কোর্ট নির্দ্দেশ করেন, তাদৃশ স্ত্রীলোক হইলে,

(খ) যে সকল ব্যক্তিকে কোর্ট অপ্রাপ্তবয়স্ক বলিয়া নির্দ্দেশ করেন, তাদৃশ ব্যক্তি হইলে;

(গ) উপযুক্ত দেওয়ানী আদালতের বিচারে যে সকল ব্যক্তি ক্ষিপ্তমনা ও আপন বিষয় ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া নির্দ্ধারিত হয়, তাদৃশ ব্যক্তি হইলে

(ঘ) উপযুক্ত দেওয়ানী আদালতের বিচারে স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক যে সকল ব্যক্তি আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অন্যরূপে অক্ষম হইয়াছেন বলিয়া নির্দ্ধারিত হয়, তাদৃশ ব্যক্তি হইলে।

6 Whenever the sole proprietor of an estate, or all the joint proprietors of an estate are disqualified as provided in the last preceding section, the Court shall have power to take charge of all the property of every such proprietor or joint proprietor within its jurisdiction, and of the person of any such proprietor or joint proprietor who is resident within its jurisdiction, and also of the person and property of any minor member of the family of any such proprietor or joint proprietor who has an immediate or reversionary interest in the property of such proprietor or joint proprietor

Jurisdiction of Court over disqualified proprietors

Nothing contained in the first clause of this section or in any other part of this Act shall be held to affect any of the provisions of Act XXXIV of 1858, or the jurisdiction, as respects infants, of any High Court of Judicature

৬ ধারা। পূর্ব্ব ধারার বিধানক্রমে কোন মহালের একমাত্র ভূস্বামী, কিম্বা কোন মহালের সমুদয় সংসৃষ্ট ভূস্বামী, অযোগ্য হইলে, কোর্ট আপন এলাকার মধ্যস্থ তদ্রূপ ভূস্বামির বা সংসৃষ্ট ভূস্বামির সমুদয় সম্পত্তির, এবং ঐ এলাকার মধ্যে তদ্রূপ কোন ভূস্বামী বা সংসৃষ্ট ভূস্বামী বাস করিতে থাকিলে তাঁহার, এবং তদ্রূপ ভূস্বামির কি সংসৃষ্ট ভূস্বামির পরিবারস্থ কোন অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির তদ্রূপ ভূস্বামির বা সংসৃষ্ট ভূস্বামির সম্পত্তিতে বর্ত্তমান কি ভবিষ্যৎ স্বার্থ থাকিলে উক্ত ব্যক্তির ও তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভারগ্রহণ করিতে পারিবেন।

অযোগ্য ভূস্বামিদের উপর কোর্টের এলাকার কথা।

এই ধারার প্রথম প্রকরণের কিম্বা এই আইনের অন্য কোন অংশের কোন কথায় ১৮৫৮ সালের ৩৪ আইনের কোন বিধানের কিম্বা অপ্রাপ্তবয়স্কদিগের সম্বন্ধে হাই কোর্টের বিচারাধিপত্যের কোন বিঘ্ন হইবে না।

7 Whenever the circumstances of any ward become such that the Court could not take charge of him or of his property if he were not under its charge already, the Court shall be bound to release from its charge such person and his property

Court when bound to give up charge

৭ ধারা। যখন কোন ওয়ার্ডের অবস্থা এরূপ হয় যে কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে পূর্ব্ব হইতে না থাকিলে কোর্ট তাঁহার কি তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে পারিতেন না, কোর্ট উক্ত ব্যক্তিকে ও তাহার সম্পত্তি স্বীয় রক্ষণাবেক্ষণ হইতে মুক্ত করিতে বাধ্য হইবেন।

কোর্ট কোন্ সময়ে রক্ষণাবেক্ষণ ভার পরিত্যাগ করিবেন।

8 The Court may in its discretion, in any case in which it is empowered by this Act to take charge of the person and property of any disqualified proprietor—

Discretion of Court as to taking charge

(*a*) take charge of such property without taking charge of such person,

(*b*) refrain from taking charge of any such person or property,

(*c*) at any time withdraw from such charge if taken,

৮ ধারা। কোর্ট এই আইনমতে যে স্থলে কোন অযোগ্য ভূস্বামির ও তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে পারেন, কোর্ট আপন বিবেচনামতে

ভার গ্রহণ সম্বন্ধে কোর্টের বিবেচনার কথা।

(ক) উক্ত ব্যক্তিকে ছাড়িয়া তাঁহার সম্পত্তির ভারগ্রহণ করিতে পারিবেন,

(খ) উক্ত ব্যক্তির ও তাঁহার সম্পত্তির ভার গ্রহণ কার্য্য হইতে বিরত থাকিতে পারিবেন,

(গ) তদ্রূপ ভার গ্রহণ করিলেও তাহা যে কোন সময়ে পরিত্যাগ করিতে পারিবেন,

(*d*) at any time resume such charge, after having withdrawn from it.

(ঘ) পরিত্যাগ করিবার পরে, যে কোন সময়ে তদ্রূপ ভার পুনর্ব্বার গ্রহণ করিতে পারিবেন।

Procedure under Act XL of 1858, and Act XXXV of 1858

১৮৫৮ সালের ৪০ আইন ও ৩৫ আইনমতে অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি ও তাঁহার কার্য্যপ্রণালীর কথা।

9. Whenever a Civil Court thinks it necessary, under section 9 of Act XL of 1858, to make provision for the charge of the person and property of a minor,

৯ ধারা। ১৮৫৮ সালের ৪০ আইনের ৯ ধারামতে দেওয়ানী আদালত কোন অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি ও তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণার্থে বিধান করা আবশ্যক জ্ঞান করিলে,

whenever a Civil Court recalls any certificate under section 21 of the said Act,

কিম্বা দেওয়ানী আদালত উক্ত আইনের ২১ ধারামত সর্টিফিকেট ফিরাইয়া লইলে,

or whenever a person has been adjudged, under Act XXXV of 1858, to be of unsound mind and incapable of managing his affairs,

কিম্বা ১৮৫৮ সালের ৩৫ আইনমতে কোন ব্যক্তি ক্ষিপ্তমনা ও আপন বিষয় ব্যাপারের তত্ত্বাবধান করিতে অক্ষম বলিয়া নিষ্পত্তি হইলে

if the property of such minor or disqualified proprietor consists, in whole or in part, of land or any interest in land, the Civil Court may apply to the Court of Wards to take charge of the person and property of such minor or disqualified proprietor, and it shall be at the discretion of the Court of Wards to take charge of such person or property or to refuse to do so.

যদি উক্তরূপ অপ্রাপ্তবয়স্ক কি অযোগ্য ভূস্বামির সম্পত্তি ভূমি কি কোন ভূসম্পর্ক হয়, তাহা হইলে উক্তরূপ অপ্রাপ্তবয়স্ক কি অযোগ্য ভূস্বামির কি তাহার সম্পত্তির রক্ষণাবেক্ষণভার গ্রহণ করুন বলিয়া দেওয়ানী আদালত কোর্ট অব ওয়ার্ডসে প্রার্থনা করিতে পারিবেন, এবং কোর্ট অব ওয়ার্ডস আপন বিবেচনামতে উক্তরূপ ব্যক্তির কি সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিবেন বা করিতে অস্বীকার করিবেন

Nothing contained in sections 12 to 19 (both inclusive) of Act XXXV of 1858 shall be held to apply to persons or properties under the charge of the Court of Wards

১৮৫৮ সালের ৩৫ আইনের ১২ অবধি ১৯ পর্য্যন্ত কোন ধারার কোন কথা কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীন ব্যক্তির কি সম্পত্তির প্রতি যে বর্ত্তিবে, এরূপ জ্ঞান করা যাইবে না।

Procedure when estate is no longer under Court because some proprietors have ceased to be disqualified

কোন২ ভূস্বামির অযোগ্যতা শেষ হওয়াতে মহাল আর কোর্টের অধীন না থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

10. Whenever one or more of the joint proprietors of whose properties the Court of Wards has taken charge ceases to be subject to the jurisdiction of the Court of Wards, and the persons and properties of the remaining joint proprietors thereby cease to be subject to the jurisdiction of the Court of Wards, notwithstanding the otherwise continued disqualification of such remaining joint proprietors, the Civil Court which would have jurisdiction under Act XL of 1858 may, on the application of the Court of Wards, direct the Court of Wards to retain or resume charge of the persons and properties of the still disqualified proprietors during the continuance of their disqualification, or, subject to the provisions of section 12, for so long as such Civil Court may order

১০ ধারা। যে সকল সংসৃষ্ট ভূস্বামির সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার কোর্ট অব ওয়ার্ডস গ্রহণ করিয়াছেন তন্মধ্যে এক কি একাধিক ব্যক্তি যখন কোর্ট অব ওয়ার্ডসের এলাকা বহির্ভূত হন এবং তজ্জন্য অবশিষ্ট সংসৃষ্ট ভূস্বামিরা অযোগ্য থাকিলেও ঐ অবশিষ্ট সংসৃষ্ট ভূস্বামিরা ও তাঁহাদের সম্পত্তি আর কোর্ট অব ওয়ার্ডসের এলাকাধীন থাকে না, ১৮৫৮ সালের ৪০ আইনমতে যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্য থাকিত, সেই দেওয়ানী আদালত কোর্ট অব ওয়ার্ডসের প্রার্থনাক্রমে কোর্ট অব ওয়ার্ডসকে আদেশ করিতে পারিবেন যে অযোগ্য ভূস্বামিরা যাবৎ অযোগ্য থাকেন অথবা ১২ ধারার বিধানের নিয়মাধীনে উক্ত দেওয়ানী আদালত যে কাল নির্দ্ধারিত করিয়া আদেশ দেন তৎকাল পর্য্যন্ত কোর্ট তাঁহাদের ও তাঁহাদের সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার রাখেন কি পুনর্গ্রহণ করেন।

And in case any of the proprietors who have ceased to be subject to the jurisdiction of the Court of Wards so consent, the Court of Wards may retain or resume the charge of the properties of such proprietors, or any part thereof, so long as the property of any of the disqualified proprietors remains in charge of the Court of Wards.

এবং যাবৎ উক্তরূপ কোন অযোগ্য ভূস্বামির সম্পত্তি কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণে থাকে, যে যে ভূস্বামী কোর্ট অব ওয়ার্ডসের এলাকা বহির্ভূত হইয়াছেন তাঁহারা সম্মত হইলে কোর্ট অব ওয়ার্ডস তাঁহাদের সম্পত্তির কি তাহার কোন অংশের রক্ষণাবেক্ষণ ভার রাখিতে কি পুনগ্রহণ করিতে পারিবেন।

Withdrawal from charge by Court.

কোর্টের রক্ষণাবেক্ষণ ভার পরিত্যাগের কথা।

11. The Court of Wards may at any time withdraw from the charge of any person and property taken under section 9 or under section 10, and from the charge of any person or property which before the commencement

১১ ধারা। ৯ কিম্বা ১০ ধারাক্রমে কোন ব্যক্তির কি সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গৃহীত হইলে, কিম্বা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে, ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ কি ১৪ কি ২১ ধারামতে কিম্বা ১৮৫৮ সালের ৩৫ আই-

of this Act was placed under the charge of the Collector by a Civil Court under section 12, section 14, or section 21 of Act XL of 1858, or under section 11 of Act XXXV of 1858

Provided that it shall give notice of its intention to withdraw to the Civil Court concerned, and that such notice shall be given not less than two months before the Court of Wards shall so withdraw

12 Whenever, on the death of any ward, the succession to his property or any part thereof is in dispute, the Court may either direct that such property or part thereof be made over to any person claiming such property, or may retain charge of the same until the right to possession of the claimant has been determined under Bengal Act VII of 1876, or until the dispute has been determined by a competent Civil Court

Procedure when succession to property disputed

13 If within one year after the death of a ward the succession to whose property or some part thereof is in dispute, no suit be instituted to determine the right to the property so in dispute, the Court may cause the same to be sold by public auction, and the proceeds thereof, after deducting therefrom sums payable to Government, to be invested in promissory notes of the Government of India such notes to be held by the Court in trust for the person who may be entitled thereto

Power to sell property the succession to which is in dispute

Such sale shall be valid to pass the right, title, and interest in the property so sold, of such deceased ward and of every person claiming by, through, or under such deceased ward, or by way of succession, inheritance, remainder, or reversion

14 Subject to the provisions of this Act the Court—

General power of Court

(a) may, through its manager, do all such things requisite for the proper care and management of any property of which it may take or retain charge under this Act, or which may be placed under its charge by order of a competent Civil Court, as the proprietor of any such property, if not disqualified, might do for its care and management, and

(b) may, in respect of the person of any ward, do all such things as might be lawfully done by the legal guardian of such ward

সের ১১ ধারামতে দেওয়ানী আদালত কালেক্টর সাহেবের রক্ষণাবেক্ষণাধীনে যে কোন ব্যক্তি কি সম্পত্তি রাখিয়া থাকিলে, কোর্ট অব ওয়ার্ডস্ যে কোন সময়ে উক্ত রক্ষণাবেক্ষণভার পরিত্যাগ করিতে পারিবেন,

কিন্তু যে দেওয়ানী আদালত এতদ্বিষয়ে লিপ্ত থাকেন, উক্ত ভার পরিত্যাগের অভিপ্রায়ের নোটিস সেই দেওয়ানী আদালতকে দিতে হইবে, এবং কোর্ট অব ওয়ার্ডস্ উক্ত ভার পরিত্যাগের অন্যূন দুই মাস পূর্ব্বে ঐ নোটিস দিবেন।

১২ ধারা। কোন ওয়ার্ডের মৃত্যুর পর তাঁহার সম্পত্তির কি তাহার কোন অংশের উত্তরাধিকার লইয়া বিবাদ উপস্থিত হইলে, কোর্ট উক্ত সম্পত্তির দাওয়াকারী কোন ব্যক্তিকে ঐ সম্পত্তি কি তদংশ দিতে আদেশ করিতে পারিবেন, কিম্বা যাবৎ ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইন মতে দাওয়াদারের অধিকার স্বত্ব নির্ণীত না হয়, বা উপযুক্ত দেওয়ানী আদালত কর্ত্তৃক বিবাদের নিষ্পত্তি না হয়, উক্ত সম্পত্তির রক্ষণাবেক্ষণভার স্বহস্তে রাখিতে পারিবেন।

সম্পত্তির উত্তরাধিকার লইয়া বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

১৩ ধারা। যে ওয়ার্ডের সম্পত্তির কি তাহার কোন অংশের উত্তরাধিকার লইয়া বিবাদ হয়, তাঁহার মৃত্যুর পরে এক বৎসর মধ্যে বিবাদীয় সম্পত্তি সম্বন্ধীয় স্বত্ব নির্ণয়ার্থে মোকদ্দমা উপস্থিত করা না গেলে, কোর্ট প্রকাশ্যরূপে নীলাম করিয়া ঐ সম্পত্তি বিক্রয় করিবেন, এবং গবর্ণমেণ্টের দেয় টাকা বাদ দিয়া বিক্রয়োৎপন্ন টাকায় ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রমিসরি নোট ক্রয় করিবেন। যে ব্যক্তি স্বত্ববান হইবেন তাঁহার নিমিত্ত ন্যাসধারিরূপে কোর্ট উক্ত নোট রাখিবেন।

যে সম্পত্তির উত্তরাধিকার লইয়া বিবাদ হয়, তাহা বিক্রয় করিবার ক্ষমতার কথা।

উক্ত মৃত ওয়ার্ডের ও যে প্রত্যেক ব্যক্তি উক্ত মৃত ওয়ার্ডের বলে কি দ্বারা কি অধীনে কিম্বা উত্তরাধিকার কি দায়াধিকার কি ভাবি উত্তরাধিকার কি ভাবি দায়াধিকারক্রমে দাওয়া করেন তাঁহার তদ্রূপ বিক্রীত সম্পত্তিতে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক থাকে, তাহা হস্তান্তর করিবার সম্বন্ধে ঐ বিক্রয় সিদ্ধ হইবে।

১৪ ধারা। এই আইনের বিধানের নিয়মাধীনে (ক) কোর্ট এই আইনক্রমে যে কোন সম্পত্তির রক্ষণাবেক্ষণভার গ্রহণ করেন কি রাখেন, কিম্বা উপযুক্ত দেওয়ানী আদালতের আদেশক্রমে যে সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে সংস্থাপিত হয়, সেই সম্পত্তির যথাযোগ্য তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য স্বীয় কার্য্যাধ্যক্ষ দ্বারা এরূপ সমুদয় কার্য্য করিতে পারিবেন যাহা উক্ত সম্পত্তির স্বামী অযোগ্য না হইলে, তাহার যথাযোগ্য তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য করিতে পারিতেন, ও

কোর্টের সাধারণ ক্ষমতার কথা।

(খ) কোন ওয়ার্ডের সম্বন্ধে উক্ত ওয়ার্ডের আইনমত অভিভাবক আইনমতে যাহা কিছু করিতে পারিতেন, কোর্ট তৎসমুদয় করিতে পারিবেন।

15 The Court may exercise all or any powers conferred on it by this Act through the Commissioners of the Divisions and the Collectors of the Districts in which any part of the property of the disqualified proprietor may be situated, or through any other person whom it may appoint for such purpose

Exercise of powers conferred on Court through others

The Court may, with the sanction of the Lieutenant Governor, from time to time delegate any of its powers to such Commissioners or Collectors or other person as aforesaid, and may at any time with the like sanction revoke such delegation

Delegation of powers

১৫ ধারা। যে দেশখণ্ডে ও জিলায় অযোগ্য ভূম্যধিকারীর সম্পত্তির কোন অংশ থাকে, সেই দেশখণ্ডের কমিশ্যনর সাহেব ও জিলার কালেক্টর সাহেবের দ্বারা, অথবা উক্ত কার্য্যার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তদ্দ্বারা, কোর্ট এই আইনক্রমে প্রাপ্ত সমুদয় কি কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

প্রাপ্তক্ষমতানুসারে কোর্টের জন্য যাহারা কার্য্য করিবার কথা।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোর্ট পূর্ব্বোক্ত কমিশ্যনর সাহেব কি কালেক্টর সাহেব কি অন্য ব্যক্তিকে সময়ে সময়ে আপনার কোন ক্ষমতা অর্পণ করিতে পারিবেন ও তদ্রূপ অনুমতি লইয়া যে কোন সময়ে উক্ত অর্পিত ক্ষমতা রহিত করিতে পারিবেন।

ক্ষমতার্পণের কথা।

16 The Court may from time to time order such establishments to be entertained and expenses to be incurred as it shall consider requisite for the care and management of the persons and properties under its charge, for superintendence, for the audit of accounts, and generally for all purposes of this Act,

Establishments and expenses

and may order that the cost of any such establishment and any such expenses be charged against any one or more properties for the purposes of which they are entertained or incurred

১৬ ধারা। স্বীয় রক্ষণাবেক্ষণাধীন ব্যক্তি ও সম্পত্তির তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য ও কর্ত্তৃত্ব জন্য ও হিসাব নিকাশ জন্য, ও সাধারণতঃ এই আইনমত সমুদয় কার্য্য জন্য যে সেরেস্তা রাখ ও যে ব্যয় করা আবশ্যক বিবেচনা করেন, কোর্ট সময়ে ২ তদ্বিষয়ে আদেশ করিতে পারিবেন।

সেরেস্তা ও ব্যয়ের কথা।

আর যে এক কি একাধিক সম্পত্তির জন্য যে সেরেস্তা রাখা কি যে ব্যয় করা যায়, তাহার খরচা সেই সম্পত্তির উপর ধরা যায় এরূপ আদেশ করিতে পারিবেন।

17 The Court may, in respect of such of the establishments and expenses referred to in the last preceding section as are of a general nature, direct that they shall be met by a general contribution from the properties benefitted thereby, to be levied in such manner and in such proportion as the Court may from time to time direct

General contribution for general purposes

১৭ ধারা। পূর্ব্ব ধারার উল্লিখিত সেরেস্তা ও ব্যয় সাধারণ ভাবের হইলে, কোর্ট তৎসম্বন্ধে এই আদেশ করিতে পারিবেন যে তদ্দ্বারা যে যে সম্পত্তির উপকার হয় সেই২ সম্পত্তি হইতে তজ্জন্য হারাহারিমতে টাকা তুলিতে হইবে, এবং কোর্ট সময়েং যেরূপ আদেশ করেন সেই প্রকারে ও সেই হারে ঐ টাকা আদায় করা যাইবে।

সাধারণ কার্য্য জন্য সাধারণ হারাহারিমতে টাকা তুলিবার কথা।

18 The Court may sanction the giving of leases or farms of the whole or part of any property under its charge, and may direct the mortgage or sale of any part of such property, and may direct the doing of all such other acts as it may judge to be most for the benefit of the property and the advantage of the ward

Power to manage property

১৮ ধারা। কোর্ট স্বীয় রক্ষণাবেক্ষণাধীন সম্পত্তির কি তাহার কোন অংশের পাট্টা কি ইজারা দিতে অনুমতি করিতে পারিবেন, ও উক্ত সম্পত্তির কোন অংশের বন্ধক কি বিক্রয় করিতে আদেশ দিতে পারিবেন, ও সম্পত্তির ও ওয়ার্ডের উপকারার্থে সর্ব্বাপেক্ষা যাহা ভাল বিবেচনা করেন তদ্রূপ সমুদয় কার্য্য করিতে আদেশ দিতে পারিবেন।

সম্পত্তির কর্ত্তৃত্ব করিবার ক্ষমতার কথা।

19 If the Court thinks it expedient to direct the sale or mortgage of any part of an estate of which the ward is the sole proprietor, it may order the Collector to partition off such part into a separate estate, and the demand of land revenue and of the cesses for which the original estate was liable shall be assessed upon and divided between the two separate estates so formed, respectively, in such manner as the Court, with the sanction of the Lieutenant-Governor, may direct

When Court may order property to be formed into a separate estate

১৯ ধারা। ওয়ার্ড যে মহালের একমাত্র ভূস্বামী তাহার কোন অংশ বিক্রয় করিতে কি বন্ধক দিতে আদেশ করা কোর্ট হিতকর বিবেচনা করিলে উক্ত অংশ স্বতন্ত্র মহাল করিবার নিমিত্ত কালেক্টর সাহেবকে আদেশ করিতে পারিবেন, এবং মূল মহাল যে ভূরাজস্বের ও করের দাওয়া জন্য দায়ী ছিল, তৎসম্বন্ধে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোর্ট যে প্রকার আদেশ করেন সেই প্রকারে ঐ রাজস্ব ও কর তাদৃশ দুই স্বতন্ত্র মহালের উপর ধার্য্য ও বিভক্ত হইবে।

কোর্ট সম্পত্তি কখন স্বতন্ত্র মহাল করিতে পারেন, তাহার কথা।

20 The Court may appoint one or more managers for the property of any ward, and one or more guardians for the care of the person of any ward under the charge of the Court, and may control and remove any manager or guardian so appointed

Appointment of managers and guardians

On any disqualified proprietor becoming a ward, the Court may, at its discretion, confirm or refuse to recognise any appointment of a person to be guardian of such disqualified proprietor, which may have been made by a will.

21. The Court may make such orders as to it may seem fit in respect of the custody, education, and residence of a minor ward, and such minor members of the ward's family as are under its charge, and in respect of the custody and residence of any ward, not being a minor, whose person is under the charge of the Court

Custody, education, and residence of wards

22 The Court shall allow, for the support of each ward and of his family, such monthly sum as it thinks fit (if any) with regard to the rank and circumstances of the parties

Allowance for ward and his family

PART III

PROTECTION FROM SALE OF CERTAIN LANDED PROPERTY OF WARDS OTHER MINORS

23 Every estate, and, subject to the provisions of section 14 of Act XI of 1859, every part or share of an estate for which a separate account has been opened under section 10 or section 11 of the said Act, or under section 70 of Bengal Act VII of 1876, shall, whilst it is under the charge of the Court, be exempt from sale for arrears of revenue

Estate under charge of Court exempt from sale

Provided that all arrears of revenue shall be the first charge upon the proceeds of any such estate, part, or share, sold for any other cause than for arrears of revenue while under such charge

24 No estate the sole property of a minor or of two or more minors, and descended to him or them by the regular course of inheritance, or by virtue of the will of, or some settlement made by, some deceased owner thereof, shall be sold for arrears of revenue accruing subsequently to his or their succession to the same, until such minor or one of such minors has completed his age of twenty one years, but

Estate belonging to minor not to be sold for arrears of revenue

২০ ধারা। কোর্ট কোন ওয়ার্ডের সম্পত্তির জন্য এক কি একাধিক কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন, এবং কোর্টের রক্ষণাবেক্ষণাধীন কোন ওয়ার্ডের তত্ত্বাবধান জন্য এক কি একাধিক অভিভাবক নিযুক্ত করিতে পারিবেন, এবং উক্তরূপে নিযুক্ত কোন কার্য্যাধ্যক্ষ কি অভিভাবককে কর্ত্তৃত্বাধীন ও পদচ্যুত করিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষ ও অভিভাবক নিয়োগের কথা।

কোন অযোগ্য ভূস্বামী ওয়ার্ড হইলে, উক্ত অযোগ্য ভূস্বামির অভিভাবকরূপে যে ব্যক্তি উইলক্রমে নিযুক্ত থাকেন, কোর্ট স্বীয় বিবেচনা মতে সেই ব্যক্তির নিয়োগ দৃঢ় করিতে পারিবেন অথবা তাহা স্বীকার না করিতে পারিবেন।

২১ ধারা। অপ্রাপ্তবয়স্ক ওয়ার্ডের, কি ওয়ার্ডের পরিবারের যে সমুদয় অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকেন তাঁহাদের, রক্ষণাবেক্ষণ ও শিক্ষা ও বাসস্থান সম্বন্ধে এবং অপ্রাপ্তবয়স্ক না হইলেও যে ওয়ার্ড কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকেন, তাঁহার রক্ষণাবেক্ষণ ও বাসস্থান সম্বন্ধে কোর্ট যে রূপ উচিত বোধ করেন তদ্রূপ আদেশ করিতে পারিবেন।

ওয়ার্ডের রক্ষণাবেক্ষণ ও শিক্ষা ও বাসস্থানের কথা।

২২ ধারা। পক্ষদের পদ ও অবস্থার প্রতি দৃষ্টি রাখিয়া কোর্ট যদি কিছু দেওয়া উচিত বোধ করেন যত টাকা উচিত বোধ হয়, ওয়ার্ড ও তাঁহার পরিবারের ভরণপোষণ জন্য মাসিক তত টাকা দিবেন।

ওয়ার্ড ও তাঁহার পরিবারের ভরণপোষণের টাকার কথা।

তৃতীয় খণ্ড।

ওয়ার্ড ও অন্য অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির কোন২ সম্পত্তির বিক্রয় না হইবার বিধি।

২৩ ধারা। প্রত্যেক মহাল, এবং ১৮৫৯ সালের ১১ আইনের ১৪ ধারার বিধানের নিয়মাধীনে উক্ত আইনের ১০ কি ১১ ধারামতে অথবা ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৭০ ধারামতে, কোন মহালের যে প্রত্যেক ভাগ কি অংশের জন্য স্বতন্ত্র হিসাব খোলা গিয়াছে সেই প্রত্যেক ভাগ কি অংশ, যাবৎ কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকে, বাকী রাজস্ব নিমিত্ত বিক্রীত হইতে পারিবে না।

কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকিতে মহাল বিক্রীত হইতে না পারিবার কথা।

কিন্তু ঐ মহাল কি ভাগ কি অংশ উক্ত রক্ষণাবেক্ষণাধীনে থাকিতে যদি বাকী রাজস্ব ভিন্ন অন্য কোন কারণে বিক্রীত হয়, তবে বিক্রয়োৎপন্ন টাকা হইতে প্রথমে সমুদয় বাকী রাজস্ব শোধ করা যাইবে।

২৪ ধারা। যে মহাল কোন এক অপ্রাপ্তবয়স্ক অথবা দুই কিম্বা তদধিক অপ্রাপ্তবয়স্ক ব্যক্তিভিন্ন অন্যের সম্পত্তি না হয় এবং দায়াধিকারের নিয়মিত ক্রমানুসারে কিম্বা কোন মৃত স্বামির উইল কি নিরূপণপত্র বলে তাঁহার কি তাঁহাদের প্রতি বর্ত্তিয়াছে, যাবৎ তদ্রূপ অপ্রাপ্তবয়স্ক কি অপ্রাপ্তবয়স্কদের মধ্যে একজন পূর্ণ একবিংশতি বৎসর বয়ঃপ্রাপ্ত না হন, তাঁহার কি তাঁহাদের অধিকারগত হইবার পরে যে রাজস্ব বাকী পড়ে তজ্জন্য সেই মহাল বিক্রীত

বাকী রাজস্ব নিমিত্ত অপ্রাপ্তবয়স্কের মহাল বিক্রীত হইবে না।

all arrears of revenue shall be the first charge upon the proceeds of such estate if the estate is sold for any other cause during such minority

হইবে না। কিন্তু উক্ত অপ্রাপ্তবয়স্কত্ব কালে মহাল অন্য কোন কারণে বিক্রীত হইলে মহালের বিক্রয়োৎপন্ন টাকা হইতে প্রথমতঃ বাকীরাজস্ব পরিশোধ করিতে হইবে।

But Collector may attach estate

The Collector may, on an arrear so accruing on any such estate, attach the estate and collect the rents and all arrears of rent due, managing the estate either directly or through a manager, or by farming it, or otherwise, as he may think fit, for a period not exceeding ten years, nor extending beyond the time when such minor or one of such minors completes his age of twenty one years

কিন্তু কালেক্টর মহাল ক্রোক করিতে পারিবেন।

তদ্রূপ কোন মহালের রাজস্ব বাকী পড়িলে, কালেক্টর সাহেব ঐ মহাল ক্রোক করিতে ও প্রাপ্য খাজানা ও বাকীখাজনা আদায় করিতে পারিবেন, এবং এরূপ করিতে হইলে সাক্ষাৎ সম্বন্ধে কিম্বা কার্য্যাধ্যক্ষ দ্বারা কিম্বা ইজারা দিয়া কি অন্য যেরূপে উচিত বোধ করেন মহালের কার্য্য চালাইতে পারিবেন। কিন্তু এরূপ বন্দোবস্ত দশবৎসরের অধিক মিয়াদে কিম্বা তদ্রূপ অপ্রাপ্তবয়স্ক কি তদ্রূপ অপ্রাপ্তবয়স্কদের মধ্যে একজন যে সময়ে পূর্ণ এক বিংশতি বৎসর বয়ঃপ্রাপ্ত হন তদধিক মিয়াদে করিতে পারিবেন না।

25 The exemption from sale for arrears of revenue given by section 24 shall only apply to cases in which a written notice of the fact that the estate is the sole property of one or more minors, and entitled to such exemption, has been served on the Collector before the sale

When exemption from sale for arrears of revenue applies

বাকী রাজস্বের নিমিত্ত বিক্রয় হইতে মুক্ত থাকিবার বিধান যে স্থলে বর্ত্তে।

২৫ ধারা। ২৪ ধারায় যে বাকী রাজস্বের নিমিত্ত বিক্রয় না হইবার মুক্তিদান হইয়াছে ঐ মহাল এক কি তদধিক অপ্রাপ্তবয়স্ক ভিন্ন অন্যের সম্পত্তি নয় ও তজ্জন্য তদ্রূপ মুক্তিদানযোগ্য, কালেক্টর সাহেবকে এই কথার লিখিত নোটিশ বিক্রয়ের পূর্ব্বে দেওয়া না গেলে, ঐ মুক্তি বর্ত্তিবে না।

26 When an estate has been farmed under the provisions of section 24, the proceeds of such farm shall be paid to the Collector, and the Collector, after deducting the amount of the claims of the Government for revenue and other public demands and the charges of management, shall either pay the proceeds to the person authorized to receive them for the proprietor, or shall dispose of them in any of the modes mentioned in section 45 or in section 46

Application of proceeds of farmed estate

মহাল ইজারা দেওয়া গেলে তাহার উপস্বত্ব প্রয়োগের কথা।

২৬ ধারা। মহাল ২৪ ধারার বিধানমতে ইজারা দেওয়া গেলে, ঐ ইজারার টাকা কালেক্টর সাহেবকে দেওয়া যাইবে। গবর্ণমেণ্টের রাজস্ব ও অন্য রাজকীয় প্রাপ্য ও কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধীয় খরচের টাকা রাখিয়া কালেক্টর সাহেব ভূম্যধিকারির নিমিত্ত টাকা গ্রহণ করিবার ক্ষমতাপন্ন ব্যক্তিকে অবশিষ্ট টাকা দিবেন, কিম্বা ৪৫ কি ৪৬ ধারার লিখিত কোন এক প্রকারে ঐ টাকার প্রয়োগ করিবেন।

PART IV

Ascertainment of Disqualification

27 Whenever any Collector has reason to believe that any person residing in his district, or being the proprietor of an estate borne on the revenue roll of his district, should be declared or adjudged to be a disqualified proprietor under section 5, he shall make such enquiry as he may deem necessary, and if satisfied that such person should be so declared or adjudged, shall make a report of the same to the Court,

Collector to make enquiry and report as to disqualified proprietors.

চতুর্থ খণ্ড।

অযোগ্যতা নির্ণয় করিবার বিধি।

অযোগ্য ভূম্যধিকারিদের সম্বন্ধে কালেক্টর সাহেব অনুসন্ধান লইয়া রিপোর্ট করিবেন।

২৭ ধারা। যখন কোন জিলার কালেক্টর সাহেব এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে ঐ জিলা নিবাসী কিম্বা ঐ জিলার তৌজিভুক্ত কোন মহালের অধিকারী কোন ব্যক্তিকে ৫ ধারামতে অযোগ্য ভূম্যধিকারী বলিয়া নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত, তিনি যদ্রূপ আবশ্যক বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইবেন, এবং উক্ত ব্যক্তি সম্বন্ধে তদ্রূপ নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত বুঝিলে কোর্টে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন,

and the Court shall, on receipt of such report, make such order consistent with this Act as may seem to it expedient.

এবং উক্ত রিপোর্ট পাইয়া কোর্ট যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ এই আইনের সঙ্গত আজ্ঞা করিবেন।

28 Nothing in section 27 shall prevent the Court or the Local Government from putting the provisions of this Act in force without any report from the Collector

Power to enforce provisions of Act without report

29 Whenever any Collector receives information that the sole proprietor of an estate which is borne on the revenue roll of his district has died,

Proceedings on death of a proprietor whose heirs are disqualified

or that the sole proprietor of any estate has died within his district,

and such Collector has reason to believe that the heirs of such proprietor should be declared or adjudged to be disqualified under section 5, he may take such steps and make such orders for the safety and preservation of the movable property of such heirs, and of all deeds, documents, or papers relating to the property of such heirs, as to him may seem fit

Such Collector may call upon any other Collector in whose jurisdiction any such movable property, or any such deeds, documents, or papers may be, to take charge of the same, and thereupon such other Collector shall have the same powers with respect to such property, deeds, documents, and papers within his district as are conferred by this section on the first-mentioned Collector.

If the property is not afterwards taken under the charge of the Court, all expenses incurred by a Collector acting under this section shall be recoverable as a demand under Bengal Act VII of 1868, or any similar law for the time being in force, from the property which would be liable for the debts of the deceased proprietor

30 A Collector acting under the last preceding section may direct that any person who has the custody of a minor heir of any such deceased proprietor shall produce such minor before such Collector or before any other Collector on a day fixed, and the Collector before whom the minor is so produced may make such order for the temporary custody and protection of such minor as to him may seem fit

Production of minor proprietor and order for his temporary custody

If the minor is a female, she shall not be brought into the presence of the Collector, but the Collector may take such steps for her identification as he may think fit

[*Government Gazette*, 13*th May* 18 9]

২৮ ধারা। কালেক্টর সাহেবের রিপোর্ট না পাইয়াও কোর্ট কি স্থানীয় গবর্ণমেন্ট এই আইনের বিধান প্রবল করিতে গেলে, ২৭ ধারার কোন কথায় তাহার বাধা হইবে না।

রিপোর্ট বিনা আইনের বিধান প্রবল করিতে পারিবার ক্ষমতার কথা।

২৯ ধারা। যখন কোন জিলার কালেক্টর সাহেব এরূপ সম্বাদ পান যে ঐ জিলার তৌজিভুক্ত কোন মহালের একমাত্র ভূস্বামির মৃত্যু হইয়াছে কিম্বা কোন মহালের একমাত্র ভূস্বামী ঐ জিলার মধ্যে মরিয়াছেন,

যাঁহার উত্তরাধিকারিরা অযোগ্য এরূপ ভূস্বামির মৃত্যু হইলে কর্ত্তব্য প্রণালীর কথা।

এবং উক্ত কালেক্টর সাহেব এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে উক্ত ভূস্বামির উত্তরাধিকারিদিগকে ৫ ধারামতে অযোগ্য বলিয়া নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত, তিনি উক্ত উত্তরাধিকারিদিগের অস্থাবর সম্পত্তি ও তাহাদের সম্পত্তি সম্পর্কীয় সমুদয় দলীল ও লিপি ও কাগজপত্র নিরাপদে রক্ষা করিবার নিমিত্ত যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ উপায় অবলম্বন ও আজ্ঞা প্রদান করিতে পারিবেন।

অন্য যে কালেক্টর সাহেবের এলাকার মধ্যে উক্তরূপ যে কোন অস্থাবর সম্পত্তি কি দলীল কি লিপি কি কাগজপত্র থাকে পূর্ব্বোক্ত কালেক্টর সেই কালেক্টর সাহেবকে তৎ সমুদয়ের রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে আদেশ করিতে পারিবেন, এবং তাহা করিলে ঐ অন্য কালেক্টর সাহেব উক্ত সম্পত্তি ও দলীল ও লিপি ও কাগজপত্র সম্বন্ধে আপন জিলার মধ্যে প্রথমোল্লিখিত কালেক্টর সাহেবের ন্যায় এই ধারানুযায়ী ক্ষমতা প্রাপ্ত হইবেন।

ঐ সম্পত্তি পরে কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে গ্রহণ করা না গেলে, এই ধারামতে কার্য্য করিয়া কালেক্টর সাহেব যে সমস্ত খরচ করেন, তাহা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনক্রমে কি তদ্রূপ যে কোন আইন তৎকালে চলিত থাকে তৎক্রমে প্রাপ্য টাকা যে রূপে আদায় করা যায় তদ্রূপ মৃতভূস্বামির ঋণের জন্য দায়ী সম্পত্তি হইতে আদায় করা যাইবে।

৩০ ধারা। পূর্ব্ব ধারামতে কার্য্য করিয়া কালেক্টর সাহেব আদেশ করিতে পারেন যে উক্ত মৃত ভূস্বামির কোন অপ্রাপ্তবয়স্ক উত্তরাধিকারী যে ব্যক্তির আশ্রয়ে আছেন সেই ব্যক্তি নির্দ্দিষ্ট দিনে উক্ত অপ্রাপ্তবয়স্ককে তাঁহার কি অন্য কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত করিবেন, এবং যে কালেক্টর সাহেবের সম্মুখে উক্ত অপ্রাপ্তবয়স্ককে তদ্রূপ উপস্থিত করা যায় তিনি ঐ অপ্রাপ্তবয়স্কের কিয়ৎকালীন আশ্রয় ও রক্ষণাবেক্ষণ সম্বন্ধে যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন।

অপ্রাপ্তবয়স্ক ভূস্বামিকে উপস্থিত করিবার ও তাঁহার কিয়ৎ কালীন আশ্রয় সম্বন্ধে আজ্ঞা করিবার কথা।

অপ্রাপ্তবয়স্ক স্ত্রীলোক হইলে, তাহাকে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত করা যাইবে না, কিন্তু তাঁহার স্বরূপতা নির্ণয় জন্য কালেক্টর সাহেব যে উপায় অবলম্বন করা উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন।

31 If a sole proprietor of an estate who does not reside within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court is reported by a Collector to be of unsound mind and incapable of managing his affairs, the Court shall order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply, in pursuance of the provisions of Act XXXV of 1858, to the Civil Court of the district within the jurisdiction of which such proprietor may reside

Enquiry in case of lunatics

৩১ ধারা। কোন মহালের যে একমাত্র ভূস্বামী হাই কোর্টের নিয়মিত আদিম দেওয়ানী বিচারাধিপত্যের সীমার মধ্যে বাস করেন না, তাঁহাকে কোন কালেক্টর সাহেব ক্ষিপ্তমনা ও স্বীয় বিষয় ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া রিপোর্ট করিলে, কোর্ট ঐ রিপোর্টকারি কালেক্টর সাহেবকে, কিম্বা অন্য যে কালেক্টর সাহেবকে নিয়োগ করেন তাঁহাকে, যে জিলার দেওয়ানী আদালতের এলাকার মধ্যে উক্ত ভূস্বামীর বাস, সেই আদালতে ১৮৫৮ সালের ৩৫ আইনের বিধানমতে দরখাস্ত করিতে আজ্ঞা করিবেন।

ক্ষিপ্তমনা হইলে অনুসন্ধানের কথা।

32 If a sole proprietor of an estate who does not reside within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court is reported by a Collector to be incapable of managing his property on the ground of some physical defect or infirmity other than unsoundness of mind, the Court shall order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply to the principal Civil Court of the district within which such person may be residing, and upon such Collector so applying, such Civil Court shall enquire into and determine the question as to the alleged incapacity

Civil Court to make enquiry regarding disqualification on ground of physical defect or infirmity

৩২ ধারা। হাই কোর্টের নিয়মিত আদিম দেওয়ানী বিচারাধিপত্যের সীমার বহিভূত স্থানবাসী কোন মহালের একমাত্র ভূস্বামী মানসিক বিকৃতিভিন্ন কোন স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম, কোন কালেক্টর সাহেব এরূপ রিপোর্ট করিলে, কোর্ট উক্ত রিপোর্টকারি কালেক্টর সাহেবকে কিম্বা অন্য যে কালেক্টর সাহেবকে নিযুক্ত করেন তাঁহাকে, উক্ত ভূস্বামী যে জিলায় বাস করেন সেই জিলার প্রধান দেওয়ানী আদালতে দরখাস্ত করিতে আজ্ঞা করিবেন এবং উক্ত কালেক্টর তদ্রূপে দরখাস্ত করিলে, উক্ত দেওয়ানী আদালত কথিত অক্ষমতার অনুসন্ধান লইয়া তদ্বিষয়ের নিষ্পত্তি করিবেন।

দেওয়ানী অসদৃশ স্বাভাবিক দোষকি দৌর্ব্বল্য হেতুক অযোগ্যতার অনুসন্ধান লইবেন।

33 If a sole proprietor of an estate who is resident within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal, or resident beyond the territories administered by the Lieutenant-Governor of Bengal, shall be reported by a Collector to be incapable of managing his property by reason of some physical defect or infirmity other than unsoundness of mind, the Court shall order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply to the principal Civil Court of the 24-Pergunnahs, or to such other Civil Court as the Lieutenant-Governor, on application made to him by the Collector in that behalf, may determine

Proceedings in case of physical defect or infirmity when proprietor in jurisdiction of High Court

Such Civil Court shall thereupon enquire into and determine the question as to the alleged incapacity

৩৩ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদিম দেওয়ানী বিচারাধিপত্যের সীমার অন্তর্গত স্থানবাসী কিম্বা বঙ্গদেশের শ্রীযুক্ত লেফ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন প্রদেশের বহির্ভূত স্থানবাসী কোন মহালের একমাত্র ভূস্বামী মানসিক বিকৃতিভিন্ন কোন স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম, কোন কালেক্টর সাহেব এরূপ রিপোর্ট করিলে কোর্ট উক্ত রিপোর্টকারি কালেক্টর সাহেবকে, কিম্বা অন্য যে কালেক্টরকে নিযুক্ত করেন তাঁহাকে চব্বিশ পরগনার প্রধান দেওয়ানী আদালতে অথবা কালেক্টর সাহেব শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে প্রার্থনা করিলে তিনি অন্য যে দেওয়ানী আদালত নির্দ্দেশ করেন সেই আদালতে, প্রার্থনা করিতে আজ্ঞা করিবেন।

হাই কোর্টের এলাকাধীন স্থানবাসী ভূস্বামির স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হইলে কার্য্য প্রণালীর কথা।

তাহা হইলে সেই দেওয়ানী আদালত কথিত অক্ষমতার অনুসন্ধান লইয়া তদ্বিষয়ের নিষ্পত্তি করিবেন।

34 When any enquiry is instituted by a Civil Court under section 32 or section 33, such Court shall, for the purposes of making such enquiry, have the powers conferred, and proceed in the manner

Powers of Civil Court when enquiry is instituted under section 32 or 33.

৩৪ ধারা। ৩২ কি ৩৩ ধারামতে দেওয়ানী আদালত কোন অনুসন্ধানের কার্য্যানুষ্ঠান করিলে ১৮৫৮ সালের ৩৫ আইনমতে যে অনুসন্ধান লইবার আদেশ আছে তদর্থে ঐ আইনক্রমে যেহ ক্ষমতা বর্ত্তে ও যেহ বিধানমতে কার্য্য করিবার নিয়ম থাকে, উক্ত

৩২ কি ৩৩ ধারামতে অনুসন্ধানের অনুষ্ঠান হইলে দেওয়ানী আদালতের ক্ষমতার কথা।

prescribed, by Act XXXV of 1858 with respect to the enquiries directed to be made by the said Act

The Civil Court shall transmit to the Court of Wards a copy of the order made on each such enquiry, and the Court of Wards shall thereupon, in case the proprietor has been found by the Civil Court to be incapable as aforesaid, make such order, consistent with this Act, as it shall think fit

The Civil Court shall have, with reference to proprietors who have been adjudged to be incapable as aforesaid, the same powers as are conferred on a Civil Court by section 21 of Act XXXV of 1858, with reference to persons adjudged to be of unsound mind and incapable of managing their affairs

---

PART V

Procedure after ascertainment of Disqualification

Order declaring estate under charge of Court

35 Whenever the Court has determined to take the person or property of a disqualified proprietor under its charge, whether in accordance with an order of the Civil Court or otherwise the Court shall make an order declaring the fact and directing that possession be taken of such person and property or of such property on behalf of the Court, and the Court shall be held to be in charge of such property from the time when possession shall have been so taken

Collector to take possession of movable property

36 As soon as conveniently may be after an order is made under the provisions of section 35, the Collector of every district within which any part of the ward's property may be situated, or some person authorized in writing by him in that behalf, shall take possession of all accounts, papers, and movable property of the ward, and place under proper custody such portion thereof as he may think necessary

And such Collector, or some person authorized as aforesaid, may, in case he has reason to believe that any such account, paper, or property is in any room, box, or receptacle within any house in the actual possession of the ward, break open the same for the purpose of searching for such account, paper, or property

Additional powers of Collector

37 Such Collector may also order all persons in the employ of the ward, or all persons who were in the employ of the

দেওয়ানী আদালত উক্ত অনুসন্ধান কার্য্যের নিমিত্ত সেই২ ক্ষমতা পাইবেন ও সেই২ বিধানমতে কার্য্য করিবেন।

তদ্রূপ প্রত্যেক অনুসন্ধানের পর যে আজ্ঞা করা যায়, দেওয়ানী আদালত কোর্ট অব ওয়ার্ডসের নিকট সেই আদেশের প্রতিলিপি পাঠাইবেন। তাহা হইলে, যদি দেওয়ানী আদালত ভূস্বামিকে পূর্ব্বোক্তমতে অক্ষম বলিয়া নির্ণয় করিয়া থাকেন, কোর্ট অব ওয়ার্ডস এই আইনসঙ্গত যেরূপ আজ্ঞা উচিত বোধ হয়েন তদ্রূপ আজ্ঞা করিবেন।

যে সকল ব্যক্তি স্বীয় বিষয়ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া নিষ্পত্তি হইয়াছে, সেই সকল ব্যক্তির সম্বন্ধে ১৮৫৮ সালের ৩৫ আইনের ২১ ধারামতে দেওয়ানী আদালতের প্রতি যেই ক্ষমতা অর্পিত হইয়াছে, পূর্ব্বোক্তমতে যে সকল ভূস্বামী অক্ষম বলিয়া নিষ্পত্তি হইয়াছে তাঁহাদের সম্বন্ধে দেওয়ানী আদালতের সেই২ ক্ষমতা থাকিবে।

পঞ্চম খণ্ড।

অযোগ্যতা নির্ণয় হইলে পর কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীন হইল ইহার নির্দ্দেশসূচক আজ্ঞার কথা।

7 No greater area of land than 5,000 standard bighas will be included in one lease except under special orders of Government, nor will a smaller area than 200 bighas be leased unless the lot has distinct water boundaries on all sides The sanction of the Board of Revenue shall be necessary to the lease of more than one lot to one applicant, or to the lease of a second lot to an applicant who already holds one The Board may at its discretion allow such further leases to be given on being satisfied that the applicant is in a position to begin clearing and cultivating at once, and that he *bonâ fide* means to do so, provided that each application shall comprise no more than the prescribed maximum area

Limitation of area of each lot

8 On receipt of an application, the Sundarban Commissioner shall satisfy himself that it complies with all requirements of these rules, and that the land is such as can properly be leased Should he find that the lands are not available for lease, or that for any reason they ought not to be leased, or that the application does not fulfil the requirements of the rules, he shall reject the application, or in the latter case, allow it to be amended. In no case shall any application be admitted without special sanction of the Board of Revenue for any land which any persons are found to be occupying or using

Applications to be rejected if rules are not complied with

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

এই বিধি সংযুক্ত A চিহ্নিত পাঠে প্রার্থনাপত্রের পাঠ দেওয়া গেল।

৫। সমুদয় প্রার্থনাপত্র অবিলম্বে রেজিষ্টরে লিখিতে হইবে, রিবিনিউ বোর্ড তাহার পাঠ নির্দ্দেশ করিবেন।

প্রার্থনাপত্রের রেজিষ্টরের কথা।

৫ (ক) বনবিষয়ক আইনমতে সুন্দরবনের যে অংশ "রক্ষিত বন" বলিয়া প্রকাশ করা গিয়াছে তদন্তর্গত অদত্ত ও অনধিকৃত ভূমি দ্বারা বেষ্টিত পতিত ভূমির কোন কিতার এই বিধিমতে পাট্টা দেওয়া যাইবে না। কৃষিকার্য্যের নিমিত্তে যে ভূমি দেওয়া গিয়াছে তাহার নিকটবর্ত্তি না হইলে কোন কিতার পাট্টা দেওয়া যাইবে না। যে সকল প্রার্থনাপত্র এই বিধিসঙ্গত নয় তাহা অগ্রাহ্য করা যাইবে।

৬। যে প্রত্যেক লাটের প্রার্থনা করা যায় তাহা এক লপ্তে থাকিবে, তন্মধ্যে এক খণ্ড ভূমিমাত্র এমতে ধরা যাইবে যেন তাহা একটি বেড়াতে ঘেরা যাইতে পারে। উক্ত ভূমির ধারে নৌকাগম্য নদী থাকিলে ভূমির যে অংশ ঐ নদীর ধারে থাকে তাহ উক্ত ভূমির প্রস্থের অর্দ্ধেকের অধিক না হয়, কিন্তু রেবিনিউ বোর্ড বিশেষ কারণে এই নিয়ম শিথিল করিতে পারিবেন।

লাট এক লপ্তে হইবার কথা।

৭। গবর্ণমেণ্টের বিশেষ আজ্ঞা ভিন্ন কষ্টিমতে ৫০০০/ বিঘার অধিক আয়তনের ভূমি এক লাট ধরা যাইবে না। জলধারা স্পষ্টরূপে চতুর্দ্দিক বেষ্টিত না হইলে ২০০ বিঘার কম পরিমাণের পাট্টা দেওয়া যাইবে না। এক জন প্রার্থককে একের অধিক লাট পাট্টা দিতে হইলে কিম্বা যিনি এক লাটের পাট্টা পাইয়াছেন তাঁহাকে দ্বিতীয় লাটের পাট্টা দিতে হইলে রেবিনিউ বোর্ডের অনুমতি গ্রহণ আবশ্যক। প্রার্থকের এমন অবস্থা যে তিনি অবিলম্বে পরিষ্কার ও কৃষিকার্য্য আরম্ভ করিতে পারেন ও প্রকৃত প্রস্তাবে তিনি তাহা করিবেন বোর্ড ইহা সন্তোষমতে জানিতে পাইলে স্বেচ্ছামতে আরও পাট্টা দিবার অনুমতি দিতে পারেন, কিন্তু প্রত্যেক প্রার্থনাপত্রে নির্দ্দিষ্ট অত্যধিক পরিমাণের অধিক ভূমি লেখা না যায়।

প্রত্যেক লাটের পরিমাণের সীমার কথা।

৮। সুন্দরবনের কমিশানর সাহেব প্রার্থনাপত্র পাইলে এই বিধিমতে যাহা করা প্রয়োজন তদনুযায়ি কার্য্য হইয়াছে ও সেই ভূমি উপযুক্তমতে পাট্টা দেওয়া যাইতে পারে ইহা সন্তোষমতে জানিবেন। যদি জানিতে পান যে, পাট্টা দিবার যোগ্য ভূমি নাই, কিম্বা কোন কারণে তাহার পাট্টা দেওয়া উচিত নয়, কিম্বা প্রার্থনাপত্রে বিধির আদেশ পালন হয় নাই, তাহা হইলে তিনি সেই প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবেন কিম্বা শেষোক্ত স্থলে তাহা সংশোধন করিবার অনুমতি দিবেন। কোন ব্যক্তি কোন ভূমি অধিকার কি ব্যবহার করিতেছেন জানা গেলে রেবিনিউ বোর্ডের বিশেষ অনুমতি বিনা সেই ভূমির প্রার্থনাপত্র কোন ক্রমে গ্রাহ্য করিবে না।

বিধির অসঙ্গত হইলে প্রার্থনাপত্র অগ্রাহ্য করিবার কথা।

9 When no objection is known to exist against the lease being made, the Sundarban Commissioner shall determine whether a survey of the lands is required, or whether the maps and records of previous surveys available in his office are sufficient for the ready identification and demarcation of the boundaries on the ground

Sundarban Commissioner to determine whether survey is required

10 If no survey is required, and it is only necessary to demarcate the boundaries on the ground, the Sundarban Commissioner shall estimate the cost of such demarcation as well as the cost of clearing the lines and erecting temporary boundary marks, and shall call upon the applicant to deposit the same before a certain day, which shall be fixed with reference to the time at which the demarcation can conveniently be made Provided, however, that it shall be optional with the said Commissioner to allow the applicant himself to clear the jungle and construct such temporary boundary marks as may be considered sufficient for the ready identification of the land, until the permanent marks prescribed by article XIII of the "Terms of lease" shall be erected If the applicant is allowed to clear the jungle and erect temporary landmarks, he shall enter into an agreement to do so within such reasonable time as shall be fixed by the Sundarban Commissioner

Cost of demarcation of boundaries

11 Should the Sundarban Commissioner decide that a survey of the land is necessary, he shall call upon the applicant to deposit, before a day fixed for that purpose, the cost of survey in addition to the cost of demarcation, &c, as provided in the preceding rule The cost of survey shall be calculated at the rate of four annas an acre on the area estimated in the application, or at such higher rate as may for special reasons be fixed in any case The sum payable for survey shall be adjusted at the rate fixed per acre according to the actual area which may be ascertained by survey, a further payment being made by the applicant, or a refund being made to him, as may be necessary for adjustment

Cost of survey

12 In addition to the cost of survey, demarcation, &c, the applicant shall be required to deposit a sum of Rs 16 to cover the cost of issuing the notice prescribed by rule 17

Cost of notices to be deposited

13 Should the applicant fail to deposit any amount required by the foregoing rules before the date fixed for that purpose, or should he fail to clear the lines or to demarcate the boundaries

Application to be struck off on failure to deposit

৯। পাট্টা করিয়া দেওন গেলে তাহার কোন প্রতিবন্ধক নাই জানিলে সুন্দর বনের কমিশানর সাহেব সেই ভূমির জরীপ করা আবশ্যক কি না কিম্বা আপন আফিসে পূর্ব্বকৃত জরীপের যেং ম্যাপ বা কাগজপত্র পান তাহা উক্ত ভূমি একেবারে চিনিবার ও ভূমিতে সীমার চিহ্ন নিরূপণ করিবার নিমিত্ত প্রচুর কি না ইহা নির্ণয় করিবেন।

জরীপ করা আবশ্যক কি না, সুন্দর বনের কমিশ্যনর সাহেবের ইহা নির্ণয় করিবার কথা।

১০। জরীপ করা প্রয়োজন না হইলে, ও ভূমিতে সীমার চিহ্ন মাত্র দেওয়া আবশ্যক হইলে, সুন্দরবনের কমিশ্যনর সাহেব, উক্ত সীমার চিহ্ন দিবার ও পথ পরিষ্কার করিবার ও সীমার চিহ্নের জন্যে অল্পকাল স্থায়ি বেড়া দিবার আনুমানিক খরচ ধরিবেন, ও প্রার্থককে কোন দিনের পূর্ব্বে তাহা দাখিল করিতে কহিবেন, সুবিধামতে যে সময় চিহ্ন দেওয়া যাইতে পারে তদ্বিবেচনায় উক্ত দিন স্থির করা যাইবে। "পাট্টার নিয়মের" ১৩ প্রকরণমতে যত দিন স্থায়ী চিহ্ন গাঁথা না যায় তত দিন পর্য্যন্ত উক্ত কমিশ্যনর সাহেব স্বেচ্ছামতে প্রার্থককে নিজে জঙ্গল পরিষ্কার করিবার ও যাহাতে ভূমি অনায়াসে চিনা যায় অল্পকাল স্থায়ি সীমার এমত চিহ্ন প্রস্তুত করিয়া দিবার অনুমতি করিবেন। প্রার্থকের প্রতি জঙ্গল পরিষ্কার ও ভূমির অল্পকাল স্থায়ি চিহ্ন প্রস্তুত করিবার আদেশ করা গেলে সুন্দর বনের কমিশ্যনর সাহেব যুক্তিযুক্ত যে সময় নিরূপণ করিবেন তিনি তন্মধ্যে তাহা করিয়া দিবার এগ্রীমেন্ট লিখিয়া দিবেন।

সীমার চিহ্ন করণ বিষয়ক খরচের কথা।

১১। ভূমির জরীপ করা আবশ্যক, সুন্দর বনের কমিশ্যনর সাহেব এই নিষ্পত্তি করিলে, তিনি তন্নিমিত্তে যে দিন ধার্য্য করেন তৎপূর্ব্বে কোন দিন প্রার্থককে ইহার পূর্ব্ব ধারার লিখিত ভূমির চিহ্ন প্রভৃতি দিবার খরচের অতিরিক্ত জরীপ করিবার খরচ দাখিল করিতে কহিবেন। প্রার্থনাপত্রে ভূমির যে পরিমাণ লেখা যায়, তাহার একর প্রতি ।০ চারি আনার হারে, কিম্বা স্থলবিশেষে বিশেষ কোন কারণে অধিক যে হার ধরা যায় তদনুসারে জরীপ করিবার খরচ ধরা যাইবে। জরীপ করিয়া বাস্তবিক যত একর ভূমি নিশ্চয় করা যাইবে তাহার একর প্রতি অবধারিত হারে জরীপ করণের খরচ মিটাইতে হইবে, খরচ মিটাইবার প্রয়োজনমতে প্রার্থকের হয়ত আরও টাকা দিতে হইবে অথবা তাঁহাকে টাকা ফিরাইয়া দেওয়া যাইবে।

জরীপের খরচের কথা।

১২। জরীপ করিবার ও চিহ্ন প্রভৃতি দিবার খরচের অতিরিক্ত ১৭ ধারায় নির্দ্দিষ্ট নোটিস জারী করিবার খরচ পোষাইবার নিমিত্ত প্রার্থকের আর ১৬ ষোল টাকা দাখিল করিতে হইবে।

নোটিসের খরচ দাখিল করিবার কথা।

১৩। পূর্ব্ব কএক ধারার টাকা দাখিল করিবার নিরূপিত দিনের পূর্ব্বে যত টাকা দাখিল করিবার আদেশ হইয়াছে প্রার্থক তাহা দাখিল করিতে ত্রুটি করিলে অথবা

টাকা দাখিল করিতে ত্রুটি হইলে প্রার্থনাপত্র তুলিয়া ফেলিবার কথা।

by the date fixed under rule 10, the application shall be struck off the file, an application so struck off may be re admitted, but in that case the application shall be considered to have been made on the date of the application for such re-admission, and not on the date of the original application

14 After the deposit of fees, if for any reason the application should be struck off, or the survey abandoned, the applicant shall not be entitled to a refund of the sum deposited, except when lands are withheld from lease under rule 3 Refund may, however, be made at the discretion of the Sundarban Commissioner of any balance remaining in deposit after meeting all expenses incurred on the objects for which the deposit was made

Refund of deposit

15 Surveys shall ordinarily be made by Government surveyors, if made by other agency temporarily employed for the purpose, they shall be tested by Government officers

Agency for survey

16 Surveys need not be more minute or detailed than is necessary to ensure approximate ascertainment of area, but the boundaries must be very accurately and clearly defined.

Surveys need not be minute

III —Issue of Notice of Lease

17 When the land has been surveyed and demarcated, and the Sundarban Commissioner is satisfied that it may be leased, he shall issue a notice in the form B annexed to these rules announcing that an application has been made, and calling upon all persons who may have objections to make to appear before a date to be specified, which date shall not be less than three months from the date of the notice as provided in section I, Act XXIII of 1863

Issue of notice

18 The notice shall be published at the office of the Sundarban Commissioner, the office of the Board of Revenue, the office of the Collector of the District, at the Court of the District Judge, at the Sub-divisional Office, at the Moonsif's Court, and at the Police Station within the limits of which the lands are situate A copy shall also be published in the Government Gazettes in English and in Bengali

Publication of notice

19 In framing the notice the Sundarban Commissioner must be careful to state, as precisely as possible, all rights which will be reserved, such as water ways and the strips of land along the banks

Notice to contain certain reservations

ধারা মতে পথ পরিষ্কার করিবার বা সীমার চিহ্ন দিবার যে দিন ধার্য্য হইয়াছে তন্মধ্যে তাহা না করিলে প্রার্থনাপত্র নথী হইতে তুলিয়া ফেলা যাইবে ও উক্তরূপে তুলিয়া ফেলা প্রার্থনাপত্র পুনরায় গ্রাহ্য হইতে পারিবে। কিন্তু তদ্রূপ স্থলে প্রার্থনাপত্র পুনঃ গ্রাহ্য করিবার প্রার্থনাপত্রের লিখিত তারিখে প্রার্থনা করা গেল জ্ঞান করিতে হইবে পুনরুক্ত প্রার্থনাপত্রের তারিখে নয়।

১৪। ফী দাখিল করা গেলে পর কোন কারণে যদি প্রার্থনাপত্র তুলিয়া ফেলা যায় কিম্বা জরীপ করান না যায়, তবে প্রার্থক সেই দাখিল করা টাকা ফিরিয়া পাইবার স্বত্ববান হইবেন না, কিন্তু এই বিধির ৩ ধারামতে পাট্টা দেওয়া না গেলে ফিরিয়া পাইতে পারিবেন। যে অভিপ্রায়ে টাকা দাখিল করা গিয়াছে তাহার সকল খরচ শোধের পর ঐ দাখিল করা টাকার যাহা অবশিষ্ট থাকে সুন্দরবনের কমিশনর সাহেবের ইচ্ছামতে তাহা ফিরাইয়া দেওয়া যাইতে পারিবে।

দাখিল করা টাকা ফিরাইয়া দিবার কথা।

১৫। গবর্ণমেণ্টের জরীপী কার্য্যকারকদ্বারা সচরাচর জরীপ করান যাইবে। জরীপ করিবার নিমিত্তে কিয়ৎকালের জন্য নিযুক্ত অন্য কর্ম্মচারি দ্বারা জরীপ করান গেলে, গবর্ণমেণ্টের কার্য্যকারক দ্বারা তাহার পরীক্ষা করা যাইবে।

যদ্দ্বারা জরীপ করান যাইবে তাহার কথা।

১৬ ধারা। কত আয়তন এইটী মোটামোটি জানিবার নিমিত্ত যাহা আবশ্যক তদধিক সূক্ষ্ম বা বিস্তারিত বিবরণযুক্ত জরীপ আবশ্যক নয়। কিন্তু সীমা প্রকৃত ও স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিতে হইবে।

জরীপ সূক্ষ্ম না হইবার কথা।

তৃতীয় অধ্যায়।—ভূমির পাট্টা দিবার নোটিস প্রচার করিবার বিধি।

১৭। ভূমির জরীপ হইলে ও সীমার চিহ্ন দেওয়া গেলে পর, ভূমির পাট্টা দেওয়া যাইতে পারে সুন্দরবনের কমিশনর সাহেবের ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি সেই ভূমির নিমিত্ত প্রার্থনা করা গিয়াছে এই উল্লেখ করিয়া, এই বিধি সংযুক্ত B চিহ্নিত পাঠে নোটিস প্রচার করিবেন, ও সেই ভূমির উপর যাঁহাদের কোন আপত্তি থাকে তাঁহারা নিরূপিত তারিখের পূর্ব্বে উপস্থিত হইয়া সেই আপত্তি করেন, এই আদেশ দিবেন উক্ত তারিখ ১৮৬৩ সালের ২৩ আইনের ১ ধারার লিখিতমতে উক্ত নোটিসের তারিখ অবধি তিন মাসের কম হইবে না।

নোটিস প্রচার করিবার কথা।

১৮। সুন্দরবনের কমিশনর সাহেবের আফিসে ও রেবিনিউবোর্ডের আফিসে, ও জিলার কালেক্টর সাহেবের আফিসে, ও জিলার জজ সাহেবের আদালতে, ও মহকুমার কাছারীতে ও মুনসেফের আদালতে এবং যে পোলীস থানার এলাকার মধ্যে ভূমি আছে সেই পোলীস থানায়, নোটিস প্রকাশ করা যাইবে। সেই নোটিসের একং খান ইংরেজী ও বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটেও প্রকাশ করা যাইবে।

নোটিস প্রকাশ করিবার কথা।

১৯। নোটিস লিখিবার সময়ে যেং স্বত্ব রক্ষিত হইবে অর্থাৎ জলপথ ও গুণ টানিবার পথের নিমিত্ত নদীর ও খালের ধারের ভূমি গবর্ণমেণ্টের ও সাধারণের ব্যবহা-

ভূমির মধ্যে যাহার পাট্টা দেওয়া না যাইবে তাহার কথা।

of rivers and nullahs for towing-paths (*vide* article XI of the annexed terms of lease), which will be held available for the use of Government and the public use

Disposal of claims to the land

20 If, after the issue of the notice and before the lease has been sold, any claim be preferred or objection taken, the Sundarban Commissioner must proceed as directed in Act XXIII of 1863

Action if claim is established

21 If the Sundarban Commissioner shall consider that any claim or objection is established, he shall stay his proceedings for selling the lease as directed by section IV, Act XXIII of 1863, and make a special report to the Board of Revenue

Arrangement may be made

22 If the objection be such as can be got over by an arrangement without proceeding to formal trial under section VI of the Act, the Sundarban Commissioner may, with the sanction of the Board of Revenue, order the arrangement to be made, and in such case, or in case the claim or objection is eventually withdrawn or pronounced invalid, the Sundarban Commissioner may proceed, on the date specified in the notice, to sell the lease of the land.

IV —SALE IN CASE OF MORE THAN ONE APPLICATION

Sale to applicant.

22(*a*). If there is but one applicant for the land, it shall be sold to him at the upset price of one rupee an acre.

When more than one application is received for the same land.

23. Should there be more than one application for the same lands before the survey or demarcation fees have been deposited, and should the second application comprise the whole of the lands contained in the first, the Sundarban Commissioner shall put the lease up to auction on the day named in the notice, and shall sell it to the highest bidder, but no person shall be allowed to bid who has not made such application; and no bid shall be accepted which is not *bonâ fide* on behalf of such person If the second application comprise a portion only of the land contained in the first, it shall be rejected.

Lease sold subject to conditions

24. The lease, whether sold to the only applicant or by auction, shall be sold subject to the conditions contained in the terms of lease annexed to these rules and to those contained in the notice issued in form B

[*Government Gazette*, 27*th May* 1879]

রার্থে থাকিবে (পাট্টার নিয়মে সংযুক্ত ১১ প্রকরণ দেখ) সুন্দরবনের কমিশ্যনর সাহেব তাহা সাধ্যমতে স্পষ্ট করিয়া লিখিয়া দিবেন।

ভূমির উপর দাওয়ার নিষ্পত্তি করিবার কথা।

২০। নোটিস প্রচার হইলে পর পাট্টা বিক্রয় হইবার পূর্ব্বে কোন দাওয়া কি আপত্তি উপস্থিত করা গেলে, সুন্দর বনের কমিশ্যনর সাহেব ১৮৬৩ সালের ২৩ আইনের আদেশমতে কার্য্য করিবেন।

দাওয়া স্থাপন হইলে যাহা করিতে হইবে তাহার কথা।

২১। কোন দাওয়ার কি আপত্তির প্রমাণ হইয়াছে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের এমত বিবেচনা হইলে ১৮৬৩ সালের ২৩ আইনের ৪ ধারার আদেশমতে পাট্টার নীলাম স্থগিত রাখিয়া রেবিনিউ বোর্ডের নিকট বিশেষ রিপোর্ট করিবেন।

আপোষে নিয়ম করা যাইতে পারিবার কথা।

২২। আইনের ৬ ধারানুসারে রীতিমত বিচার না হইয়া আপোষে নিয়ম করণদ্বারা সেই আপত্তি ন্যায্যরূপে উঠাইয়া দেওয়া যাইতে পারিলে সুন্দর বনের কমিশ্যনর সাহেব রেবিনিউ বোর্ডের অনুমতি লইয়া আপোষ করিবার আজ্ঞা করিতে পারিবেন। এমত স্থলে কিম্বা পরিশেষে দাওয়া কি আপত্তি উঠাইয়া লইবার কি অসিদ্ধ বলিয়া কথিত হইবার স্থলে সুন্দর বনের কমিশ্যনর সাহেব নোটিসের নির্দ্দিষ্ট তারিখে উক্ত ভূমির পাট্টা নীলাম করিতে প্রবৃত্ত হইতে পারিবেন।

চতুর্থ অধ্যায়।—একের অধিক প্রার্থনাপত্র হইলে বিক্রয়ের বিধি।

প্রার্থকের নিকট বিক্রয় করিবার কথা।

২২ (ক)। ভূমির নিমিত্ত এক জন মাত্র প্রার্থক হইলে তাঁহার নিকট নীলামের প্রথম ডাকের টাকার অর্থাৎ একর প্রতি ১ এক টাকার হারে বিক্রয় করা যাইবে।

একই ভূমির নিমিত্ত একের অধিক প্রার্থনাপত্র পাওয়া গেলে যাহা করিতে হইবে তাহার কথা।

২৩। ভূমি জরীপ করিবার ও তাহার সীমার চিহ্ন দিবার ফী দাখিল করিবার পূর্ব্বে সেই ভূমির নিমিত্ত একের অধিক প্রার্থনাপত্র করা গেলে ও প্রথম প্রার্থনাপত্রে যে ভূমির বিষয় লেখা গেল দ্বিতীয় প্রার্থনাপত্রে সেই সমুদয় ভূমির বিষয় লেখা গেলে সুন্দরবনের কমিশ্যনর সাহেব নোটিসের লিখিত তারিখে পাট্ট নীলামে ধরিবেন, ও যিনি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য ডাকেন তাঁহার নিকট বিক্রয় করিবেন। যিনি উক্ত প্রার্থনাপত্র অর্পণ করেন নাই তিনি নীলামে ডাকিতে পারিবেন না ও প্রকৃত প্রস্তাবে প্রার্থকের পক্ষে না হইলে অন্য ব্যক্তির ডাক গ্রাহ্য হইবে না। প্রথম প্রার্থনাপত্রে যে ভূমির বিষয় লেখা গেল তাহার অংশমাত্র দ্বিতীয় প্রার্থনাপত্রে লেখা থাকিলে তাহা অগ্রাহ্য করা যাইবে।

পাট্টা নিয়মাধীনে বিক্রয় হইবার কথা।

২৪। পাট্টা কেবল প্রার্থনাকারির নিকট অথবা নীলামেই বিক্রয় হউক এই বিধি সংযুক্ত পাট্টার নিয়মের লিখিত এবং B পাঠে প্রচারিত নোটিসের লিখিত নিয়মাধীনে তাহা বিক্রয় করা যাইবে।

Sale.

25 The purchaser of the lease shall be required to pay down at once a sum of 500 rupees, or the full amount bid for the lease, if such amount be less than 500 rupees In default of immediate payment the lease may be put up to re sale at once or may be reserved for future sale.

Cancelment of sale in case of default of full payment of purchase-money.

26. The purchaser shall be required to pay in the balance of the purchase-money, if any, together with all fees for demarcation, survey, and advertisement which may be demanded by the Sundarban Commissioner, within one month of the day of sale If he fail to do so, the sale shall be cancelled by authority of the Sundarban Commissioner, and the amount deposited under rules 11 and 12 shall be forfeited, and the land shall be available for lease to any other applicant

V —MISCELLANEOUS

Lease to be granted

27. After the conditions of this sale are fulfilled, the Sundarban Commissioner shall grant a lease of the lands in such form as may from time to time be prescribed by the Board of Revenue. He shall forward the lease for registration in the office of the Board, and will also cause it and its counterpart to be duly registered by the Registrar of Assurances

Registers.

28 All leases of waste lands shall be recorded in a register to be kept in such form as the Board of Revenue may prescribe

Board to issue certain orders

29. The Board of Revenue shall as soon as possible after the publication of these rules—

I.—Prescribe forms of the register of applications as required by rule 5, and for the register of leases as required by rule 28

II —Issue a schedule specifying the rates of rents subject to which the different lots of land available for lease in the Sundarbans shall be leased, as provided in article II of the terms of lease

III —Prescribe forms for leases

And they issue subsidiary rules.

30. The Board may issue any further subsidiary instructions for giving effect to these rules.

Redemption of revenue.

31. As the present policy of Government is not to allow the redemption of land revenue except in the case of very minute estates, no future applications for the redemption of the revenue payable on account of leases of waste lands in the Sundarbans, either under the rules of 1853 or under any other rules, will be entertained

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

বিক্রয়ের কথা।

২৫। পাট্টাক্রেতা ব্যক্তির তৎক্ষণাৎ ৫০০ টাকা আদায়ৎ করিতে হইবে, ও ৫০০ টাকার কম ডাক হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে। অবিলম্বে টাকা দিবার ত্রুটি হইলে উক্ত পাট্টা হয় তৎক্ষণাৎ না হয় পরে কোন সময়ে পুনর্ব্বার নীলাম করা যাইবে।

ক্রয়ের সমুদয় টাকা দিবার ত্রুটি হইলে নীলাম রহিত করিবার কথা।

২৬। সুন্দর বনের কমিশ্যনর সা হেব, ক্রয়ের টাকা বাকী থাকিলে সেই টাকা ও তত্তিন্ন ভুমির চিহ্ন দিবার ও তাহা জরীপ করিবার ও ইশ্‌তিহার দিবার যে কী চাহেন তাহা নীলামের তারিখ অবধি এক মাসের মধ্যে ক্রেতার প্রতি দিবার আদেশ করিবেন। তিনি সেই টাকা দিতে ত্রুটি করিলে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের ক্ষমতাক্রমে সেই নীলাম রহিত করা যাইবে এবং ১১ ও ১২ ধারামতে যত টাকা দাখিল করা গিয়াছিল তাহা জব্দ হইবে ও অন্য কোন প্রার্থককে সেই ভুমির পাট্টা দেওয়া যাইবে।

পঞ্চম।—অধ্যায়।—বিবিধ বিধি।

পাট্টা দিতে হইবার কথা।

২৭। রেবিনিউ বোর্ডের সাহেবেরা সময়ে ২ যে পাঠ নির্দ্দেশ করেন, এই বিক্রয়ের সমুদয় নিয়ম পুর্ণ হইলে পর, সুন্দর বনের কমিশনর সাহেব, সেই পাঠে উক্ত ভুমির পাট্টা দিবেন। তিনি রেজিষ্টরী করিবার জন্য সেই পাট্টা বোর্ডের আফিসে পাঠাইবেন, এবং সেই পাট্টা ও তৎ প্রতিলিপি দলীল দস্তাবেজের রেজিষ্ট্রারের দ্বারা উপযুক্তমতে রেজিষ্টরী করাইবেন।

রেজিষ্টরের কথা।

২৮। রেবিনিউ বোর্ডের সাহেবেরা যে পাঠ নির্দ্দেশ করেন সেই পাঠে রাখা রেজিষ্টরে পতিত ভুমির সকল পাট্টা লেখা যাইবে।

কোন ২ আজ্ঞা বোর্ডের প্রচার করিবার কথা।

২৯। এই বিধি প্রচার হইবার পর সাধ্যমতে ত্বরায় রেবিনিউ বোর্ডের সাহেবেরা,

১। ৫ ধারার আদেশমতে প্রার্থনাপত্রের রেজিষ্টরের ও ২৮ ধারার আদেশমতে পাট্টার রেজিষ্টরের পাঠ নির্দ্দেশ করিবেন।

২। পাট্টার নিয়মের ২ প্রকরণানুসারে সুন্দর বনের যে সকল ভুমির পাট্টা দেওয়া যাইবে তাহার ভিন্ন ২ লাটের খাজানার হার নির্দ্দেশক তকসীল প্রচার করিবেন।

৩। পাট্টার পাঠ নির্দ্দেশ করিবেন।

ও আনুষঙ্গিক বিধি প্রচার করিতে পারিবার কথা।

৩০। বোর্ডের সাহেবেরা এই বিধি সকল করার্থে আনুষঙ্গিক অন্য কোন উপদেশ প্রচার করিতে পারিবেন।

রাজস্বদান হইতে মুক্তি পাইবার কথা।

৩১। গবর্ণমেণ্টের এইক্ষণকার রাজনীতি এই যে অতিক্ষুদ্র২ মহাল ভিন্ন কোন, মহাল রাজস্বহইতে মুক্ত করা যাইবে না এই হেতু ১৮৫৩ সালের বিধিমতে হউক বা অন্য কোন বিধিমতেই হউক সুন্দর বনের অন্তর্গত পতিত ভুমির পাট্টার নিমিত্ত যে রাজস্ব দিতে হয় সেই রাজস্ব দানহইতে মুক্তি পাইবার প্রার্থনাপত্র আর কখন গ্রাহ্য করা যাইবে না।

TERMS OF LEASE

I.—One fourth on the entire area leased shall be for ever exempted from assessment as an estimated allowance for unassessable area, such as that occupied by water-courses, creeks, tanks, roads, the space required for the construction of the lessee's embankments, dams, tow-paths, &c., and for irreclaimable waste land

One fourth of area revenue free

II.—The remaining three-fourths of the area leased shall be held free of assessment for ten years, and shall be subject thereafter to such rent within the limits given below as may have been fixed and notified by the Board of Revenue for the land in question—

Rate of assessment

Table of rates of assessment

TRACT	PER BIGHA OF 80 CUBITS SQUARE		
	From 11th to 15th year	From 16th to 20th year	From 21st to 40th year
24 Perghunnahs west of the Kalindi river	1 to 2 as	2 to 4 as	4 to 8 as
24 Pergunnahs east of the Kalindi river and Jessore	6 pie to 1 an	1 to 2 as	2 to 4 as
Backergunge	2 to 4 as	3 to 6 as	6 to 12 as

III.—One-eighth of the entire area leased, as recorded in the lease, shall be cleared and shall be in a state fit for cultivation at the end of the fifth year, reckoning from the date from which the free term of the lease commenced At any time after the expiration of the said year, the Sundarban Commissioner or any person authorized by him may enter upon the land and cause it to be measured for the purpose of ascertaining whether this condition has been fulfilled

Clearance condition

IV.—On failure to comply with the above clearing condition the lessee shall forfeit all rights in the land under his existing lease, and the Government shall have the right of immediate re entry, Provided that, if the lessee shall give up the said lease to the Sundarban Commissioner within one month of the date on which notice of such forfeiture shall be given to him, and shall demand a fresh lease, such fresh lease shall be given to him

Forfeiture and re lease

[*Government Gazette, 27th May* 1879.]

পাট্টার নিয়মের কথা।

১। যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের চারিভাগের এক ভাগ অর্থাৎ জলস্রোত, খাড়ী, পুষ্করিণী, পথ, পাট্টাদারের বাঁধ প্রস্তুত করণার্থ প্রয়োজনীয় স্থান, জলবন্ধক, গুণটানিবার পথ প্রভৃতি ও অশোধনীয় পতিত ভূমি বলিয়া কর ধার্য্য হইবার অযোগ্য, ইত্যনুমানে তাহার উপর কস্মিন্‌ কালে কর ধার্য্য হইবে না।

চারিভাগের এক ভাগ নিষ্কর হইবার কথা।

২। অবশিষ্ট তিন ভাগ দশ বৎসর পর্য্যন্ত নিষ্কর ভোগ করা যাইবে, তাহার পর রেবিনিউ বোর্ড নিম্নলিখিত সীমার মধ্যে যে কর ধার্য্য করিয়া প্রকাশ করেন উক্ত ভূমির সেই কর দিতে হইবে।

কর ধার্য্য করিবার হারের কথা।

কর ধার্য্য করিবার হারের টেবিল।

প্রদেশ।	৮০ বাহাতের বিঘা প্রতি।		
	১১ অবধি ১৫ বৎসর পর্য্যন্ত।	১৬ অবধি ২০ বৎসর পর্য্যন্ত।	২১ অবধি ৪০ বৎসর পর্য্যন্ত।
২৪ পরগনা, কালিন্দীনদীর পশ্চিম দিক্‌	/০ অবধি ৵০ পর্য্যন্ত	৵ অবধি ।০ পর্য্যন্ত	।০ অবধি ৷০ পর্য্যন্ত
২৪ পরগনা, কালিন্দীনদীর পূর্ব্ব দিক ও যশোহর	৻১০ ,, /০	/০ ,, ৵০	৵০ ,, ।০
বাখরগঞ্জ	৵০ ,, ।০	৶০ ,, ।৵	।৵ ,, ৸০

৩। পাট্টার লিখিত যত ভূমির পাট্টা দেওয়া গেল তৎসমুদয়ের আট ভাগের এক ভাগ, নিষ্কর কালারম্ভের তারিখ অবধি গণনা করিয়া পঞ্চম বৎসরের শেষে পরিষ্কার ও আবাদের উপযুক্ত করিতে হইবে। উক্ত বৎসর অতীত হইবার পর কোন সময়ে সুন্দরবনের কমিশ্যনর সাহেব বা তাঁহার স্থানে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি উক্ত ভূমিতে প্রবেশ করিয়া এই নিয়ম পালন হইয়াছে কি না ইহা নিশ্চয় জানিবার জন্যে উক্ত ভূমি মাপ করাইতে পারিবেন।

পরিষ্কার করিবার নিয়মের কথা।

৪। ভূমি পরিষ্কার করিবার উক্ত নিয়ম পালনের ত্রুটি হইলে বর্ত্তমান পাট্টানুসারে পাট্টাদারের যে স্বত্ব ছিল তাহা রহিত হইয়া তাহাতে অবিলম্বে গবর্ণমেণ্টের পুনরধিকার স্বত্ব জন্মিবে। কিন্তু পাট্টাদার যে তারিখে স্বত্ব রহিত হইবার নোটিস পান সেই তারিখ অবধি এক মাসের মধ্যে সুন্দরবনের কমিশ্যনর সাহেবকে যদি উক্ত পাট্টা ফেরৎ দিয়া নূতন পাট্টা পাইবার প্রার্থনা করেন তাহা হইলে, নিম্নলিখিত নিয়-

স্বত্বরহিত হইবার ও পুনর্ব্বার পাট্টা পাইবার কথা।

on the following conditions, namely, that the lessee shall forfeit all claim to continued revenue-free possession of the land, and shall at once pay revenue at the lowest rate fixed in the original lease, and shall continue to pay revenue at such rate for the remaining free term of the lease, and shall also pay revenue at a rate 20 per centum higher than that which was fixed in the original lease for each period up to the termination of the settlement

Final forfeiture and resumption

V.—In the event of the lessee failing to demand such lease, and to execute the corresponding agreement, the entire area comprised in the lease shall be resumed by the Government, which shall enter into possession at once, and the lessee shall forfeit all right and interest in the lands, both those which may still be uncleared and those which may have been cleared and brought into cultivation

Instalments

VI.—The amount of rent due on the land shall be paid according to the fixed instalments to the Collector of the district

Recovery of arrears of rent

VII.—All arrears of revenue due on the land shall be recoverable as arrears of revenue due on temporarily settled estates according to any law for the time being in force

Re settlement after 40 years

VIII.—After the expiration of 40 years, reckoning from the date of the original lease, the lot shall be open to re-settlement for a period of 30 years on such terms as the Government shall think fit, provided that the assessment shall not be fixed higher than the rate which would be paid by cultivating ryots in the neighbourhood for land growing the ordinary crops of the country, less 30 per centum to be allowed to the lessee to cover the risks and cost of collection, and to represent his profits The above assessment shall be calculated on the area of the entire area leased, less the one-fourth which is exempted from assessment under article I of these rules

Periodical re settlements

IX.—The land shall from time to time be subject to re-survey and re-assessment in accordance with the preceding rule after the expiration of 30 years from any re-settlement

Reservation of rights of way &c

X.—The land shall be subject to all existing rights of way and water and other easements, and to any exceptions and reservation

মাধীনে তাঁহাকে সই পাট্টা দেওয়া যাইবে, অর্থাৎ উক্ত ভূমিতে পাট্টাদারের নিষ্কর ভোগের সকল দাওয়া রহিত হইবে, ও প্রথম পাট্টার অত্যাল্প যে হার ধার্য্য হইয়াছে তিনি অবিলম্বে সেই হারে রাজস্ব দিবেন, ও নিষ্কর ভোগের অবশিষ্ট কাল পর্য্যন্ত উক্ত হারে রাজস্ব দিতে থাকিবেন, ও বন্দোবস্তের শেষ পর্য্যন্ত প্রত্যেক কালের নিমিত্ত প্রথম পাট্টার যে হার ধার্য্য হইয়াছিল তাহার উপর শতকরা ২০৲ টাকার হারে রাজস্ব দিবেন।

চূড়ান্তরূপে স্বত্ব রহিত বাজেয়াপ্ত করিবার কথা।

৫। পাট্টাদার উক্ত পাট্টা লইতে ত্রুটি করিলে এবং উক্তরূপ শ্রীমন্ট লিখিয়া না দিলে পাট্টায় যত ভূমি লেখা আছে গবর্ণমেন্ট তাহা সমুদয়ই বাজেয়াপ্ত করিয়া অবিলম্বে দখল করিতে প্রবৃত্ত হইবেন ও যত ভূমি অপরিষ্কৃতাবস্থায় আছে ও যত ভূমি পরিষ্কৃত হইয়া আবাদ করা গিয়াছে তৎসমুদয়ে পাট্টাদারের যে স্বত্ব ও স্বার্থ ছিল তাহা রহিত হইবে।

কিস্তির কথা।

৬। উক্ত ভূমির যত খাজানা পাওনা থাকে তাহা নিরূপিত কিস্তি অনুসারে জিলার কালেক্টর সাহেবের নিকট দিতে হইবে।

বাকী খাজানার আদায় করিবার কথা।

৭। উক্ত ভূমির যত রাজস্ব বাকী পড়ে তাহা কিয়ৎকালীন বন্দোবস্তী মহালের বাকী রাজস্ব আদায় করণার্থে যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে আদায় করা যাইবে।

৪০ বৎসরের পর পুনর্ব্বার বন্দোবস্ত করিবার কথা।

৮। প্রথম পাট্টার তারিখ অবধি গণনা করিয়া চল্লিশ বৎসর অতীত হইলে পর গবর্ণমেণ্ট যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মে ত্রিশ বৎসরের নিমিত্ত লাটের পুনঃবন্দোবস্ত করা যাইবে, কিন্তু তন্নিকটবর্ত্তী ভূমির কৃষিকারী রায়তেরা এদেশীয় নিয়মিত শস্যোৎপাদনের ভূমির যে হারে খাজানা দিয়া থাকে তদপেক্ষায় অধিক হারে খাজানা ধার্য্য করা যাইবে না। তাহা হইতে পাট্টাদারের দায়ের ও খাজানা আদায়ের খরচের ও তাহার লাভের নিমিত্ত শতকরা ত্রিশ টাকা বাদ দেওয়া যাইবে। যত ভূমির পাট্টা দেওয়া গেল সেই সমুদয় ভূমি হিসাব করিয়া উক্ত কর ধার্য্য হইবে, কিন্তু এই বিধির ১ প্রকরণে চারি ভাগের যে এক ভাগ কর হইতে মুক্ত হইয়াছে তাহা ত্যাগ করা যাইবে।

সাময়িক পুনঃবন্দোবস্তের কথা।

৯। পুনঃবন্দোবস্ত করিবার সময় অবধি ত্রিশ বৎসর অতীত হইলে পর, পূর্ব্ব ধারানুসারে সময়ে২ উক্ত ভূমির পুনর্ব্বার জরীপ করা ও তাহার পুনর্ব্বার খাজানা ধার্য্য করা যাইবে।

পথ স্বত্ব প্রভৃতি রক্ষা করণের কথা।

১০। উক্ত ভূমি পথ ও জল ও অন্য সকল স্বাচ্ছন্দ্য ভোগস্বত্বের নিয়মাধীন থাকিবে ও এই বিধি সংযুক্ত B চিহ্নিত পাটে পাট্টা বিক্রয়ের

which may be particularized in the notice of sale of lease in form B annexed to the rules

XI.—The right of using all streams and channels in any way navigable shall be reserved to the public, as also the use of a tow-path not less than 25 feet in width on each side of every such stream and channel

Tow path reserved

XII.—In the event of any boundary dispute arising between the lessee of any lot and the lessee of any adjoining lot already leased under these rules, or which may subsequently be leased, the lessees shall be bound to submit such dispute to the decision of the Commissioner of the Sundarbans The decision of the Sundarban Commissioner shall be appealable to the Board of Revenue, and the decision of the Board shall be final and binding on the lessees No lessee under these rules shall have any claim against the Government for compensation or damages in respect of land having been included in his lease which has already been included in some previous lease; but the lessee shall be entitled to proportionate reduction of the assessment in respect of any land covered by his lease which may subsequently be discovered not to have been available for lease

Boundary dispute

XIII.—On being put in possession of a lot which has not been previously defined by permanent marks, the lessee shall, except where the boundary runs along a river or well-defined nullah or water-course, within three months, erect masonry pillars or platforms or such other landmarks as may be required, to the satisfaction of the Sundarban Commissioner, at each point where more than two lots or patches of waste or other properties meet, and large earthen mounds at every angle and at intervals of a hundred yards of the boundary line between such masonry pillars or platforms

Boundary marks

XIV.—If the lessee neglect to demarcate the lands as prescribed in the preceding rule, the Commissioner of the Sundarbans shall have the right of entry on the lands, and shall erect the land marks hereinbefore described, and all costs incurred in that behalf, whether the actual costs of the landmarks, or the expenses incurred for clearing any jungle, or for supervision, or travelling expenses, and all charges whatsoever shall be recovered from the lessee by the law in force for the time being for the recovery of Government demands or the recovery of arrears of land revenue, as shall be decided upon by the Commissioner of the Sundarbans

Neglect of lessee to erect boundary marks

[Government Gazette, 27th May 1879]

নোটিস বিশেষ করিয়া বেং বর্জিত ও রক্ষিত বিষয় লেখা যাইতে পারে তাহাও নিয়মাধীন হইবে

১১। নৌকা গম্য সকল জলস্রোত ও খালে সাধারণের ব্যবহার করিবার স্বত্ব থাকিবে ও উক্ত প্রত্যেক জল স্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থে রাখা যাইবে।

গুণ টানিবার পথ রাখিবার কথা।

১২। এই বিধিমতে পাট্টাপ্রাপ্ত কোন লাটের পাট্টাদারের ও নিকটবর্ত্তী কোন লাটের পাট্টাদারের মধ্যে কিম্বা পরে যাহার পাট্টা দেওয়া যায় তাহার সীমা লইয়া বিবাদ উপস্থিত হইলে, সেই বিবাদ নিষ্পত্ত্যর্থে পাট্টাদারেরা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিকট অর্পণ করিতে বদ্ধ হইবেন। সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিষ্পত্তির উপর রেবিনিউ বোর্ডে আপীল হইতে পারিবে, এবং বোর্ডের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ও পাট্টাদারেরা তৎপালনে বদ্ধ হইবেন। পূর্ব্ব কোন পাট্টায় যে ভুমি ধরা গিয়াছে এই বিধিমত কোন পাট্টাদারের পাট্টার মধ্যে সেই ভুমি ধরা গেলে তিনি তন্নিমিত্তে গবর্ণমেণ্টের স্থানে ক্ষতি কি হানিপূরণ পাইবার দাওয়া করিতে পারিবেন না, কিন্তু তাঁহার পাট্টার যত ভুমি লেখা আছে পাট্টা দিবার নিমিত্ত তত ভুমি পাওয়া যায় না পরে প্রকাশ হইলে, তিনি তারহারীমতে সেই ভুমির খাজানা কম করাইয়া লইবার স্বত্ত্ববান হইবেন।

সীমাবিষয়ক বিবাদের কথা।

১৩। স্থায়ি চিহ্ন দ্বারা যে লাট পূর্ব্বে নির্দ্দিষ্ট হয় নাই সেই লাট দখল দেওয়া গেলে, যে স্থলে নদীর বা উত্তমরূপে নির্দ্দিষ্ট নালার বা জলস্রোতের সঙ্গে২ সীমা চলে তদ্ভিন্ন অন্য স্থলে পাট্টাদার দুই লাট বা পতিত ভুমির যোতের স্থলে বা অন্য সম্পত্তি যে স্থলে মিলে তথায় তিন মাসের মধ্যে পাকা স্তম্ভ কি রোয়াক কিম্বা ভুমির অন্য যে চিহ্ন দিবার আদেশ হয় তাহা সুন্দর বনের কমিশ্যনর সাহেবের সন্তোষজনকরূপে গাঁথাইয়া দিবেন, এবং প্রত্যেক কোণে ও উক্ত পাকা স্তম্ভের বা রোয়াকের মধ্য বর্ত্তি সীমার রেখার এক শত গজ অন্তর মাটির বড় ২ ঢিবি করিয়া দিবেন।

সীমার চিহ্নের কথা।

১৪। পাট্টাদার পূর্ব্ব ধারামতে ভুমির চিহ্ন দিতে শৈথিল্য করিলে, সুন্দরবনের কমিশ্যনর সাহেবের সেই ভুমিতে প্রবেশ করিবার স্বত্ব থাকিবে ও পূর্ব্ব নির্দ্দিষ্টমতে তিনি ভুমিরচিহ্ন প্রস্তুত করাইয়া দিবেন, তাহাতে যে খরচ হয় অর্থাৎ ভুমির চিহ্ন দিবার প্রকৃত খরচ বা জঙ্গল পরিষ্কার করিবার খরচ বা তত্ত্বাবধারণের বা গমনাগমনের খরচ ও অন্য যে সকল খরচ হউক গবর্ণমেণ্টের প্রাপ্য টাকার কি ভুমির রাজস্ব আদায় করণপক্ষে যৎকালে যে আইন প্রবল থাকে তদনুসারে সুন্দর বনের কমিশ্যনর সাহেবের নিষ্পত্ত্যনুসারে তাহা পাট্টাদারের স্থানে আদায় করা যাইবে।

সীমার চিহ্ন নির্ম্মাণ করিতে পাট্টাদারের শৈথিল্যের কথা।

XV—If any land leased under these rules should hereafter be required for any public purpose, such land, whether cultivated or uncultivated, may be resumed by Government on exempting the lessee from payment of the revenue assessed on the area required, and in the case of cultivated land by further payment of the reasonable cost of bringing the land under cultivation, and on payment of reasonable compensation for the value of any building, &c, which may stand on the lands

Land subsequently required for public purpose

Form A
APPLICATION UNDER RULE 4.

To

THE COMMISSIONER OF THE SUNDARBANS.

Dated

SIR,

I APPLY for a plot of waste land in the Sundarbans under the rules for the lease of Sundarban Waste lands dated the

, and hereby bind myself to comply with all the requirements of the said rules

2 The estimated area of the land is about bighas of the standard measure of 80 cubits square The land is entirely covered with jungle and unoccupied, and to the best of my information and belief has not been leased out

3 The land is in the Sundarbans of the district, and *is a portion of lot No of Lieutenant Hodges' map* Its boundaries are—

North,
East,
South,
West

4 A rough sketch map of the lands is hereunto annexed

Form B
NOTICE UNDER RULE 17
FORM OF NOTICE OF LEASE OF WASTE LANDS

NOTICE is hereby given that the lease of the land specified in the Schedule hereunto annexed, and of which the plan is open to inspection at the office of the Commissioner of the Sundarbans, has been applied for by , and will be sold at 12 o'clock noon on the of unless meantime the sale is stopped or postponed in consequence of claims or objections under Act XXIII of 1863 (*to provide for the adjudication of claims to waste lands*), or owing to any other cause

2 The lease of the land will be granted subject to the conditions which are specified below, as well as to the general Terms annexed to the rules for the sale of leases of waste lands in the Sundarbans of the 24-Pergunnahs, Jessore, and Backergunge, dated

A MACKENZIE,
Secy to the Govt of Bengal

১৫। এই বিধি মতে কোন ভূমির পাট্টা দেওয়া গেলে পর, সেই ভূমি রাজকার্য্যের নিমিত্তে গ্রহণ করা আবশ্যক হইলে তাহা কর্ষিত হউক বা না হউক যত ভূমির প্রয়োজন পায় তাঁহাকে তত ভূমির অবধারিত রাজস্ব দান হইতে মুক্ত করিয়া ও তাহা কর্ষিত ভূমি হইলে আবাদ করিবার যুক্তিসঙ্গত যে খরচ হইয়াছে তাহা দিয়া ও সেই ভূমির উপর যে গৃহাদি থাকে তাহার মূল্যের নিমিত্তে যুক্তিসঙ্গত ক্ষতিপূরণ করিয়া গবর্ণমেণ্ট সেই ভূমি পুনঃগ্রহণ করিতে পারিবেন।

রাজকার্য্যের নিমিত্তে পরে ভূমির প্রয়োজন হইলে তাহার কথা।

A চিহ্নিত পাঠ।
৪ ধারামত প্রার্থনাপত্র।

সুন্দরবনের শ্রীযুত কমিশ্যানর সাহেব সমীপেষু।

১৮ সাল তাং

সুন্দর বনের পতিত ভূমির পাট্টা দেওন বিষয়ক ১৮ সালের মাহে তারিখের বিধিমতে আমি সুন্দরবনের এক খণ্ড পতিত ভূমি পাইবার নিমিত্ত প্রার্থনা করিয়া উক্ত বিধির আদেশমতে কার্য্য করিতে এতদ্দ্বারা আপনাকে বদ্ধ করিলাম।

২। উক্ত ভূমি কড়িখতে বর্গ ৮০ হস্তের মাপের অনুমান বিঘা হইবে। উক্ত ভূমি সর্ব্বতোভাবে জঙ্গলে পরিপূর্ণ ও কাহার অধিকারে নাই, ও আমার জ্ঞান ও বিশ্বাসমতে তাহার পাট্টা দেওয়া যায় নাই।

৩। উক্ত ভূমি জিলার অন্তর্গত সুন্দরবনে আছে এবং লেপ্টেনেন্ট হজ সাহেবের ম্যাপের নং লাটের একাংশ। তাহার

উত্তর সীমা,
পূর্ব্ব সীমা,
দক্ষিণ সীমা,
পশ্চিম সীমা,

৪। উক্ত ভূমির খসড়া নক্সা এই সঙ্গে গাঁথিয়া দিলাম।

B পাঠ।
১৭ ধারামত নোটিস।

পতিত ভূমির পাট্টার নোটিসের পাঠ।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যাহার নক্সা সুন্দরবনের কমিশানর সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতৎসহ দত্ত তফসীলের লিখিত সেই ভূমির পাট্টা শ্রীঅমুক পাইবার প্রার্থনা করিয়াছেন ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়ার নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নীলাম রহিত বা স্থগিত না হইলে তাহা ১৮ সালের মাসের তারিখের মধ্যাহ্ন কালে বিক্রীত হইবে।

২। নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮ সালের মাসের তারিখের বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RULES FOR CULTIVATION LEASES OF PLOTS OF WASTE LAND NOT EXCEEDING BEEGHAS 200 IN EXTENT IN THE SUNDARBANS OF THE 24-PERGUNNAHS, JESSORE, AND BACKERGUNGE

In the rules for the lease of waste lands in the Sundarbans of the 24-Pergunnahs, Jessore, and Backergunge, provision is made for leases of blocks of land not being more than 5,000 beeghas or less than 200 beeghas in area, it is further desired to give every facility to small settlers who may wish to take up and bring under cultivation plots of land of less than 200 beeghas in area, holding the same directly as tenants of the Government With this object the following rules are laid down :—

1 —Cultivators who desire to bring plots of land into cultivation, and to hold the same directly from the Government, will be allowed to do so in the following lots —

24-Pergunnahs —Those parts of the "protected forest" area in which no embankments or other expensive works are required, provided that no lease will be given here without the consent of the Conservator of Forests

Jessore —The ungranted portions of lot 216 and lot 224

Backergunge —Dhulloos, Burgona, Karaibaria, part of Kalamagra, Chota Nishanberia, Aboogunj, Meethagunj

2 —Applications for this purpose should be presented to the Sundarban Commissioner, and should specify—

(1) the name of the applicant and of his father,

(2) his residence,

(3) the area of land required, which must not be in excess of 200 beeghas,

(4) the situation of the land, giving any available landmarks,

(5) its present condition,

(6) that it is at present unoccupied,

(7) whether it is known ever to have been occupied, and, if so, by whom and when, and why it was abandoned

3 —On receipt of such an application, the Sundarban Commissioner shall, if he sees no objection, give to the applicant an authority to take possession by any amalnamah in the annexed form A, guaranteeing a formal lease to the applicant if he shall bring the land under cultivation within two years

4 —If the land or any part of it shall have been brought under cultivation within the term specified, the applicant shall be entitled to a lease of the land so brought under cultivation for 30 years The conditions of the lease will be—

that the land shall be held free of rent for two years from the date of the lease,

that, from the beginning of the third year to the end of the thirtieth year, the lessee shall pay such rents for each period of years as are specified in the lease, which shall be fixed on the cultivated area with reference to the rates ordinarily paid for similar lands in the neighbourhood to grantees and other landholders by their ryots,

that, if available, an area of unreclaimed land, equal to the cultivated area, shall be included in the lease and reserved for cultivation by him,

[*Government Gazette, 27th May* 1879]

২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনে ২০০৲ বিঘার অনধিক পরিমাণের পতিত ভূমি খণ্ডের কৃষি কার্য্যার্থ পাট্টাবিষয়ক বিধি।

২৪ পরগনা ও যশোহর ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনস্থ পতিত ভূমির পাট্টা দেওন বিষয়ক বিধিতে ৫০০০৲ বিঘার অনধিক বা ২০০৲ বিঘার অন্যূন এক২ খণ্ড ভূমির পাট্টা দিবার বিধান করা গিয়াছে। ২০০৲ বিঘার কম পরিমাণের এক২ খণ্ড ভূমি লইয়া যাঁহারা আবাদ করাইতে ইচ্ছা করেন ও সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণমেণ্টের প্রজাস্বরূপ হইয়া সেই ভূমি পাইতে চাহেন তাঁহাদের পক্ষে সুবিধা করা বাঞ্ছনীয়। এই অভিপ্রায়ে নিম্নলিখিত বিধি প্রণয়ন করা গেল।

১।—যে কৃষাকরা ভূমি আবাদ করিতে ও সাক্ষাৎ সম্বন্ধে তাহা গবর্ণমেণ্টের স্থানে পাইতে ইচ্ছা করেন নিম্নলিখিত লাটে তাঁহারা তাহা লইতে অনুমতি পাইবেন,

২৪ পরগনা।—রক্ষিত বনভূমির যেই অংশ বাঁধ বা অধিক খরচের অন্য কার্য্য করা আবশ্যক না হয় সেই অংশ। কিন্তু বন রক্ষকের সম্মতি বিনা এই স্থানের পাট্টা দেওয়া যাইবে না।

যশোহর।—২১৬ নং লাটের ও ২১৪নং লাটের অনস্তাংশ।

বাকরগঞ্জ।—গলুয়া ও বড়গোনা ও কড়াই বাড়িয়া ও কালামাগবার একাংশ ও ছোট বিশাল বেড়িয়া, ও বাবুগঞ্জ ও নিটাগঞ্জ।

২।—এতদ্বিষয়ের প্রার্থনাপত্র সুন্দরবনের কমিশ্যনর সাহেবের নিকট দিতে হইবে, ও তাহাতে এই২ কথা লেখা যাইবে,

(১) প্রার্থকের ও তৎ পিতার নাম।

(২) বাসস্থান।

(৩) প্রার্থিত ভূমির পরিমাণ কিন্তু তাহা ২০০৲ বিঘার অধিক হইবে না।

(৪) ভূমি যে স্থানে আছে তাহা, সেই ভূমির সীমানিরূপক যে চিহ্ন পাওয়া যাইতে পারে তাহাও দিতে হইবে।

(৫) ভূমির বর্ত্তমান অবস্থা।

(৬) তাহা এইক্ষণে কাহারো দখলে নাই।

(৭) কোন সময়ে যে দখল করিয়াছে ইহা জানা আছে কিনা, জানা থাকিলে কে দখল করিয়াছিল ও কোন্ সময়ে ও ত্যাগ করা গেল কেন।

৩।—উক্ত প্রার্থনাপত্র পাইলে সুন্দরবনের কমিশ্যনর সাহেব যদি কোন প্রতিবন্ধক না দেখেন তাহা হইলে তিনি প্রার্থককে এতৎ সংযুক্ত A চিহ্নিত পাঠের কোন জামিন না দিয়া দখল করিবার ক্ষমতা দিবেন, প্রার্থক দুই বৎসরের মধ্যে ভূমির আবাদ করিলে তাঁহাকে রীতিমত পাট্টা দিবার প্রতিশ্রুতি থাকিবেন।

৪।—সমুদয় ভূমি বা তাহার কোন অংশ নির্দ্দিষ্ট কালের মধ্যে আবাদ করা গেলে, যে ভূমির আবাদ করা গেল প্রার্থক ৩০ বৎসরের নিমিত্ত সেই ভূমির পাট্টা পাইবার অধিকারী হইবেন। পাট্টার এই২ নিয়ম হইবে যে—

পাট্টার তারিখ অবধি দুই বৎসর ভূমি নিষ্কর ভোগ হইবে।

পাট্টাদার তৃতীয় বৎসরের আরম্ভ অবধি ত্রিংশৎ বৎসরের শেষ পর্য্যন্ত পাট্টার নির্দ্দিষ্ট মত বৎসর অন্তর যে খাজানা লেখা থাকে তাহাই দিবেন, নিকটবর্ত্তী ভূমি প্রাপ্ত ব্যক্তিদিগকে ও অন্য ভূম্যধিকারীদিগকে রায়তেরা তদ্রূপ ভূমির নিমিত্ত নিরূপিত যে হারে খাজানা দেন সেই হারানুসারে কর্ষিত উক্ত ভূমির খাজানা ধার্য্য হইবে।

কর্ষিত ভূমির তুল্য পরিমাণের পতিত ভূমি পাওয়া যাইতে পারিলে তাহা পাট্টার মধ্যে ধরা যাইবে ও তৎকর্ত্তৃক আবাদ হইবার নিমিত্ত রাখা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

that, in addition to the said unreclaimed land, the lessee shall be at liberty to bring under cultivation any quantity of land adjoining his holding which he may find *bonâ fide* unoccupied,

that the lessee's holding shall be liable to measurement at the expiration of the fifth year from the date of the lease, and again from time to time at the expiration of not less than five years from the date of the previous measurement, and that on each occasion all land found to be in his possession under cultivation in excess of the area originally assessed under the lease shall be assessed, but at no higher rates than were imposed on the land originally assessed under the lease,

that, at the end of the thirtieth year, and so at the end of every period of thirty years, the lessee shall be entitled to a fresh lease for a further period of thirty years, the rates of rent being similarly fixed on all lands which may then be found to be in his possession under cultivation, at such rates as are paid in the neighbourhood for similar lands by the ryots of grantees and landholders,

that the tenure shall be heritable and transferable, provided that notice of every transfer shall be given to the Sundarban Commissioner within one month of its occurrence

Provided, however, that no holding shall be divided without the permission of the Sundarban Commissioner.

5.—The Board of Revenue shall, as soon as possible after these rules are issued, prescribe forms in which registers of amalnamahs and of leases granted under these rules shall be kept; and also a form of the lease to be granted under Rule 4.

Amalnamah.

FORM A REFERRED TO IN RULE 3.

Whereas , son of , inhabitant of has applied for the settlement of beeghas or thereabouts of land in the Government estate , within the boundaries roughly set forth hereafter, this amalnamah is given to him, empowering him to take possession of the lands at once, if they be not already in the occupation of others, and to bring them into cultivation within the period of two years or earlier, of which notice in writing is to be given by the said When the lands are cleared, a lease will be granted on the terms and conditions specified below.

(Here enter the conditions as in Rule 4 above.)

Boundaries

North, by
East, by
South, by
West, by

A. MACKENZIE,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 27th May* 1879.]

উক্ত পতিত ভূমির অতিরিক্ত পাট্টাদার আপন যোতের লাগাও যত ভূমি প্রকৃত প্রস্তাবে কাহারও দখলে নাই দেখিতে পান সেই সমস্ত ভূমি তিনি আবাদ করিতে পারিবেন।

পাট্টাদারের যোত পাট্টার তারিখ অবধি পঞ্চম বৎসর অতীত হইলে পর পরিমাপণের যোগ্য হইবে, ও পূর্ব্ব পরিমাপণের তারিখ অবধি পাঁচ বৎসর অতীত না হইলে সময়েং পুনর্ব্বার মাপ করা যাইবে না। পাট্টা অনুসারে প্রথম যত ভূমির উপর কর ধার্য্য হওয়াছে একং বার মাপ করিয়া তদপেক্ষা অধিক যত ভূমি তাহার দখলে আছে দেখা যায় তাহার উপর কর ধার্য্য করা যাইবে কিন্তু পাট্টামতে ভূমির উপর যে হারে কর ধার্য্য করা গিয়াছে তদপেক্ষা অধিক হারে কর ধার্য্য করা যাইবে না।

ত্রিংশৎ বৎসরের শেষে ও তদনুক্রমিক ত্রিংশৎ বৎসরান্ত পাট্টাদার আর ত্রিশ বৎসরের নূতন পাট্টা পাইবার স্বত্বাধীন হইবেন। নিকটবর্ত্তি ভূমি প্রাপ্ত ব্যক্তি ও ভূম্যধিকারিদিগকে রায়তের ঐরূপ ভূমির নিমিত্ত যে হারে খাজানা দিয়া থাকে তৎকালে তাঁহার দখলে আবাদী যত ভূমি আছে দেখা যায় তৎসমুদয়ের উপর সেই হারে কর ধার্য্য করা যাইবে।

উক্ত ভূসম্পর্কে পুত্রপৌত্রাদিক্রমে ভোগ্য ও হস্তান্তর যোগ্য হইবে কিন্তু হস্তান্তর করা গেলে এক মাসের মধ্যে সুন্দর বনের কমিশনর সাহেবকে তাহার নোটিস দিতে হইবে।

পরন্তু সুন্দর বনের কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা যোত বিভাগ করা যাইবে না।

৫।—এই বিধি প্রচার হইবার পর রেবিনিউ বোর্ড সাধ্যমতে ত্বরায় আমলনামার ও এই বিধিমতে দত্ত পাট্টার যে রেজিষ্টর রাখিতে হইবে তাহার পাঠ এবং ৪ ধারামতে যে পাট্টা দেওয়া যাইবে তাহারও পাঠ নির্দ্দিষ্ট করিবেন।

আমল নামা।

৩ ধারার উল্লিখিত A পাঠ।

অকমুস্থান বাসি অমুকের পুত্র শ্রী

গবর্ণমেণ্টের ইষ্টেটে এতৎপরের খসড়া লিখিত সীমার মধ্যে বিঘা ভূমি বন্দোবস্ত করিয়া লইবার প্রার্থনা করিয়াছেন, উক্ত ভূমি যদি কাহারো দখলে না থাকে তবে অবিলম্বে সেই ভূমি দখল করিবার ও দুই বৎসরের মধ্যে বা অরেশীঘ্র সেই ভূমি আবাদ করিবার (ইহার নিমিত্ত নোটিস তৎকর্ত্তৃক দাত হইবে) ক্ষমত সূচক এই আমলনামা তাঁহাকে দেওয়া গেল। ভূমি পরিষ্কার করা গেলে পর নিম্নলিখিত নিয়ম ও নিরখে পাট্টা দেওয়া যাইবে।

(পূর্ব্বোক্ত ৪ ধারানুসারে এই স্থানে সকল নিয়ম লেখ।)

সীমা।

উত্তর সীমা,

পূর্ব্ব সীমা,

দক্ষিণ সীমা,

পশ্চিম সীমা,

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

NOTIFICATION

The 6th May 1879 —In substitution of the rules under sections 5 and 13 of the Opium Act, 1878, published in the *Calcutta Gazette* of the 21st and 28th August and 4th September 1878, the following revised rules which have received the sanction of the Governor-General in Council, are hereby published —

Interpretation clause

I In these Rules, unless there be something repugnant in the subject or context—

(1) "Board" means the Board of Revenue for the Provinces for the time being subject to the Lieutenant-Governor of Bengal

(2) "Commissioner" means the Commissioner of a Revenue Division

(3) "Collector" includes a Deputy Collector or other Revenue Officer in independent charge of a district and a Superintendent of Excise Revenue·

(4) "Preventive-officer" means any officer of any of the departments mentioned in section 14 of the Opium Act

(5) "Intendant" means any officer in charge of Government opium stores at Calcutta

(6) "Farmer" means a person who has obtained from the Collector a farm under Rule XXXIX or XLIV

(7) "Licensed vendor" means a person who has obtained a license for retail sale under Rules XXXV, XXXVII, XLI, and XLIV

(8) "Retail sale" means the sale of any quantity of opium or intoxicating drugs not exceeding five tolas, and of any quantity of poppy-heads not exceeding five seers

(9) "Opium" means the inspissated juice of the poppy

(10) "Intoxicating drugs" includes madak and chandu, and every preparation and admixture thereof, and kafa, and all other intoxicating or narcotic preparations of opium and of the poppy, but does not include poppy-heads

(11) "Poppy heads" means the dry capsules of the poppy plant

ইস্তাহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা রঙ্গপুরের মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহাল ১৮৭৯ সালের ২৮ মার্চ্চ তারিখের প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন ও আক্ট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৯ সালের ১৭ জুন মোতাবেক ১২৮৬ সালের ৪ আষাঢ় মঙ্গল বার ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে বিক্রী হইবে ১৮৭৯।৬ মেই মোং ১২৮৬ তারিখ ২৪ বৈশাখ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

বকী রাজস্বের জন্য নিলাম হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ।	তৌজির নম্বর।	মহালের নাম ও পরগণা।	মালিকের নাম।	সদর জমা	তায়দাদ জমীদারি যাহা নিলাম হইবে।
১ নং	প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।	৫২৭ নং	পরগনে পয়রা বন্দের মোতালক হামিদপুর ওগএরহ মৌজা মোতবকে মোত গকুল হিস্যা ॥০ আনা	জহিরুদ্দিন মাহাম্মদ আবু আলি চৌধুরী।	১৫৩২।৬	সম্পূর্ণ মহাল বাকী রাজস্ব ৯৬৭৫ পাই।

J J LIVESAY, *Offg Collector*

The Hymns of the Rig-Veda, in the Samhita and Pada Text, by Professor F Max Muller, M A, in two Volumes *Price Rs 24, packing and postage, Rs* 1 12

**The Rig Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country—*Extract from Preface*

OFFICE OF SUPDT, GOVT PRINTING, No 8 Hastings Street, Calcutta

Rates of Subscription to the Bengali Government Gazette, FROM 1ST JANUARY 1872

Payable in advance

For one year, without postage	Rs	10	0	0
Ditto, with postage	„	12	8	0

When postage stamps are remitted in payment of subscription, one anna in the Rupee should be added for discount

১৮৭২ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের অগ্রিম মূল্যের হার।

ডাকমাসুল বিনা এক বৎসরের	১০৲
ডাকমাসুল যুক্ত ঐ	১২৸০

ডাকের টিকিট ক্রয় করিয়া মূল্য পাঠান গেলে টাকা প্রতি এক আনা মূল্যের একং খান ডাকের টিকিট ডিস্কৌন্ট দিবার জন্যে পাঠাইতে হইবে।

[*Government Gazette 27th May* 1879]

INSOLVENT COURT

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of SHAHZADAH MAHOMED MAHMOOD SHAH, an Insolvent.

NOTICE is hereby given that Tuesday, the 3rd day of June next, is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Official Assignee, from the 8th day of September 1877 until the 30th day of April last, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing

---

The like Notice In the matter of MACKERTICH BELTHASER, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 2nd May to 5th May 1879 has been filed in the Chief Clerk's Office

A B MILLER,
Official Assignee.

OFFICIAL ASSIGNEE'S OFFICE, *Calcutta, 22nd May* 1879

দেউলিয়াদের আদালত।

কলিকাতা দেউলিয়া ঋণিদের উপকারার্থ আদালত।

দেউলিয়া শাহজাদা মহাম্মদ মহমুদ শা সাহেবের বিষয়ে,

এই সংবাদ দেওয়া গেল যে আগামি জুন মাসের ৩ তারিখ মঙ্গলবার ডিবিডেন্ট প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের পুনশ্চ শুনানি হইবে। ও এবিষয়ে ১৮৭৭ সালের সেপ্টেম্বর মাসের ৮ তারিখ অবধি গত আপ্রিল মাসের ৩০ তারিখ পর্য্যন্ত আসেনী সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব অর্পণ করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের আফিসে দেখা যাইতে পারিবে। কোন মহাজন কিম্বা এই বিষয়ে অন্য যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি উক্ত দেউলিয়ার ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহিলে শ্রবণের দিনের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের আফিসে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

দেউলিয়া ম্যাকারটিক বেলথেসর সাহেবের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া গেল। এই বিষয়ে ১৮৭৯ সালের মে মাসের ২ তারিখ অবধি ৫ তারিখ পর্য্যন্ত সরকারী আসেনী সাহেবের হিসাব প্রধান ক্লার্ক সাহেবের আফিসে অর্পণ করা গিয়াছে।

এ, বি, মিলর,
সরকারী আসেনী।

সরকারী আসৈনী সাহেবের আফিস।
কলিকাতা, ১৮৭৯ সাল ২২ মে।

15—1

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

NOTICE

IN continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in, the Bengal Secretariat Press for other than Government offices, or offices under the control of Government officers, are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c, inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the rupee on account of discount.

RAJENDRA NATH MITRA,
Asst Secy to the Govt of Bengal

The 10th February 1878

NOTE —*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs
Full page, per issue	20
Half	10
Casual advertisements,—4 annas per line	

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গলা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ম্মকারকদের কর্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে

শ্রীরাজেন্দ্রনাথ মিত্র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী

১৮৭৮ সাল। ১৯ ফেব্রুয়ারি।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার দর এই—

	টাকা
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখনং ইশ্তিহার প্রকাশ করিতে হইলে এক২ পঙ্‌ক্তি	৷০

[*Government Gazette, 27th May* 1879]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডওয়ার্ড বরিস্ মুইর সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

P J P —Regr. No. 1434—780—27 5-79.

Numb. 2079 ২০৭৯ **[REGISTERED No. 30]**

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 3, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩ জুন।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATIONS —MEDICAL

Simla, the 13th May 1879.

No 330 —The services of Surgeon D D Cunningham, M B, Special Assistant to the Sanitary Commissioner with the Government of India, are placed at the disposal of the Government of Bengal for employment in the Medical College at Calcutta

C BERNARD,
Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT.

NOTIFICATION.—ESTABLISHMENT

Simla, the 23rd May 1879

No 237 —Lieutenant R C Maxwell, R E, Assistant Engineer, Second Grade, Western System of State Railways, is appointed to officiate as Deputy Consulting Engineer to the Government of India for Guaranteed Railways, Calcutta, during the absence on privilege leave of Captain H W Clarke, R.E, or until further orders.

A FRASER, *Major-General*, R E,
Secy to the Govt of India

হোম ডিপার্টমেণ্ট।

চিকিৎসা বিষয়ক বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ১৩ মে।

৩৩০ নম্বর।—ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সঙ্গে সানিটরী কমিশ্যনর সাহেবের বিশেষ আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত ডি, ডি, কনিংহাম সাহেব, এম, বি, কলিকাতাস্থ মেডিকাল কালেজে নিযুক্ত হইবার জন্যে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

সি, বর্ণার্ড,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতা বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৯ সাল ২৩ মে।

২৩৭ নম্বর।—কাপ্তান শ্রীযুত এচ, ডবলিউ, ক্লার্ক, আর, ই, সাহেবের অনুগ্রাহের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, পাশ্চমদিগের ষ্টেট রেলওয়ের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট শ্রীযুত আর, সি, মাক্সওয়েল সাহেব, আর, ই, কলিকাতার গারাণ্টীড রেলওয়ের পক্ষে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ডেপুটী কনসলটীং ইঞ্জিনিয়রের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

আলেকজাণ্ডর ফ্রেসর, মেজর জেনরল, আর, ই,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটর

[*Government Gazette*, 3rd *June* 1879.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 3, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩ জুন।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 3043A.

General.—*The 17th May* 1879.—Mr. T D Beighton, Joint-Magistrate and Deputy Collector, Midnapore, is appointed to act temporarily as Magistrate and Collector of that district, *vice* Mr. R. H. Wilson.

Baboo Juggeshur Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is allowed leave for one month and fifteen days, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 4th proximo

The 19th May 1879.—Mr A W Paul, Assistant Commissioner, Darjeeling, on survey duty, is allowed leave for three months, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

Mr. T. T Allen, District and Sessions Judge, Rajshahye, is appointed to act, until further orders, in the First Grade of District and Sessions Judges, with effect from the 2nd instant, *vice* Mr R. J Richardson.

Mr C M. W Brett, Officiating Joint-Magistrate and Deputy Collector, Hooghly, is appointed to act, until further orders, in the first grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the 2nd instant.

Mr. H. Savage, Officiating Joint-Magistrate and Deputy Collector, Chittagong, is appointed to act temporarily in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the 2nd instant.

Mr J. D. Gael, Assistant Magistrate and Collector, Meherpore, Nuddea, is appointed to act, until further orders, in the Second Grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the 2nd instant, *vice* Mr C M. W Brett

Mr. J Kennedy, Assistant Magistrate and Collector, Begooserai, Monghyr, is appointed to act temporarily in the Second Grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the 2nd instant, *vice* Mr. H Savage

The 20th May 1879.—Baboo Brojo Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector, is posted to the Sudder Station of the Furreedpore district, on being relieved of his present duties under the Railway Branch of this Government

Mr W R Ricketts, Officiating Deputy Magistrate and Deputy Collector, Julpigoree, is allowed leave for fifteen days under Section 4-1, Supplement F to the Civil Leave Code

Baboo Omullo Churn Mullick, Officiating Deputy Magistrate and Deputy Collector, employed on settlement duty, Julpigoree, is allowed leave for one month, under Section 13-2, Supplement F to the Civil Leave Code, with effect from the 16th instant, or such subsequent date as he may avail himself of it

Baboo Abinash Churn Mullick, Officiating Deputy Magistrate and Deputy Collector, Banka, Bhagulpore, is allowed leave for one month, under Section 13-2, Supplement F to the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it

Baboo Juggobundho Khan, Deputy Magistrate and Deputy Collector, Maldah, is allowed leave for one month, under Section 4, Supplement F to the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it

The 22nd May 1879.—Baboo Nund Kissore Das, Assistant to the Superintendent of the Tributary Mehals, Cuttack, is allowed leave for one month under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 3rd June 1879

Baboo Annada Persad Ghose, Officiating Personal Assistant to the Commissioner of the Orissa Division, is appointed to act, in addition to his own duties, as Assistant to the Superintendent of the Tributary Mehals, Cuttack, during the absence on leave of Baboo Nund Kissore Das, or until further orders

The 23rd May 1879.—Baboo Burhandeo Narain, Sub-Deputy Collector, Gya, is allowed leave for two months, under the rules in Chapter VII of the Civil Leave Code

The 27th May 1879.—Captain E. G Lillingston, Deputy Commissioner, Chittagong Hill Tracts, is appointed to act as Deputy Commissioner of Manbhoom during the absence on leave of Lieutenant-Colonel B W. D Morton, or until further orders

[*Government Gazette*, 3rd *June* 1879.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আদেশ।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেন্ট।

৩৩৪৩A নম্বর।

সাধারণ।—১৮৭৯ সাল ১৭ মে।—শ্রীযুত আর, এচ, উইলসন সাহেবের পরিবর্ত্তে মেদিনীপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত টি, ডি, বেটন সাহেব কিয়ৎকালের নিমিত্তে উক্ত জিলার মাজিষ্ট্রেট ও কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু যজ্ঞেশ্বর মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি মাসের ৪ তারিখ অবধি এক মাস পনের দিনের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ১৯ মে।—জরীপী কার্য্যে নিযুক্ত দার্জ্জিলিঙ্গের আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত এ, ডবলিউ, পাল সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত আর, জে, রিচার্ডসন সাহেবের পরিবর্ত্তে রাজশাহীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত টি, টি, আলেন সাহেব এই মাসের ২ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, ডিষ্ট্রিক্ট ও সেশন জজদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

হুগলীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেব এই মাসের ২ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

চট্টগ্রামের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এচ, সাবেজ সাহেব এই মাসের ২ তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেবের পরিবর্ত্তে নদীয়ার অন্তর্গত মেহেরপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জে, ডি, গায়েল সাহেব এই মাসের ২ তারিখ অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয় জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এচ, সাবেজ সাহেবের পরিবর্ত্তে মুঙ্গেরের অন্তর্গত বেগুসরাইর আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জে, কেনেডি সাহেব এই মাসের ২ তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২০ মে।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু ব্রজমোহন রায় এই গবর্ণমেণ্টের রেলওয়ের শাখার অধীন স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া ফরীদপুর জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

জলপাইগুড়ির একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ডবলিউ, আর, রিকেটস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪-১ ধারামতে পনের দিনের ছুটী পাইলেন।

জলপাইগুড়িতে বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অমূল্য চরণ মল্লিক এই মাসের ১৬ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১৩-২ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

ভাগলপুরের অন্তর্গত বাঁকার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অবিনাশ চরণ মল্লিক যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১৩-২ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

মালদহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু জগদ্বন্ধু খাঁ যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২২ মে।—কটকের পেশকশী মহালের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু নন্দকিশোর দাস সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে আগামি জুন মাসের ৩ তারিখ অবধি এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু নন্দকিশোর দাসের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় উড়িষ্যা খণ্ডের কমিশ্যনর সাহেবের একটিং স্বকীয় আসিষ্টান্ট শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ ঘোষ, আপন কর্ম্মাতিরিক্ত কটকের পেশকশী মহালের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টান্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৩ মে।—গয়ার সব-ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু বহ্মদেব নারায়ণ সিবিল কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে দুই মাসের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৭ মে।—লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত বি, ডবলিউ, ডি, মর্টন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কাল অথবা যাবৎ অন্য আজ্ঞা নাহয়, জলপাইগুড়ির একটিং ডেপুটী কমিশ্যনর কাপ্তান শ্রীযুত আর, জি, লিলিংষ্টন সাহেব মানভূমের ডেপুটী কালেকটরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩ জুন।]

POLICE.—*The 23rd May* 1879 —Mr. J. B. Birch, Officiating District Superintendent of Police, Furreedpore, is allowed subsidiary leave from the 5th to the 13th May 1879 to enable him to join his appointment at Furreedpore on return from furlough.

Mr J. H Warender-Clark, Assistant Superintendent of Police, Gya, is allowed leave for six months, under Section 4, Supplement F to the Civil Leave Code, together with subsidiary leave for one month, under section 11 of that Supplement, with effect from the 12th April 1879

REGISTRATION —*The 12th May* 1879 —Baboo Jogesh Chunder Sanyal is appointed to be Rural Sub-Registrar of Beergunge, in the district of Dinagepore, *vice* Baboo Gobinda Chunder Sanyal, resigned

The 14th May 1879 —Baboo Gobind Chunder Dutt is appointed to be Rural Sub-Registrar of Sultanpore in the district of the 24-Pergunnahs, *vice* Baboo Wooma Churn Chatterjee

EDUCATION.—*The 21st May* 1879.—Moulvi Dilwar Hossain Ahmed is appointed to be a member of the Chittagong District School Committee.

The 23rd May 1879 —Baboo Judunath Bose, Deputy Magistrate and Deputy Collector, is appointed to be a member of the District School Committee of Noakholly.

MEDICAL —*The 14th May* 1879.—Assistant Surgeon Batta Krishna Datta, in charge of the Charitable Dispensary at Palamow in the district of Lohardugga, is allowed leave for one month, under Section 4, Supplement F to the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Assistant Surgeon Bepin Behary Gupta, Acting Resident Assistant Surgeon of the Campbell Hospital, is confirmed in that appointment, with effect from the 28th December 1878, the date on which he relieved Assistant Surgeon Kanai Lal Mullick.

The 26th May 1879.—Under section 2, Act IV (B.C.) of 1871, Dr R. Macleod, Civil Medical Officer, Gya, is appointed to be the Health Officer of the pilgrim lodging-houses within the town of Gya.

CUSTOMS.—*The 19th May* 1879 —Mr G. M Goodricke, Assistant Collector of Customs, Calcutta, is allowed leave for one month, under the rules in Chapter VII of the Civil Leave Code, with effect from the 15th instant, or from any subsequent date on which he may avail himself of it.

MUNICIPAL.—*The 13th May* 1879 —The following gentlemen are appointed to be Commissioners of the Boduria Municipality —

Baboo Troyluckho Nath Nag Chowdry, Zemindar, *vice* Baboo Womesh Chunder Nag Chowdry

" Digumbur Chowdry, Landholder, *vice* Baboo Rajendro Nath Roy Chowdry.

" Radha Romun Bose, Medical Practitioner, *vice* Baboo Bunko Behary Ghose.

The 15th May 1879 —Surgeon G. M Nixon is appointed to be a Commissioner of the Bhagulpore Municipality.

The 26th May 1879 —Baboo Bijoy Nath Chatterjee is re-appointed to be a Commissioner of the Ooterparah Municipality.

The following gentlemen are appointed to be Commissioners of the Ooterparah Municipality —

Baboo Khetter Chunder Mookerjee, Government pensioner, *vice* Baboo Ambica Charan Banerjee, retired

" Monohur Mookerjee, Zemindar, *vice* Baboo Bidhu Bhusan Banerjee, resigned

" Moti Lall Mookerjee, Landholder, *vice* Baboo Shiba Nath Chatterjee, retired

ROAD CESS.—*The 26th May* 1879.—The following gentlemen are appointed to be members of the Atia Branch Road Cess Committee in Mymensing —

Baboo Bhagavan Chandra Ray, Head Clerk, Sub-divisional Office, *vice* Baboo Chandra Kishore Dey, transferred.

" Gopi Mohan Guha, Zemindar's Naib, *vice* Munshi Abdul Hakim Chowdhuri, deceased.

HORACE A. COCKERELL,
Secy. to the Govt of Bengal

[*Government Gazette*, 3rd *June* 1879.]

পোলীস বিষয়ক।—১৮৭৯ সাল ১৩ মে।—ফরীদপুরের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, বি, বর্চ সাহেব নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়া ফরীদপুরে আপন কর্ম্ম গ্রহণ করিতে পারিবার নিমিত্তে ১৮৭৯ সালের মে মাসের ৫ তারিখ অবধি ১৩ তারিখ পর্য্যন্ত আনুষঙ্গিক ছুটী পাইলেন।

গয়ার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এচ, ওয়ারেণ্ডর ক্লার্ক সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন, তদ্ভিন্ন উক্ত পরিশিষ্ট বিধির ১১ ধারামতে ১৮৭৯ সালের ১২ আপ্রিল অবধি এক মাসের আনুষঙ্গিক ছুটী পাইলেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৭৯ সাল ১২ মে।—শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্যাল কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত বাবু যোগেশচন্দ্র সান্যাল দিনাজপুর জিলার অন্তর্গত বীরগঞ্জের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ১৪ মে।—শ্রীযুত বাবু উমাচরণ চট্টোপাধ্যায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র দত্ত ২৪ পরগণা জিলার অন্তর্গত সুলতানপুরের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৭৯ সাল ২১ মে।—শ্রীযুত মৌলবী দিলওয়ার হুসেন আহম্মদ চট্টগ্রাম জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৩ মে।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু যদুনাথ বসু নওয়াখালী জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

চিকিৎসাবিষয়ক।—১৮৭৯ সাল ১৪ মে।—লোহারডগা জিলার অন্তর্গত পালামৌয়ের দাতব্য ঔষধালয়ের কার্য্যে কার্য্যকারকতা ভার প্রাপ্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বটকৃষ্ণ দত্ত, যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৪ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

কাম্বেল হাস্পাতালে একটিং রেসিডেণ্ট আসিষ্টাণ্ট সর্জন, আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বিপিন বিহারী গুপ্ত ১৮৭৮ সালের ২৮ ডিসেম্বর অবধি সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন, উক্ত তারিখে তিনি, আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত কানাই লাল মল্লিকের স্থানে কর্ম্মের ভার গ্রহণ করেন।

১৮৭৯ সাল ২৬ মে।—গয়ার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর, মাকডোনেল্ড সাহেব গয়া নগরের মধ্যে ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের ২ ধারামতে তীর্থ যাত্রিদের বাসাবাটীর হেল্থ অাফিসরের পদে নিযুক্ত হইলেন।

কষ্টম বিষয়ক।—১৮৭৯ সাল ১৯ মে।—কলিকাতার কষ্টমের আসিষ্টাণ্ট কালেকটর শ্রীযুত জি, এম, গুড্রিক সাহেব এই মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধি পুস্তকের ৭ অধ্যায়ের বিধিমতে এক মাসের ছুটী পাইলেন।

মুনিসিপল বিষয়ক।—১৮৭৯ সাল ১৩ মে।—নিম্নলিখিত মহাশয়েরা বসুড়িয়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু উমেশচন্দ্র নাগ চৌধুরীর পরিবর্ত্তে জমীদার শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ নাগ চৌধুরী।
„ বাবু রাজেন্দ্রনাথ রায় চৌধুরীর পরিবর্ত্তে ভূম্যধিকারি শ্রীযুত বাবু দিগম্বর চৌধুরী।
„ বাবু বঙ্কবিহারী ঘোষের পরিবর্ত্তে চিকিৎসক শ্রীযুত বাবু রাধারমণ বসু।

১৮৭৯ সাল ১৫ মে।—সর্জন শ্রীযুত জি, এম, নিক্সন সাহেব ভাগলপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৯ সাল ২৬ মে।—শ্রীযুত বাবু বিজয়নাথ চট্টোপাধ্যায় উত্তরপাড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা উত্তরপাড়া মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু অম্বিকাচরণ বন্দ্যোপাধ্যায় কর্ম্মহইতে অবসর গ্রহণ করাতে গবর্ণমেণ্টের পেনশ্যন ভোগি শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়।
„ বাবু বিধুভূষণ বন্দ্যোপাধ্যায় কর্ম্ম ত্যাগ করাতে জমীদার শ্রীযুত বাবু মনোহর মুখোপাধ্যায়।
„ বাবু শিবনাথ চট্টোপাধ্যায় কর্ম্মহইতে অবসর গ্রহণ করাতে ভূম্যধিকারি শ্রীযুত বাবু মতিলাল মুখোপাধ্যায়।

পথকর বিষয়ক।—১৮৭৯ সাল ২৬ মে।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহের অন্তর্গত আটিয়ার শাখা পথকর কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু চন্দ্রকিশোর রায় স্থানান্তরে প্রেরিত হওয়াতে মহকুমার আফিসের প্রধান কেরাণী শ্রীযুত বাবু ভগবান চন্দ্র রায়।
মুনশী আবদুল হকিম চৌধুরীর মৃত্যুহওয়াতে জমীদারের নাএব শ্রীযুত বাবু গোপীমোহন গুহ।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩ জুন।]

NOTIFICATION

The 26th May 1879 —It is hereby notified for general information that the declaration dated the 6th April 1879, published at page 285, Part I, of the *Calcutta Gazette* of the 10th idem, for the acquisition of a plot of land in the city of Patna, required for the construction of a conservancy dry-earth shed, is cancelled at the request of the Commissioners of the Municipality of Patna

H L HARRISON,
Offg. Secy to the Govt. of Bengal

NOTIFICATION

The 26th May 1879 —It is hereby notified for general information that, under the provisions of Section 32, Act V (B.C.) of 1876, and on the recommendation of the Commissioners of the Municipality of Noakholly, the Lieutenant Governor is pleased to exclude from the operation of the said Act such portions of the roads mentioned below as lie within the limits of that Municipality, and to transfer the same to the charge of the District Road Cess Committee of Noakholly with the consent of that body, viz —

1	Gateway	road	½ mile
2	Bara Bazar	,,	¼ ,,
3.	Taltoli	,,	¼ ,,
4	Moindaghona	,,	¼ ,,
5	Kali Tara	,,	¾ ,,
6.	Bruce's Tank	,,	¼ ,,
7	Dewanpara and School	,,	¾ ,,
		Total	3 miles.

H L HARRISON,
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 3044A.

The 16th May 1879 —Mr J R Hand, Deputy Magistrate and Deputy Collector, Pakour, Sonthal Pergunnahs, is vested with powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code

The 19th May 1879.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Mr S E I Clarke of his appointment of Honorary Magistrate of Chandbally in the district of Balasore.

The following gentlemen are appointed to be Honorary Magistrates for the Head-quarters Bench of the District of Rungpore, and are vested with the powers of a Magistrate of the third class —

Baboo Chunder Kant Roy, Pleader, Judge's Court

,, Gooroo Dass Dass, Law Agent of Maharanee Surnomoyee

The Lieutenant-Governor accepts the resignation tendered by Kumar Kanti Chunder Singh of his appointment of Honorary Magistrate in the district of the 24-Pergunnahs

Baboo Brojo Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector, who has under separate orders of this date been posted to the Sudder Station of the Furreedpore district will exercise the powers of a Magistrate of the second class

The 21st May 1879 —Baboo Nundo Lall Koondoo, B L, Additional Moonsif of Tumlook, on deputation to Ghattal, is appointed to be a Moonsif in the district of Midnapore and will ordinarily be stationed at Tumlook

Mr J. V. Woodman, Barrister-at-Law, is appointed to act as a Judge of the Court of Small Causes at Calcutta during the absence on leave of Mr G C Sconce, or until further orders.

[*Government Gazette, 3rd June* 1879.]

বিজ্ঞাপন ।

১৮৭৯ সাল ২৬ মে ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শুষ্ক মাটী রাখিবার ঘর প্রস্তুত করিবার জন্যে পাটনা নগরে এক খণ্ড ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭৮ সালের আপ্রিল মাসের ৬ তারিখের যে জ্ঞাপনপত্র উক্ত মাসের ১৬ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১৩৪৯ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে, পাটনা মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রার্থনামতে তাহা রহিত করা গেল ।

এচ, এল, হ্যারিসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী ।

বিজ্ঞাপন ।

১৮৭৯ সাল ২৬ মে ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩২ ধারার বিধানমতে ও নওয়াখালী মুনিসিপালিটীর কমিশ্যনরদের অনুরোধক্রমে, নিম্নলিখিত পথের যে অংশ উক্ত মুনিসিপালিটীর সীমার মধ্যে আছে সেই অংশ উক্ত আইনের কার্য্য প্রচলন হইতে বহিষ্কৃত করিয়া উক্ত মুনিসিপল সম্প্রদায়ের সম্মতিক্রমে নওয়াখালী জিলার পথকর কমিটীর কর্তৃত্বাধীনে অর্পণ করিলেন ।

১ ।	গেটওয়ে	পথ	॥৵ মাইল ।
২ ।	বড়বাজার	”	। ”
৩ ।	তালতলি	”	। ”
৪ ।	মোহিপাখোলা	”	। ”
৫ ।	কালী তারা	”	⅟৴ ”
৬ ।	ক্রস সাহেবের পুষ্করিণী	”	। ”
৭ ।	দেওয়ানপাড়া ও স্কুল	”	⅟ ”
		মোট ...	৩ মাইল ।

এচ, এল, হ্যারিসন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট ।

৩০৪৪ A নম্বর ।

১৮৭৯ সাল ১৬ মে ।—সাঁওতাল পরগনার অন্তর্গত পাকুড়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক-টর শ্রীযুত জে, আর, হাণ্ড সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২২২ ধারায় লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন ।

১৮৭৯ সাল ১৯ মে ।—শ্রীযুত এস্, ই, আই, ক্লার্ক সাহেব বালেশ্বর জিলার অন্তর্গত চাঁদবালির অবৈ-তনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করিবার নিমিত্ত যে পত্র পাঠান, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিলেন ।

নিম্নলিখিত মহাশয়েরা রঙ্গপুর জিলার সদর মোকামের বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন ।

জজ আদালতের উকীল শ্রীযুত বাবু চন্দ্রকান্ত রায় ।
মহারাণী স্বর্ণময়ীর মোক্তার শ্রীযুত বাবু গুরুদাস দাস ।

শ্রীযুত কুমার কান্তিচন্দ্র সিংহ ২৪ পরগনা জিলার স্বীয় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রহণ করিলেন ।

অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে ফরীদপুর জিলার সদর মোকামে অবস্থাপিত ডেপুটী মাজি-ষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজমোহন রায় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন ।

১৮৭৯ সাল ২১ মে ।—রাজকার্য্যার্থে খাটাল প্রেরিত তমলুকের আডিশনল মুনসেফ শ্রীযুত বাবু নন্দলাল কুণ্ডু, বি, এল, মেদিনীপুর জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ তমলুকে অবস্থিতি করিবেন ।

শ্রীযুত জি, সি, স্কন্স সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, বারিষ্টার-আট লা শ্রীযুত জে, বি, উডমান সাহেব কলিকাতার ছোট আদালতের জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন ।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৭৯ । ৩ জুন ।]

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 23rd May* 1879 —Mr R K Sen, a Moonsif of Berhampore, in the district of Moorshedabad, is allowed leave for three days, under Section 10, Supplement F to the Civil Leave Code, in extension of that granted him under orders dated the 12th March 1879

The 27th May 1879 —Baboo Krishna Nath Roy, Moonsif of Furreedpore, is allowed leave for fifteen days, under Section 43-1 of the Civil Leave Code, with effect from the 29th instant, or from such date as he may avail himself of it

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 22nd May 1879.—It is hereby notified that Brahmanunda Roy, late a head constable, and Bajid Sing, late a constable of the police of the Midnapore district, who have been each sentenced to seven years' rigorous imprisonment on a charge of causing grievous hurt in order to extort a confession, are declared incapable of serving Government again in any capacity The following descriptive roll of the men is published for general information —

Name of offender and that of his father	Height description and other distinguishing marks	Age	Religion, caste, and race	Residence	Offence	Punishment and court by which awarded	Occupation before dismissal
Brahmanunda Roy father's name Thakoor Prosad Roy	5 feet 3 inches Dark small pox marks on the face grey hair grey moustache and beard.	45	Hindoo Brahmin Bhat	Denman station Narain ghur zillah Midnapore	Section 331 Indian Penal Code. Causing grievous hurt in order to extort confession	Seven years rigorous imprisonment by the Court of Session	Head constable Gurbetta station, district Midnapore
Bajid Sing father's name, Bishindyal Sing	5 feet 3 inches Dark inoculation marks on both arms has a few grey hairs on his head and has whiskers and beard	33	Hindoo Chuttri Hindoo	Soojada Sing katollah zillah Arrah	Ditto	Ditto	Constable ditto

HORACE A COCKERELL,
Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 17th May 1879 —Under the provisions of Section 5 of the Indian Registration Act (III of 1877), the Lieutenant-Governor sanctions the abolition of the Sub-district of Ramu in the Sub-division of Cox's Bazar, in Chittagong The Thanas Ramu and Teknaf (Ukhiya) will revert to the Sub-district of Cox's Bazar

This notification will take effect on and from 1st June 1879

HORACE A COCKERELL,
Secy to the Govt. of Bengal.

মুনসেফদের ছুটী।—১৮৭৯ সাল ২৩ মে।—মুরশিদাবাদ জেলার অন্তর্গত বহরমপুরের মুনসেফ শ্রীযুত আর, কে, সেন, ১৮৭৯ সালের ১২ মার্চের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১০ ধারামতে তিন দিনের ছুটী পাইলেন।

১৮৭৯ সাল ২৭ মে।—ফরিদপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণনাথ রায় এই মাসের ২৯ তারিখ অবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪৩-১ ধারামতে পনের দিনের ছুটী পাইলেন।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ২২ মে।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুর জিলার পোলীসের ভূত পূর্ব্ব হেড কনষ্টাবল শ্রীব্রহ্মানন্দ রায় ও ভূত পূর্ব্ব কনষ্টাবল শ্রীবাজিদ সিংহ বলপূর্ব্বক অপরাধ স্বীকার করাইবার নিমিত্ত গুরুতর পীড়া জন্মাওন অপরাধে অভিযুক্ত হইয়া তাহাদের প্রত্যেকের কঠিন পরিশ্রম সহিত সাত বৎসর কারাদণ্ডাজ্ঞা হওয়াতে তাহারা আর কখন গবর্ণমেণ্টের কর্ম্ম পাইতে পারিবে না বলিয়া প্রকাশ করা যাইতেছে। উক্ত দুই ব্যক্তির নিম্নলিখিত বর্ণনাপত্র সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

অপরাধির নাম ও তাহার পিতার নাম।	উচ্চতা শরীরের বর্ণনা ও অন্যান্য বিশেষ চিহ্ন।	বয়স	ধর্ম্ম ও জাতি ও বংশ।	বাসস্থান।	অপরাধ।	দণ্ড ও যে আদালত দণ্ডাজ্ঞা করিলেন।	কর্ম্মচ্যুত হইবার পূর্ব্বে ব্যবসায়।
শ্রীব্রহ্মানন্দ রায়, পিতার নাম ঠাকুরপ্রসাদ রায়।	৫ফুট ৩ইঞ্চি, কৃষ্ণবর্ণ মুখে বসন্তে দাগ পাকা চুল ও পাকা গোঁফ দা	৪৫	হিন্দু ব্রাহ্মণ ভাট	মেদিনীপুর জিলার অন্তর্গত নারায়ণ গড়ের সামিল দেন মারি থানা।	ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৩১ ধারা। বল পূর্ব্বক অপরাধ স্বীকার করাইবার নিমিত্ত গুরুতর পীড়া জন্মাওন।	কঠিন পরিশ্রম সহ সাতবৎসর কারাবন্ধন, সেশন আদালত কর্তৃক।	মেদিনীপুর জিলার অন্তর্গত গড়বেতা থানার হেড-কনষ্টাবল।
শ্রীবাজিদ সিংহ, পিতার নাম বিষ্ণুদয়াল সিংহ।	৫ফুট ৩ইঞ্চি কৃষ্ণবর্ণ বাহুদ্বয়ে বসন্তবীজের টিকা দেওয়ার দাগ, মাথার কতক চুল পাকা গোঁফ ও দাড়ী আছে।	৩৩	হিন্দু, ছত্রি হিন্দু	আরাজিলার অন্তর্গত সুজাদা সিংহ কাটোলা।	ঐ	ঐ	ঐ কনষ্টাবল।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ১৭ মে।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে চট্টগ্রামের অন্তর্গত কক্সবাজার মহকুমার রামু সব-ডিষ্ট্রিক্ট উঠাইয়া দিবার অনুমতি দিলেন। রামু ও টেকনাফ (উখিয়া) থানা পুনর্ব্বার কক্সবাজার সব-ডিষ্ট্রিক্ট ভুক্ত হইবে।

১৮৭৯ সালের ১ জুন অবধি এই বিজ্ঞাপনফলবৎ হইবে।

হরেস এ, কক্রেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩ জুন।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

ESTABLISHMENT

The 20th May 1879

No 129.—TRANSFERS.—Mr. J W Johnson, Executive Engineer (temporary rank) Fourth Grade, from the Presidency to the Circular and Eastern Canals Division in the interests of the public service

The 26th May 1879

No 130.—Mr G W Vivian, Executive Engineer, Third Grade, from the Circula and Eastern Canals to the First Calcutta Division in the interests of the public service

No 131.—NOTIFICATIONS.—Mr S A Stewart, Executive Engineer, Second Grade assumed charge of the Darjeeling Division on the 10th May 1879, afternoon

No 132.—The Dinagepore Division of Public Works is abolished with effect from the 13th May 1879, and the following revised arrangements are made in lieu thereof —

I The districts of Julpigori, Dinagepore, and Rungpore will be formed into a Public Works Executive Charge, to be designated the Julpigori Division with Head-Quarters at Julpigori

II. The districts of Rajshahye, Bogra, and Pubna will be formed into a Public Works Executive Charge, to be designated the Rajshahye Division with Head-Quarters at Rampore Beauleah

T H WICKES,
Offg. Asst Secy to the Govt of Bengal in the P W Dept

RAILWAY.

NOTIFICATION

(UNDER SECTION 4, PART 2, ACT X OF 1870)

Darjeeling, the 20th May 1879.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is likely to be required in places adjoining the Darjeeling Hill Cart Road for the purposes of the Darjeeling Steam Tramway Company, it is hereby notified that the Lieutenant Governor has, under Section 46, Part VII of Act X of 1870, authorized an officer of the Company to exercise the powers conferred by Section 4

F S STANTON, *Lt.-Col.*, R E,
Offg Joint-Secretary

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

সিরিশ্তা বিষয়ক।

১৮৭৯ সাল ২০ মে।

১২৯ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—চতুর্থ শ্রেণীর কিয়ৎকালীন একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে. ডবলিউ. জনসন সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে রাজধানী খণ্ডহইতে সরকুলর ও পূর্ব্ব খাল খণ্ডে প্রেরিত হইলেন।

১৮৭৯ সাল ২৬ মে।

১৩০ নম্বর।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জি, ডবলিউ, বিবিয়ান সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে সরকুলার ও পূর্ব্ব খাল খণ্ড হইতে কলিকাতার প্রথম খণ্ডে প্রেরিত হইলেন।

১৩১ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এস, এ, স্টুয়ার্ট সাহেব ১৮৭৯ সালের ১০ মের অপরাহ্নে দার্জ্জিলিঙ্গ খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৩২ নম্বর।—পবলিক ওর্কস সংক্রান্ত দিনাজপুর খণ্ড ১৮৭৯ সালের ১৩ মে অবধি উঠিয়া যাওয়াতে নিম্নলিখিত বন্দোবস্ত করা গেল।

প্রথম।—জলপাইগুড়ি ও দিনাজপুর ও রঙ্গপুর জিলা জলপাইগুড়ি খণ্ড নামে পবলিক ওর্কস একসেটিব চার্জ্জ হইবে, তাহার সদর স্থান জল পাইগুড়ি।

দ্বিতীয়।—রাজশাহী ও বগুড়া ও পাবনা জিলা, রাজশাহী খণ্ড নামে পবলিক ওর্কস একসেকিটিব চার্জ্জ হইবে, তাহার সদর স্থান রামপুর বোয়ালিয়া।

টি, এচ, উইল্স,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

রেলওয়ে সম্পর্কীয়।

(১৮৭৯ সালের ১০ আইনের দ্বিতীয় খণ্ডের ৪ ধারামত)

বিজ্ঞাপন।

দার্জ্জিলিঙ্গ ১৮৭৯ সাল ২০ মে।—দার্জ্জিলিঙ্গ ষ্টীম ট্রামওয়ে কোম্পানির নিমিত্তে দার্জ্জিলিঙ্গ পর্ব্বতের গাড়ীর পথের নিকটবর্ত্তী স্থানে ভূমিগ্রহণ করণের প্রয়োজন সম্ভাবনা, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭০ সালের ১০ আইনের ৭ খণ্ডের ৪৬ ধারামতে উক্ত কোম্পানির এক জন কার্য্যকারককে ৪ ধারাক্রমে দত্ত ক্ষমতানুসারে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

এফ, এস, ষ্টাণ্টন, লেপ্টেনেণ্ট কর্ণেল আর, ই,
একটিং জাইণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 3, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩ জুন।

PART V.

Act of the Bengal Council.

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 15th April 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 14th May 1879, is hereby promulgated for general information —

Act No. V of 1879

An Act to consolidate and amend the law relating to jute warehouses and fire-brigades

Preamble.

Whereas it is expedient to consolidate and amend the law relating to jute warehouses and fire-brigades It is enacted as follows —

PART I

Preliminary

Short title

1 This Act may be called "the Jute Warehouse and Fire Brigade Act, 1879"

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন উক্ত মান্যবর সাহেব ১৮৭৯ সালের ১৫ আপ্রিল তারিখে অনুমোদন করিলে, তাহা ১৮৭৯ সালের ১৪ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৫ আইন।

পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদলবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধনার্থ আইন।

হেতুবাদ।

পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদলবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।—

প্রথম খণ্ড।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদলবিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে অভিহিত হইতে পারিবে।

Extent.

With the exception of Part III and Section 25, it applies to Calcutta, and to such portions of the Suburbs thereof as are for the time being subject to the operation of Bengal Act II of 1866, and also to the Municipality of Howrah.

Part III and Section 25 apply only to Calcutta and the portions of the Suburbs aforesaid.

Commencement.

And it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Repeal of Acts.

2 Bengal Act II of 1872, Bengal Act II of 1875, and Bengal Act I of 1877, are hereby repealed.

But all bye-laws and appointments made under the said Acts and now in force shall be deemed to have been made under this Act.

Definitions

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

"Jute." "Cotton"

"Jute" and "Cotton" mean respectively "Jute" and "Cotton" which have not been pressed or screwed as if for shipment.

"Person"

"Person" includes a firm and a Hindu undivided family.

"Magistrate"

"Magistrate" includes a Justice of the Peace for Calcutta, and any person exercising all or any of the powers of a Magistrate

"Jute warehouse."

"Jute Warehouse" means any warehouse, store, depôt, yard, godown, or other place used for the storing, keeping, pressing, or depositing of jute or cotton, or other substance for the time being subject to the operation of this Act

"The Commissioners."

"The Commissioners" means the Corporation of the town of Calcutta.

PART II.

Jute Warehouses.

Existing warehouses not to be used till licensed.

4. No jute warehouse shall be used for the storing, keeping, pressing, or depositing of jute or cotton, unless the owner or occupier thereof shall have previously obtained a license for such use.

[*Government Gazette, 3rd June* 1879.]

ব্যাপ্তি।

তৃতীয় খণ্ড ও ২৫ ধারা ব্যতীত, এই আইন কলিকাতায়, ও ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন যৎকালে কলিকাতার শাখানগরের যে যে অংশে প্রচলিত থাকে সেই সেই অংশে, ও হাবড়া মুনিসিপালিটীতে চলিবে।

তৃতীয় খণ্ড ও ২৫ ধারা কেবল কলিকাতা ও পূর্ব্বোক্ত শাখানগরের অংশবিশেষের প্রতি বর্ত্তিবে।

আরম্ভ।

এবং এই আইন শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনসহ যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, সেই তারিখ অবধি প্রবল হইবে।

কেং আইন রহিত হইল।

২ ধারা। ১৮৭২ সালের বঙ্গীয় ২ আইন, ১৮৭৫ সালের বঙ্গীয় ২ আইন, ও ১৮৭৭ সালের বঙ্গীয় ১ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

কিন্তু ঐ২ আইনক্রমে যে সমুদয় উপবিধি ও নিয়োগ করা হইয়া একণে বলবৎ আছে, তৎসমুদয় এই আইনক্রমে করা হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

অর্থকরণ।

৩ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব প্রকাশ না পাইলে, এই আইনে,

"পাট।" "তুলা।"

যে পাট বা তুলা জাহাজে পাঠাইবার মত করিয়া দাঁত দিয়া বা কশাইয়া দেওয়া যায় "পাট" ও "তুলা" শব্দে তদ্ভিন্ন পাট ও তুলা বুঝাইবে।

"ব্যক্তি।"

"ব্যক্তি" শব্দে কুঠী ও অবিভক্ত হিন্দু পরিবারও বুঝাইবে।

"মাজেষ্ট্রেট।"

"মাজিষ্ট্রেট" শব্দে কলিকাতার শান্তিরক্ষার্থ জষ্টিস্ এবং মাজিষ্ট্রেটের সকল কিম্বা অন্যতর ক্ষমতাক্রমে কর্ম্মকারী কোন ব্যক্তিকেও বুঝাইবে।

"পাটের গুদাম।"

পাট তুলা প্রভৃতি যৎকালে যে দ্রব্যের উপর এই আইনের বিধান বর্ত্তে তাহা সঞ্চিত করিবার কি রাখিবার কি দাঁত দেওয়াইবার কি গচ্ছিত রাখিবার নিমিত্ত যে আড়ং কি গোলা কি গুদাম কি কারখানা কি অন্য স্থানের ব্যবহার হয়, "পাটের গুদাম" শব্দে সেই স্থান বুঝাইবে।

"কমিশ্যনরগণ।"

"কমিশ্যনরগণ" শব্দে কলিকাতা নগরের সমবায়িত সমাজ বুঝাইবে।

দ্বিতীয় খণ্ড।

পাটের গুদাম বিষয়ক বিধি।

লাইসেন্স ভিন্ন বর্ত্তমান গুদাম ব্যবহার হইতে পারিবে না।

৪ ধারা। কোন পাটের গুদামের স্বামী কি দখলীকার পাট কি তুলা সঞ্চিত করিবার কি রাখিবার কি দাঁত দেওয়াইবার কি গচ্ছিত রাখিবার নিমিত্ত ঐ গুদাম ব্যবহার করিবার লাইসেন্স না পাইলে সেই কার্য্যে উক্ত গুদামের ব্যবহার করিতে পারিবেন না।

5. From and after the commencement of this Act every license granted to a jute warehouse within the town of Calcutta under Bengal Act II of 1872 or Bengal Act II of 1875, shall be subject to the payment of an annual fee, to be fixed by the Local Government, after consulting the Commissioners at a special meeting, and to be paid in such instalments as the Commissioners may direct.

Fee for license for jute warehouse.

In fixing the amount of fee to be paid in respect of any jute warehouse, the Local Government shall have regard to the annual value thereof as it is for the time assessed, to the payment of municipal taxes, to the size and position of the jute warehouse, to the number and excellence of the pressing machines erected or proposed to be erected in such jute warehouse, and to the probable income derived from such jute warehouse by its owner or occupier

The Local Government may from time to time, on the recommendation of the Commissioners at a special meeting, alter the amount of the fee to be paid in respect of any jute warehouse

6. Any person proposing to use any land for the purposes of a jute warehouse within the town of Calcutta shall send to the Commissioners a plan of such land and all the buildings thereon, prepared in such manner as the Commissioners may direct, and it shall be within the discretion of the Commissioners at a special meeting to grant or refuse a license to establish the same

License for new jute warehouse

Every license for a jute warehouse, to be granted under this section, shall be subject to the following conditions, namely—

(1) That no loose jute, jute rejections or cuttings, or cotton, shall be stored, or screwed, or pressed, save within a building constructed of such materials, and on such a plan as may be approved of by the Commissioners

(2) That no loose jute, jute rejections or cuttings, or cotton, shall be combed or dried, except within an enclosure, and that the top or roof of any building or of any hut shall not be used for such combing or drying without the sanction in writing of the Commissioners

(3) That space shall be reserved on land appertaining to the jute warehouse for the loading or unloading of carts.

৫ ধারা। ১৮৭২ সালের ২ আইনক্রমে অথবা ১৮৭৫ সালের ২ আইনক্রমে কলিকাতানগরের মধ্যস্থ পাটের গুদামের যে কোন লাইসেন্স প্রদত্ত হইয়াছে, এই আইনের প্রচলনাবধি তাহা বার্ষিক ফী দিবার নিয়মাধীন হইবে। কমিশ্যনরগণের সহিত বিশেষ অধিবেশনে পরামর্শ করিয়া, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ফী ধার্য্য করিবেন, এবং কমিশ্যনরগণ যেং কিস্তি নিরূপণ করেন সেই সেই কিস্তিমতে ঐ ফী দিতে হইবে।

পাটের গুদামের লাইসেন্সের ফী।

পাটের কোন্ গুদামের কত টাকা ফী ধার্য্য করা যাইবে, ইহা নিরূপণ করিতে হইলে, যৎকালে ঐ গুদামের বার্ষিক যত মূল্য ধার্য্য করা যায়, যত মুনিসিপাল টাক্স প্রদত্ত হয়, উক্ত গুদামের যেরূপ আয়তন ও অবস্থান, উক্ত গুদামে যত সংখ্যক ও যে গুণের পাঁত দেওয়াইবার যন্ত্র বসান আছে বা বসাইবার প্রস্তাব আছে, এবং ঐ গুদাম হইতে স্বামিন কি দখলীকারের অনুমান যত আয় হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সেই সকল বিবেচনা করিবেন।

বিশেষ অধিবেশনে কমিশ্যনরগণ পরামর্শ দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট কোন পাটের গুদামের যত ফী দিতে হয় তাহার পরিমাণ সময়েং পরিবর্ত্তন করিতে পারিবেন।

৬ ধারা। কোন ব্যক্তি পাটের গুদাম করিবার জন্য কলিকাতা নগরের মধ্যে ভূমির ব্যবহার করিতে ইচ্ছা করিলে কমিশ্যনরগণ যেরূপ আদেশ করেন, ঐ ভূমির ও তদুপরিস্থ সমুদয় গৃহাদির নক্শা তদ্রূপে প্রস্তুত করিয়া তাঁহাদিগের নিকটে পাঠাইবেন, তাহা হইলে কমিশ্যনরগণ বিশেষ অধিবেশন কালে আপনাদের বিবেচনামতে সেই গুদাম স্থাপন করিবার লাইসেন্স দিতে বা অস্বীকার করিতে পারিবেন।

নূতন পাটের গুদামের লাইসেন্সের কথা।

এই ধারামতে পাটের গুদামের যে লাইসেন্স দেওয়া যায়, তাহা এইং নিয়মাধীনে দেওয়া যাইবে, যথা,

(১) কমিশ্যনরগণ যে দ্রব্যের ও নকশার অনুমোদন করেন, কোন ঘর সেই দ্রব্যে ও সেই নকশামতে প্রস্তুত না হইলে, আলগা পাট কি পাটের ওঁচা কি ছাটা পাট কি তুলা সেই ঘরে সঞ্চিত করা কি কশান কি পাঁত দেওয়া যাইবে না।

(২) ঘেরা স্থান ভিন্ন কোন স্থানে আলগা পাট কি পাটের ওঁচা কি ছাটা পাট কি তুলা আঁচড়াইতে কি শুকাইতে দেওয়া যাইবে না, এবং কমিশ্যনরগণের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন কোঠার ছাদ কি ঘরের চাল উক্তরূপ আঁচড়াইবার কি শুকাইবার নিমিত্ত ব্যবহৃত হইবে না।

(৩) গাড়ীতে বোঝাই দিবার কি তাহা হইতে নামাইবার জন্যে পাটের গুদামের জমিতে স্থান রাখিতে হইবে।

(4) That no portion of the jute warehouse shall be used as a residence, and no artificial light (other than one duly and thoroughly protected) or lucifer matches shall be introduced therein, and that no person shall smoke therein

(৪) পাটের গুদামেরকোন অংশ বাসস্থানরূপে ব্যবহৃত হইবে না, এবং কোন প্রদীপ উপযুক্ত ও সম্পূর্ণরূপে লাণ্টনে বদ্ধ না থাকিলে তাহা কি বিলাতী দিয়া শলাই পাটের গুদামে আনা হইবে না ও তথায় কেহই তামাক খাইতে পারিবে না।

(5) That the jute warehouse shall at all times be open to the inspection of officers duly appointed by the Commissioners

(৫) কমিশ্যনরগণ নিয়মমতে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারা যখন তখন গিয়া পাটের গুদাম দেখিতে পারিবেন।

(6) That the engines and furnaces used in the jute warehouse shall be placed as may be considered necessary by the Commissioners

(৬) পাটের গুদামে যে কলের ও উনন্দের ব্যবহার হয়, কমিশ্যনরগণ যে খানে রাখা আবশ্যক জ্ঞান করেন তাহা সেই খানে রাখিতে হইবে।

(7) That an annual fee shall be imposed in respect thereof as provided by the last preceding section

(৭) পূর্ব্বধারার বিধানক্রমে গুদামের বার্ষিক ফী দিতে হইবে।

7. The Commissioners shall appoint suitable officers for the inspection of jute warehouses within the town of Calcutta, and any officer so appointed, and any superintendent or inspector of police within the said town, may enter at any time into any jute warehouse, where jute or cotton may be kept, and inspect the same.

Appointment of inspecting officers.

৭ ধারা। কমিশ্যনরগণ কলিকাতা নগরের মধ্যে পাটের গুদাম পরিদর্শন করিবার উপযুক্ত কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবেন, এবং পাটের যে গুদামে পাট কি তুলা রাখা যায় পূর্ব্বোক্তমতে নিযুক্ত কার্য্যকারক এবং উক্ত নগরের পোলীসের কোন সুপারিন্টেণ্ডেণ্ট কি ইন্সপেক্‌টর কোন সময়ে সেই গুদামে প্রবেশ করিয়া তাহার পরিদর্শন করিতে পারিবেন।

পরিদর্শকদিগকে নিযুক্ত করিবার কথা।

8 On a change in the occupation of any jute warehouse, the person entering into occupation of the same shall, within two weeks of his so entering into occupation, give notice in writing to the Commissioners of such change of occupation, and shall thereupon pay to the Commissioners a fee of two rupees, and his name shall accordingly be substituted in such license for the name of the last occupier

On change of occupation in warehouse, occupier to give notice

৮ ধারা। পাটের কোন গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে যে ব্যক্তি তাহা নূতন দখল করিয়া লন তিনি ঐ দখল লইবার তারিখ অবধি দুই সপ্তাহের মধ্যে কমিশ্যনরগণের নিকট পত্র লিখিয়া দখলীকার পরিবর্ত্তন হইবার সংবাদ দিয়া, কমিশ্যনরগণকে দুই টাকা ফী দিবেন। তাহা হইলে লাইসেন্সপত্রের মধ্যে পূর্ব্বদখলীকারের নামের পরিবর্ত্তে দখলীকার বলিয়া তাঁহার নাম লেখা যাইবে।

গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে দখলীকারের নোটিস দিবার কথা।

If any jute warehouse is let out in portions, the person so letting it out and entitled to the rent shall, for the purposes of this Act, be deemed to be the occupier.

কোন পাটের গুদাম খণ্ড২ করিয়া নানা ব্যক্তিকে ভাড়া দেওয়া গেলে, যে ব্যক্তি তাহা ভাড়া দিয়া ভাড়া পাইবার অধিকারী হন এই আইনের কার্য্যপক্ষে তাঁহাকেই দখলীকার বলিয়া জ্ঞান করা যাইবে।

9 It shall be in the discretion of the Commissioners at a special meeting to cancel or to suspend for such time as they shall think fit the license of any jute warehouse in respect of which any one or more of the conditions under which such license is held shall appear to them to have been broken, or in respect of which the provisions of the last preceding section have been broken.

Cancelment or suspension of license

